তেন সঙ্কর্ষণেন সনৎকুমারায় ভগবত্তমেনেতি স্বার্থে তমপ্। যদ্বা জগদুৎপত্ত্যাদিজ্ঞানবৎসু ভগবৎসু শ্রেষ্ঠেন ॥ ৮ ॥

বৃহস্পতে র্বৃহস্পতয়ে ॥ ৯ ॥

জটা দ্বারা তাঁহার চরণাধার পদ্ম সংস্পর্শ করিলেন। পাতালস্থ নাগরাজের কন্যাগণ পতিকাম হইয়া প্রেমভাবে নানাবিধ উপহার প্রদান পূর্ব্বক তাঁহারই চরণাধার পদ্মে পূজা করিতেন ॥ ৫ ॥

ঐ মুনিগণ ভগবানের কৃত কর্ম্ম সকল অবগত ছিলেন অতএব প্রণামের পর গদ্গদ বচনে তৎসমুদায় মুহুর্মুহুঃ কীর্ত্তন করিতে লাগিলেন ॥ ৬ ॥

তদনন্তর তাঁহাদের দৃষ্টিগোচর হইল ভগবানের কিরীট সহস্রে যে সমস্ত উত্তম উত্তম মহামূল্য রত্ন খচিত রহিয়াছে, তাহার কিরণ দ্বারা সুমহৎ ফণা সহস্র উদ্দীপিত হইতেছে, অতএব বিস্মিত হইয়া প্রণাম পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন ॥ ৭ ॥

হে বিদুর! তাহাতে সেই ভগবান্ সঙ্কর্ষণ দেব নিবৃত্তি ধর্ম্মাভিরত সনৎকুমার মুনির নিকট এই ভাগবত পুরাণ বর্ণন করেন। তদনন্তর সেই ঋষি সনৎকুমার জিজ্ঞাসিত হইয়া ব্রতধারী সাংখ্যায়ন নামা ঋষিকে ইহা শ্রবণ করান ॥ ৮ ॥

হে কুরুশ্রেষ্ঠ! সাংখ্যায়ন মুনি পারমহংস্য ধর্ম্মে অতিশয় প্রধান ছিলেন, তিনি ভগবানের ঐশ্বর্য্য বর্ণন মানসে উৎসুক হয়েন, অতএব আমাদের গুরু পরাশর মুনিকে একান্ত অনুগত দেখিয়া তাঁহার নিকট ইহা বর্ণন করেন এবং বৃহস্পতিকেও তিনিই ইহা উপদেশ করিয়াছিলেন ॥ ৯ ॥

প্রোবাচ মহ্যং স দয়ালুরুক্তো মুনিঃ পুলস্ত্যেন পুরাণমাদ্যং ।
সোহং তবৈতৎ কথয়ামি বৎস শ্রদ্ধালবে নিত্যমনুব্রতায় ॥ ১০ ॥
উদাপ্লুতং বিশ্বমিদং তদাসীদ্যন্নিদ্রয়ামীলিতদৃঙ্ ন্যমীলয়ৎ ।
অহীন্দ্রতল্পেঽধিশয়ান একঃ কৃতক্ষণঃ স্বাত্মরতৌ নিরীহঃ ॥ ১১ ॥
সোঽন্তঃ শরীরেঽর্পিত ভূতসূক্ষ্মঃ কালাত্মিকাং শক্তিমুদীরয়াণঃ ।

শ্রীধরস্বামী ।

পুলস্ত্যেনোক্ত ইত্যত্রৈবমাখ্যায়িকা । পিতরং রাক্ষসভক্ষিতং শ্রুত্বা পরাশর রাক্ষস সত্রে প্রবৃত্তো বশিষ্ঠবচনান্নিবৃত্তঃ । ততঃ পুলস্ত্যেন স্ব সন্ততিরক্ষণাৎ তুষ্টেন বরো দত্তঃ । পুরাণবক্তা ভবিষ্যসীতি ॥ ১০ ॥

তদেবং সঙ্কর্ষণাৎ সংপ্রদায় প্রবৃত্তিং প্রদর্শ্য বিভূতি কথনায় পদ্মোদ্ভবং বক্তুমাহ । উদাপ্লুতং একার্ণবোদকে নিমগ্নং যদ্ যদা আসীত্তদা অমীলিত দৃক্ অতিরোহিত চিচ্ছক্তিরেব শ্রীনারায়ণো নেত্রে নিমীলিতবানিত্যর্থঃ । মায়াবিনোদং পরিত্যজ্য স্বাত্মরতৌ স্বরূপানন্দ এব কৃতোৎসবঃ । অতএব নিরীহঃ নিষ্ক্রিয়ঃ সন্ ॥ ১১ ॥

কালশক্তেঃ প্রেরণং পুনঃ সৃষ্ট্যবসরে প্রবোধনার্থং । যে পদে অধিষ্ঠানে । বহির্ব্বৃত্ত্যভাবে দৃষ্টান্তঃ যথানল ইতি ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ ।

অথ বিভূতিকথনায় তদেব পুরাণং প্রবর্ত্তয়তি । উদাপ্লুতমিত্যাদিনা বিশ্বমত্র লোকত্রয়ং ॥ ১১ ॥

সোঽন্তরিতি । ভূতসূক্ষ্মাণ্যত্র বিলীনপার্থিবাংশ তন্মাত্রসহিতানি ত্রৈলোক্যগতজীবানাং লিঙ্গশরীরাণ্যেব জ্ঞেয়ানি । যান্যেব সমষ্টি লিঙ্গশরীরং বহির্জ্জলাদীনাং বিদ্যমানত্বাৎ । তেষামন্তঃ শরীরেঽর্পণার্থমেব কালাত্মিকামিত্যাদিজলস্তম্ভনশক্ত্যা জলাভ্যন্তরে শয়িতত্বাদ্বহিঃস্থিতানাং মহর্লোকাদিবাসিনাং দৃষ্ট্যবিষয়ত্বাত্তস্মাদ্বগাস্ত স্বসমাবঘূর্ণ জলোর্ম্মি চক্রাৎ সলিলাদ্বিরূঢ়ং । অপাশ্রিত

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

স পরাশরঃ পুলস্ত্যেনোক্ত ইত্যত্রেয়ং কথা পিতরং রাক্ষসভক্ষিতং শ্রুত্বা পরাশরো রাক্ষসসত্রে প্রবৃত্তো বশিষ্ঠবচনান্নিবৃত্তস্ততঃ পুলস্ত্যেন স্বসন্ততি রক্ষণাত্তুষ্টেন বরো দত্তঃ পুরাণপ্রবক্তা ভবেতি ॥ ১০ ॥

তদেবং শ্রীভাগবতস্য সঙ্কর্ষণাৎ সংপ্রদায় প্রবৃত্তিং প্রদর্শ্য তৎকথামারভতে । উদাপ্লুতং একার্ণবোদকনিমগ্নমেব তদা আসীৎ কদা যদ্যদা নৈমিত্তিকপ্রলয়ে অমীলিতদৃক্ অতিরোহিতচিচ্ছক্তিরেব গর্ভোদশায়ী শ্রীনারায়ণো নেত্রে নিমীলিতবানিত্যর্থঃ । তল্পে ইত্যার্ষং স্বাত্মভিঃ স্বরূপশক্তিভিঃ সহ রতৌ রমণে কৃতোৎসবঃ । নিরীহঃ ত্যক্তমায়াবিনোদঃ ॥ ১১ ॥

নম্ন ত্রৈলোক্যগতানাং জীবানাং তদা কাবার্ত্তেত্যত আহ অন্তঃ শরীরে স্বশরীর মধ্যএব অর্পিতানি ভূত সূক্ষ্মাণি ত্রৈলোক্যগত দেবমনুষ্যাদি সূক্ষ্ম শরীরাণি যেন সঃ । কেন প্রকারেণেত্যত আহ কালাত্মিকাং কালরূপাং স্বশক্তিং উদীরয়ন্ প্রেরয়ন্ তদিচ্ছাবশাৎ প্রলয়ারম্ভকালেনৈব ত্রিলোকস্থানাং সর্ব্বেষাং স্থূলশরীরাণি ধ্বংসয়িত্বা লিঙ্গ শরীরাণি ভগবদন্তঃ শরীরে অর্পিতানি যান্যেব

পরম কারুণিক মহর্ষি পরাশর পুলস্ত্য কর্ত্তৃক উক্ত হইয়া অনুকম্পা প্রকাশ পূর্ব্বক আমার নিকট এই মহৎ পুরাণ বর্ণন করেন । হে বৎস । তুমি অতি শ্রদ্ধাশীল এবং নিত্য আমার অনুগত অতএব ইহা আমি তোমাকে কহিতেছি ॥ ১০ ॥

হে বিদুর ! এই বিশ্ব যৎকালে প্রলয় পয়োধিজলে নিমগ্ন ছিল, তখন ভগবান্ নারায়ণ একাকী মহাসর্প অনন্তকে শয্যা করিয়া তদুপরি শয়ন করেন, কিন্তু তিনি আপনার জ্ঞান শক্তিকে তিরোহিত না করিয়াই নয়ন যুগল নিমীলিত করিয়াছিলেন । অপর মায়া বিনোদ পরিত্যাগ পূর্ব্বক স্বরূপানন্দের অনুভবেই তাঁহার আমোদ হইয়াছিল এই কারণে তৎকালে ক্রিয়াশূন্য হইয়া থাকেন ॥ ১১ ॥

পরন্তু তিনি আপনার শরীরাভ্যন্তরে ভূতসূক্ষ্ম অর্থাৎ ত্রিলোকীর অন্তর্গত দেব মনুষ্যাদি সূক্ষ্ম শরীর সকল [illegible] করিলেও পুনর্ব্বার সৃষ্টির সময়ে প্রবোধের নিমিত্ত কাল রূপা শক্তিকে প্রেরণ

উবাস তস্মিন্ সলিলে পদে স্বে যথানলোদারুনিরুদ্ধবীর্য্যঃ ॥ ১২ ॥
চতুর্যুগানাঞ্চ সহস্রমপ্সু স্বপন্ স্বয়োদীরিতয়া স্বশক্ত্যা।
কালাখ্যয়া সাদিত কর্ম্মতন্ত্রো লোকানপীতান্ দদৃশে স্বদেহে ॥ ১৩ ॥
তস্যার্থ সূক্ষ্মাভিনিবিষ্টদৃষ্টেরন্তর্গতোর্থো রজসা তনীয়ান্।
গুণেন কালানুগতেন বিদ্ধঃ সূষ্যংস্তদা ভিদ্যত নাভিদেশাৎ ॥ ১৪ ॥
স পদ্মকোষঃ সহসোদতিষ্ঠৎ কালেন কর্ম্ম প্রতিবোধনেন।

শ্রীধরস্বামী।

স্বয়া চিচ্ছক্ত্যা সহ বর্ত্তমান এব যোগনিদ্রয়া স্বপন্। পূর্ব্বমেব প্রবোধনার্থং। নিযুক্তয়া স্বকাল শক্ত্যা। আসাদিতং প্রাপিতং কর্ম্মতন্ত্রং ক্রিয়া কলাপো যস্য সঃ অপীতান্ নীলান্ দদর্শ ॥ ১৩ ॥

লোকসৃষ্ট্যর্থং অর্থসূক্ষ্মে অভিনিবিষ্টা দৃষ্টি র্যস্য। কালানুসারিণা রজো গুণেন বিদ্ধঃ ক্ষোভিতঃ সন্ তনীয়ানতি সূক্ষ্মোঽর্থঃ। সূষ্যন্ প্রসোষ্যন্ উদ্ভবিষ্যন্ নাভিদেশাদুদ্ভূত ইত্যর্থঃ ॥ ১৪ ॥

স তনীয়ানর্থঃ পদ্মকোষঃ সমুদতিষ্ঠৎ। কর্ম্মাণি জীবাদৃষ্টানি প্রতি বোধয়তি যঃ কাল স্তেন। আত্মা শ্রীবিষ্ণু র্যোনি র্যস্ত ॥ ১৫

ক্রমসন্দর্ভঃ।

কল্পমিতি বক্ষ্যমাণাচ্চানলদৃষ্টান্তঃ সংগমনীয়ঃ ॥ ১২ ॥

স্বপ্নান্তরং চ আসাদিতং জীবেষু সংযোজিতং কর্ম্মতন্ত্রং যেন সঃ ॥ ১৩ ॥

সূষ্যন্ স্বকার্য্যং জনয়িষ্যন্ অভিদ্যত উদ্ভূতঃ প্রবুদ্ধ ইত্যর্থঃ ॥ ১৪ ॥

পদ্মকোষোঽয়ং নারায়ণনাভিকমলাদন্য এব জাতঃ প্রাকৃতার্থময়ত্বাৎ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সমষ্টিলিঙ্গশরীরমাহরিত্যর্থঃ। এবম্ভূতঃ স স্বে পদে পাতালতলে স্বস্থানে সলিলে একার্ণবোদকপ্লুতেপি জলস্তম্ভনশক্ত্যা উবাস। ততশ্চ মহর্লোকাদিবাসিনাং দৃষ্ট্যবিষয়ত্বে তস্য দৃষ্টান্তঃ যথানল ইতি ॥ ১২ ॥

এবং কিয়ন্তং কালং স বিশশ্রামেত্যাহ চতুরিতি স্বয়া চিচ্ছক্ত্যা জাগ্রত্যা সহ জাগ্রদপি স্বপন্ মায়াশক্ত্যা শয়িতয়া সহ শয়ান এবেত্যর্থঃ। ততশ্চ প্রলয়াবসানসময়ে স্বশক্ত্যা কালাখ্যয়া আসাদিতং ভোগাদ্যর্থং সংযোজিতং স্বান্তঃ স্থিতজীবেষু প্রতিস্বকর্ম্ম-তন্ত্রং যেন সঃ। ততশ্চ লোকানপি ব্রহ্মাদিস্থাবরান্তানপি ইতান্ সূক্ষ্মরূপেণ স্বস্মিন্ প্রাপ্তান্ দদৃশে স্বশরীরান্নিক্রময়িতুমিতি ভাবঃ ॥১৩

উক্তপোষক্তায়েনাহ তস্য নারায়ণস্য অর্থসূক্ষ্মেষু সর্ব্বজীবলিঙ্গদেহেষু অভিনিবিষ্টা নিষ্কাসনেচ্ছয়া প্রবিষ্টা দৃষ্টির্যস্য তস্য অন্তর্গত এবার্থঃ প্রাকৃতপদার্থবিশেষঃ তনীয়ানতিসূক্ষ্মোপি কালানুসারিণা রজসা গুণেন বিদ্ধঃ সংক্ষোভিতস্ততশ্চ সূষ্যন্ প্রসোষ্যন্ নাভিদেশাদুদভিদ্যত ঊর্দ্ধমুপসসর্প ॥ ১৪ ॥

সচার্থঃ কালেন পদ্মকোষঃ সমুদতিষ্ঠৎ প্রলয়মহার্ণবজলাদপ্যূর্দ্ধপ্রদেশে তস্থৌ কর্ম্মাণি জীবাদৃষ্টানি প্রতিবোধয়তীতি তেন

করিয়াছিলেম। অতএব অনল যেমন কাষ্ঠ মধ্যে রুদ্ধবীর্য্য হইয়া অবস্থিতি করে, তাহার ন্যায় বাহ্যবৃত্তি শূন্য হইয়া আপনার অধিষ্ঠান রূপ পাতালস্থ জলের মধ্যে বাস করিয়াছিলেন ॥ ১২ ॥

তিনি চতুর্যুগ সহস্র যাবৎ আপনার জ্ঞানশক্তি সহ শয়ন করিয়া স্বীয় দেহে ঐ সমস্ত লোককে নীলবর্ণ অবলোকন করেন। যে হেতু প্রলয়াবসানে পুনর্ব্বার সৃষ্টি করিবেন এই অভিপ্রায়ে যাবদীয় ক্রিয়া সমূহ স্মরণপথে আরূঢ় হইবার নিমিত্ত আপনার কাল শক্তিকেই নিযুক্ত করিয়াছিলেন ॥ ১৩ ॥

অতএব লোক সৃষ্টি নিমিত্ত যে সূক্ষ্ম অর্থে তাঁহার দৃষ্টি অভিনিবিষ্টা ছিল, তাহার অন্তর্গত সেই সূক্ষ্ম অর্থ কালানুসারে রজোগুণ দ্বারা ক্ষোভিত হইয়া জগৎ প্রসবার্থ তদীয় নাভি দেশ হইতে উদ্ভূত হইল ॥ ১৪ ॥

কিন্তু তাহা উৎপন্ন হইবামাত্র জীবগণের অদৃষ্ট প্রতিবোধক কাল বশতঃ পদ্মকোষাকারে পরিণাম

স্বরোচিষা তৎসলিলং বিশালং বিদ্যোতয়ন্নর্ক ইবাত্মযোনিঃ ॥ ১৫ ॥
তল্লোকপদ্মং স উ এব বিষ্ণুঃ প্রাবীবিশৎ সর্ব্ব গুণাবভাসং।
তস্মিন্ স্বয়ং বেদময়ো বিধাতা স্বয়ংভুবং যং স্ম বদন্তি সোঽভূৎ ॥ ১৬ ॥
তস্যাং সচাম্ভোরুহকর্ণিকায়ামবস্থিতো লোকমপশ্যমানঃ।
পরিক্রমন্ ব্যোম্নি বিবৃত্তনেত্রশ্চত্বারি লেভেঽনুদিশং মুখানি ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

তল্লোকাত্মকং পদ্মং সর্ব্বান্ গুণান্ জীবভোগ্যান্ অর্থান্ অবভাসয়তি ইতি তথা তৎ। যস্মাজ্জাতঃ সএব বিষ্ণুঃ উ ইতি সম্বোধনে। প্রাবীবিশৎ প্রকর্ষেণ অনুপ্রশক্তিরেব অন্তর্যামিতয়া বিবেশ। তস্মিন্ বিষ্ণুনাধিষ্ঠিতে পদ্মে বিধাতা ব্রহ্মাঽভূৎ। কথম্ভূতঃ স্বয়মেব বেদময়ঃ নত্বধ্যয়নেন প্রাপ্তবেদঃ। কোঽসৌ অদৃষ্ট পিতৃকত্বেন যং স্বয়ম্ভুবং বদন্তি সঃ প্রাক্ কল্পান্তে নারায়ণেন সহ নিদ্রয়ৈকীভূত আসীৎ তস্মিংশ্চ প্রবুদ্ধে তত এব পাদ্মে কল্পে পদ্মদ্বারেণাভিব্যক্তিং প্রাপ্ত ইত্যর্থঃ ॥ ১৬ ॥

সচ তস্মিন্ কল্পে চতুর্ম্মুখোঽভূদিত্যাহ তস্যামিতি। পরিক্রমন্। তত্রস্থ এব গ্রীবাং চালয়ন্। লোকনিরীক্ষণার্থং বিবৃত্তে বিচলিতে নেত্রে যস্য ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

তল্লোকেতি। স গর্ভোদকশায্যেব বিষ্ণুরূপঃ সন্ ॥ ১৬ ॥

তত্রৈব পরিক্রমন্ ভ্রমন্ বিবৃত্তনেত্রঃ শ্বসন্ যুগপৎ চতুর্দ্দিশোদর্শনোৎকণ্ঠয়া চত্বারি মুখানি লেভে ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আত্মা শ্রীবিষ্ণুর্যোনির্যস্য স অর্ক ইবেতি স্বপ্রভয়ৈব স ব্যকসদিতি তৎ প্রকাশনার্থমর্কান্তরাপেক্ষা নাস্তীতি ভাবঃ ॥ ১৫ ॥

ততশ্চ তল্লোকপদ্মং লোকাত্মকং বৈরাজমিত্যর্থঃ। উ ইতি সম্বোধনে। স এব প্রলয়ারম্ভে যত্তোদরমেব বৈরাজঃ সূক্ষ্ম রূপেণ প্রাবিশৎ। প্রলয়ান্তেচ ততঃ পদ্মরূপেণাবির্ভূতঃ বৈরাজঃ স এব গর্ভোদশায়ী বিষ্ণুঃ প্রাবীবিশৎ স্বার্থে ণিচ অন্তর্যামিত্বেন প্রবিবেশ পদ্মং কীদৃশং সর্ব্বেষাং গুণানাং গুণকার্য্যাণাং জীবভোগ্যানাং স্বর্গনরকাদীনাং অবভাসঃ প্রকাশো যত্র তৎ। তস্মিন্ পদ্মে বিধাতা ব্রহ্মা অভূৎ। কোঽসৌ অদৃষ্টপিতৃকত্বেন যং স্বয়ংভুবং বদন্তি সঃ। প্রাক্কল্পান্তে নারায়ণেন সহ নিদ্রয়া একীভূত আসীৎ। তস্মিন্ প্রবুদ্ধে ততএব পদ্মদ্বারেণাভিব্যক্ত ইত্যর্থঃ। অত্র স্থূলো বৈরাজঃ সূক্ষ্মো হিরণ্যগর্ভঃ সৃষ্ট্যাদিকর্ত্তা চতুর্মুখ ইতি ব্রহ্মণএব ত্রৈরূপ্যং জ্ঞেয়ং ॥ ১৬ ॥

পরিক্রমন্ তত্রস্থ এব লোকনিরীক্ষণার্থং গ্রীবাং চালয়ন্ যুগপদেব দিক্ চতুষ্টয়ে ব্যোম্নি নির্জনত্বাদাকাশমাত্রে বিবৃত্তনেত্র নিক্ষিপ্তদৃষ্টিঃ অনুদিশং চতুর্দ্দিক্ষু চত্বারি মুখানি লেভে ॥ ১৭ ॥

প্রাপ্ত হইল, ভগবান্ বিষ্ণুই ঐ পদ্ম কোষের উৎপত্তির নিদান, তাঁহার ইচ্ছায় তাহা পরিণত হইয়া সূর্য্যের ন্যায় আত্ম জ্যোতিঃ দ্বারা প্রলয় কালীন মহার্ণবের জলকে উদ্যোতিত করিল ॥ ১৫ ॥

ঐ পদ্মই লোক স্বরূপ এবং জীবভোগ্য সমস্ত গুণ অর্থাৎ গুণকার্য্য জীবের ভোগ যোগ্য স্বরূপ স্বর্গ নরকাদির প্রকাশক, গর্ভোদশায়ী বিষ্ণু অবিলুপ্ত শক্তি হইয়া অন্তর্যামি স্বরূপে তাহার মধ্যে প্রবেশ করিলেন। বিষ্ণুর অধিষ্ঠান হইলে ঐ পদ্ম হইতে বেদময় ব্রহ্মা উৎপন্ন হইলেন। জনক দৃষ্ট না হওয়াতে যাঁহাকে পণ্ডিতেরা স্বয়ম্ভু বলিয়া থাকেন অর্থাৎ কল্পান্তে ব্রহ্মা নারায়ণের সহিত নিদ্রায় একীভূত হইয়াছিলেন, নারায়ণ প্রবুদ্ধ হইলে পাদ্মকল্পে ব্রহ্মাও পদ্ম দ্বারা অভিব্যক্ত হইলেন এ নিমিত্ত স্বয়ম্ভু বলিয়া কথিত হন ॥ ১৬ ॥

ব্রহ্মা আবির্ভূত হইয়া সেই পদ্মের কর্ণিকা মধ্যে অবস্থিতি করত তথায় কাহাকেও দেখিতে না পাওয়াতে লোক নিরীক্ষণার্থ চক্ষুঃ সঞ্চালন পূর্ব্বক চতুর্দ্দিকে গ্রীবা চালন করিলেন, তজ্জন্যই প্রত্যেক দিকে তাঁহার এক এক মুখ হইল। তাহাতেই পাদ্মকল্পে তিনি চতুর্মুখ হইলেন ॥ ১৭ ॥

তস্মাদযুগান্ত শ্বসনাবঘূর্ণ জলোর্ম্মি চক্রাৎ সলিলাদ্বিরূঢ়ং।
অপাশ্রিতঃ কঞ্জমু লোকতত্ত্বং নাত্মানমধ্বা বিদদাদিদেবঃ ॥ ১৮ ॥
ক এষ যোসাবহমব্জ পৃষ্ঠে এতৎ কুতো বাব্জমনন্যদপ্সু।
অস্তি হ্যধস্তাদিহ কিঞ্চনৈতদধিষ্ঠিতং যত্র স তাব্দুভাব্যং ॥ ১৯ ॥
স ইত্থমুদ্বীক্ষ্য তদব্জনাল নাড়ীভিরন্ত র্জলমাবিবেশ।

শ্রীধরস্বামী।

তস্য শ্রীনারায়ণোপাসনয়ৈবাবির্ভূত জ্ঞান ক্রিয়াশক্তে লোক কর্তৃত্বং ন স্বত ইতি বক্তুং প্রথমং তস্য বিমোহমাহ তস্মাৎ সলিলাৎ বিরূঢ়ং উদ্গতং কঞ্জমাশ্রিতোপি সাকল্যেন তৎ কঞ্জং লোকতত্ত্বং চাত্মানঞ্চ সাক্ষান্ন জ্ঞাতবান্। উ ইতি বিস্ময়ে। কথম্ভূতাৎ যুগান্ত শ্বসনঃ প্রলয়বায়ুঃ তেনাবঘূর্ণং তত্র তত্র প্রকম্পিতং যজ্জলং তস্মাৎ সর্ব্বত ঊর্ম্মিচক্রং যস্মিন্ ॥ ১৮ ॥

অবিদ্বুষ স্তস্য বিতর্কমাহ যোসাবহমব্জপৃষ্ঠে এষ কঃ অনন্যদেক মেবৈতদব্জং কুতো বা জাতং। যত্রৈতদধিষ্ঠিতং তেনাধস্তাৎ সতা বর্ত্তমানেন হ্যু নিশ্চিতং ভাব্যং। স ইত্থমুদ্বীক্ষ্য ইত্যুত্তরেণান্বয়ঃ। তথাচ শ্রুতিঃ। সোহপশ্যৎ পুষ্করঃ পর্ণে তিষ্ঠন্ সোহমন্যত অস্তি বৈতৎ যস্মিন্নিদমধিতিষ্ঠতীতি ॥ ১৯ ॥

তস্যচ বহির্মুখপ্রবৃত্ত্যা মহতাপি কালেন তদপ্রাপ্তিমাহ স ইতি দ্বাভ্যাং। তস্যাব্জস্য যন্নালং তস্য নাড়ীভিরন্ত শ্ছিদ্রৈঃ।

ক্রমসন্দর্ভঃ।

সলিলাদ্বিরূঢ়মিতি শ্রীনারায়ণশয়নাবকাশস্যোপর্য্যপি জলাবৃতত্বাৎ ॥ ১৮ ॥

ক এষ ইতি যুগ্মকং ॥ ১৯ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভগবদ্দত্তয়ৈব শক্ত্যা ব্রহ্মণঃ সৃষ্ট্যাদিশক্তির্ন স্বত ইতি লোকেষু জ্ঞাপয়িতুং পূর্ব্বাভ্যস্ত সৃষ্ট্যাদি শিল্পস্যাপি ব্রহ্মণো বিমোহনমাহ তস্মাৎ সলিলাৎ বিরূঢ়মুদ্গতং কঞ্জং অপাশ্রিতঃ সন্ উ ইতি বিস্ময়ে লোকানাং তত্ত্বং আত্মতত্ত্বঞ্চ ন বিবেদ সলিলাৎ কথম্ভূতাৎ যুগান্তেত্যাদি যুগান্তশ্বসনঃ প্রলয়বায়ুঃ ॥ ১৮ ॥

অবিদ্বুষস্তস্য তর্কমাহ যোসাবহমব্জপৃষ্ঠে এষ কঃ কুতঃ কস্মাদ্বা উত্থিতমেতদব্জং অনন্যদেকমেব কিঞ্চ হি নিশ্চিতং ইহ অধস্তাৎ কিঞ্চন বস্তু অস্তি যত্র এতৎ পদ্মমধিষ্ঠিতং অতএব সতা সুধিয়া ময়া অনুভাব্যং তদনু ভবিতুমর্হঃ সন্ সুধীঃ কোবিদো বুধ ইত্যমরঃ ॥১৯

স ইত্থমুদ্বীক্ষেত্যুত্তরেণান্বয়ঃ। তথাচ শ্রুতিঃ। সোহপশ্যৎ পুষ্করপর্ণে তিষ্ঠন্ সোহমন্যত। অস্তিবৈতদযস্মিন্নিদমধিতিষ্ঠতীতি ভগবদিচ্ছাং বিনা সাভিমানপুরুষপ্রযত্নো বৈফল্যায়ৈব স্যাদিতি প্রদর্শয়ন্নাহ স ইতি নালীভির্নাড়ীছিদ্রৈঃ তস্য খরনালস্য পদ্মস্য যন্নালং তস্য নাভিমধিষ্ঠানং শ্রীনারায়ণনাভিপদ্মং অর্ব্বাগ্গতোপি ততোপি তন্নিকটগতোহপি ন অবিন্দন্ ন প্রাপ ভক্ত্যা বিনা তৎ-

ব্রহ্মা যে পদ্ম আশ্রয় করিয়াছিলেন তাহাতে অধ্যাসীন হইয়া সম্যক্ রূপে সেই পদ্ম এবং লোক তত্ত্ব ও আপনাকে সাক্ষাৎ জানিতে পারিলেন না অপর তৎকালে ঐ পদ্মের উৎপত্তি স্থল জল রাশি, প্রলয় কালের প্রবল বায়ু দ্বারা কম্পিত হওয়াতে ভয়ঙ্কর তরঙ্গ হইতেছিল, তদ্দর্শনে ব্রহ্মার পূর্ব্ব কল্প গত সৃষ্টি বিষয়া স্মৃতি অন্তর্হিত হইল ॥ ১৮ ॥

তিনি অজ্ঞান বশতঃ এই রূপ বিতর্ক করিতে লাগিলেন যে আমি পদ্মপৃষ্ঠে উপবিষ্ট রহিয়াছি, আমি কে? আর জলের উপরিস্থিত এই যে পদ্ম ইহা দ্বিতীয় শূন্য, ইহাই বা কোথা হইতে জন্মিল, বোধ হয় ইহার অধোভাগে অবশ্য কিছু আছে, আর যাহাতে এই পদ্ম অধিষ্ঠিত তাহা অবশ্য নিম্নে বর্ত্তমান থাকিবে ॥ ১৯ ॥

ব্রহ্মা এই রূপ বিতর্ক করিয়া সেই পদ্মের নালের অভ্যন্তরস্থ ছিদ্র দ্বারা জলমধ্যে প্রবেশ করিলেন। কিন্তু ভিতরে প্রবিষ্ট হইয়াও এবং অন্বেষণ করিয়াও পদ্মনালের আধার অর্থাৎ নারায়ণের

নার্ব্বাগ্ গত স্তৎখরনালনাল নাভিং বিচিন্বংস্তদবিন্দতাজঃ ॥ ২০ ॥
তমস্যপারে বিদুরাত্ম সর্গং বিচিন্বতোহভূৎ সুমহাং স্ত্রিনেমিঃ ।
যোদেহভাজাং ভয়মীরয়াণঃ পরিক্ষিণোত্যায়ু রজস্য হেতিঃ ॥ ২১ ॥
ততো নিবৃত্তোহ প্রতিলব্ধকামঃ স্বধিষ্ণ্যমাসাদ্য পুনঃ স দেবঃ ।
শনৈর্জ্জিতশ্বাস নিবৃত্ত চিত্তো ন্যষীদদারূঢ় সমাধিযোগঃ ॥ ২২ ॥
কালেন সোহজঃ পুরুষায়ুষাভিপ্রবৃত্তযোগেন বিমূঢ়বোধঃ ।

শ্রীধরস্বামী ।

তস্ত খরনালস্ত পদ্মস্ত যন্নালং তস্য নাভিমধিষ্ঠানং বিচন্বন্নর্ব্বাগ্গতোপি তত্তদা নাবিন্দত ॥ ২০ ॥

আত্মসর্গং স্বকারণং । ত্রিনেমিঃ কালঃ অজস্য বিষ্ণোঃ হেতিঃ সুদর্শন রূপং শস্ত্রং দেহভাজাং নরাণাং ভয়মুৎপাদয়ন্নিতি সংবৎসরশতমতিক্রান্তমিত্যুক্তং ভবতি ॥ ২১ ॥

অন্তর্মুখতয়া ভগবন্তং দৃষ্টবানিত্যাহ দ্বাভ্যাং । ততোঽন্বেষণান্নিবৃত্তঃ ন প্রতিলব্ধঃ কামো মনোরথো যেন স্বধিষ্ণ্যং পদ্মং জিতেন শ্বাসেন নিবৃত্তং সংযতং চিত্তং যস্য । অতএবারূঢ় আশ্রিতঃ সমাধি যোগো যেন তথা ভূতঃ সন্ ন্যষীদৎ উপবিবেশ ॥ ২২ ॥

পুরুষায়ুষা সংবৎসর শতেন কালেন অভিপ্রবৃত্তঃ সুসম্পন্নো যো যোগ স্তেন বিরূঢ় উৎপন্নো বোধো যস্য । যৎ পূর্ব্বং বিচি-

ক্রমসন্দর্ভঃ ।

আরূঢ়সমাধিযোগ ইতি যৎ কিমপি সর্ব্বকারণং বস্তু স্যাত্তন্ময্যাবির্ভবত্বিত্যাশাপূর্ব্বিকা সামান্যাকারেণৈব তদনন্যবৃত্তিতা সমাধিযোগোঽত্র জ্ঞেয়ঃ বিশেষাকারাজ্ঞানাৎ ॥ ২১ ॥

পুরুষায়ুষা বর্ষশতেনেতি শ্রীমৈত্রেয়ো বর্ত্তমানকলিযুগাপেক্ষয়া প্রাহেতি জ্ঞেয়ং । বস্তুতস্তু তত্রগ্রন্থে ভূয়স্তং তপ আতিষ্ঠেত্যাদি শ্রীভগবদ্বাক্যানন্তরং দশমাধ্যায়ে বিরিঞ্চোঽপি তথা চক্রে দিব্যং বর্ষশতং তপ ইত্যুক্ত্যা এতদেব জ্ঞেয়ং । যত্তু দ্বিতীয়ে দিব্যং সহস্রাব্দমিত্যাদ্যুক্তং তৎ ব্রাহ্ম্যকল্পগতং জ্ঞেয়ং ॥ ২২ ॥ ২৩ ॥ ২৪ ॥ ২৫ ॥ ২৬ ॥ ২৭ ॥ ২৮ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

প্রাপ্তেদূর্ঘটত্বাদিতি ভাবঃ ॥ ২০ ॥

আত্মসর্গং স্বকারণং ত্রিনেমিঃ কালঃ । যঃ কালঃ দেহভাজাং নরাণাং ভয়ং মৃত্যুসন্নিধিং ঈরয়ন্ কথয়ন্ আয়ুঃ পরিক্ষিণোতীতি সম্বৎসরশতাত্মক ইত্যর্থঃ । অজস্য বিষ্ণোর্হেতিঃ সুদর্শন শস্ত্রাংশস্বরূপঃ ॥ ২১ ॥

ত্যক্তস্বাভিমানস্ত তস্য তদিচ্ছয়া তদ্ধ্যানেন তৎপ্রাপ্তিমাহ ততঃ অন্বেষণাৎ । স্বধিষ্ণ্যং পদ্মং নিবৃত্তচিত্তঃ সংযতমনাঃ । ন্যষীদৎ উপবিবেশ । সমাধির্ভগবদ্ধ্যানোত্থং চিত্তৈকাগ্র্যং ॥ ২২ ॥

পুরুষায়ুষা সংবৎসরশতাত্মককালেনেতি মৈত্রেয়ো বর্ত্তমান কলিযুগাপেক্ষয়া প্রাহেতি জ্ঞেয়ং । অভিপ্রবৃত্তযোগেন পাকদশা

নাভিস্থান প্রাপ্ত হইলেন না ॥ ২০ ॥

হে বিদুর ! আপনার কারণ অন্বেষণ করিতে করিতে ব্রহ্মার সেই কাল উপস্থিত হইল, যাহা বিষ্ণুর সুদর্শন চক্র স্বরূপে দেহধারি মানবদিগের ভয় উৎপাদন করিয়া জীবিত কাল সংক্ষয় করে অর্থাৎ ব্রহ্মার ঐ রূপ অন্বেষণ করিতে করিতে শত সংবৎসর পরমায়ুঃ অতিক্রান্ত হইল, তথাপি বহির্মুখ প্রবৃত্তি হেতু অন্বেষণীয় বস্তু প্রাপ্ত হইলেন না ॥ ২১ ॥

তদনন্তর অন্বেষণ হইতে নিবৃত্ত হইয়া মনোরথ প্রাপ্ত না হওয়াতে পুনরায় আপনার অধিষ্ঠান পদ্মে প্রত্যাগত হইলেন, পরে স্বাভিমান-পরিত্যাগ পূর্ব্বক অন্তর্মুখবৃত্তি দ্বারা নিশ্বাস জয় করত সংযত চিত্ত হইয়া সমাধি অর্থাৎ ভগবদ্ধ্যান অবলম্বন পূর্ব্বক স্থির হইয়া বসিলেন ॥ ২২ ॥

পুরুষের আয়ুঃ পরিমিত কাল অর্থাৎ শত সংবৎসর অতীত হইলে তাঁহার যোগ সুসম্পন্ন এবং

স্বয়ং তদন্তর্হৃদয়েঽবভাতমপশ্যতাপশ্যত যন্ন পূর্ব্বং ॥ ২৩ ॥
মৃণালগৌরায়তশেষভোগপর্য্যঙ্ক একং পুরুষং শয়ানং।
ফণাতপত্রাযুত মূর্দ্ধরত্ন দ্যুভির্হতধ্বান্তযুগান্ততোয়ে ॥ ২৪ ॥
প্রেক্ষাং ক্ষিপন্তং হরিতোপলাদ্রেঃ সন্ধ্যাভ্র নীবেরুরু রুক্মমূর্দ্ধ্নঃ।

শ্রীধরস্বামী।

যন্নপি নাপশ্যৎ তৎ স্বয়মেবান্তর্হৃদয়ে হবভাতমপশ্যৎ ॥ ২৩ ॥

যদপশ্যত্তদ্বর্ণয়তি মৃণালেতি নবভিঃ। নবস্বপ্যপশ্যদিত্যস্যৈবানুষঙ্গঃ। মৃণালবদ্গৌরশ্চাসাবায়তশ্চ যঃ শেষঃ তস্য ভোগো দেহঃ স এব পর্য্যঙ্কস্তস্মিন্। কুত্র স্থিতে পর্য্যঙ্কে ফণাতপত্রৈরায়তা সর্ব্বতো যুক্তা যে মূর্দ্ধানস্তেষাং রত্নানি কিরীট স্থানানি তেষাং দ্যুভিঃ প্রভাভিঃ হতধ্বান্তে যুগান্ততোয়ে ॥ ২৪ ॥

কথম্ভূতং পুরুষং হরিত্তোপলাদ্রের্ম্মরকত শিলাময় পর্ব্বতস্য প্রেক্ষাং শোভাং ক্ষিপন্তং স্বলাবণ্যাতিশয়েন তিরস্কুর্ব্বন্তং। সন্ধ্যাভ্রং নীবি পরিধানং যস্য তস্য শোভাং পীতাম্বরেণ ক্ষিপন্তং। উরু রুক্মমূর্দ্ধ্নঃ অনেক সুবর্ণশিখরস্য তস্য স্ব কিরীটৈঃ রত্নানিচ উদধারাশ্চ ওষধয়শ্চ সৌমনস্যানিচ পুষ্পসমূহাঃ সুমনস এব বা তেষাং বনস্রজো বনমালা যস্য বেণব এব ভুজাঃ যস্য অঙ্ঘ্রিপা এবাঙ্ঘ্রয়ো যস্য সচাসৌ সচ তস্য। অয়মর্থঃ যদি তস্মিন্ মালা ইব স্থিতা রত্নাদয়ো ভবন্তি। বেণবশ্চ ভুজাঃ ইব। বৃক্ষাশ্চ পাদা ইব। তর্হি

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

প্রাপ্তভগবদ্ধ্যানেন। ধ্যানে স্ম নো দর্শিতং ত উপাসকানামিত্যুপরিষ্টাদুক্তেঃ। যৎস্বাম্পদকমলাধিষ্ঠানং পূর্ব্বং বিচিন্বন্নপি নাপশ্যৎ। তৎস্বয়মেবান্তর্হৃদয়েঽবভাতমপশ্যৎ ॥ ২৩ ॥

তদেব বস্তু বর্ণয়তি নবভিঃ। ফণা এব আতপত্রাযুতানি তেষু মূর্দ্ধরত্নানাং শিরস্থমণীনাং দ্যুভিঃ কান্তিভির্হতধ্বান্তে প্রলয় জলে ॥ ২৪ ॥

হরিত্তোপলাদ্রের্ম্মরকতশিলাময় পর্ব্বতস্য প্রেক্ষামুৎপ্রেক্ষাং ক্ষিপন্তং কিময়ং মরকতমণিময়ঃ পর্ব্বত ইতি বা উৎপ্রেক্ষা তামপি স্বলাবণ্যাতিশয়েন তিরস্কুর্ব্বন্তং নিরুপমমিত্যর্থঃ। কথম্ভূতস্য সন্ধ্যাভ্রাণি নীবীব নিতম্বে যস্য তস্যোৎ প্রেক্ষাং স্বীয় পিতাম্বরেণ ক্ষিপন্তমিত্যর্থঃ। উরু রুক্মাণি কিরীটানীব মূর্দ্ধসু শিখরেষু যস্য তস্যেতি স্বীয়কিরীটৈঃ রত্নানাং উদধারাণাং ওষধীনাং সৌমনস্যানাং পুষ্পসমূহানাং বনস্রজো বনমালা যস্যেতি স্বীয়রত্নমালা মুক্তামালা তুলসীমালা পুষ্পমালাভিঃ বনস্রক্ শব্দেন মালায়া প্রোক্তেঃ। যদ্বা রত্নাদিভির্বনস্রগ্যস্যেত্যুভয়ত্রৈকৈব বনমালা ব্যাখ্যেয়া। পত্র পুষ্পময়ীমালা বনমালা পদাবধীতি বনমালালক্ষণে

জ্ঞান উৎপন্ন হইল, তাহাতে পূর্ব্বে অন্বেষণ করিয়াও যাঁহাকে দেখিতে পান নাই তাঁহাকে হৃদয় মধ্যে স্বয়ং প্রকাশ মান দেখিতে পাইলেন ॥ ২৩ ॥

অর্থাৎ তাঁহার দৃষ্টিগোচর হইল, সলিলে মৃণালের ন্যায় গৌরবর্ণ অথচ বিস্তীর্ণ শেষ নাগের শরীর রূপ শয্যায় একটী পুরুষ শয়ন করিয়া রহিয়াছেন এবং ঐ শেষ নাগের ফণারূপ আতপত্রে সর্ব্বতোভাবে যুক্ত যে মস্তক সমূহ তত্রস্থ রত্ন নিচয়ের প্রভা দ্বারা ঐ জলরাশি হতান্ধকার হইয়া রহিয়াছে ॥২৪

ঐ পুরুষ আপনার লাবণ্যাতিশয় দ্বারা মরকত শীলাময় পর্ব্বতের শোভা তিরস্কৃত করিতেছিলেন। মরকত পর্ব্বতে সন্ধ্যাকালীন মেঘ পরিধান বসন রূপে শোভা বিস্তার করে সত্য, কিন্তু তাঁহার পীতবসনের শোভা ঐ পর্ব্বতের সন্ধ্যাভ্র শোভাকে অধঃকৃত করিয়াছিল। আর ঐ পর্ব্বতমস্তকে প্রচুর সুবর্ণ থাকাতে তদ্দ্বারা যে শোভা হইত তাঁহার কিরীটস্থ রত্নে তদপেক্ষা অধিক শোভা বিস্তীর্ণ হইতেছিল। তাহাতে প্রচুর স্বর্ণ শিখরের শোভা যেন খর্ব্বীকৃতা হইতেছিল। অপর ঐ পর্ব্বতের রত্ন, জলধারা, ওষধি এবং পুষ্প সমূহ এ সকল বনমালারূপে বিরাজমান হওয়াতে এবং বেণু সকল বাহু

রত্নোদধারৌষধি সৌমনস্য বনস্রজো বেণুভুজাঙ্ঘ্রিপাঙ্ঘ্রেঃ ॥ ২৫ ॥
আয়ামতো বিস্তরতঃ স্বমানদেহেন লোকত্রয়সংগ্রহেণ।
বিচিত্রদিব্যাভরণাংশুকানাং কৃতশ্রিয়াপাশ্রিত বেশদেহং ॥ ২৬ ॥
পুংসাং স্বকামায় বিবিক্তমার্গৈরভ্যর্চ্চতাং কামদুঘাংঘ্রিপদ্মং।

শ্রীধরস্বামী।

তস্য শোভাং স্বীয়রত্ন মুক্তা তুলসী পুষ্পদামভিঃ ভুজৈরঙ্ঘ্রিভিশ্চ ক্ষিপন্তমিতি ॥ ২৫ ॥

কিঞ্চ আয়ামতো দৈর্ঘ্যেণ বিস্তরতশ্চ। স্বমান দেহেন মীয়তে হনেনেতি মানং উপমানং শোভন শ্চাসাবমানো নিরুপমশ্চ যো দেহ স্তেন যদ্বা সুষ্ঠু অমানঃ অপরিচ্ছিন্ন স্তেন যদ্বা তাভ্যাং স্বানুরূপ প্রমাণেন অতএব লোকত্রয়ং সংগৃহ্যতে যস্মিন্। তথা বিচিত্রাণি নানা বিধানি দিব্যান্যপূর্ব্বাণিচ আভরণানি অংশুকানিচ তেষাং কৃতা শ্রীঃ শোভা যেন তেন দেহেন বিশিষ্টং এবং স্বত এবাভিরম্যত্বেপি অপাশ্রিত বেশঃ স্বীকৃতালঙ্কারো দেহো যস্য তমপশ্যং। যদ্বা কেন প্রেক্ষ্যং ক্ষিপন্তং ইত্যপেক্ষায়াং এবম্ভূতেন দেহেনেতি সম্বন্ধঃ ॥ ২৬ ॥

স্বাভিলষিত ফলায় বিবিক্তৈ র্মার্গৈঃ শুদ্ধৈঃ বেদোক্তৈঃ মার্গৈঃ অভ্যর্চ্চতাং পুংসাং কামদুঘং অঙ্ঘ্রিপদ্মং প্রদর্শয়ন্তং। কিঞ্চিদুন্নময্য সমর্পয়ন্তং। নখা এবেন্দব স্তেষাং ময়ুখা রশ্ময় স্তৈর্ভিন্নাঃ সংভিন্না অঙ্গুলয় এব চারূণি পত্রাণি যস্য তৎ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রত্নমুক্তাদেরপ্যুপলক্ষণং জ্ঞেয়ং উপরিস্থা বেণবো ভুজাইব অধস্থা অংঘ্রিপা অংঘ্রয় ইব যস্য তস্তেতি স্বীয়ভুজপাদৈঃ ॥ ২৫ ॥

কিঞ্চ আয়ামতো দৈর্ঘ্যেণ বিস্তরতো বিস্তারেণচ স্বমানঃ স্বানুরূপপ্রমাণো যো দেহস্তেন বিশিষ্টং শ্লেষেণ সুষ্ঠু অমানোঽপরিচ্ছিন্নস্তেন অপরিচ্ছেদমেব স্পষ্টয়তি লোকত্রয়সংগ্রহেণ ত্রৈলোক্যব্যাপিনা বিচিত্রাণি দিব্যান্যলৌকিকানি আভরণান্যংশুকানিচ তেষামপি কৃতা শ্রীঃ শোভা যেন তেন। তথা অপাশ্রিতবেশদা ঈহা ইচ্ছা যস্য তং। যদেব যং যং বেশমিচ্ছতি তদেব সত্যসংকল্পত্বাত্তং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ২৬ ॥

স্বকামায় স্বাভিলষিত ফলায়। যদ্বা। সো ভগবানেব কামস্তস্মৈ ভগবন্তমেব প্রাপ্তুমিত্যর্থঃ। স্বস্য ভগবতঃ কামায় সেবাভির্ভগবন্তং সুখয়িতুমিতি বা। বিবিক্তৈর্জ্ঞানকর্ম্মাদ্যমিশ্রত্বেন শুদ্ধৈর্মার্গৈ বৈধরাগাদিভির্দাস্যসখ্যাদি ভাবমার্গৈর্বা কামদুঘং সেবোপযোগিমনোরথ পূরকমঙ্ঘ্রিপদ্মং সহস্রপাদপদ্মানাং মধ্য এব একং কিঞ্চিদুন্নময্য প্রদর্শয়ন্তং তত্র পাদপদ্মমিত্যুত্তর শ্লোকে মুখেনেত্যেকবচনলিঙ্গেন ভঙ্গ্যাত্রৈব প্রস্তাবে পুংসামিত্যাদিশ্লোকত্রয্যা শ্রীকৃষ্ণাবতারদর্শনমেব ব্রহ্মণে দর্শিতং তদুহোবাচ ব্রাহ্মণোঽসাবনবরতং মে ধ্যাতঃ স্তুতঃ পরার্দ্ধান্তে সোঽবুধ্যত গোপবেশো মে পুরস্তাৎ আবির্বভূবেতি গোপালতাপনী শ্রুতে র্ব্রহ্মসংহিতা কথা দৃষ্টেশ্চেতি। তস্যৈব মদনগোপালস্বরূপস্য ত্রিভঙ্গমূর্ত্তে র্ব্যত্যস্তপাদস্য দক্ষিণচরণ পদ্মোন্নমনদৃষ্টেরিতি কেচিদাহুঃ।

রূপে ও বৃক্ষসকল চরণ রূপে কল্পিত হওয়াতে যে শোভা হয়, সে শোভাও ঐ বিরাট্ মূর্ত্তি ভগবানের রত্ন, মুক্তা, তুলসী ও পুষ্প মালা এবং ভুজ ও চরণের শোভায় অধঃকৃত হইতেছিল ॥ ২৫ ॥

তাঁহার দেহ দৈর্ঘে ও বিস্তারে অপরিচ্ছিন্ন, স্বর্গ, মর্ত্য, পাতাল এই ত্রিভুবন মধ্যে সংগৃহীত ছিল, যদিও তাহা স্বয়ং নানাবিধ অপূর্ব্ব ভূষণ ও বসনের শোভা বিস্তার করিয়া অতিশয় রমণীয় হইতেছিল, তথাচ বহুবিধ অলঙ্কারে অলঙ্কৃত ছিল ॥ ২৬ ॥

আর তিনি যে সকল পুরুষ স্বাভিলষিত প্রাপ্তি কামনায় বিশুদ্ধ বেদোক্ত মার্গ দ্বারা অর্চ্চনা করেন তাঁহাদিগের প্রতি কৃপা করিয়া তাঁহাদিগকে আপনার কামদুঘ অর্থাৎ সেবনোপযোগি মনোরথ পূরক চরণপদ্ম প্রদর্শন করাইতেছিলেন, অর্থাৎ কিঞ্চিৎ উত্তোলন করিয়া দেখাইতেছিলেন। তাঁহার সেই

প্রদর্শয়ন্তং কৃপয়া নখেন্দুময়ূখভিন্নাঙ্গুলিচারুপত্রং ॥ ২৭ ॥
মুখেন লোকার্ত্তি হরস্মিতেন পরিস্ফুরৎ কুণ্ডলমণ্ডিতেন।
শোণায়িতেনাধরবিম্বভাসা প্রত্যর্হয়ন্তং সুনসেন সুভ্র্বা ॥ ২৮ ॥
কদম্ব কিঞ্জল্ক পিশঙ্গ বাসসা স্বলঙ্কৃতং মেখলয়া নিতম্বে।
হারেণ চানন্ত ধনেন বৎস শ্রীবৎস বক্ষঃস্থলবল্লভেন ॥ ২৯ ॥
পরার্দ্ধ্যকেয়ূরমণিপ্রবেক পর্য্যস্তদোর্দণ্ড সহস্রশাখং।

শ্রীধরস্বামী।

লোকার্ত্তিহরং স্মিতং যস্মিন্ তেন। পরিস্ফুরদ্ভ্যাং কুণ্ডলাভ্যাং মণ্ডিতেন অধরবিম্বদীপ্ত্যা শোণবদাচরিতেন। শোভন নাসা যুক্তেন শোভনয়া ভ্রুবাচ প্রত্যর্হয়ন্তং পূজকান্ প্রতি পূজয়ন্তং সম্মানয়ন্তং ॥ ২৮ ॥

কদম্ব কিঞ্জল্কবৎ পিশঙ্গং যদ্বাস স্তেন মেখলয়াচ নিতম্বে স্বলঙ্কৃতং। হে বৎস শ্রীবৎস যুক্তং যদ্বক্ষঃ স্থলং তস্য বল্লভেন। বক্ষস্যানর্ঘ্যেণ হারেণ স্বলঙ্কৃতমিত্যর্থঃ ॥ ২৯ ॥

মহা চন্দন বৃক্ষরূপেণ নিরূপয়িতুং তং বিশিনষ্টি। পরার্দ্ধ্যানি শ্রেষ্ঠানি কেয়ূরাণি অঙ্গদানি মণিপ্রবেকাশ্চ মণ্যুত্তমা স্তৈঃ পর্য্যস্তা ব্যাপ্তা দোর্দ্দণ্ডা এব সহস্রং অনন্তা শাখা যস্য। চন্দনবৃক্ষোপি কেয়ূরাদি তুল্যৈঃ ফলপুষ্পাদিভি র্ব্যাপ্তশাখো ভবতি। অব্যক্তং প্রধানং মূলং অধো ভাগো যস্য। যদ্বা অব্যক্তং ব্রহ্ম মূলং যস্য ব্রহ্মাভিব্যক্তি রূপত্বাৎ। বৃক্ষস্যাপি মূলং নব্যক্তং ভুবনাত্মক

ক্রমসন্দর্ভঃ।

অব্যক্তমূলমিতি ন ব্যজ্যতে শাস্ত্রবিদ্ভি র্ন কথ্যতে মূলং যস্য তং সর্ব্বমূলত্বেন মূলান্তররহিতমিত্যর্থঃ। অব্যক্তঃ স্বয়ং ভগবাং-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নখেন্দুময়ূখৈরেব ভিন্নাঃ সংভিন্না অঙ্গুলয় এব চারূণি পত্রাণি যস্য তদিতি। পদ্মস্যাস্য চন্দ্ররশ্মি বিকসিতত্বাদদ্ভুতত্বমুক্তং ॥ ২৭ ॥

প্রত্যর্হয়ন্তং পূজকাংস্তান্ প্রতিপূজয়ন্তং ভোগাপবর্গাদেস্তৈর্ভক্তৈরস্বীকারাত্তেনৈব তৎসেবাঋণং পরিশোধয়ন্তমিবেত্যর্থঃ। আর্ত্তি-র্দুঃখমাত্রং তদ্দর্শনোৎকণ্ঠ্য পীড়া বা সুভ্র্বা শোভনয়া ভ্রুবা একয়া রামযৈব রহস্যভাবপ্রকাশিকয়েতি প্রত্যর্হণীয়া অপি ভক্তবিশেষা এব সূচিতাঃ ॥ ২৮ ॥

বৎস হে বিদুর। শ্রীবৎসযুক্তং বক্ষঃস্থলং তস্য বল্লভেন হারেণ ॥ ২৯ ॥

স্বযশঃ সৌরভসুবাসিত সর্ব্ব বিশ্বত্বাৎ মহাচন্দন বৃক্ষরূপকেণ নিরূপয়িতুং তং বিশিনষ্টি। পর্য্যস্তা বিশ্বব্যাপিনো দোর্দণ্ডাএব সহস্রমনন্তাঃ শাখা যস্য তং। অব্যক্তং ব্যঞ্জনয়াপি কৈরপি নোক্তং মূলমনাদিত্বাৎ যস্য তং। যদুক্তং স আত্মা স্বাশ্রয়াশ্রয় ইতি। বৃক্ষপক্ষে স্পষ্টং। ভুবনানি চতুর্দ্দশ অঙ্ঘ্রিণা একেনৈব পাতি রক্ষতি সচাসাবিন্দ্র ঐশ্বর্য্যবাংশ্চেত্যেক পাদ বিভূতিপতি-

চরণ পদ্মের নখরূপ ইন্দু কিরণে মনোহর অঙ্গুলি রূপ পত্র সম্মিলিত হওয়াতে তাহারও চমৎকার শোভা হইয়াছিল ॥ ২৭ ॥

অপর তিনি লোকার্ত্তি নাশক হাস্যযুক্ত বদন দ্বারা চরণার্চ্চক ব্যক্তিদিগের সম্মান করিতেছিলেন। আহা! বদনের কি চমৎকার শোভা, উদ্দীপ্ত কুণ্ডল দ্বয়ে উত্তম রূপে মণ্ডিত হইয়াছিল, আর তাঁহার শোভন নাসিকা ও সুন্দর ভ্রূদ্বয় শোভা বিস্তার করিতেছিল ॥ ২৮ ॥

বৎস বিদুর! তাঁহার নিতম্বদেশ কদম্ব কুসুমের কেশর তুল্য বসন ও মেখলা দ্বারা সুশোভিত এবং বক্ষঃ স্থল শ্রীবৎস যুক্ত বক্ষঃস্থলের বল্লভ স্বরূপ বহুমূল্য হারে অলঙ্কৃত হইয়াছিল ॥ ২৯ ॥

অপর সেই পুরুষ শ্রেষ্ঠ চন্দন তরুরূপে বিরাজমান হইতেছিলেন, কেননা বহুমূল্য অঙ্গদাদি ভূষণে এবং উত্তম উত্তম মণিতে শাখা স্বরূপ তদীয় ভুজদণ্ড সহস্র ব্যাপ্ত ছিল, অর্থাৎ চন্দন বৃক্ষের শাখা সমূহ যদ্রূপ কেয়ূরাদি তুল্য ফল পুষ্প দ্বারা পরিব্যাপ্ত হইয়া যে রূপ শোভিত হয়, তাহার ন্যায় তাঁহার বাহু

অব্যক্তমূলং ভুবনাংঘ্রিপেন্দ্রমহীন্দ্রভোগৈরধিবীত বল্শং ॥ ৩০ ॥
চরাচরৌকো ভগবন্মহীধ্র মহীন্দ্রবন্ধুং সলিলোপগূঢ়ং ।
কিরীট সাহস্র হিরণ্য শৃঙ্গমাবির্ভবৎ কৌস্তুভ রত্নগর্ভং ॥ ৩১ ॥
নিবীতমাম্নায় মধুব্রতশ্রিয়া স্বকীর্তিময্যা বনমালয়া হরিং ।

শ্রীধরস্বামী ।

মঙ্ঘ্রিপেন্দ্রং বৃক্ষশ্রেষ্ঠং অহীন্দ্রস্যানন্তস্য ভোগৈঃ ফণৈঃ দেহাবয়বৈর্ব্বা অধিবীতাঃ সংবেষ্টিতাঃ স্পৃষ্টা বল্শাঃ স্কন্ধা যস্য । বনস্পতেঃ শতবল্শোবিরোহ ইতি শ্রুতেঃ সোপি সর্পৈর্বেষ্টিতো ভবতি, ॥ ৩০ ॥

প্রেক্ষাং ক্ষিপন্তমিত্যত্রৈব পর্ব্বত রূপকেণ নিরূপিতমপি বিশেষণান্তরৈঃ পুনর্নিরূপয়তি ভগবানেব মহীধ্রস্তং । চরাচরাণামোকঃ স্থানং সোপি তথা অহীন্দ্রস্য বন্ধুং সোপ্যহীন্দ্রস্ত বন্ধুঃ । সলিলেন উপগূঢ়মাবৃতং পর্ব্বতোপি মৈনাকাদি স্তথা কিরীট সাহস্র মেব হিরণ্য শৃঙ্গাণি যস্য । সোপি মের্ব্বাদি র্যথা পর্ব্বতস্য গর্ত্তে কঁচিদ্রত্নমাবির্ভবতি তথা আবির্ভবৎ স্পষ্টং দৃশ্যমানং কৌস্তুভরত্নং গর্ত্তে মূর্ত্তি মধ্যে যস্য তং ॥ ৩১ ॥

কিঞ্চ বনমালয়া নিবীতং কণ্ঠলম্বিন্যা ব্যাপ্তং । আম্নায়া বেদা এব মধুব্রতাঃ তৈঃ শ্রী র্যস্যা স্তয়া । হরিমিতি পর্ব্বতাদি রূপং

ক্রমসন্দর্ভঃ ।

স্তম্ভূলকমিতি বা ভুবনরূপাণামঙ্ঘ্রিপাণামিন্দ্রং ঈশ্বরং ॥ ৩০ ॥ ৩১ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

মিত্যর্থঃ । পক্ষে ভুবনেষু মধ্যে যে অঙ্ঘ্রিপা স্তেষামিন্দ্রং অহীন্দ্রস্যানন্তস্য ভোগৈঃ ফণৈঃ দেহাবয়বৈর্ব্বা অধিবীতাঃ স্পৃষ্টা বল্শাঃ স্কন্ধা যস্য তং শতবল্শো বিরোহ ইতি শ্রুতেঃ । পক্ষে বহু সর্পবেষ্টিত স্কন্ধশাখাদিকং ॥ ৩০ ॥

চন্দনবৃক্ষরূপকেণ নিরূপ্য স্বস্য আশ্রয়োপি স্বমেবেতি দর্শয়িতুং চন্দন পর্ব্বতরূপকেণাপি নিরূপয়তি । ভগবানেব মহীধ্রো মলয়গিরিস্তং চরাচরাণাং ওক আস্পদং অহীন্দ্রোঽনন্তোঽহীন্দ্রাঃ সর্পাধিপাশ্চ । সলিলেন গর্ভোদেন ক্ষীরোদেনচ আলিঙ্গিতং কিরীট সাহস্রমেব হিরণ্যবর্ণানি শৃঙ্গানি যস্য তং মলয়স্য স্বর্ণবর্ণশৃঙ্গত্বাৎ কৌস্তুভরত্নং গর্ভে মূর্ত্তি মধ্যে যস্য তং মলয়স্য পর্ব্বতত্বেন রত্নখনিমত্বাৎ ॥ ৩১ ॥

নিবীতং যুক্তং হরিমিতি পর্ব্বতাদিরূপং পশ্যন্ হরিরসাবিতি জ্ঞাতবানিত্যর্থঃ । সূর্য্যাদিভিরগমং স্বব্যাপারৈ রাকলয়িতুমশক্য-

সহস্র রমণীয় অঙ্গদাদি আভরণে এবং বিবিধ মণিতে ভূষিত হওয়াতে তাঁহার মনোহর শোভা হইয়াছিল আর চন্দন তরুর মূল যেমন অব্যক্ত, সহসা জ্ঞাত হওয়া যায় না তাহার ন্যায় তাঁহারও মূল অর্থাৎ অধোভাগে অব্যক্ত (প্রকৃতি) ছিল। অপর চন্দন বৃক্ষের স্কন্ধ যে রূপ সর্পে বেষ্টিত হইয়া থাকে, তাঁহারও স্কন্ধ দেশ সেই রূপ অহীন্দ্র অনন্তের ফণায় বেষ্টিত হইয়াছিল ॥ ৩০ ॥

অথবা সেই পুরুষ মহা পর্ব্বতরূপে বিরাজমান হইতেছিলেন। পর্ব্বত যেমন চরাচরের নিবাস স্থল হয়, তাঁহার নিজ দেহেও সেইরূপ সমস্ত চরাচর জগৎ বাস করিতেছিল, আর পর্ব্বতে সর্প সকল বাস করিতে পাওয়াতে তাহাকে যেমন অহিবন্ধু বলা যায়, ভগবান্ও তদ্রূপ অহীন্দ্র অনন্তের বন্ধু ছিলেন। অপর মৈনাকাদি কোন কোন প্রধান গিরি সাগর সলিলে নিমগ্ন হইয়া আছে, তিনিও প্রলয় কালে জলধি জলে আবৃত হইয়াছিলেন, প্রধান প্রধান পর্ব্বতের শৃঙ্গাদি স্বর্ণবর্ণ হয়, তাঁহার কিরীট সহস্রই হিরণ্য শৃঙ্গরূপে শোভিত ছিল। অপর কোন কোন পর্ব্বতের স্থান বিশেষে কখন প্রধান প্রধান রত্নাদি প্রকাশ পায়, তাঁহারও মূর্ত্তিমধ্যে কৌস্তুভ মণি স্পষ্টরূপে দৃশ্যমান হইতেছিল ॥ ৩১ ॥

ব্রহ্মা এই রূপে ঐ পুরুষকে পর্ব্বতাদি তুল্য অবলোকন করিয়া স্থির করিলেন, ইনিই ভগবান্ হরি, অপর তাঁহার কণ্ঠদেশে কীর্তিময়ী বনমালা লম্বিতা ছিল, বেদরূপ মধুব্রত সকল ঐ মনোহর বন

সূর্য্যেন্দু বায়্বগ্ন্যগমং ত্রিধামভিঃ পরিক্রমৎ প্রাধনিকৈর্দুরাসদং ॥ ৩২ ॥
তর্হ্যেব তন্নাভিসরঃ সরোজমাত্মানমম্ভঃ শ্বসনং বিয়চ্চ।
দদর্শ দেবো জগতো বিধাতা নাতঃ পরং লোকবিসর্গ দৃষ্টিঃ ॥ ৩৩ ॥
সকর্ম্ম বীজং রজসোপরক্তঃ প্রজাঃ সিসৃক্ষন্নিয়দেব দৃষ্ট্বা।
অস্তৌদ্বিসর্গাভিমুখস্তমীড্যমব্যক্ত বর্ত্মন্যভিবেশিতাত্মা ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

পশ্যন্। হরিরসাবিতি জ্ঞাতবানিত্যর্থঃ। সূর্য্যাদিভিরগমং অগম্যং স্ব স্ব ব্যাপারৈরাকলয়িতুমশক্যমিত্যর্থঃ। কিঞ্চ ত্রিষ্বপি লোকেষু ধাম স্ফূর্ত্তি র্যেষাং তৈরক্ষণার্থং পরিক্রামদ্ভিঃ পরিতো ধাবদ্ভিঃ প্রাধনিকৈঃ প্রধনং সংগ্রাম স্তৎ প্রয়োজনৈঃ সুদর্শনাদিভি-র্হেতুভূতৈর্দুরাসদং দুষ্প্রাপং ॥ ৩২ ॥

যদৈব হরিমপশ্যৎ তর্হ্যেব তদৈব লোকবিসর্গ দৃষ্টিঃ সন্ তস্য নাভিসরসি সরোজং শ্বসনং প্রলয়বায়ুং বিয়ৎ আকাশঞ্চ দদর্শ ॥ ৩৩

কর্ম্মবীজং লোকসৃষ্টেঃ কারণং। উপরক্তঃ রজোগুণ যুক্তঃ। অতঃ প্রজাঃ স্রষ্টুমিচ্ছন্। ইয়দেব নাভিসরোজাদি পঞ্চকমেব বিসর্গেঽপি অভিমুখো দত্তচিত্তঃ। অব্যক্ত বর্ত্মনি ভগবতি নিবেশিত চিত্তঃ ॥ ৩৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

তর্হীতি। অতঃপরং সৃষ্ট্যুপকরণং ॥ ৩৩ ॥

স ইতি। রজসা যুক্তঃ সন্ প্রজাঃ স্রষ্টুমিচ্ছন্ ইয়ৎ নাভিসরোজাদিপঞ্চকমেব সৃষ্টিবীজং দৃষ্ট্বা বিসর্গে দত্তচিত্তোঽপি অব্যক্তবর্ত্মনি ভবতি নিবেশিতচিত্তঃ সন্নস্তৌদিত্যর্থঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মিত্যর্থঃ। ত্রিধামভিঃ সচ্চিদানন্দস্বরূপৈ রক্ষণার্থং পরিক্রামদ্ভিঃ পরিতো ধাবদ্ভিঃ প্রাধনিকৈঃ প্রধনং সংগ্রাম স্তেন দীব্যদ্ভিঃ সুদর্শনাদিভির্জয়বিজয়াদি পার্ষদৈর্বা হেতুভূতৈর্দুরাসদ মন্যৈর্দুষ্প্রাপং ॥ ৩২ ॥

তর্হ্যেব তন্নাভিসরসি সরোজং সরোজেচাত্মানং আত্মনশ্চতুর্দ্দিক্ষু অম্ভঃ শ্বসনং বিয়চ্চেতি ভূতত্রিকং দদর্শ। নাতঃ পরং পৃথিব্যাদি। লোকানাং বিবিধে সর্গে দৃষ্টিশ্চিকীর্ষা যস্য সঃ ॥ ৩৩ ॥

কর্ম্মবীজং লোক সৃষ্টেঃ কারণং। ইয়দেব সরোজাদিপঞ্চকমেব বিসর্গাভিমুখঃ বিসর্গং কথমহং কুর্য্যামিতি ভাবয়ন্ প্রভুমেবাহং শরণং যামীতি বিসর্গাভিনিবেশং পরিত্যজ্য অব্যক্তবর্ত্মনি শ্রীভগবতি অভিনিবেশিত আত্মা মনো যস্য সঃ ॥ ৩৪ ॥

মালায় অনুব্রত হওয়াতে তাহার অতি মনোভাবন শোভা হইয়াছিল। এ নিমিত্ত সূর্য্য, চন্দ্র, বায়ু, অগ্নি ইহারা স্ব স্ব ব্যাপার দ্বারাও তাঁহাকে অবলোকন করিয়া নিশ্চয় করিতে পারেন নাই, সংগ্রাম প্রয়োজন যে সমস্ত সুদর্শনাদি শস্ত্র, যাহার প্রভা ত্রিলোকেতে ব্যাপ্ত, যাঁহারা রক্ষণার্থ চতুর্দ্দিকে ধাবমান, সে সকলের দ্বারাও তিনি দুষ্প্রাপ্য ॥ ৩২ ॥

জগদ্বিধাতা ব্রহ্মা যে সময়ে ভগবান্‌কে ঐ রূপ দর্শন করিলেন সেই সময়ই লোক সৃজনার্থ দৃষ্টি নিক্ষেপ করাতে তাঁহার নাভিসরোবরে পদ্ম এবং আত্মা অর্থাৎ আপনি ব্রহ্মা আর জল তথা প্রলয়কালীন বায়ু ও আকাশ ইত্যাদি তাঁহার দৃষ্টিগোচর হইল ॥ ৩৩ ॥

ব্রহ্মা রজোগুণ যুক্ত হওয়াতে প্রজা সৃষ্টির কারণ স্বরূপ পূর্ব্বোক্ত নাভিপদ্মাদি পঞ্চ অবলোকন করিয়া ভগবানে এবং সৃষ্টি বিষয়ে চিত্ত অভিনিবেশ পূর্ব্বক পরম স্তুত্য পরমেশ্বরের স্তব করিতে আরম্ভ করিলেন ॥ ৩৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুর মৈত্রেয় সম্বাদে ভগবদ্দর্শনমষ্টমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৮ ॥ * ॥

শ্রীব্রহ্মোবাচ ॥

জ্ঞাতোঽসি মেদ্য সুচিরান্নসু দেহভাজাং ন জ্ঞায়তে ভগবতো গতিরিত্যবদ্যং ।

শ্রীধরস্বামী ।

॥ * ॥ ইতি তৃতীয়ে অষ্টমঃ ॥ * ॥

নবমে তপসা তুষ্টং দৃষ্ট্বা নারায়ণং স্বয়ঃ । অস্তোদেকার্ণবে সীদন্ লোকসর্গ চিকীর্ষয়া ॥ * ॥

ভগবজ্জ্ঞানেনাত্মনঃ কৃতার্থতামাবিষ্কুর্বন্ অজ্ঞাংশ্চ শোচন্নাহ জ্ঞাতোঽসীতি। সুচিরাদ্বহুকালোপাসনেন অদ্য মে ময়া জ্ঞাতোসি। নম্বু অহো দেহভাজামেতদবদ্যং দোষঃ। কিং তৎ যদ্ভগবতস্তব গতি স্তত্ত্বং ন জ্ঞায়ত ইতি। যতত্ত্বমেব জ্ঞাতুং যোগ্যঃ সত্যত্বাৎ নান্যৎ অসত্যত্বাদিত্যাহ ত্বৎ ত্বত্তোঽন্যন্নাস্তি যদ্যপ্যস্তীতি প্রতিভাতি তদপি শুদ্ধং সত্যং ন ভবতি। কথমসত্তঃ

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য অষ্টমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

জ্ঞাতোঽসীতি। অজ্ঞানে কা হানিস্তত্রাহ দেহেতি। গতিঃ স্বরূপ তচ্ছক্ত্যাদিরূপা পরমা স্থিতিঃ। নম্বু তাদৃশ মদপতেরন্যচ্চ প্রতীয়তে তত্রাহ। তাদৃশাৎ ত্বৎ ত্বত্তোঽন্যত্তত্ত্বং নাস্তীতি। যদ্বা অস্তি তদপি ন শুদ্ধং কিন্তু ত্বমেব শুদ্ধং তত্ত্বমিত্যর্থঃ। তত্রো-ভয়ত্রাপি হেতুর্মায়েতি। অনন্তবৈভবময্যা অন্তরঙ্গয়া শক্ত্যা স্বতঃ শুদ্ধ এব ত্বং জগদ্রূপেণ বহুরূর্বিভাসি তৎ খলু বহিরঙ্গায়া

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। তৃতীয়স্যাষ্টমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

গর্ভোদশায়িনং স্বান্তর্যামিনং নবমে বিধিঃ। স্তুত্বা তস্য কৃপাবৃষ্ট্যা সামর্থ্যং প্রাপ সৃষ্টয়ে ॥ ভগবৎ কৃপালব্ধং তদীয় সাক্ষাৎ-কারৈককারণং ভগবজ্জ্ঞানমেব ভবেদিতি প্রদর্শয়ন্নাহ জ্ঞাতোসীতি। মে ময়া অদ্য ত্বং জ্ঞাতোসি সুচিরাৎ বহুকালং ত্বদীয় ধ্যানং কুর্ব্বতাপীত্যর্থঃ। ঈদৃশ সৌন্দর্য্যস্য তব ময়া কদাপ্যধ্যানাৎ ধ্যানদশায়াং ভগবন্তমহং জানৈব যামীতি হন্ত হন্ত বৃথৈব জ্ঞানাভিমানঃ কৃতঃ। তথা ধ্যাতরূপএব প্রভুর্মে দর্শনং দদাত্বিত্যাশংসাপি বৃথৈব কৃতেতি ধ্বনিঃ যত ঈদৃশসৌন্দর্য্যস্য লেশোপি মহামরকতনীলোৎপল নবনীরদাদিষু নাস্তীতি তথারূপতয়া ত্বং ধ্যাতোঽপীদৃশরূপতয়া প্রত্যক্ষোঽভূরিতি তব কৃপায়া মাহাত্ম্যমনি-র্বাচ্যমিত্যমুধ্বনিঃ স্বয়ং তন্মাধুর্য্যাস্বাদমনুভূয় তদনুভবিনোঽপরান্ শোচতি দেহভাজাং প্রাণিনাং ইত্যেবাবদ্যং দোষঃ কিন্তৎ ভগবতস্তব গতিস্তত্ত্বং ন জ্ঞায়তে ঈদৃশসৌন্দর্য্য মাধুর্য্যাদিকং নানুভূয়তে দেহভাজামিতি দেহধারণস্য স্বভজনমেব ফলং। যস্মাদেবৈ-তাদৃশং স্বরূপমনুভবিতুং শক্যত ইতি ভাবঃ। নম্বু বিচিত্রে জগত্যন্যদপি কিমীদৃশমতি মধুরমনুভবনীয়ং বস্তু নাস্তি যতোঽস্যাজ্ঞানে দেহিনামবদ্যং ব্রবীষীতি তত্রাহ। ত্বত্তোন্যন্নাস্তি যৎ কিল জ্ঞানার্থমুপাদেয়মিত্যর্থঃ। ভগবন্নিতি ভগবত্তা ত্বদন্যত্র নাস্ত্যেবেতি ভগ শব্দবাচ্য নিখিলা প্রাকৃতসৌন্দর্য্যকীর্ত্ত্যাদীনি বিনা নৈব নেত্রকর্ণাদিভোগ্যং বস্ত্বস্তীতি ভাবঃ। নম্বু সর্ব্বেন্দ্রিয়ভোগ্যং স্বর্গসুখমেবাস্তি তত্রাহ। অপি তন্ন শুদ্ধমিতি তদপি নশ্বরত্বাদিভিরনিত্যং পরিণামবিরসং পরিমিতমতি নিকৃষ্টমপি নত্তদ্ধমপবিত্রং কামিকাকসংঘাস্বাদ্যং নতু নিষ্কিঞ্চন হংসপরিষদ্দৃশ্যমপীত্যর্থঃ কিঞ্চ তচ্চাপি ত্বন্মায়াশক্তিকার্য্যত্বান্ন ত্বত্তোঽন্যদিত্যাহ মায়াগুণানাং

॥ * ॥ ইতি তৃতীয়ে অষ্টম ॥ * ॥

নবমাধ্যায়ে তপস্যা দ্বারা ভগবানের পরিতোষ অবলোকন করিয়া লোকসৃষ্টি বাসনায় ব্রহ্মা কর্ত্তৃক ভগবানের স্তুতি ॥ * ॥

ব্রহ্মা কহিলেন হে ভগবন্। বহুকাল তপস্যা করিয়া অদ্য তোমাকে জানিতে পারিলাম। আহা! দেহধারি ব্যক্তিদিগের কি দৌর্ভাগ্য, তোমার তত্ত্ব অবগত হইতে কোন ক্রমেই যোগ্য হয় না। হে প্রভো! তুমিই জানিবার যোগ্য, যে হেতু তোমা ব্যতিরেকে কোন বস্তুই নাই, যাহা আছে বলিয়া প্রতীতি হয় তাহা সত্য নহে। বিভো! মায়ার গুণক্ষোভে তুমিই বহুরূপ হইয়া প্রকাশ পাইয়া থাক,

নান্যত্ত্বদস্তি ভগবন্নপি তন্ন শুদ্ধং মায়াগুণব্যতিকরাদ্যদুরুর্বিভাসি ॥ ১ ॥
রূপং যদেতদববোধরসোদয়েন শশ্বন্নিবৃত্ত তমসঃ সদনুগ্রহায়।
আদৌ গৃহীতমবতার শতৈক বীজং যন্নাভিপদ্ম ভবনাদহমাবিরাসং ॥ ২ ॥
নাতঃ পরং পরম যস্তবতঃ স্বরূপমানন্দমাত্রমবিকল্পমবিদ্ধবর্চ্চঃ।

শ্রীধরস্বামী।

প্রতীতিস্তত্রাহ যদ্যতঃ মায়াগুণক্ষোভাৎ ত্বমেব তু উরু র্বহুরূপো বিভাসি ॥ ১ ॥

নন্থ ত্বমপি সম্যঙ্ ন জানাসি যত্ত্বয়া দৃষ্টং রূপং তদপি গুণাত্মকমেব নির্গুণং ব্রহ্মৈব তু সত্যং তত্রাহ রূপমিতি দ্বাভ্যাং। অব-বোধরসোদয়েন চিচ্ছক্ত্যাবির্ভাবেন শশ্বৎ সদা নিবৃত্তং তমো যস্মাৎ তস্য তব যদেতদ্রূপং ত্বয়ৈব স্বাতন্ত্র্যেণ সতামুপাসকানাং অনুগ্রহায় গৃহীতং আবিষ্কৃতং অবতার শতস্য শুদ্ধ সত্ত্বাত্মকস্য যদেকং বীজং মূলং তৎ প্রদর্শনার্থং গুণাবতার বীজত্বং দর্শয়তি যন্নাভীতি ॥ ২ ॥

হে পরম অবিদ্ধবর্চ্চঃ অনাবৃত প্রকাশং। অতঃ অবিকল্পং নির্ভেদং অতএবানন্দ মাত্রং এবম্ভূতং যত্তবতঃ স্বরূপং তৎ অতো

ক্রমসন্দর্ভঃ।

মায়াখ্যায়াঃ প্রধানরূপায়াঃ স্বীয়দ্রব্যশক্তের্গুণানাং ব্যতিকরাৎ পরিণামাদেব ভাসীতি ন তত্র শুদ্ধত্বমিতি ভাবঃ ॥ ১ ॥

রূপমিতি যুগ্মকং। আদৌ গুণাবতারাদীনামগ্রতঃ গৃহীতমুপাত্তং সতামাভিমুখ্যেনানীতং প্রকটিতমিত্যর্থঃ। অবিশ্বমিতি বক্ষ্যমাণাৎ স্বস্যাপ্যে বিশ্বান্তর্ভাবপাতাৎ অববোধরসোদয়েন নিত্যনিবৃত্তসর্ব্বপ্রকৃতিগুণস্য জীববৎ তদ্গ্রহণাযোগাৎ। ক্বাহং তমোমহদহমিত্যাদিম্বিব তমোহত্র প্রকৃতিঃ অববোধস্য সর্ব্বতশ্ছেদকত্বাৎ। তত্রাবতারশতৈকবীজত্বে স্বানুভবেন দিগ্দর্শনমাহ যন্নাভীতি ॥ ২ ॥

সৃষ্টেঃ প্রথমত্বাদাত্মনস্তপোক্তিঃ যৎ যদ্যতঃ পরং ভবতঃ স্বরূপং পূর্ণভগবদাদিরূপং তত্ ন পশ্যামি কিন্ত্বদোরূপমুপাশ্রিতোঽস্মি

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্যতিকরাৎ পরিণামাৎ উরুঃ স্বর্গপারমেষ্ঠ্যসার্ব্বভৌমাদিরূপঃ ॥ ১ ॥

নন্বিদমপি মদীয়ং রূপমদ্যতনমেব অদ্যতনত্বেচানিত্যমেবাত্র অদ্য জ্ঞাতোসীতি ত্বদুক্তিরেব প্রমাণমিতি পরিহাসমাশঙ্ক্যাহ রূপমিতি অবরোধরসঃ স্বরূপভূতা চিচ্ছক্তি স্তদুদয়েন হেতুনা। শশ্বৎ সদাতনমেব নিবৃত্তং তমো মায়া যস্মাৎ তস্য তব। অত্র শশ্বদিত্যুক্তে গৃহীতমাবিষ্কৃতমিতি স্বামিচরণাঃ। ভক্তাভিমুখ্যমানীতমিতি সন্দর্ভঃ। গৃহীতা মায়য়া গুণা ইতিবদভেদেপি ভেদবুদ্ধ্যোত্যেকে অববোধরসেন কর্ত্রা গৃহীতমিত্যপরে ॥ ২ ॥

নন্থ নির্ব্বিশেষং ব্রহ্মৈব সর্ব্বাদিমং কেচিদ্ব্যাচক্ষতে নতু সবিশেষ মেতদিতি তত্রাহ নাত ইতি। হে পরম যত্তবতঃ স্বরূপং অবিকল্পং নির্বিশেষং আনন্দমাত্রং ব্রহ্ম। তৎ অতোরূপাৎ পরং ন পশ্যামি কিন্ত্বিদমেব তন্নতু তদেবেদমিত্যর্থঃ। হে অবিদ্ধবর্চ্চঃ অবিদ্ধং কালদেশাদ্যপরিচ্ছিন্নং বর্চ্চস্তেজো যস্যেতি সর্ব্বব্যাপকং তত্তেজ এব তদ্ব্রহ্মেতি ভাবঃ। যদুক্তং হরিবংশে অর্জ্জুনং প্রতি ভগবতা যৎপরং পরমং ব্রহ্ম সর্ব্বং বিভজতে জগৎ। মমৈব তদ্ঘনং তেজো জ্ঞাতু মর্হসি ভারতেতি ননূভয়োরৈক্যেপি ত্বং কুত্র রজ্যসীতি তত্রাহ বিশ্বং সৃজতীতি ইগুপধত্বাৎ কঃ বিশ্বসৃজঃ তে তব রূপমেকং উপাশ্রিতোঽস্মি নন্থ ত্বমপি ব্রহ্মা বিশ্বং সৃজসীতি তত্রাহ অবিশ্বং বিশ্বস্মাদন্যৎ চিন্ময়মিত্যর্থঃ অহন্তু বিশ্বমেব যতো ভূতেন্দ্রিয়াত্মভি র্দেহেন্দ্রিয়মনোভিঃ কং সুখং যস্তেনৈব মদো গর্ব্বো যস্যেতি স্বস্য প্রাকৃতত্বমুক্তং ॥ ৩ ॥

ইহাতে অসত্য বস্তুর প্রতীতি অসম্ভব নহে অর্থাৎ মায়া দ্বারা মিথ্যা বস্তুও সত্যবৎ প্রতীয়মান হয় ॥ ১

হে ভগবন্! জ্ঞান শক্তির আবির্ভাব হেতু তোমা হইতে তমোগুণ একেবারে নিবৃত্তি হইয়াছে, তুমি উপাসকদিগের প্রতি অনুগ্রহ বিস্তার করিয়া এই যে মূর্ত্তি প্রথমতঃ প্রকটিত করিলে, ইহাই শত শত অবতারের মূল অর্থাৎ এই মূর্ত্তি হইতেই নানাবিধ অবতার হইয়া থাকে, ইহাঁরই নাভিপদ্ম রূপ নিকেতন হইতে আমি উৎপন্ন হইলাম ॥ ২ ॥

হে পরম! তোমার যে মূর্ত্তির প্রকাশ আবৃত হয় না এবং যাহা ভেদ শূন্য, সুতরাং আনন্দ স্বরূপ,

পশ্যামি বিশ্বসৃজমেকমবিশ্বমাত্মন্ ভূতেন্দ্রিয়াত্মক মদস্ত উপাশ্রিতোস্মি ॥ ৩ ॥
তদ্বা ইদং ভুবনমঙ্গলমঙ্গলায় ধ্যানে স্ম নো দর্শিতং ত উপাসকানাং।

শ্রীধরস্বামী।

রূপাৎ পরং ভিন্নং ন পশ্যামি কিন্তু ইদমেব তৎ। অতঃ কারণাৎ তে তব অদঃ ইদং রূপং উপাশ্রিতোস্মি যোগ্যত্বাদপীত্যাহ একং উপাস্যেষু মুখ্যং। যতঃ বিশ্বসৃজং বিশ্বং সৃজতীতি অতএব অবিশ্বং বিশ্বস্মাদন্যৎ কিঞ্চ ভূতেন্দ্রিয়াত্মকং ভূতানামিন্দ্রিয়াণাঞ্চ আত্মানং কারণমিত্যর্থঃ ॥ ৩ ॥

নম্বেবমপি সোপাধিক মেতদর্ব্বাচীনমেবেত্যাশঙ্ক্যাহ তদেবেদং হে ভুবনমঙ্গল যতস্তেন তদ্বা অস্মাকমুপাসকানাং মঙ্গলায় ধ্যানেন দর্শিতং। নহি অব্যক্ত বর্ত্মাভিনিবেশিতচিত্তানামস্মাকং ত্বয়া সোপাধিক দর্শনং দাতুং যুক্তমিতি ভাবঃ। অতস্তুভ্যং নমো-

ক্রমসন্দর্ভঃ।

তৎস্বরূপং বিশিনষ্টি আনন্দমাত্রং আনন্দব্রহ্মেত্যুক্তং। ব্রহ্ম চ নির্ব্বিশেষ চিদ্রূপং মাত্রা অংশো যস্য। ন বিদ্যতে বিবিধঃ কল্পঃ সৃষ্ট্যাদিকল্পনা যত্র। ভগবদাদিরূপস্থস্য মহাবৈকুণ্ঠস্থিতস্য সৃষ্ট্যাদিকর্ম্মণ্যুদাসীনত্বাৎ পুরুষস্যৈব তত্র প্রবৃত্তত্বাৎ। তদুক্তং কাল-বৃত্ত্যা তু মায়ায়ামিত্যাদি বিষ্ণোস্তু ত্রীণি রূপাণীত্যাদি চ। অবিদ্ধং মায়য়া ন ভিন্নং বর্চ্চস্তেজঃ শক্তির্যস্য তাদৃশং। অদোরূপং বিশিনষ্টি বিশ্বসৃজমিত্যাদিনা। ভূতানামিন্দ্রিয়াণাঞ্চ আত্মা প্রধানাখ্যং স্বরূপং যত্র। যদাশ্রিত্যৈব বিশ্বকারণং প্রধানমপি প্রবর্ত্তত ইত্যর্থঃ ॥ ৩ ॥

নমু তর্হ্যদোরূপং প্রকৃতিগুণবিশিষ্টং নেত্যাহ তদ্বা ইদমিতি। তদেবেদমিত্যর্থঃ। বহুমূর্ত্তেকমূর্ত্তিকমিত্যত্রাক্রূরোক্তন্যায়েন ভিন্নত্বেনাবির্ভূতত্বেঽপি তস্মাদভিন্নত্বাৎ প্রধানেনাশ্রিতত্বেঽপি ধাম্না স্বেন সদা নিরস্তকুহকমিতি ন্যায়েন তদনাসক্তত্বাৎ। তর্হি কথং ভবতা দৃশ্যতে তত্রাহ ধ্যান ইতি। অস্মাকং ধ্যানলক্ষণায়াং ভক্তাবেব স্বাতন্ত্র্যেণ দর্শিতত্বাৎ। তর্হ্যেতদ্রূপবিশেষদর্শনে কিং কারণং তত্রাহ উপাসকানাং সৃষ্টিকামনয়া তাদৃশোপাসনাকর্ত্তৃণাং স্বস্য সকামত্বেঽপি তাদৃশ তদুপকারানুসন্ধানেন প্রত্যুপকারাসামর্থ্যাৎ কেবলং নমতি তস্মা ইতি। তদেবং স্বেষাং স্বকামত্বেঽপি কৃপাকরত্বং তস্য দর্শয়িত্বা তদ্বহির্ম্মুখান্নিন্দতি। য ইতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু নির্ব্বিশেষং স্বরূপং কিমিতি নাশ্রয়সি তত্রাহ তৎ প্রসিদ্ধমিদং সবিশেষং স্বরূপং বৈ নিশ্চিতং চতুর্দ্দশভুবনস্থ জনানাং সর্ব্বেষামপি যানি মঙ্গলানি ধর্ম্মার্থকামমোক্ষাস্তেষামপি মঙ্গলায় কল্যাণার্থং এতদ্রূপোপাসনে সত্যেব ধর্ম্মাদয়ঃ কুশলিনঃ সার্থকা ভবন্ত্যন্যথা ব্যর্থা ভবন্তীত্যর্থঃ। নির্ব্বিশেষস্বরূপস্ত্বেবং ন ভবতীতি ভাবঃ। তথা নোস্মাকমপি ধ্যানে ইদমেব দর্শিতং নতু তদিতি। ততঃ কৃপালুত্বাধিক্যমপি। তস্মাৎ তস্মৈ সবিশেষস্বরূপায় চিন্ময়গুণসমুদ্রায় তুভ্যং নম এব কেবলং বিধেম করবাম। পরিচর্য্যাং পুনঃ কামহং কর্ত্তুং শক্নোমীতি ভাবঃ। নম্বিদং রূপং ন সচ্চিদানন্দময়ং কিন্তু মায়াময়মিতি ব্রুবাণাঃ কেচিন্মাং বস্তুতো নাদ্রিয়ন্তে তত্রাহ যোনাদৃত ইতি নরকভাগ্ভিরিতি তে নরকএব নিপতিষ্যন্তীত্যর্থঃ। অসন্নিধ্যোবেদং সর্ব্বমিতি প্রসঙ্গ বক্তি-

তাহা এই প্রকটিত মূর্ত্তি হইতে বিভিন্ন দেখা যায় না, বরং দেখিতেছি ইহাই সেই রূপ, অতএব আমি তোমার এই মূর্ত্তিরই আশ্রিত হইলাম। হে আত্মন্! তোমার এই মূর্ত্তিই উপাসনার যোগ্য, যে হেতু ইহাই উপাস্য মধ্যে মুখ্য এবং বিশ্বের সৃষ্টিকারী, সুতরাং বিশ্ব হইতে ভিন্ন। আর ইহা ভূত সকল এবং ইন্দ্রিয়গণের কারণ অর্থাৎ এই মূর্ত্তি হইতেই ভূতেন্দ্রিয়াদির উদ্ভব হইয়া থাকে ॥ ৩ ॥

হে ভুবনমঙ্গল! আমরা তোমার উপাসক, তুমি আমাদের নিমিত্ত ধ্যান কালীন এই রূপ দর্শন করাইলে, অতএব ইহাই তোমার সেই রূপ সন্দেহ নাই। প্রভো! আমরা অব্যক্ত বর্ত্মে অর্থাৎ চিন্ময় রূপে নিবিষ্ট চিত্ত, আমাদের প্রতি তুমি কখন সোপাধিক মায়াময় মূর্ত্তি দর্শন করাইতে পার না, অতএব আমরা তোমার অনুবৃত্তি (পরিচর্য্যা) করিয়া তোমাকে নিরন্তর নমস্কার করি। হে ভগবন্! যে সকল নরাধম, অনীশ্বরবাদিদিগের কুতর্ক নিষ্ঠ, অতএব তাহারা নারকী, তাহারাই তোমার সচ্চি-

তস্মৈ নমো ভগবতেঽনুবিধেম তুভ্যং যো নাদৃতো নরকভাগ্ভিরসৎপ্রসঙ্গৈঃ ॥ ৪ ॥
যে তু ত্বদীয় চরণাম্বুজকোষগন্ধং জিঘ্রন্তি কর্ণ বিবরৈঃ শ্রুতিবাতনীতং।
ভক্ত্যা গৃহীতচরণঃ পরয়াচ তেষাং নাপৈষি নাথ হৃদয়াম্বুরুহাৎ স্বপুংসাং ॥ ৫ ॥
তাবদ্ভয়ং দ্রবিণ দেহ সুহৃন্নিমিত্তং শোক স্পৃহা পরিভবো বিপুলশ্চলোভঃ।

শ্রীধরস্বামী।

ঽনুবিধেম অনুবৃত্ত্যা করবাম। তর্হি কিমিতি কেচিন্মাং ন আদ্রিয়ন্তে তত্রাহ যো নাদৃত ইতি অসৎপ্রসঙ্গৈঃ নিরীশ্বর কুতর্কনিষ্ঠৈঃ ॥৪

আদরেণ তু ত্বাং ভজন্তঃ কৃতার্থা ইত্যাহ যেত্বিতি। শ্রুতির্ব্বেদঃ স এব বাতঃ তেনৈব নীতং প্রাপিতং নাপৈষি নাপযাসি। যে ত্বৎ কথাশ্রবণমত্যাদরেণ কুর্ব্বন্তি তেষাং হৃদি নিত্যং প্রকাশসে ইত্যর্থঃ ॥ ৫ ॥

ততঃ কিমত আহ তাবদিতি দ্রবিণাদৌ বিদ্যমানে ভয়ং গতে শোকঃ পুনশ্চ স্পৃহা। ততশ্চ পরিভবঃ। তথাপি বিপুল

ক্রমসন্দর্ভঃ।

অসন্তোঽত্র তত্তদজ্ঞানকল্পিতমিতি কুতর্কেণ মন্বানা উচ্যন্তে ॥ ৪ ॥

তদেব স্থাপয়ন্ যে তু শুদ্ধভক্তা স্তেষাং তচ্চরণারবিন্দমেব পুরুষার্থঃ স্যাৎ যতত্ত্বমপি তাংস্তথা মন্যস ইত্যাহ যে ত্বিতি। তু শব্দেনাত্রৈব পরমসম্মতত্বং স্থাপিতং। নাপৈষি নাপগন্তুমিচ্ছসীত্যর্থঃ অত্র পরমসাধনং চ ত্বদীয়েত্যাদিনেতি ॥ ৫ ॥

নম্বু দ্রবিণাদিনিমিত্তে ভয়াদৌ সতি কথমেতাদৃশ মন্মাধুর্য্যাসক্তিঃ স্যাত্তত্রাহঃ। তাবদিতি। ন প্রবৃণীত শরণমাত্রত্বেন

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রসাধুসঙ্গিভিরিতি বা ॥ ৪ ॥

শাস্ত্রেষু নির্ব্বিশেষস্বরূপোপাসকা জ্ঞানিন উচ্যন্তে সবিশেষস্বরূপোপাসকাস্তু ভক্তা স্তেষামুভয়েষাং মধ্যে ভক্তা এব কৃতার্থাঃ প্রিয়াশ্চেত্যাহ দ্বাভ্যাং। যেত্বিতি শ্রুতির্বেদঃ শ্রবণভক্তির্বা বাত স্তেন নীতং প্রাপিতং ততশ্চ তে চরণাম্বুজসৌরভ্য লোভিনো ভৃঙ্গা ইব চরণাম্বুজং এব পরমপুরুষার্থত্বেন গৃহ্নন্তীত্যাহ। ভক্ত্যা পরয়া প্রেমলক্ষণয়া। নাপৈষীতি তে যথা তব চরণাম্বুজ এব লোভিনস্তন্ন ত্যজন্তি তথা ত্বমপি তেষাং প্রেমমাধুর্য্যবতি হৃদয়াম্বুজ এব লোভী তন্ন ত্যজসীতি পরস্পরবশীকারঃ সূচিতঃ ॥ ৫ ॥

নম্বু তেপি স্ত্রীপুত্রদ্রবিণাদিমন্তশ্চেৎ সংসারিণ এবেতি তত্র নহি নহীতি স্বরসমাদংশমাহ তাবদিতি দ্রবিণাদ্যাসক্তিহেতুকং ভয়ং সংসার ইত্যর্থঃ তস্যৈব প্রপঞ্চঃ শোক ইত্যাদিঃ। তাবদেব যাবত্তবাঙ্ঘ্রিং প্রভুত্বাধিত্তাবেন ন প্রবৃণীত প্রকর্ষেণ বরণে সতি ত্বয্যাসক্ত্যা দ্রবিণাদ্যাসক্তির্নিবর্ত্তত ইতি ভাবঃ। যদিচ দ্রবিণাদাবসক্তোপি কশ্চিদ্ভক্তো ভবেত্তদাপি নৈবচিন্তেত্যাহ মমেত্যসদা-

দানন্দময় মুর্ত্তিকে মায়াময় বলিয়া আদর করে না, নচেৎ তোমাকে নমস্কার কে না করে? ॥ ৪ ॥

প্রভো! আদর পূর্ব্বক তোমার ভজন করিলেই কৃতার্থ হওয়া যায়, যে সকল ব্যক্তি তোমার চরণ পঙ্কজের সৌরভ বেদরূপ বায়ুযোগে প্রাপ্ত হইয়া কর্ণ বিবর দ্বারা আঘ্রাণ করেন অর্থাৎ অতিশয় আদর পূর্ব্বক তোমার কথা শ্রবণ করিয়া থাকেন এবং পরম ভক্তি সহকারে তোমার চরণপদ্ম সর্ব্ব পুরুষার্থ সার বলিয়া গ্রহণ করেন, সেই সকল ব্যক্তিই তোমার আপনারই পুরুষ। হে নাথ! তাহাদের হৃদয়পদ্ম হইতে কখন দূরগত হও না অর্থাৎ নিত্যই তাহাদের হৃদয়ে প্রকাশমান হইয়া থাক ॥ ৫ ॥

হে প্রভো! লোক সকল যাবৎ তোমার অভয় স্বরূপ পাদপদ্ম আশ্রয় না করে তাবৎ পর্য্যন্তই তাহাদের ধন, দেহ, পুত্র এবং কলত্র নিমিত্ত ভয় অর্থাৎ ঐ সকল বিদ্যমান থাকিলে তাহাদের বিনাশ শঙ্কা, শোক অর্থাৎ বিনষ্ট হইলে সন্তাপ এবং পুনর্ব্বার তদর্থ স্পৃহা জন্মিলে তন্নিমিত্ত পরাভব হয়, তাহাতে তদর্থ বিপুল লোভও জন্মিয়া থাকে, যদি কথঞ্চিৎ রূপে অভিলষিত লাভ হয়, তাহাতে আবার "আমার আমার" ইত্যাদি আগ্রহ হয়, তাহাই শোকাদি ক্লেশের কারণ। কিন্তু হে প্রভো! তোমার

তাবন্মমেত্যসদবগ্রহ আর্ত্তিমূলং যাবন্নতেঽঙ্ঘ্রিমভয়ং প্রবৃণীত লোকঃ ॥ ৬॥

দৈবেন তে হতধিয়ো ভবতঃ প্রসঙ্গাৎ সর্ব্বাশুভোপশমনাদ্বিমুখেন্দ্রিয়া যে।

কুর্ব্বন্তি কাম সুখলেশ লবায় দীনা লোভাভিভূত মনসোঽকুশলানি শশ্বৎ ॥ ৭॥

ক্ষুত্তৃট্ ত্রিধাতুভিরিমা মুহুরর্দ্দ্যমানাঃ শীতোষ্ণ বাতবর্ষৈ রিতরেতরাচ্চ।

কামাগ্নিনাচ্যুতরুষাচ সুদুর্ভরেণ সংপশ্যতো মন উরুক্রম সীদতে মে ॥ ৮॥

শ্রীধরস্বামী।

লোভ তৃষ্ণা পুনঃ কথঞ্চিৎ প্রাপ্তে মমেত্যসদাগ্রহঃ। আর্ত্তিমূলং তক্ষ শোকাদেঃ কারণং ন প্রবৃণীত নাশ্রয়েত ত্বৎপাদাশ্রয়ণমাত্রেণ ভয়াদি নিবৃত্তিঃ কিং পুনস্তৎ প্রকাশে সতীতি ভাবঃ ॥ ৬॥

যে নিষ্কামা অপি সন্তঃ ত্বাং নাশ্রিয়ন্তে তে নরকভাজ ইত্যুক্তং। যে ত্বৎ কথা শ্রবণাদি বিমুখাঃ সন্তঃ কামা কর্ম্ম পরা স্তেঽত্যি মন্দা ইত্যাহ দৈবেন তে হতধিয়ঃ নষ্টমতয়ঃ। প্রসঙ্গাৎ শ্রবণ কীর্ত্তনাদি রূপাৎ সর্ব্ব দুঃখ নিবর্ত্তকাৎ বিমুখানীন্দ্রিয়াণি যেষাং। অকুশলানি অক্ষেমকরাণি ॥ ৭॥

অকুশলত্বমেব দর্শয়তি ক্ষুচ্চ তৃট্ চ ত্রিধাতবশ্চ বাত পিত্ত শ্লেষ্মাণঃ তৈরিমাঃ প্রজাঃ সুদুর্ভরেণ সুদুঃসহেন কামাগ্নিনা অচ্যুতয়া রুষা অবিচ্ছিন্ন ক্রোধেনচ পীড্যমানাঃ সংপশ্যতো মে মনঃ সীদতি ॥ ৮॥

ক্রমসন্দর্ভঃ।

নাশ্রয়েত ॥ ৬॥ ৭॥ ৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গ্রহস্তাবদেবার্ত্তিমূলং সংসারকারণং যাবদিতি তবাঙ্ঘ্রেঃ সেব্যত্বেন বরণমাত্র এব তদ্বিনাশকত্বাৎ সকৃৎপাতদংষ্ট্রোরগদংশস্যেব নার্ত্তিমূলত্বমিত্যগ্রেচ বক্ষ্যতে। ভবত্যাগাদয়স্তেনা ইত্যত্র যাবৎ কৃষ্ণ নতে জনা ইতি তাবদ্বচসা দ্বিপাঠবলাদ্ব্যাখ্যাতং। এবঞ্চ যেতু ত্বদীয়েত্যনেন রতিমন্তঃ তাবদ্ভয়মিত্যর্দ্ধেনানর্থ নিবৃত্তিমন্তঃ তাবন্মমেত্যর্দ্ধেনানিবৃত্তানর্থাস্ত্রিবিধা অপি ভক্তা ন সংসারিণ ইত্যুক্তং ॥৬

নন্বেবং চেৎ সর্ব্বএব সুধিয়ো ভূত্বা মচ্চরণমাশ্রয়িষ্যন্তে তর্হি কে সংসারিণো ভবিষ্যন্তি তত্রাহ দৈবেন স্বদপরাধোত্থদুরদৃষ্টেন অকুশলানি কাম্যানি নিষিদ্ধানিচ কর্ম্মাণি ॥ ৭॥

যে চান্তে পশ্বাদিতুল্যাঃ স্বীয়হিতাহিতং কিমপি নজানন্তি তাংস্ত শোচামেবেত্যাহ ক্ষুচ্চ তৃট্ চ ত্রিধাতবঃ বাতপিত্তশ্লেষ্মাণ স্তৈরিমাঃ প্রজাঃ ইতরেতরাচ্চ সপুত্র কলত্রাদিষপি পরস্পরতোঽর্দ্দ্যমানাঃ কামাগ্নিনা অচ্যুতয়া অনবচ্ছিন্নয়া রুষা সুদুর্ভরেতি দ্বয়োরেব বিশেষণং অর্দ্যমানাঃ প্রজাঃ পশ্যতো মম মনঃ সীদতি হন্তহন্ত কথমাসাং নিস্তারো ভবিতেত্যবসীদতি ॥ ৮॥

চরণ পঙ্কজ আশ্রয় করিলে ঐ সকল ভয়াদি কিছুই থাকে না অতএব তোমার পাদপদ্ম আশ্রয় মাত্রে যখন ঐ সমস্ত নিবৃত্তি হইয়া যায়, তখন তুমি হৃদয় মধ্যে বিরাজমান থাকিলে ঐ সকল ভয়াদি থাকিবার সম্ভাবনা কি ? ॥ ৬॥

হে ভগবন্! যে সকল ব্যক্তির ইন্দ্রিয় সর্ব্ব দুঃখ নিবর্ত্তক তোমার শ্রবণ কীর্ত্তনাদি রূপ প্রসঙ্গ হইতে বিমুখ, তাহারা দুরদিষ্ট বশতঃ নিতান্ত হতবুদ্ধি। এ কি সামান্য দুঃখের বিষয় ? যে সকল দীন পুরুষ লোভাভিভূত চিত্ত হইয়া কামসুখ কণিকামাত্র লাভ নিমিত্ত নিরন্তর অক্ষেমকর নিষিদ্ধ কর্ম্ম করিয়া থাকে ॥ ৭॥

হে উরুক্রম! ঐ সকল ব্যক্তি ক্ষুধা তৃষ্ণা, বাত পিত্ত শ্লেষ্মা শীত উষ্ণ বায়ু বর্ষণ এবং তদ্রূপ, অন্যান্য বিষয় তথা দুঃসহ কামাগ্নি ও অবিচ্ছিন্ন ক্রোধ ইত্যাদিতে পুনঃ পুনঃ পীড্যমান হইতে থাকে। তাহাদিগকে অবলোকন করিয়া আমার মনঃ অতিশয় খেদান্বিত হয় ॥ ৮॥

যাবৎ পৃথক্ত্বমিদমাত্মন ইন্দ্রিয়ার্থ মায়াবলং ভগবতো জন ঈশ পশ্যেৎ।
তাবন্ন সংস্থৃতিরসৌ প্রতি সংক্রমেত ব্যর্থাপি দুঃখনিবহং বহতী ক্রিয়ার্থা ॥ ৯ ॥
অহ্ন্যাপৃতার্ত্তকরণা নিশি নিঃশয়ানা নানা মনোরথধিয়া ক্ষণভগ্ননিদ্রাঃ।

শ্রীধরস্বামী।

নন্বেবং ভূতায়াঃ সংস্থতেরপরমার্থত্বাৎ কিমর্থং বিষাদঃ ক্রিয়তে তত্রাহ যাবদিতি। আত্মন ইদং পৃথক্ত্বং দেহাদি তাবৎ ভগবত এব ইন্দ্রিয়ার্থ রূপা যা মায়া তয়া বলং আধিক্যং যস্ত তৎ। ন প্রতি সংক্রমেত নোপরমেত। দুঃখ সমূহং প্রাপয়ন্তী। ক্রিয়াণামর্থঃ ফলং যস্যাং ॥ ৯ ॥

নম্বু ভবত্যেবমবিবেকিনাং বিবেকিনস্তু মুক্তা এবেতি কিং তেষাং ভক্ত্যা কৃত্যমত আহ। অহ্নি আপৃতানি ব্যাপৃতানিচ তান্তার্ত্তানি ক্লিষ্টানি করণানীন্দ্রিয়াণি যেষাং। রাত্রৌ বিষয় সুখলবোপি নাস্তি যতো নিঃশয়ানাঃ স্বপ্ন দর্শনেনচ ক্ষণে ক্ষণে ভগ্ননিদ্রাঃ।

ক্রমসন্দর্ভঃ।

তচ্চ যতঃ স্বাতন্ত্র্যাভিমানেনৈব জীবানাং স্যাদিত্যভিপ্রেত্যাহ যাবদিতি। ভগবতঃ সকাশাৎ আত্মনঃ পৃথক্ত্বং স্বাতন্ত্র্যং যাবৎ পশ্যেৎ ॥ ৯ ॥

অতএব তত্ত্বমার্গসিদ্ধমুনীনামপ্যনাদর ইত্যাহ অহ্ন্যাপৃতার্ত্তকরণা ইত্যাদি। স্বভাবাৎ যুষ্মদ্ভজনবিমুখাঃ সংসারিণো ভবন্তি কিম্বহুনা তত্ত্বমার্গসিদ্ধা মুনয়োঽপি যুষ্মৎপ্রসঙ্গবিমুখাশ্চেদিহ জগতি তর্হ্যদেব সংসরন্তি। অথবা মুনয়োঽপি ত্বদ্বিমুখাশ্চেত্তর্হি সংসরন্ত্যেব। কথং ভূতাঃ সন্তঃ সংসরন্তি তত্রাহ অহ্ন্যাপৃতেত্যাদি। আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদমিত্যাদেঃ। অত উক্তং শ্রীযমেন ধর্ম্মন্তু সাক্ষাৎ ভগবৎ প্রণীতং ন বৈ বিদুঋ্ষয়ো নাপি দেবাঃ। ন সিদ্ধমুখ্যা অসুরা মনুষ্যাঃ কুতো নু বিদ্যাধরচারণাদয়ঃ। স্বয়ম্ভুর্নারদঃ শম্ভুঃ কুমারঃ কপিলো মনুঃ। প্রহ্লাদো জনকো ভীষ্মো বলির্বৈয়াসকির্বয়ং। দ্বাদশৈতে বিজানীমো ধর্ম্মং ভাগবতং ভটাঃ। গুহ্যং বিশুদ্ধং দুর্ব্বোধং যং জ্ঞাত্বামৃতমশ্নুতে। এতাবানেব লোকেঽস্মিন্ পুংসাং ধর্ম্মঃ পরঃ স্মৃত ইত্যাদি। এতে ধর্ম্ম প্রবর্ত্তকাঃ বিজানীম এব ন তু স্বস্মৃত্যাদিষু প্রায়েণোপদিশাম ইত্যর্থঃ। যতো গুহ্যং অপ্রকাশ্যং। দুর্ব্বোধং অন্যৈস্তথা গৃহীতুমশক্যং চ। গুহ্যত্বে হেতুঃ যং জ্ঞাত্বামৃতমশ্নুত ইতি। অতএব বক্ষ্যতেচ। প্রায়েণ বেদ তদিদং ন মহাজনোঽয়মিত্যাদি মহাজনো দ্বাদশেত্যস্তদনু

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্বেবং ভূতায়াঃ সংস্থতে রবস্তুভূতত্বাদনয়া কথমবসীদসীতি তত্রাহ যাবদিতি। যাবদাত্মনো জীবস্য ইদং পৃথক্ত্বং দেহাভিজ্ঞাবং পশ্যেৎ অনুভবেৎ। ভগবত ইন্দ্রিয়ার্থরূপায়া মায়ায়া বলং যত্র তৎ তাবৎ সংস্থতির্ব্যর্থাপ্যবস্তু ভূতাপি ন প্রতি সংক্রমেত নোপরমেত। দুঃখনিবহং প্রাপয়ন্তি যতঃ ক্রিয়াণাং কর্ম্মণামর্থঃ ফলং যতঃ সা ॥ ৯ ॥

নচাজ্ঞানকল্পিতায়াঃ সংস্থতে র্জ্ঞানেনৈবোপরাম ইতি বাচ্যং যতো জ্ঞানিনোপি ভক্তিরহিতাঃ সংসরন্তীত্যাহ অহ্ন্যেতি যুষ্মৎ প্রসঙ্গ প্রমুখা ঋষয়ো জ্ঞানিনোপি এবম্ভূতাঃ সন্তঃ সংসরন্তীত্যন্বয়ঃ মুনয় ইতিচ পাঠঃ। কথং ভূতাঃ অহ্নি আপৃতানি নানা ব্যাপার

হে ঈশ! এই সংসার বস্তুতঃ অপরমার্থ, ইহাতে ঐ রূপ বিষাদ করা নিরর্থক ইহা সত্য বটে, কিন্তু ইহা ত্যাগ হয় কই? লোক সকল যাবৎ তোমার এই দেহ ভাব (ইন্দ্রিয়ার্থ রূপ মায়া দ্বারা যাহার আধিক্য হইয়াছে) অবলোকন করিবে, তাবৎ এই সংসার বস্তুতঃ ব্যর্থ হইলেও উপরত হইবে না, ক্রিয়ামাত্রের ফল বিশিষ্ট হইয়া নিরন্তর দুঃখ রাশি প্রদান করিতে থাকিবে ॥ ৯ ॥

হে দেব! অবিবেকি লোকদিগেরই ঐ রূপ দুর্গতি হয় এ নিমিত্ত তাহাদের তোমার প্রতি ভক্তি করা আবশ্যক, জ্ঞানির ভক্তিতে কোন প্রয়োজন নাই এমত বলিতে পারা যায় না, কারণ ঋষিগণও যদি তোমার প্রতি ভক্তিকরণে বিমুখ হন তবে তাঁহাদিগকেও সংসার ক্লেশ ভোগ করিতে হয়। দিবসে তাঁহাদিগের ইন্দ্রিয় সকল নানা বিষয়ে ব্যাপৃত এবং ক্লিষ্ট থাকে সুতরাং কোন সুখ লাভ হয় না, রাত্রিকালে নিদ্রা যায় তৎকালেও বিষয় সুখের লেশমাত্র লাভ হয় না, স্বপ্নদর্শনে ক্ষণে ক্ষণে

দৈবাহতার্থরচনা ঋষয়োঽপি দেব যুষ্মৎপ্রসঙ্গবিমুখা ইহ সংসরন্তি ॥ ১০ ॥
ত্বং ভক্তিযোগপরিভাবিতহৃৎসরোজ আস্সে শ্রুতেক্ষিতপথো ননু নাথ পুংসাং।
যদ্যদ্ধিয়া ত উরুগায় বিভাবয়ন্তি তত্তদ্বপুঃ প্রণয়সে সদনুগ্রহায় ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

দৈবেনাহতাঃ সর্ব্বতঃ প্রতিহতাঃ অর্থানাং রচনা অর্থোদ্যমা যেষাং ॥ ১০ ॥

তদেবমভক্তানাং সংসারানিবৃত্তিমুক্ত্বা ভক্তানাং তন্নিবৃত্তিমাহ। ভক্তিযোগেন শোধিতে হৃৎসরোজে আস্সে তিষ্ঠসি। শ্রুতেন শ্রবণেন ঈক্ষিতঃ পন্থা যস্য সঃ। কিঞ্চ শ্রবণং বিনাপি ভক্তা মনসা যদ্যদ্বপুঃ রূপং স্বেচ্ছয়া ধ্যায়ন্তি তত্তৎ প্রণয়সে প্রকটয়সি। সতাং ভক্তানামনুগ্রহায় ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

গৃহীতসংপ্রদায়িভ্যশ্চান্যো মহাগুণযুক্তোঽপীত্যর্থঃ। তস্মাৎ স্বধৃক্কমহ্যাপৃতার্ত্তেত্যাদি অত্র বিশেষো ভক্তিসন্দর্ভে দৃশ্যঃ ॥ ১০ ॥

ভক্তানাং তু ত্বং বশ এবেত্যপরং কিং বক্তব্যমিত্যাহ ত্বমিতি। ভক্তিযোগোঽত্র প্রেমা। পরিভাবিতত্বং যোগ্যতামাপাদিতত্বং। শ্রুতং ভগবৎ প্রতিপাদকবেদ বৈদিকশাস্ত্রবিচার শ্রবণং। তর্হি মদ্রূপবিশেষাবির্ভাবে কিং কারণং তত্রাহ যদ্ যদিতি ধিয়া শ্রুতেনৈব লব্ধেন বুদ্ধিবিশেষেণ। তে পূর্ব্বোক্তাঃ শ্রুতেক্ষিতত্বৎপথঃ পুমাংসো যদ্ যদ্বিভাবয়ন্তি তত্তদ্বপুঃ প্রণয়সে প্রকর্ষেণ তৎসমীপে নয়সি প্রকটয়সীত্যর্থঃ। ননু ঈশ্বরোঽহং কথমেবং তেষাং বশঃ স্যাং তত্রাহ সদনুগ্রহায়। সৎসু তেষু অনুগ্রহ এব তব বশত্বে কারণং নান্যদিতি ভাবঃ। ননু শ্রুতমাত্রেণ মম কথং বহূনাং রূপাণাং জ্ঞানং স্যাৎ তদভাবে চ কথমেকতরনিষ্ঠা স্যাৎ তত্রাহ হে উরুগায়েতি। বেদেন ত্বমুরুধৈব গীয়স ইতি। স্বস্বমত্যানুসারেণ সা স্যাদিতি ভাবঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্রাপি তাদৃশ সংপ্লবান্তসীত্যপি বিস্ময়ে দৈত্যং হিরণ্যাক্ষং জঘান আদিদৈত্যমিতিচ পাঠঃ। কীদৃশং গদয়া সহ আপতন্তং

রূপ ভুজ প্রসারণ করত উচ্চৈঃস্বরে কহিলেন হে যজ্ঞেশ্বর! আমাকে রক্ষা করুন বিদীর্ণ করিবেন না ॥ ২৮

সে যাহা হউক, ঐ যজ্ঞমূর্ত্তি বরাহ ক্ষুরপ্র অর্থাৎ আয়তাগ্র বাণ সদৃশ খুর দ্বারা অপার জলনিধিরও পার প্রদর্শন পূর্ব্বক তাহার জল বিদীর্ণ করিতে করিতে রসাতলে গিয়া তথায় পৃথিবীকে দেখিতে পাইলেন। তিনি প্রলয় সময়ে যখন শয়ন করিতে ইচ্ছা করিয়াছিলেন তখন জীব সমূহের আধার ভূতা ঐ ধরাকে আপনার জঠরে ধারণ করেন, অতএব তাঁহার এখন ধরার উদ্ধার করা কি কঠিন হইবে? ॥ ২৯ ॥

তিনি অনায়াসে আপনার দন্ত দ্বারা ধরণীকে ধারণ করিয়া ক্ষণ মধ্যে রসাতল হইতে উত্থিত হইলেন, তৎকালে তাঁহার অতিশয় শোভা হইয়াছিল ॥ ৩০ ॥

অনন্তর তিনি জল মধ্যে দৈত্যরাজ হিরণ্যাক্ষকে বিনষ্ট করিলেন। ঐ দৈত্য গদা উদ্যত করিয়া আগমন পূর্ব্বক তাঁহার প্রতিরোধ করণার্থ যত্ন করিতেছিল, কিন্তু ভগবদ্বিক্রম সহ্য করিতে তাহার

জঘান রুন্ধানমসহ্য বিক্রমং সলীলয়েভং মৃগরাড়িবাম্ভসি ॥ ৩১ ॥

তদ্রক্ত পঙ্কাঙ্কিত গণ্ডতুণ্ডো যথা গজেন্দ্রো জগতীং বিভিন্দন্ ॥ ৩২ ॥

তমালনীলং সিতদন্তকোট্যা ক্ষ্মামুৎক্ষিপন্তং গজলীলয়াঙ্গ।

প্রজ্ঞায় বদ্ধাঞ্জলয়োঽনুবাকৈ র্বিরিঞ্চিমুখ্যা উপতস্থুরীশং ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

তদ্বৎ সন্দীপিতঃ তীব্রো মন্যুর্যস্য যদ্বা ময়ি বিদ্যমানে কিমিতি পরিভবং সহস ইতি সুনাভেন সন্দীপিত স্তীব্রমন্যুঃ স ভগবান্ সিংহো গজমিব লীলয়া জঘান ॥ ৩১ ॥

গজেন্দ্রো জগতীং ক্রীড়য়া বিদারয়ন্ গৈরিকয়া যথাঽরুণ বর্ণ গণ্ডতুণ্ডো ভবতি। তথা তস্য রক্তমেব পঙ্ক স্তেনাঙ্কিতৌ গণ্ডৌ তুণ্ডঞ্চ যস্য স জঘানেতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ৩২ ॥

প্রজ্ঞায় আলক্ষ্য অনুবাকো বৈদিকং সূক্তং তৎ সদৃশৈর্বাক্যৈ স্তুষ্টুবুঃ ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

তস্য চাক্ষুষান্তরসংপ্লবে এবায়ং প্রসঙ্গঃ। অতএব স্বায়ম্ভুবাদিসংপ্লবে ত্রিলোকীগতানামনুৎপত্তে র্মহর্লোকস্থানাঞ্চ পালনায়জনস্তপঃ সত্যনিবাসিভিরেব স্তুতঃ চাক্ষুষসংপ্লবাস্ত হিরণ্যাক্ষদিগ্বিজয়েতু সর্গিণাং স্থিতি শ্চিরন্তনৈব স্পষ্টা। অথবা তত্রৈব বরাহাবতারো ঽপীতি কদাচিদপীত্যর্থঃ। মৃগরাড়াদি দৃষ্টান্ত স্তৎপরাক্রমাদ্যনুভবসোপানমাত্রং ॥ ৩১। ৩২। ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স কীদৃশঃ। সুনাভেন চক্রেণ সন্দীপিতঃ। ময়ি বর্ত্তমানেপি ত্বাং প্রত্যয়ং গদামুদ্যচ্ছতীত্যুদ্দীপ্তী কৃতো মন্যুর্যস্য সঃ। রুন্ধানং রোদ্ধুং চতুর্দ্দিক্ষু ভ্রমন্তং তং যন্তং শ্রীবরাহমুপমিমীতে। গজেন্দ্র স্ত্রিকূট পর্ব্বতস্থঃ। সিংহ শরভাদীনামপি হন্তা জগতীং তত্রত্যাং পৃথিবীং ক্রীড়য়া বিদারয়ন্ গৈরিকেণ অরুণগণ্ডতুণ্ডো ভবতি তথা। জগতীং জগতীঃ চ্ছন্দো বিশেষেপি ক্ষিতাবপীত্যমরঃ ॥ ৩১ ৩২ ॥

অত্র শ্বেতবরাহকল্পে স্বায়ম্ভুবমন্বন্তরারম্ভে ব্রহ্মনাসাত এব শ্বেতবরাহ আবির্ভূয় কেবলং পৃথ্বীমুদ্ধৃত্যৈবান্তরধাত্ততঃ ষষ্ঠে চাক্ষুষমন্বন্তরে পুনরাকস্মিকে প্রলয়ে জলাদেরাবির্ভূয় নীলো বরাহঃ পৃথ্বীমুদ্ধরন্ হিরণ্যাক্ষং জঘানেতি রবাহদ্বয় লীলামেকীকৃত্যৈবাত্র মৈত্রেয়ঃ প্রাহ স্মেতি শ্রীভাগবতামৃত কারিকাভ্যোঽবগন্তব্যং তাশ্চ যথা। দ্বিধাবিরাসীৎ কল্পেস্মিন্নাদ্যে স্বায়ম্ভুবান্তরে। ঘ্রাণাদ্বিধে র্ধরোদ্ধৃত্যৈ চাক্ষুষীয়েতু নীরতঃ। হিরণ্যাক্ষং ধরোদ্ধারে নিহন্তং দংষ্ট্রিপুঙ্গবঃ। চতুষ্পাৎ শ্রীবরাহোসৌ নৃবরাহঃ ক্বচিন্মতঃ। কদাচিজ্জলদশ্যামঃ কদাচিচ্চন্দ্রপাণ্ডরঃ। যজ্ঞমূর্ত্তিঃ স্ববিষ্ঠোয়ং বর্ণদ্বয়যুতঃ স্মৃতঃ। দক্ষাৎ প্রাচেতসাৎ সৃষ্টিঃ শ্রূয়তে চাক্ষুষান্তরে। স্বতন্ত্রৈব জন্মাস্য হিরণ্যাক্ষস্য যুজ্যতে। উত্তানপাদবংশ্যানাং তনয়স্য প্রচেতসাং। দক্ষস্যৈব দিতিঃ পুত্রী হিরণ্যাক্ষো দিতেঃ সুতঃ। কল্পারম্ভে তদা নাস্তি সুতোৎ পত্তির্মনোরপি। কাসৌ প্রাচেতসো দক্ষঃ ক দিতিঃ ক দিতেঃ সুতঃ। অতঃ কালদ্বয়োদ্ভূতং শ্রীবরাহস্য চেষ্টিতং। একত্রৈবাহ মৈত্রেয়ঃ ক্ষত্তুঃ প্রশ্নানুসারতঃ। মধ্যে মন্বন্তরস্যৈব মুনেঃ শাপান্মনুং প্রতি। প্রলয়োসৌ বভূবেতি পুরাণে ক্বচিদীর্য্যতে। অয়মাকস্মিকো জাতশ্চাক্ষুষেপ্যন্তরে মনোঃ। প্রলয়ঃ পদ্মনাভস্য লীলয়েতিতু কুত্রচিদিতি। অনুবাকো বৈদিকং সূক্তং তৎ সদৃশৈ র্বাক্যৈস্তুষ্টুবুঃ ॥ ৩৩ ॥

ক্ষমতা কি? ভগবান্ চক্রতুল্য তীব্র রোষে প্রজ্বলিত হইয়া সিংহ যেমন হস্তি বধ করে তাহার ন্যায় অবলীলাক্রমে তাহার প্রাণ সংহার করিলেন ॥ ৩১ ॥

অতএব গজেন্দ্র যেমন ক্রীড়া বশতঃ ক্ষিতি বিদারণ করিতে করিতে গৈরিক মৃত্তিকা দ্বারা অরুণ বর্ণ গণ্ড ও অরুণ বর্ণ তুণ্ড হয়, তাহার ন্যায় ঐ হিরণ্যাক্ষের রক্ত রূপ পঙ্কে ভগবান্ বরাহ দেবের গণ্ড এবং তুণ্ড অঙ্কিত হইয়া লোহিত বর্ণ হইল ॥ ৩২ ॥

অহে বিদুর! সেই বরাহ মূর্ত্তি ভগবান্ হস্তির ন্যায় লীলা করিতে করিতে দন্তাগ্র ভাগ দ্বারা ধরণীকে ধারণ করিয়া ঊর্দ্ধদিকে উত্তোলন করিতেছিলেন এবং তাঁহার শরীর তমাল সদৃশ নীল বর্ণ দৃষ্ট হইতেছিল ইহাতেই বিরিঞ্চি প্রভৃতি ঋষিগণ তাঁহার স্বরূপ জানিতে পারিয়া সম্মুখে আগমন পূর্ব্বক অঞ্জলি বন্ধন করিলেন এবং বৈদিক সূক্ত সদৃশ বাক্য দ্বারা তাঁহার স্তব করিতে আরম্ভ করিলেন ॥ ৩৩ ॥

শ্রীঋষয় ঊচুঃ ॥

জিতং জিতস্তেঽজিত যজ্ঞভাবন ত্রয়ীং তনুং স্বাং পরিধুন্বতে নমঃ।
যদ্রোমগর্ত্তেষু নিলিল্যু রদ্ধয় স্তস্মৈ নমঃ কারণ শূকরায় তে ॥ ৩৪ ॥
রূপং তবৈতন্ননু দুষ্কৃতাত্মনাং দুর্দ্দর্শনং দেব যদধ্বরাত্মকং।
ছন্দাংসি যস্য ত্বচি বর্হি রোম স্বাজ্যং দৃশি ত্বঙ্ঘ্রিষু চাতুর্হোত্রং ॥ ৩৫ ॥
স্রুক্ তুণ্ড আসীৎ স্রুব ঈশ নাশয়োরিড়োদরে চমসাঃ কর্ণরন্ধ্রে।
প্রাশিত্রমাস্যে গ্রসনে গ্রহাস্তু তে যচ্চর্ব্বণং তে ভগবন্নগ্নিহোত্রং ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

ভো অজিত তে ত্বয়া জিতং জিতমিতি সম্ভ্রমে বীপ্সা। যজ্ঞৈর্ভাব্যতে আক্রিয়তে ইতি তথা। ত্রয়ীং বেদময়ীং। নিলিল্যুঃ লীনপ্রায়াঃ কারণং পৃথিব্যুদ্ধরণং তেন শূকরায় ॥ ৩৪ ॥

যজ্ঞাত্মতাং প্রপঞ্চয়ন্তঃ স্তুবন্তি রূপমিত্যাদি চতুর্ভিঃ। ছন্দাংসি গায়ত্র্যাদীনি। যজ্ঞাঙ্গভূত ছন্দ আদ্যনুবাদেন ভগবদবয়বতা বিধীয়তে। বর্হিঃ শব্দে দীর্ঘাভাব আর্ষঃ। দৃশি চক্ষুষি চাতুর্হোত্রং হোত্রাদি কর্ম্ম চতুষ্টয়ং ॥ ৩৫ ॥

স্রুক্ জুহূঃ তুণ্ডে মুখাগ্রে স্রুবো নাসিকয়োঃ। ইড়া ভক্ষণ পাত্রং। চমসা গ্রহাঃ সোম পাত্রাণি। প্রাসিত্রং ব্রহ্মভাগ পাত্রং। গ্রস্ততেঽনেনেতি গ্রসনং মুখান্তর্ব্বর্ত্তি চ্ছিদ্রং। চর্ব্বণং ভক্ষণং ॥ ৩৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

কারণং পরং ব্রহ্ম তৎস্বরূপায় শূকরায় ॥ ৩৪ ॥

অত স্তদাশ্রয়ৈব সর্ব্বযজ্ঞপ্রক্রিয়েত্যাহ রূপমিত্যাদি চতুর্ভিঃ ॥ ৩৫ । ৩৬ । ৩৭ । ৩৮ ৩৯ । ৪০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তে ত্বয়া জিতং জিতং। হে অজিত জয় জয়েত্যর্থঃ যজ্ঞান্ ভাবয়সি উৎপাদয়সি হে সর্ব্বযজ্ঞকারণেত্যর্থঃ। ত্রয়ীং বেদময়ীং হে সর্ব্ব জগৎকারণ ॥ ৩৪ ॥

যজ্ঞাত্মতাং প্রপঞ্চয়ন্তঃ স্তুবন্তি। রূপমিত্যাদি চতুর্ভিঃ। ত্বচি ছন্দাংসীত্যাদৌ ছন্দ আদীনাং তব ত্বগাদয় এব কারণমিত্যর্থো জ্ঞেয়ঃ। বর্হিশব্দে দীর্ঘাভাব আর্ষঃ। চাতুর্হোত্রং হোত্রাদি কর্ম্ম চতুষ্টয়ং ॥ ৩৫ ॥

স্রুক্ জুহূঃ তুণ্ডে মুখাগ্রে স্রুবো নাসিকয়োঃ। ইড়া ভক্ষণপাত্রং চমসাগ্রহাশ্চ সোমপাত্রাণি। প্রাশিত্রং ব্রহ্মভাগপাত্রং গ্রস্যতে ঽনেনেতি গ্রসনং মুখান্তর্বর্ত্তিচ্ছিদ্রং চর্ব্বণং ভক্ষণং ॥ ৩৬ ॥

ঋষিগণ সম্ভ্রম প্রকাশ পূর্ব্বক কহিতে লাগিলেন, হে অজিত! হে যজ্ঞভাবন! তোমার জয় হইল! জয় হইল! প্রভো! তুমি আপনার এই বেদময়ী মূর্ত্তিকে কম্পিত করিতেছ, তোমাকে নমস্কার করি। হে ভগবন্! তোমার লোম বিবরে সমুদ্র সকল বিলীন প্রায় হইতেছে। ফলতঃ তুমি কেবল পৃথিবীর উদ্ধারার্থই এই শৌকর বপুঃ ধারণ করিয়াছ,বস্তুতঃ স্বয়ং ভগবান্ তোমাকে নমস্কার করি ॥৩৪

হে দেব! তোমার এই মূর্ত্তি যজ্ঞময়, কিন্তু দুষ্কৃতাত্মা ব্যক্তিরা ইহা দেখিতে পায় না। প্রভো! তোমার এই ত্বকে গায়ত্র্যাদি ছন্দঃ, রোমে বর্হিঃ অর্থাৎ যজ্ঞীয় কুশাদি, চক্ষুর্দ্বয়ে আজ্য অর্থাৎ হবনীয় ঘৃত এবং চরণ চতুষ্টয়ে চাতুর্হোত্র অর্থাৎ হোত্রাদি কর্ম্ম চতুষ্টয় প্রকাশমান হইতেছে ॥ ৩৫ ॥

অপর হে ঈশ! তোমার মুখাগ্রে স্রুক্ অর্থাৎ জুহূ নামক যজ্ঞ পাত্র, তোমার নাসিকাদ্বয়ে স্রুব (যজ্ঞপাত্র বিশেষ) উদরে ইড়া (যজ্ঞীয় ভক্ষণ পাত্র) কর্ণরন্ধ্রে চমস (যজ্ঞপাত্র বিশেষ) মুখে প্রাশিত্র (ব্রহ্মভাগ পাত্র) মুখান্তর্ব্বর্ত্তি ছিদ্রে সোম পাত্র নামক যজ্ঞপাত্র বিশেষ দেদীপ্যমান। অপর হে ভগবন্! তুমি যে চর্ব্বণ কর তাহাই আমাদিগের অগ্নিহোত্র ॥ ৩৬ ॥

দীক্ষানুজন্মোপসদঃ শিরোধরং ত্বং প্রায়ণীয়োদয়নীয়দংষ্ট্রঃ।
জিহ্বা প্রবর্গ্য স্তব শীর্ষকং ক্রতোঃ সত্যাবসথ্যং চিতয়োঽসবোহি তে ॥ ৩৭ ॥
সোমস্তু রেতঃ সবনান্যবস্থিতিঃ সংস্থা বিভেদাস্তব দেব ধাতবঃ।
সত্রাণি সর্ব্বাণি শরীরসন্ধয়স্তং সর্ব্বযজ্ঞঃ ক্রতুরিষ্টিবন্ধনঃ ॥ ৩৮ ॥
নমোনমস্তে খিল মন্ত্র দেবতা দ্রব্যায় সর্ব্বক্রতবে ক্রিয়াত্মনে।

শ্রীধরস্বামী।

দীক্ষা দীক্ষনীয়েষ্টিঃ। অনুজন্ম বারং বারমভিব্যক্তিঃ উপসদস্তিস্র ইষ্টয়ঃ। শিরোধরং গ্রীবা প্রায়ণীয়া দীক্ষানন্তরেষ্টিঃ উদয়নীয়া সমাপ্তীষ্টিঃ তে এব দংষ্ট্রে যস্য। প্রবর্গ্যো মহাবীরঃ প্রত্যুপসদঃ পূর্ব্বং ক্রিয়তে। সত্যো হোম রহিতোঽগ্নিঃ। আবসথ্যঃ ঔপাসনাগ্নিঃ তয়োর্দ্বৈক্যং তত্তব ক্রতু রূপস্য শীর্ষং শিরঃ। চিতয় ইষ্টকা চয়নানি পঞ্চ অসবঃ প্রাণাঃ ॥ ৩৭ ॥

প্রাতঃ সবনাদীনি অবস্থিতিঃ আসনং বাল্যাদ্যবস্থা। অগ্নিষ্টোমোঽত্যগ্নিষ্টোম উকৃথঃ ষোড়শী বাজপেয়োঽতিরাত্র আপ্তোর্যাম ইতি সপ্ত সংস্থাবিভেদাঃ ত্বঙ্‌মাংসাদি সপ্তধাতবঃ। সত্রাণি দ্বাদশাহাদীনি বহুযাগ সংঘাত রূপাণি। অসোমাঃ যজ্ঞাঃ সসোমাঃ ক্রতবঃ তদ্রূপস্ত্বং ইষ্টির্যজনং অনুষ্ঠানং তদেব বন্ধনং যস্য সঃ ॥ ৩৮ ॥

পূর্ব্বোক্তমেব সপরিকরং কীর্ত্তয়ন্তঃ প্রণমন্তি। নমো নম ইতি অখিল মন্ত্রাদি রূপায় ক্রিয়াত্মনে সামান্য ব্যাপার রূপায়।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দীক্ষা দীক্ষনীয়েষ্টিঃ অনুজন্ম বারম্বারমভিব্যক্তিঃ। উপসদস্তিস্র ইষ্টয়ঃ শিরোধরং গ্রীবা প্রায়ণীয়া দীক্ষানন্তরেষ্টিঃ। উদয়নীয়া সমাপ্তীষ্টিঃ তে এব দংষ্ট্রে যস্য প্রবর্গ্যো মহাবীরঃ প্রত্যুপসদঃ পূর্ব্বক্রিয়তে। সত্যো হোমরহিতোঽগ্নিঃ আবসথ্য ঔপাসনাগ্নিঃ। তয়োর্দ্বৈক্যং তত্তব ক্রতুরূপস্য শীর্ষং শিরঃ। চিতয় ইষ্টকাচয়নানি পঞ্চ অসবঃ প্রাণাঃ ॥ ৩৭ ॥

সবনানি প্রাতরাদিকর্ম্মকালাঃ। অবস্থিতি রাসনং। সংস্থাবিভেদা অগ্নিষ্টোমোঽত্যগ্নিষ্টোমঃ উকৃথঃ ষোড়শী বাজপেয়োঽতিরাত্রং আপ্তোর্যামঃ ইতি সপ্তধাতব স্ত্বঙ্মাংসাদয়ঃ। সত্রাণি দ্বাদশাহাদীনি বহুযাগ সংঘাতরূপাণি। যজ্ঞাঃ অসোমাঃ ক্রতবঃ সসোমা স্তদ্রূপস্ত্বং। ইষ্টির্যজনং যজ্ঞাঙ্গভূতা ত্বদ্ভক্তিঃ সৈব বন্ধনং যস্য সঃ ॥ ৩৮ ॥

উক্তার্থং সমাসেন স্তুবানাঃ প্রণমন্তি নমো নম ইতি। ক্রিয়াত্মনে যজ্ঞাদিব্যাপাররূপায়। যদ্যপ্যেবং ত্বং লীলয়া কর্ম্মমার্গ প্রবর্ত্তকত্বেন সর্ব্বকর্ম্মকারণ মূর্ত্তিরসি। তদপি কর্ম্মফলস্পৃহারহিতয়া ভক্ত্যৈব তবানুভবো ভবেদিত্যাহুঃ। বৈরাগ্যং দৃষ্টাদৃষ্টকর্ম্ম

অপিচ হে প্রভো! তোমার যে বারম্বার অভিব্যক্তি তাহাই দীক্ষা অর্থাৎ দীক্ষণীয় ইষ্টি, তোমার গ্রীবা দেশই উপসদ অর্থাৎ তিনটী ইষ্টি বিশেষ, তোমার দংষ্ট্রা প্রায়ণীয়া অর্থাৎ দীক্ষানন্তর ইষ্টি এবং উদনীয়া অর্থাৎ সমাপ্তি ইষ্টি, তোমার জিহ্বাই প্রবর্গ্য অর্থাৎ উপসদের পূর্ব্বে ক্রিয়মাণ মহাবীর নামে যজ্ঞ বিশেষ, তোমার শীর্ষ অর্থাৎ শিরোদেশ সত্য (হোম রহিত অগ্নি) তথা আবসথ্য (ঔপাসনাগ্নি) এবং তোমার পঞ্চ প্রাণই চিতি (যজ্ঞার্থ ইষ্টকাচয়ন) ॥ ৩৭ ॥

অপিচ হে দেব! তোমার রেতঃ সোম যজ্ঞ, আর তোমার অবস্থান অথবা বাল্যাদি অবস্থা প্রাতঃ সবনাদি কর্ম্ম, তোমার ত্বক্ মাংসাদি সপ্ত ধাতু অগ্নিষ্টোম, অত্যগ্নিষ্টোম, উকৃথ, ষোড়শী, বাজপেয়, অতিরাত্র এবং আপ্তোর্যাম, এই সপ্ত যজ্ঞ প্রভেদ, আর তোমার শরীরের সন্ধি সকল দ্বাদশাহাদি বহু যাগ সমূহ স্বরূপ, অতএব তুমি অসোম যজ্ঞ এবং সসোম ক্রতু এই উভয় স্বরূপ অনুষ্ঠানই তোমার বন্ধন ॥ ৩৮ ॥

হে ভগবন্! তুমি অখিল মন্ত্র, অখিল দেবতা এবং সমস্ত দ্রব্য স্বরূপ অতএব তোমাকে নমস্কার। অপর হে বিভো! বৈরাগ্য অর্থাৎ দৃষ্টাদৃষ্ট কর্ম্ম ফল স্পৃহা রাহিত্য হইতে উৎপন্না যে ভক্তি তদ্দ্বারা

বৈরাগ্য ভক্ত্যাত্মজয়ানুভাবিত জ্ঞানায় বিদ্যাগুরবে নমো নমঃ ॥ ৩৯ ॥
দংষ্ট্রাগ্রকোট্যা ভগবংস্ত্বয়া ধৃতা বিরাজতে ভূধর ভূঃ সভূধরা।
যথা বনান্নিঃসরতো দতা ধৃতা মতঙ্গজেন্দ্রস্য সপত্রপদ্মিনী ॥ ৪০ ॥
ত্রয়ীময়ং রূপমিদঞ্চ শৌকরং ভূমণ্ডলেনাথ দতা ধৃতেন তে।
চকাস্তি শৃঙ্গোঢ় ঘনেন ভূয়সা কুলাচলেন্দ্রস্য যথৈব বিভ্রমঃ ॥ ৪১ ॥
সংস্থাপয়ৈনাং জগতাং সতস্থুষাং লোকায় পত্নীমসি মাতরং পিতা।

শ্রীধরস্বামী।

কিঞ্চ বৈরাগ্যং উক্ত কর্ম্ম সাধ্যা সত্বশুদ্ধিঃ ততো ভক্তি স্তত আত্মজয়ঃ চিত্তস্থৈর্য্যং তেনানুভাবিতং সাক্ষাৎ কৃতং যজ্ঞানং তস্মৈ। এবং ভূত জ্ঞানপ্রদায় গুরবেচ ॥ ৩৯ ॥

হে ভূধর সভূধরা সপর্ব্বতা বনাদুদকান্নির্গচ্ছতো গজেন্দ্রস্য দতা দন্তেন ॥ ৪০ ॥

ত্বয়া ধৃতা ভূর্বিরাজত ইত্যুক্তং ইদানীং ভূমণ্ডলেন তদ্রূপং বিরাজত ইত্যাহঃ। ত্রয়ীতি অথেত্যর্থান্তরে। তে ইদং রূপং দন্তেন ধৃতং যদ্ভূমণ্ডলং তেন চকাস্তি শোভতে শৃঙ্গেণ উঢ়ো ধৃতো যো ঘন স্তেন ভূয়সা অতি মহতা বিভ্রমো বিলাসঃ ॥ ৪১ ॥

জগতাং জঙ্গমানাং তস্থুষাং স্থাবরৈঃ সহ বর্ত্তমানানাং লোকায় বাসস্থানার্থং তে পত্নীং জগতাং মাতরং যতত্বং পিতাসি এবং

ক্রমসন্দর্ভঃ।

তত এব ত্রয়ীময়মপি ভূমণ্ডলস্থানীয়েন শৃঙ্গোঢ়ঘনেন কুলাচলেন্দ্রস্য যথৈব বিভ্রমো ভবতি তথা বিভ্রমেণ তব রূপং চকাস্তীত্যর্থঃ ॥ ৪১। ৪২। ৪৩। ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ফলস্পৃহারাহিত্যং তদযুক্তা যা ভক্তিস্তয়ৈবাত্মনো মনসো জয়স্তেনানুভাবিতং জ্ঞানং স্ববিষয়কং যেন তস্মৈ। অতএব বিদ্যাগুরবে। দদামি বুদ্ধিযোগন্তং যেন মামুপযান্তি তে ইতি ত্বদুক্তে ত্বৎ প্রাপকং জ্ঞানং ত্বমেব দাতুমর্হসীতি ভাবঃ ॥ ৩৯ ॥

অহো পৃথিব্যা ভাগ্যং যাং ত্বং ধৎসে ইতি তাং বর্ণয়তি দংষ্ট্রেতি। হে ভূধর সভূধরা স পর্ব্বতা। বনাৎ জলাৎ সপত্রপদ্মিনীতি তস্যাঃ কোরক কুট্মলাদিভিরুচ্চনীচ পর্ব্বতা উপমিতা ॥ ৪০ ॥

যথা ত্বয়া স্বামিনা ধৃতা ভূঃ শোভতে তথা ভুবাপি স্বভক্তয়া ধৃত ত্বং শোভস ইত্যাহঃ। ত্রয়ীতি কুলাচলেন্দ্রস্য মহাপর্ব্বতস্য শৃঙ্গেণ উঢ়ো ধৃতো যোম্বনো মেঘস্তেন বিভ্রমঃ শোভা যথা ॥ ৪১ ॥

কিং যুষ্মাকমভীপ্সিতং তদ্ব্রুতেতি চেদত আহঃ সংস্থাপয়েতি লোকায় বাসস্থানার্থং তে পত্নীং জগতাং মাতরং যতত্বং পিতাসি।

যে মনের নিশ্চলতা হয় তাহাতে যে জ্ঞান সাক্ষাৎকার হয়, তুমি সেই জ্ঞান স্বরূপ, আর তুমিই জ্ঞান প্রদান করিয়া থাক, অতএব তোমাকে নমস্কার ॥ ৩৯ ॥

হে ধরাধর। মত্ত গজেন্দ্র জলক্রীড়া করণানন্তর পত্রাদি সহ পদ্মলতা ধারণ করিয়া জল হইতে নির্গত হইলে সেই পদ্মিনীর যে রূপ শোভা হয় তুমি আপনার দন্তাগ্রভাগ দ্বারা পর্ব্বতাদির সহিত এই ধরাকে ধারণ করাতে ইহা তদ্রূপ শোভা পাইতেছে ॥ ৪০ ॥

অপর হে ভগবন্! শিখরদেশে মেঘ ধৃত হইলে তদ্দ্বারা প্রধান কুলাচল অর্থাৎ মহাপর্ব্বতের যেরূপ বিলাস হয়, তোমার বেদময় এই শৌকর বপুঃ দন্তধৃত ভূমণ্ডল দ্বারা সেই রূপ শোভা পাইতেছে ॥ ৪১

হে বিভো! তুমি এই জগতের পিতা এবং এই ধরা তোমার পত্নী অতএব ইনি জগতের মাতা, তুমি এই সমস্ত স্থাবর জঙ্গমের বাসস্থান নিমিত্ত ইঁহাকে সম্যক্ রূপে স্থাপন কর, তাহা হইলে আমরা ইঁহার উপরি অবস্থিত হইয়া তোমার সহিত আমাদের মাতা এই ধরাকে নমস্কার ও ইঁহার পরিচর্য্যা

বিধেম চাস্যৈ নমসা সহ ত্বয়া যস্যাং স্বতেজোঽগ্নিমিবারণাবধাঃ ॥ ৪২ ॥
কঃ শ্রদ্দধীতান্যতমস্তব প্রভো রসাঙ্গতায়া ভুব উদ্বিবর্হণং।
ন বিস্ময়োঽসৌ ত্বয়ি বিশ্ববিস্ময়ে যো মায়য়েদং সসৃজেঽতিবিস্ময়ং ॥ ৪৩ ॥
বিধুন্বতা বেদময়ং নিজং বপুর্জনস্তপঃ সত্যনিবাসিনো বয়ং।
সটাশিখোদ্ধূত শিবাম্বু বিন্দুভি র্বিমৃজ্যমানা ভৃশমীশ পাবিতাঃ ॥ ৪৪ ॥
স বৈ বত ভ্রষ্টমতিস্তবৈষতে যঃ কর্ম্মণাং পারমপারকর্ম্মণঃ।

শ্রীধরস্বামী।

সতি তত্র স্থিতাঃ সন্তঃ ত্বয়া পিত্রা সহ অস্যৈ মাত্রে নমসা বিধেম নমনং করিষ্যামঃ নমস্কারেণ পরিচরেমেতি বা। স্বতেজঃ ধারণ শক্তিং যাজ্ঞিকাঃ মন্ত্রেণাগ্নিমরণাবিব অধাঃ নিহিতবানসি ॥ ৪২ ॥

ইদঞ্চ ত্বয়াতি দুষ্করং কৃতং ইত্যাহঃ ক ইতি হে প্রভো তব ত্বয়া কৃতং ভুব উদ্বিবর্হণং উদ্ধরণং ত্বদন্যঃ কঃ শ্রদ্দধীত স্পৃহয়েৎ অধ্যবস্যেদিত্যর্থঃ। ত্বয়ি পুনরসৌ বিস্ময়ো ন ভবতি। যতো বিশ্বে সর্ব্বে বিস্ময়া যস্মিন্ কুতঃ যো ভবান্ অতি বিস্ময়ং অত্যদ্ভুতং ইদং বিশ্বং ক্রিয়াবিশেষণং বা সসৃজে সৃষ্টবান্ ॥ ৪৩ ॥

বিস্ময়ং দর্শয়ন্তঃ প্রার্থয়ন্তে বিধুন্বতেতি দ্বাভ্যাং। সটানাং শিখাভিরগ্রৈঃ উদ্ধূতাঃ উচ্ছলিতাঃ যে শিবা অম্বুবিন্দবঃ তৈঃ সিচ্যমানা বয়ং পবিত্রী কৃতাঃ ॥ ৪৪ ॥

তব কর্ম্মণাং পারং য এষ তে অবলোকয়তি জ্ঞাতুমিচ্ছতীত্যর্থঃ। যস্য তব যোগমায়ায়া গুণৈঃ সহ যো যোগ স্তেন মোহিতং।

ক্রমসন্দর্ভঃ।

স বৈ ইতি। এষতে ইতি ভৌবাদিকস্য এষৃ গতাবিত্যস্য ঋকারানুবন্ধস্য রূপং। ততো গত্যর্থত্বাৎ জ্ঞানার্থত্বেন অবলোকয়-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অতস্ত্বয়া পিত্রা সহ অস্যৈ মাত্রে নমসা বিধেম নমস্কারং করবাম। স্বতেজঃ ধারণশক্তিং ত্বং অধাঃ ধৃতবানসি। অরণৌ অগ্নিং যাজ্ঞিকা যথা ধারয়ন্তি তথা ॥ ৪২ ॥

তবেমাং লীলামন্যৈর্দুষ্করাং বয়ং গায়াম ইত্যাহুঃ। ক ইতি হে বিভো ভুব উদ্বিবর্হণং তব ত্বৎকর্ত্তৃকং ত্বত্তোঽন্যতমঃ কঃ শ্রদ্দধীত কর্ত্তুং স্পৃহয়েৎ অধ্যবস্যেদিত্যর্থঃ ॥ ৪৩ ॥

পৃথিব্যুদ্ধরণং ত্বয়ি ন বিস্ময়ো বিস্ময়ঃ পুনরয়মেব যত্তন্মিষেণ মহার্ণবে নিপততা বস্তুতস্ত্বস্মাস্বেব কৃপাপরবশেন ত্বয়া স্বাঙ্গক্ষালনামৃতৈরূর্দ্ধোর্দ্ধং প্রাপিতৈর্বয়মৃষয়ঃ কৃতার্থী কৃতা ইত্যাহুঃ বিধুন্বতেতি ॥ ৪৪ ॥

এবং ত্বল্লীলাং কতি বর্ণয়ামো বয়ং সর্ব্ববেদবিদোপি তল্লীলাসিন্ধোঃ কণমপি সামস্ত্যেন ন বিদ্মঃ কে পুনরন্যে বরাকা ইত্যাহুঃ

করিতে পারি। প্রভো! যাজ্ঞিকেরা যেমন মন্ত্র দ্বারা অরণিতে অগ্নি আধান করেন তাহার ন্যায় তুমি এই ধরণীতে আপনার ধারণা শক্তি নিহিত করিয়া রাখিয়াছ ॥ ৪২ ॥

প্রভো! তুমি এই যে রসাতল গতা ধরার উদ্ধার করিলে এ বিষয়ে তোমা ভিন্ন অন্য কোন্ ব্যক্তির অধ্যবসায় হইতে পারে? কিন্তু তুমি যে ঐ কর্ম্ম করিলে ইহাতে তোমাতে আমাদের বিস্ময় হয় না, যে হেতু তুমি সকল বিস্ময়ের আকর ফলতঃ তুমি যখন আত্ম মায়া দ্বারা অতি বিস্ময়কারি এই বিশ্ব সৃষ্টি করিয়াছ তখন তোমাতে কোন বিস্ময় নাই ॥ ৪৩ ॥

হে ঈশ! তুমি যে আপনার বেদময় শৌকর বপুঃ কম্পন করিতেছ তাহাতে তোমার সটার শিখাগ্র দ্বারা যে সমস্ত পবিত্র অম্বুকণা উচ্ছলিত হইতেছে আমরা জনঃ তপঃ সত্য লোক নিবাসী হইলেও ঐ জল কণা দ্বারা অতিশয় পবিত্রীকৃত হইলাম ॥ ৪৪ ॥

হে ভগবন্! তোমার কর্ম্ম অপার, যে ব্যক্তি তোমার কর্ম্মের পার জানিতে অভিলাষ করে সে

যন্মেযোগমায়াগুণযোগমোহিতং বিশ্বং সমস্তং ভগবন্ বিধেহি শং ॥ ৪৫ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ইত্যুপস্থীয়মানঃনোসৌ মুনিভি র্ব্রহ্মবাদিভিঃ। সলিলে স্বখুরাক্রান্তে উপাধত্তাবিতাবনিং।

স ইত্থং ভগবানুর্ব্বীং বিষ্বক্সেনঃ প্রজাপতিঃ। রসায়া লীলয়োন্নীতামপ্সু ন্যস্য যযৌ হরিঃ ॥ ৪৬

য এবমেতাং হরিমেধসো হরেঃ কথাং সুভদ্রাং কথনীয় মায়িনঃ।

শৃণ্বীত ভক্ত্যা শ্রবয়েতবোশতীং জনার্দ্দনো হস্যাশু হৃদি প্রসীদতি ॥ ৪৭ ॥

শ্রীধরস্বামী।

অতো বিশ্বস্য মঙ্গলং বিধেহি যথা ত্বামচিন্ত্যানন্ত শক্তিং জ্ঞাত্বা ভজেৎ তথানুগৃহাণেত্যর্থঃ ॥ ৪৫ ॥

উপস্থীয়মানঃ স্তূয়মানঃ স্বখুরাক্রান্ত ইতি জলেপি ধারণশক্ত্যাধানং দর্শয়তি অবিতা রক্ষকঃ ॥ ৪৬ ॥

কথনীয়ানি মায়ীনি মায়াবন্তি চরিত্রাণি যস্য। শ্রবয়েৎ শ্রাবয়েৎ হ্রস্বত্বমার্ষং উশতীং কমনীয়াং হৃদি প্রসীদতি স্বমনসি সন্তুষ্যতীত্যর্থঃ ॥ ৪৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

ত্তীত্যর্থঃ। তস্য চাসম্ভবাৎ জ্ঞাতুমিচ্ছতীত্যেবার্থঃ ॥ ৪৫ ॥ যযৌ স্বলোকমিতি শেষঃ ॥ ৪৬ ॥

এবং হিরণ্যাক্ষমিত্যাদি বক্ষ্যতি। হরিমেধসঃ লোকদুঃখহরসঙ্কল্পস্য কথনীয়া প্রশস্যা যা মায়া কৃপা তদ্বতস্য। প্রশস্যত্ব-মেবাহ। শৃণ্বীতেতি ॥ ৪৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স বৈ ইতি যস্তব কর্ম্মণাং পারং এষতে জানাতি জানামীত্যভিমন্যত ইত্যর্থঃ। এষৃ গতৌ ভৌবাদিকঃ। নন্থ মায়া মোহিতো জীবো ন জানাতু নাম মায়াতীতো মন্তক্তো নারদাদির্জানাত্যেবেতি তত্রাহ যস্য তব যোগমায়া চিচ্ছক্তিবৃত্তিভেদঃ গুণযোগো গুণ মেলনরূপোঽবিদ্যাচ তাভ্যাং মোহিতস্তে কর্ম্মণাং পারং জ্ঞাস্যতীত্যর্থঃ অতঃ সন্বিধেহি যথা জানীম ইতি মিথ্যাভিমানো ন ভবেদিতি ভাবঃ। সমস্তমপ্রাকৃতং প্রাকৃতঞ্চ বিশ্বং তত্র যে প্রাকৃতাস্তদ্ভক্তাস্তে যোগমায়য়া তন্মাধুর্য্যেষু নিমজ্য মোহ্যন্তে। যে চ ত্বদন্যে প্রাকৃতা জীবাস্তে মায়য়া বৈষয়িক সুখদুঃখেষু নিমজ্য মোহ্যন্তে ইতি কস্তে কর্ম্মণাং পারং জ্ঞাস্যতীত্যর্থঃ। অতঃ পরিধেহি যথা জানীম ইতি মিথ্যাভিমানো ন ভবেদিতি ভাবঃ ॥ ৫ ॥

উপস্থীয়মানঃ স্তুত্যা পরিচর্য্যমাণঃ সলিলে সলিলোপরি স্বখুরাক্রান্ত ইতি জলেপি ধারণশক্ত্যাধানং দর্শয়তি অবিতা রক্ষকঃ ॥ যযৌ স্বলোকমিতিশেষঃ। অন্তর্দধে ইতি বা ॥ ৪৬ ॥

হরন্তী ভক্তসংসারং নাশয়ন্তী মেধা বুদ্ধির্যস্মিন্ তস্য কথনীয়া বর্ণনীয়া মায়া মায়াশক্তিঃ কৃপাবা স্বরূপশক্তি র্বা তদ্বতঃ শ্রবয়েত শ্রাবয়েৎ উশতীং কমনীয়াং ॥ ৪৭ ॥

অতি মন্দমতি, প্রভো! তাহা কি কাহারও অবগত হইবার সাধ্য আছে? তোমার যোগ মায়ার গুণের সহিত যে যোগ তদ্দারা এই সমস্ত জগৎ মোহিত হইয়া রহিয়াছে অতএব হে ভগবন্! এই জগতের ক্ষেম বিধান কর এবং লোকে তোমাকে অচিন্ত্য ও অনন্ত শক্তি জানিয়া যে প্রকার ভজনা করিতে পারে সেই রূপে অনুগ্রহ কর ॥ ৪৫ ॥

মৈত্রেয় মুনি বিদুরকে সম্বোধন করিয়া কহিলেন বৎস। ব্রহ্মবাদি মুনিগণ এই প্রকারে স্তব করিতে থাকিলে রক্ষাকারী সেই বরাহ রূপী ভগবান্ আপনার খুর দ্বারা আক্রান্ত সলিলের উপর অবনিকে স্থাপন করিলেন। বিদুর। ভগবান্ হরি এই রূপ রসাতল হইতে এই পৃথিবীর উদ্ধার করিয়া জলো-পরি সংস্থাপন পূর্ব্বক অন্তর্হিত হইলেন ॥ ৪৬ ॥

বৎস। সেই ভক্তজনের সংসার নাশন বরাহরূপি ভগবানের চরিত্র কথনার্হ এবং মায়াবিশিষ্ট, তাঁহার এই সুমঙ্গল কথা যে ব্যক্তি ভক্তি পূর্ব্বক শ্রবণ করে অথবা কাহাকেও শ্রবণ করায় ভগবান্ তৎক্ষণাৎ আপনার মনে তাঁহার প্রতি প্রসন্ন হন ॥ ৪৭ ॥

তস্মিন্ প্রসন্নে সকলাশিষাং প্রভৌ কিং দুর্ল্লভং তাভিরলং লবাত্মভিঃ।
অনন্য দৃষ্ট্যা ভজতাং গুহাশয়ঃ স্বয়ং বিধত্তে স্বগতিং পরঃ পরাং ॥ ৪৮ ॥
কো নাম লোকে পুরুষার্থসারবিৎ পুরা কথানাং ভগবৎ কথাসুধাং।
আপীয় কর্ণাঞ্জলিভির্ভবাপহামহো বিরজ্যেত বিনা নরেতরং ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুর মৈত্রেয় সম্বাদে পৃথিব্যুদ্ধরণং নাম ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৩ ॥ * ॥

শ্রীধরস্বামী।

যদ্যপি সুলভা তথাপি তা ন প্রার্থনীয়া ইত্যাহ তাভিরাশীর্ভিরলং লবাত্মভিঃ তুচ্ছাভিঃ নচ তদা ভজনস্য বৈফল্যং শঙ্কনীয়মিত্যাহ। ভগবদ্ভজন ব্যতিরেকেন ফলান্তর দৃষ্টিং বিনা ভজতাং স্বপদ প্রাপ্তিং স্বয়মেব বিধত্তে। গুহাশয়ত্বাদহৈতুকীং ভক্তিং জানন্ ॥ ৪৮ ॥

অতঃ কো নাম পুরা কথানাং পূর্ব্ব বৃত্তানাং মধ্যে কথঞ্চিদাপীয় বিরজ্যেত বিরমেৎ। নরেতরং পশুং বিনা ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে ত্রয়োদশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

সর্ব্ব ফলদেঽপি তৎপ্রসাদে পরমফলমাহ তস্মিন্নিতি। স্বগতিং স্বস্ফূর্ত্তিরূপং জ্ঞানং ॥ ৪৮ ॥

ততশ্চ সা কথৈব। তৈঃ পীযূষধারেব ত্যক্তুমশক্যা ভবতীতি ব্যতিরেকেণাহ ক ইতি ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য ত্রয়োদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

কিং বস্তু দুর্ল্লভং অপিতু সর্ব্বমেব সুলভং তদপি তাভিরাশীর্ভিরলং লবাত্মভিঃ ক্ষুদ্রাভিস্তুচ্ছাভিরিত্যর্থঃ। নচ তদা ভজনস্য বৈফল্যং শঙ্কনীয়মিত্যাহ অনন্যদৃষ্ট্যা ভগবদ্ভজনব্যতিরেকেণ ফলান্তর দৃষ্টিং বিনা ভজতাং স্বপদ প্রাপ্তিং স্বয়মেব বিধত্তে গুহাশয়ত্বাদহৈতুকীং ভক্তিং জানন্নিতি স্বামিচরণানাং ব্যাখ্যা ॥ ৪৮ ॥

ভক্তিরেব সর্ব্বপুরুষার্থমহাফলমিতি জানন্নেব সারজ্ঞ উচ্যতে। ভক্তিঃ পুরুষার্থসাধনমেব নতু স্বতঃ ফলরূপেতি ব্যাচক্ষাণস্তু পশুরেবেত্যাহ কোনামেতি। পুরা কথানাং পূর্ব্ববৃত্তানাং মধ্যে ভবাপহাং সংসারধ্বংসিনীং অহো আশ্চর্য্যং নরেতরং পশুং বিনা কোবিরজ্যেত যো বিরজ্যেত স পশুরেবেতি তেন ঔৎকণ্ঠ্য বাষ্পকলয়া মুহুরর্দ্দ্যমান স্তচ্চাপি চিত্তবড়িশং শনকৈর্ব্বিযুঙ্ক্তে ইতি বক্ষ্যমাণলক্ষণস্য যোগিনঃ পশুত্বং ব্যঞ্জিতং ॥ ৪৯ ॥

॥ * ॥ সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ত্রয়োদশস্তৃতীয়েস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অহে বিদুর! সকল মঙ্গলের কর্ত্তা সেই ভগবান্ প্রসন্ন হইলে আর কি কোন বস্তু দুর্ল্লভ থাকে? তখন বরং সকল কল্যাণ তুচ্ছ ও ব্যর্থ বোধ হয়। বিদুর! যে যে ব্যক্তি নিষ্কাম ভক্তি পূর্ব্বক একান্তভাবে ভগবানের ভজনা করেন, সর্ব্বান্তর্যামী ভগবান্ তাহা জানিতে পারিয়া তাঁহাদিগকে আপনার পদ স্বয়ং বিধান করেন, অতএব ঐহিক সুখ তুচ্ছ বোধ হইলেও ভগবদ্ভজনের কদাচ বৈফল্য হয় না ॥ ৪৮

অহো! এই কারণেই নরেতর অর্থাৎ পশু ব্যতিরেকে পুরুষার্থ সারবেত্তা কোন্ ব্যক্তি পুরাবৃত্ত মধ্যে ভগবানের সংসার বিমোচনী কথারূপ সুধা কর্ণাঞ্জলি দ্বারা পান করিয়া বিরত হয়? ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে ত্রয়োদশ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

নিশম্য কৌশারবিণোপবর্ণিতাং হরেঃ কথাং কারণশূকরাত্মনঃ।
পুনঃ স পপ্রচ্ছ তমুদ্যতাঞ্জলি র্ন চাতিতৃপ্তো বিদুরো ধৃতব্রতঃ ॥ ১ ॥

শ্রীবিদুর উবাচ ॥

তেনৈব তু মুনিশ্রেষ্ঠ হরিণা যজ্ঞমূর্ত্তিনা। আদিদৈত্যো হিরণ্যাক্ষো হত ইত্যনুশুশ্রুম ॥ ২ ॥
তস্যচোদ্ধরতঃ ক্ষৌণীং স্বদংষ্ট্রাগ্রেণ লীলয়া। দৈত্যরাজস্যচ ব্রহ্মন্ কস্মাদ্ধেতোরভূন্মৃধঃ।
শ্রদ্দধানায় ভক্তায় ব্রূহি তজ্জন্ম বিস্তরং। ঋষে নতৃপ্যতি মনঃ পরং কৌতূহলং হি মে ॥ ৩ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

সাধু বীর ত্বয়া পৃষ্টমবতারকথাং হরেঃ। যত্ত্বং পৃচ্ছসি মর্ত্ত্যানাং মৃত্যুপাশবিশাতনীং ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

চতুর্দ্দশে নিদানন্তু তদ্বধে বক্ষ্যুচ্যতে। সন্ধ্যায়াং কশ্যপাদ্গর্ভসম্ভবঃ কামতো দিতেঃ ॥ ১ ॥
তেনৈব যেন ভূমিরুদ্ধৃতা অনু শুশ্রুম ত্বন্মুখাৎ ॥ ২ ॥
মৃধো যুদ্ধং ॥ ৩ ॥
সাধুত্বে হেতুঃ যস্মাত্ত্বং হরেরবতার কথাং পৃচ্ছসীতি মৃত্যোঃ পাশং বিশাতয়তি মোচয়তীতি তথা ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

তেনৈবেতি। যেন স্বায়ম্ভুবে পৃথ্বী সমুদ্দধ্রে চাক্ষুষেঽপি তেনৈবেত্যর্থঃ ॥ ১ ॥ ২ ॥ তস্য চেতি চশব্দঃ পুনরর্থে ॥ ৩ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চতুর্দশে দিতিঃ সায়মকামং চকমে মুনিং। অসূতেপেচ তদ্দুষ্টপুত্রাভূৎশিষ্টনপ্তৃকা ॥ ০ ॥
চকার এবার্থঃ ॥ ১ ॥ তেনৈব যেন হরিণা স্বায়ম্ভুবে পৃথ্বী উদ্দধ্রে তেনচ চাক্ষুষীয়ে হিরণ্যাক্ষো হত ইতি ব্যাখ্যেয়ং ॥ ২ ॥
মৃধো যুদ্ধং ॥ ৩ ॥
হে বীর হরের্যুদ্ধলীলাশুশ্রূষোঃ পৃষ্টমিদং সাধু যতঃ এতৎ প্রশ্নমিষেণ অবতারয়োর্বরাহ নৃসিংহয়োঃ কথাং পৃচ্ছসি তত্তৈবকারণোক্তৌ তয়োরূপস্থিতেঃ অস্মানপি কৃতার্থয়িতুমিত্যাহ মর্ত্ত্যানামিতি ॥ ৪ ॥

চতুর্দ্দশ অধ্যায়ে দিতির প্রার্থনা ক্রমে কশ্যপ সকাশাৎ সন্ধ্যাকালে তাঁহার গর্ব্ভোৎপত্তি ॥ ০ ॥

শুকদেব কহিলেন মুনিবর মৈত্রেয় বরাহ রূপি ভগবানের কথা যাহা বর্ণন করিলেন তাহা শ্রবণ করিয়া ব্রতধারি বিদুরের পরিতৃপ্তি বোধ হইল না। তদীয় বিশুদ্ধ চরিত্র আরও শ্রবণ করিতে ইচ্ছুক হইয়া অঞ্জলি বন্ধন পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন ॥ ১ ॥

হে মুনিসত্তম! যে বরাহ রূপী ভগবান্ পৃথিবীর উদ্ধার করেন আপনকার প্রমুখাৎ শ্রুত হইলাম, তিনিই আদিদৈত্য হিরণ্যাক্ষকে বিনষ্ট করিয়াছেন ॥ ২ ॥

হে ব্রহ্মন্! ভগবান্ শূকর রূপ ধারণ করিয়া লীলাবশতঃ আপনার দন্ত দ্বারা ধরার উদ্ধার করিয়াছিলেন, সে সময় কি কারণে দৈত্যরাজের সহিত তাঁহার যুদ্ধ হইয়াছিল? হে ঋষে। ভগবানের পবিত্র কথা শ্রবণ করিয়া আমার মনঃ পরিতৃপ্ত হইতেছে না আরও শুনিতে বাসনা হইতেছে, অতএব তাঁহার জন্ম বৃত্তান্ত বিস্তর রূপে বলিতে আজ্ঞা হউক, আমি আপনার শ্রদ্ধাবান্ ভক্ত, আমার প্রার্থনা পূর্ণ করা আপনার কর্ত্তব্য ॥ ৩ ॥

মুনিপুঙ্গব মৈত্রেয় বিদুরের এই রূপ প্রার্থনায় তাঁহাকে ধন্যবাদ প্রদান করত কহিলেন হে বীর! তুমি উত্তম প্রশ্ন করিয়াছ, যে হেতু তুমি এই প্রশ্নচ্ছলে মর্ত্ত্যগণের মৃত্যুপাশ বিমোচনী ভগবানের অবতার কথা জিজ্ঞাসা করিতেছ ॥ ৪ ॥

যয়োত্তানপদঃ পুত্রো মুনিনা গীতয়ার্ভকঃ। মৃত্যোঃ কৃত্বৈব মূর্দ্ধ্ন্যঙ্ঘ্রিমারুরোহ হরেঃ পদং ॥ ৫ ॥
অথাত্রাপীতিহাসোঽয়ং শ্রুতো মে বর্ণিতঃ পুরা। ব্রহ্মণা দেবদেবেন দেবানামনুপৃচ্ছতাং ॥ ৬ ॥
দিতির্দাক্ষায়ণী ক্ষত্ত মারীচং কশ্যপং পতিং। অপত্যকামা চকমে সন্ধ্যায়াং হৃচ্ছয়ার্দ্দিতা ॥ ৭ ॥
ইষ্ট্বাগ্নিজিহ্বং পয়সা পুরুষং যজুষাং পতিং। নিম্লোচত্যর্ক আসীনমগ্ন্যাগারে সমাহিতং ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

তদেব দর্শয়তি যয়া কথয়া উত্তানপদঃ পুত্রো ধ্রুবঃ। মুনিনা নারদেন। অর্ভক এব। যদা ধ্রুবায় সুনন্দাদিভি র্বিমানমানীতং তদাস্য দেহত্যাগোঽপেক্ষিতঃ স্যাৎ ইতি মত্বা মৃত্যাবাসন্নেপি দেহং ন তত্যাজ। কিন্তু সোপান ইব তস্য মৃত্যো র্মূর্দ্ধ্নি পদং দত্বা বিমানমারুহ্য বিষ্ণুপদমারূঢ়ঃ বক্ষ্যতি হি পরীত্যার্ভ্যর্চ্চ্যাধিষ্ণ্যাগ্র্যং কৃতস্বস্ত্যয়নো দ্বিজৈঃ। ইয়েষ তদধিষ্ঠাতুং বিভ্রদ্রূপং হিরণ্ময়মিতি ॥ ৫ ॥
তয়োঃ সংগ্রামে হেতুং বক্তুমিতিহাসং প্রস্তৌতি অথেতি। অনুপৃচ্ছতাং দেবানাং ব্রহ্মণা বর্ণিত ইতিহাসো ময়া শ্রুতঃ ॥ ৬ ॥

দেবপ্রশ্ন প্রস্তাবায় প্রথমং হিরণ্যাক্ষ্য হিরণ্যকশিপুৎপত্তি প্রসঙ্গমাহ দিতিরিত্যাদিনা যাবদধ্যায় সমাপ্তি মরীচেঃ পুত্রং কশ্যপং হৃচ্ছয়ঃ কাম স্তেনার্দ্দিতা অতঃ সন্ধ্যায়ামেব কামিতবতী ॥ ৭ ॥
তদপ্যগ্নিহোত্রশালায়াং তত্রাপি সমাহিতং অগ্নি র্জিহ্বা যস্য যজুষাং যজ্ঞানাং পতিং পুরুষং শ্রীবিষ্ণুং ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

যয়া যস্যাঃ প্রভাবেণার্ভক এব সদা সন্ অন্তকালেঽপি দেহত্যাগান্মৃত্যোর্ম্মূর্দ্ধ্নি অঙ্ঘ্রিমিব কৃত্বা হরেঃ পদমারুরোহ কিন্ত্বর্ভকত্ত্বমত্র কিশোরত্বং জ্ঞেয়ং। রাজত্বে লব্ধে তচ্ছ্রবণং জাতমিতি যুক্ত্যা লভ্যতে। রাজত্বযোগ্য বয়স আবশ্যকাপেক্ষত্বাৎ। পুত্রাদ্যুৎপত্তি শ্রবণাচ্চ ॥ ৫ ॥ ৬ ॥
দিতিরিতি যুগ্মকং ॥ ৭ ॥ ৮ ॥ ৯ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হরিকথৈব জগদুদ্ধারিণীত্যত্র প্রমাণমাহ যয়া কথয়া মৃত্যোর্মূর্দ্ধ্নীতি ধ্রুবস্যান্তকালং জ্ঞাত্বা যদৈব মৃত্যুরাগত স্তদৈব সুনন্দাদিভি র্বিমানমানীতমারোঢ়ুং ধ্রুবঃ সোপানান্বেষণে মৃত্যুমবস্থিতং দৃষ্ট্বা তত্রমিদং জাতমিতি তস্যৈব মূর্দ্ধ্নি পদং দত্বা শরীরমবনময্য বিমানমারুহ্য বিষ্ণুপদং জগামেতি ॥ ৫ ॥
মে ময়া অনুপৃচ্ছতাং দেবানাং সম্বন্ধেন ॥ ৬ ॥
দেবপ্রশ্নপ্রস্তাবায় প্রথমং হিরণ্যাক্ষহিরণ্যকশিপুৎপত্তি প্রসঙ্গমাহ দিতিরিত্যাদিনা যাবদধ্যায় সমাপ্তি মরীচেঃ পুত্রং কশ্যপং

বৎস! হরিকথাই জগদুদ্ধারিণী, তাঁহার মাহাত্ম্যের কথা কি বলিব? উত্তানপাদ রাজার পুত্র ধ্রুব বালক হইয়াও দেবর্ষি নারদের প্রগীত হরিকথা দ্বারা মৃত্যুর মস্তকে পাদ নিক্ষেপ করত বিষ্ণুপদে আরোহণ করিয়াছিলেন অর্থাৎ হরিকথার প্রভাবে ধ্রুবের বিষ্ণুপদে আরোহণ নিমিত্ত যখন সুনন্দাদি পার্ষদগণ কর্ত্তৃক বিমান আনীত হয়, তখন তাঁহার দেহত্যাগ অপেক্ষিত হইয়াছিল, কিন্তু মৃত্যু আসন্ন হইলেও দেহত্যাগ করেন নাই, সোপানের ন্যায় মৃত্যুর মস্তকে পদার্পণ করিয়া সশরীরে বিষ্ণুলোকে গমন করেন ॥ ৫ ॥
অহে বিদুর! হিরণ্যাক্ষের সহিত বরাহরূপি ভগবানের কেন সংগ্রাম হয় এ বিষয় দেবগণ ব্রহ্মাকে জিজ্ঞাসা করিয়াছিলেন, ব্রহ্মা তাঁহাদিগের নিকট যে ইতিহাস বর্ণন করেন তাহা আমি শুনিয়াছি বলি শ্রবণ কর ॥ ৬ ॥
দক্ষকন্যা দিতি অপত্য কামনা করিয়া আত্মপতি মরীচিতনয় কশ্যপের সমীপে রমণার্থ প্রার্থনা করিয়াছিলেন। ঐ দিতি কামশরে অর্দ্দিতা ছিলেন, এই কারণেই সন্ধ্যাকালে ॥ ৭ ॥
যখন সূর্য্য অস্তাচলে যাইতেছিলেন সেই সময়েই অগ্নিহোত্রশালায় যে স্থানে ঐ মুনি যজ্ঞপতি পরম

শ্রীদিতিরুবাচ ॥

এষ মাং ত্বৎকৃতে বিদ্বন্ কাম আত্ত শরাসনঃ। দুনোতি দীনাং বিক্রম্য রম্ভামিব মতঙ্গজঃ ॥ ৯ ॥

তদ্ভবান্ দহ্যমানায়াং সপত্নীনাং সমৃদ্ধিভিঃ। প্রজাবতীনাং ভদ্রন্তে ময্যযুঙ্‌ক্তামনুগ্রহং ॥ ১০ ॥

ভর্ত্তর্য্যাপ্তোরুমানানাং লোকানাবিশতে যশঃ। পতি র্ভবদ্বিধো যাসাং প্রজয়া ননু জায়তে ॥ ১১

শ্রীধরস্বামী।

কৃপণাং বহুভাষিণীমিতি বক্ষ্যতি। অত এব মামিতি দ্বাভ্যাং কার্পণ্যং ভর্ত্তরীতি চতুর্ভিঃ বহুভাষণং বর্ণ্যতে দুনোতি পীড়য়তি। বিক্রম্য শৌর্য্যমাবির্ভাব্য রম্ভাং কদলীং ॥ ৯ ॥

আযুঙ্‌ক্তাং সর্ব্বতো যুনক্তু সম্যক্ করোতু ॥ ১০ ॥

ভর্ত্তরি প্রাপ্ত বহুমানানাং স্ত্রীণাং যশঃ লোকান্ আবিশতে ব্যাপ্নোতি প্রজয়া পুত্ররূপেণ তজ্জায়া জায়া ভবতি যদস্যাং জায়তে পুনরিতি শ্রুতেঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হৃচ্ছয়ার্দ্দিতা কামপীড়িতা অতঃ সন্ধ্যায়ামেব তত্রাপ্যগ্নিহোত্রশালায়াং তত্রাপি সমাহিতং কৃতসমাধিং সন্ধ্যায়ামপি নিম্লোচত্যর্কাস্তময়কাল এবেত্যর্থঃ। অগ্নের্জিহ্বা যস্য তং যজুষাং যজ্ঞানাং পতিং বিষ্ণুং ॥ ৭ ॥ ৮ ॥

এষ মামিতি মুদ্রিতনেত্রে পত্যৌ কায়িকাশ্চাক্ষুষাশ্চ অভিযোগা অকিঞ্চিৎকরা এব বাচিকেষ্বপি মধ্যে শব্দোত্থা অর্থোত্থাশ্চ ব্যঙ্গ্যাঃ। পরমেশ্বরাভিনিবেশিত বুদ্ধৌ কশ্যপেনাবকাশং লভন্ত এবেত্যুত্তমাঙ্গনানামভিধয়ৈব পুরুষে সম্ভোগপ্রার্থনা যদ্যপি নৈব স্বভাব স্তদপি কন্দর্পপীড়য়োন্মাদিতাদিভির্লজ্জাশঙ্কে নিগিলন্তীব সমাধিভঙ্গার্থমুচ্চৈরাহ এষ সাক্ষাদিব দৃশ্যমান ইত্যর্থঃ। ত্বৎকৃতে ইতি যদাহমেকাকিন্যস্থাস্তং তদৈষ মম কিমকরিষ্যদিতি পত্যৌ তস্মিন্নেব দোষো ন্যস্তঃ। দীনাং দুনোতীতি ত্বং পতিঃ কথং মাং ন রক্ষসীতি ভাবঃ। ননু লজ্জাং কথং সহসৈবাহাসীস্তত্রাহ রম্ভামিবেতি যদি প্রাণা এব নশ্যন্তি তদা কিং লজ্জয়েতি ভাবঃ ॥ ৯ ॥

নচ কেবলমহং কামাতুরৈব রতিং যাচে কিন্তু পুত্রার্থিন্যপীত্যাহ তদিতি। আযুক্তাং সর্ব্বতোভাবেন করোতু ॥ ১০ ॥

ত্বৎ প্রসাদাদ্যশস্বিনী পুত্রবতীচ ভূয়াসমিত্যাহ ভর্ত্তরি ভর্ত্তুঃ সকাশাদিত্যর্থঃ। প্রাপ্তবহুসম্মানানাং স্ত্রীনাং যশঃ লোকান্ ব্যাপ্নোতি প্রজয়া পুত্ররূপেণ। তজ্জায়া জায়া ভবতি যদস্যাং জায়তে পুনরিতি শ্রুতে যদ্বা ভবদ্বিধঃ পতিঃ প্রজয়া হেতুনৈব জায়তে ভবতি অতোহং প্রজাবতী কথং ন ভবেয়মিতি ভাবঃ ॥ ১১ ॥

পুরুষ বিষ্ণুর জিহ্বা স্বরূপ অগ্নিতে হোম করিয়া সমাধিস্থ হইয়াছিলেন ॥ ৮ ॥

সেই স্থানেই দিতি আপনার অভিপ্রায় ব্যক্ত করিয়া কহিলেন, হে বিদ্বন্! কামদেব শরাসন গ্রহণ পূর্ব্বক বিক্রম প্রকাশ করিয়া মতঙ্গজ যেমন কদলী বৃক্ষকে ক্লেশ দেয়, তাহার ন্যায় আপনার নিমিত্ত আমাকে যাতনা প্রদান করিতেছে ॥ ৯ ॥

অতএব আপনি আমার প্রতি সম্যক্ রূপে অনুগ্রহ প্রকাশ করুন, আমি সপত্নীদিগের সমৃদ্ধি দেখিয়া নিরন্তর দুঃখে দগ্ধ হইয়া থাকি, প্রভো! আমি পুত্রার্থিনী আমার প্রতি অনুগ্রহ করিলে আপনার মঙ্গল হইবে ॥ ১০ ॥

হে ভগবন্! আপনার সদৃশ পুরুষ যে সকল স্ত্রীগণের পতি এবং যাহারা এবম্বিধ ভর্ত্তার নিকট বহুমান প্রাপ্ত হয়, তাহাদের যশঃ জগতে ব্যাপ্ত হইয়া থাকে, ফলতঃ পতি স্বয়ং প্রজারূপে জায়াতে জন্ম গ্রহণ করিয়া থাকেন, ইহাতে যোষিৎদিগের পুত্রাদি হইলে যশঃ বিস্তার না হইবেই বা কেন?। অতএব আপনকার প্রসাদে আমি পুত্রবতী ও যশস্বিনী হইতে পারিব ॥ ১১ ॥

পুরা পিতা নো ভগবান্ দক্ষো দুহিতৃবৎসলঃ। কং বৃণীত বরং বৎসা ইত্যপৃচ্ছত নঃ পৃথক্।
স বিদিত্বাত্মজানাং নো ভাবং সন্তানভাবনঃ। ত্রয়োদশাদদাত্তাসাং যা স্তে শীলমনুব্রতাঃ॥ ১২॥
অথ মে কুরু কল্যাণং কামং কমললোচন। আর্ত্তোপসর্পণং ভূমন্নমোঘং হি মহীয়সি॥ ১৩॥
ইতি তাং বীর মারীচঃ কৃপণাং বহুভাষিণীং। প্রত্যাহানুনয়ন্ বাচা প্রবৃদ্ধানঙ্গ কশ্মলাং॥ ১৪॥

শ্রীধরস্বামী।

নোঽস্মাকং পিতা নোঽস্মান্ পৃথক্ পৃথক্ অপৃচ্ছৎ। অয়ং ভাবঃ ত্রয়োদশানামপ্যস্মাকং ত্বয়ি ভাব সাম্যে বৈষম্যাচরণং তবানুচিতমিতি॥ ১২॥
মহীয়সি ত্বাদৃশে মহত্তমে মোঘং ন ভবতি হি॥ ১৩॥
প্রবৃদ্ধানঙ্গেন কশ্মলং মোহো যস্যাঃ তাং॥ ১৪॥

ক্রমসন্দর্ভঃ।

স ইতি তেন পদস্যাবৃত্ত্যা চতুর্থ্যর্থঃ ষষ্ঠ্যর্থশ্চ যোজ্যঃ॥ ১২। ১৩। ১৪। ১৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিঞ্চ বিবাহাৎ পূর্ব্বমেবাহং ত্বয্যনুরাগিণীতি প্রত্যাখ্যেয়বাক্যো ন ভবিতুমর্হসীত্যাহ পুরেতি নোঽস্মাকং পিতা নোঽস্মান্ অপৃচ্ছৎ॥
নো ভাবমিতি লজ্জয়া স্বনামাগৃহ্নতীনামপ্যস্মাকমিঙ্গিতেনৈব জনান্তর দ্বারা সহসা জ্ঞাত্বেত্যর্থঃ তাসাং দুহিতৄণাং মধ্যে তেন ত্রয়োদশানাং মধ্যে কথমহমেবাপুত্রিণীতি তদ্বৈষম্যমিদমনুচিতমিতি ভাবঃ॥ ১২॥
নমু স্বরমণার্থং সায়ং মৎসমাধিভঙ্গে যতমানা ত্বং কথং মৎসমশীলেত্যত আহ আর্ত্তোপসর্পণমিতি সংপ্রত্যহমার্ত্তা কিং করোমি নার্ত্তঃ কালমপেক্ষত ইতি শাস্ত্রং ত্বং পরমদয়ালু জানাস্যেবেতি ভাবঃ॥ ১৩॥
হে বীরেতি যথা ভবদ্বিধা ধর্ম্মবীরা স্তথা ন কশ্যপ ইতি যতোঽনুনয়ন্নেব প্রত্যাহ নতু সকোপকটাক্ষং তর্জ্জয়িতি। যদি কৃত্রিমমপি কোপমদর্শয়িষ্যত্তদা তস্যাঃ কামপীড়াপি ভীত্যা অন্তরধাস্যতৈবেতি ভাবঃ। প্রবৃদ্ধেতি নহ্যনঙ্গঘূর্ণিতা অনুনয়ং সহত ইতি ভাবঃ॥ ১৪॥

হে মুনে! আমাদিগের পিতা প্রজাপতি দক্ষ অতিশয় দুহিতৃবৎসল ছিলেন, তিনি আমাদিগকে পাত্রসাৎ করিবার পূর্ব্বে বাৎসল্য বশতঃ এক এক করিয়া পৃথক্ পৃথক্ জিজ্ঞাসা করিয়াছিলেন তোমরা কোন্ বরকে বরণ করিতে বাসনা কর তাহা বল। আমরা ত্রয়োদশজন তাঁহার কন্যা ছিলাম, তিনি আমাদের সকলের অভিপ্রায় অবগত হইয়া তেরজনকেই আপনকার হস্তে সমর্পণ করিলেন, আমরাও ত্রয়োদশ ভগিনী সমানভাবে আপনকার অনুব্রত হইয়াছি, অতএব আমাদের তেরজনেরই আপনার প্রতি সমান ভক্তি, ইহাতে আপনকার বৈষম্যাচরণ উচিত হয় না॥ ১২॥
অতএব হে কমললোচন! আমি যে কল্যাণ প্রার্থনা করিতেছি তাহা সম্পন্ন করিয়া দিউন। হে মহাশয়! আপনি মহত্তম, মহতের নিকট আর্ত্তজনের উপসর্পণা বিফলা হয় না, সম্প্রতি অমি আর্ত্তা কালাপেক্ষা নাই, আপনিও শাস্ত্রজ্ঞ এবং অতিশয় দয়াবান্, সকলই জানেন, এ বিষয়ে যাহা উচিত হয় বিধান করুন॥ ১৩॥
হে বিদুর! দীনা দিতি প্রবৃদ্ধ অনঙ্গে মুগ্ধ হইয়া এবম্বিধ বহুবিধ বলিতে আরম্ভ করিলে মরীচি তনয় মুনিবর কশ্যপ বাক্য দ্বারা শান্ত্বনা করত তাঁহাকে কহিলেন॥ ১৪॥

এষ তেঽহং বিধাস্যামি প্রিয়ং ভীরু যদিচ্ছসি । তস্যাঃ কামং ন কঃ কুর্য্যাৎ সিদ্ধিস্ত্রৈবর্গিকী যতঃ ॥ ১৫
সর্ব্বাশ্রমানুপাদায় স্বাশ্রমেণ কলত্রবান্ । ব্যসনার্ণবমত্যেতি জলযানৈরিবার্ণবং ॥ ১৬ ॥
যামাহুরাত্মনোহ্যর্দ্ধং শ্রেয়স্কামস্য মানিনি । যস্যাং স্বধুরমধ্যস্য পুমাংশ্চরতি বিজ্বরঃ ॥ ১৭ ॥
যামাশ্রিত্যেন্দ্রিয়ারাতীন্ দুর্জ্জয়ানিতরাশ্রমৈঃ । বয়ং জয়েম হেলাভির্দস্যূন্ দুর্গপতি র্যথা ॥ ১৮ ॥
ন বয়ং প্রভবস্তাংত্বামনুকর্ত্তুং গৃহেশ্বরি । অপ্যায়ুষা বা কার্ৎস্ন্যেন যে চান্যে গুণগৃধ্নবঃ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী ।

সন্ধ্যাকাল বঞ্চনায় ভার্য্যাপ্রশংসা এষ ইতি পঞ্চভিঃ । যতঃ যস্যাঃ সকাশাৎ ॥ ১৫ ॥
সর্ব্বাশ্রমানুপাদায়েতি তানপ্যন্নাদি দানেন কৃচ্ছ্রাত্তারয়ন্ স্বয়ং তরতীত্যর্থঃ ॥ ১৬ ॥
আত্মনো দেহস্যার্দ্ধং কর্ম্মসু দ্বয়োঃ সমাধিকারাৎ । যজ্জনানাং তাং স্বামিতি তৃতীয় শ্লোকেন সম্বন্ধঃ । স্বধুরং দৃষ্টাদৃষ্ট কর্ম্ম ভারং বিজ্বরঃ নিশ্চিন্তঃ ॥ ১৭ ॥
হেলাভি লীলাভি র্জয়েমেতি । সভার্য্যস্য ইন্দ্রিয়াণি প্রায়েণ ততস্ততো ন সর্পন্তীতি ভাবঃ ॥ ১৮ ॥
তাং অনেকোপকারকর্ত্রীং ত্বাং কার্ৎস্ন্যেন অনুকর্ত্তুং প্রত্যুপকারৈস্তৎ সদৃশী ভবিতুং ন প্রভবো ন সমর্থাঃ । যে চান্যে গুণ

ক্রমসন্দর্ভঃ ।

সর্ব্বাশ্রমানিতি বানপ্রস্থস্যাপি গৃহস্থাদেবোৎপত্তেঃ ॥ ১৬ । ১৭ । ১৮ । ১৯ । ২০ । ২১ । ২২ । ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

এষ তেঽহমিতি কশ্যপস্য বহু বাগ্বিলাসরচনা সায়ং কালযাপনার্থমেবেতি জ্ঞেয়ং ॥ ১৫ ॥
সর্ব্বাশ্রমানিতি চতুরোপ্যাশ্রমানন্নাদিদানেন কৃচ্ছ্রাত্তারয়ন্ স্বয়ং তরতীত্যর্থঃ ॥ ১৬ ॥
যাং স্ত্রিয়ং আত্মনো দেহস্য অর্দ্ধো বা এষ যৎ পত্নীতি শ্রুতেঃ । স্বধুরং দৃষ্টাদৃষ্ট কর্ম্মভারং ॥ ১৭ ॥
দুর্গপতিরিতি দস্যবঃ খলু দুর্গমাশ্রিত্যৈব জনান্ লুণ্ঠন্তি যস্ত দুর্গপতিস্তত্র কথং প্রভবন্তীত্যর্থঃ । দুর্গোঽত্র বিষয় ভোগ এব তত্র দৈবাৎ পতিতান্ ব্রহ্মচার্য্যাদীনেব ভ্রংশয়ন্তি নতু গৃহস্থান্ তেষাং ভোগবিশেষস্য শাস্ত্রবিহিতত্বেন দুরদৃষ্টানুৎপাদনাৎ ॥ ১৮ ॥
তদেবং স্ত্রিয়মাশ্রিত্যৈব গৃহস্থ এব সুখেন বিষয়মপি ভুঙ্ক্তে নরকেপি ন পততি নতু বিরক্ত ইত্যতস্তাং প্রসিদ্ধাং ত্বাং স্ত্রীজাতিং

হে ভীরু ! তুমি যাহা প্রার্থনা করিতেছ এখনি তোমার সেই অভিলাষ পূর্ণ করিয়া দিতেছি। প্রিয়ে ! যাহা হইতে ধর্ম্ম অর্থ কাম এই ত্রিবর্গ সম্বন্ধিনী সিদ্ধি হয়, কে না তাহার মানস পূর্ণ করে ? ॥ ১৫ ॥

গৃহস্থ ব্যক্তি গৃহিণী বিশিষ্ট হইয়াই আপনার আশ্রমের সহিত সকল আশ্রম লইয়া যেমন জলযান দ্বারা সাগর উত্তীর্ণ হয় তাহার ন্যায় দুঃখ জলধি পার হইয়া থাকে অর্থাৎ গার্হস্থ্য ধর্ম্মাচরণে অন্নাদি দান দ্বারা অন্যান্য আশ্রমিদিগকে ক্লেশ হইতে মুক্ত করা যায়,তাহাতে আপনারও দুঃখ বিমোচন হইয়া থাকে ॥ ১৬ ॥

অপর হে মানিনি ! পঞ্চ যজ্ঞাদি কর্ম্মে স্ত্রীপুরুষের সমানাধিকার হেতু শাস্ত্রে যাহাকে শ্রেয়স্কাম ব্যক্তির দেহার্দ্ধ করিয়া বলিয়া থাকে এবং পুরুষ যাহার প্রতি আপনার দৃষ্টাদৃষ্ট কর্ম্মের ভার সমর্পণ করিয়া নিশ্চিন্ত চিত্তে ভ্রমণ করিতে পারে ॥ ১৭ ॥

অধিকন্তু দুর্গপতি যেমন দুর্গাশ্রিত হইয়া অনায়াসে দস্যুদিগকে জয় করে তাহার ন্যায়, আমরা যাহাকে আশ্রয় করিয়া অবলীলাক্রমে ইন্দ্রিয় সকলকে জয় করিতে পারি। প্রিয়ে ! ঐ ইন্দ্রিয় গণ সামান্য নহে তাহারা প্রবল শত্রু, অন্যান্য আশ্রমিদিগের অতি দুর্জ্জেয় ॥ ১৮ ॥

হে গৃহেশ্বরি ! তুমি সেই অনেক উপকার কারিণী গৃহিণী, আমি সমস্ত আয়ুর্দ্বারা অথবা জন্মান্তরেও

অথাপি কামমেতন্তে প্রজাত্যৈ করবাণ্যলং। যথা মাং নাতিরোচন্তি মুহূর্ত্তং প্রতিপালয় ॥ ২০ ॥
এষা ঘোরতমা বেলা ঘোরাণাং ঘোরদর্শনা। চরন্তি যস্যাং ভূতানি ভূতেশানুচরাণিহ ॥ ২১ ॥
এতস্যাং সাধ্বি সন্ধ্যায়াং ভগবান্ ভূতভাবনঃ। পরিতো ভূতপর্ষদ্ভির্বৃষেণাটতি ভূতরাট্ ॥ ২২ ॥
শ্মশান চক্রানিল ধূলি ধূম্র বিকীর্ণ বিদ্যোত জটাকলাপঃ।

শ্রীধরস্বামী।

গৃধ্নবঃ গুণপ্রিয়া স্তেপি ন সমর্থাঃ। সংপূর্ণেনাপ্যায়ুষা। বা শব্দাৎ জন্মান্তরৈরপি ন প্রভব ইত্যুক্তং ॥ ১৯ ॥

যদ্যপি তদনুকরণমশক্যং। প্রজাত্যৈ পুত্রোৎপত্ত্যৈ। নাতিরোচন্তি ন নিন্দন্তি প্রতিপালয় প্রতীক্ষস্ব ॥ ২০ ॥

নিন্দামগণয়ন্তীং ভীষয়মাণঃ শ্রীরুদ্রমনুবর্ণয়তি। এষেতি সপ্তভিঃ ঘোরাণামেষা বেলা। স্বয়ঞ্চ ঘোরদর্শনা ॥ ২১ ॥

ভূতপর্ষদ্ভিঃ ভূতগণৈঃ ॥ ২২ ॥

তর্হি তৎ সম্মুখমাত্রং বর্জনীয়মিতি চেৎ তত্রাহ। শ্মশানে যশ্চক্রানিলঃ বাতমণ্ডলী তস্মিন্ যা ধূলিঃ তয়া ধূম্রো বিকীর্ণো বিক্ষিপ্তঃ বিদ্যোতো দ্যুতিমান্ জটাকলাপো যস্য। ভস্মনাবগুণ্ঠঃ প্রাবৃতঃ অমলঃ রুক্মবদ্দেহো যস্য। স দেবঃ ত্রিভিঃ সোমা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনুকর্ত্তুং প্রত্যুপকারৈস্তাদৃশী ভবিতুং বয়ং পুরুষজাতয়ো ন প্রভবঃ। কাৎস্ন্যেন যদায়ুস্তেনাপি সংপূর্ণেনাপ্যায়ুষেত্যর্থঃ। বা শব্দাজ্জন্মান্তরৈরপি যে চান্যেঽতিথয়ঃ গুণগৃধ্নবস্তদ্গুণ গ্রাহিণঃ পক্ষে স্বামিত্যেকবচনেন বয়মিতি বহুবচনেন অপ্যায়ুষেত্যাদিনাচ পরিহাসঃ সূচিতঃ ॥ ১৯ ॥

এবং যদ্যপি ত্বদনুকরণমশক্যং তথাপি এতং কামং প্রজাত্যৈ পুত্রোৎপত্ত্যৈ করবাণি নম্বলং বাগ্বিলাসেন কালবিলম্বস্য দুঃখসহত্বা- ত্তূর্ণং তন্নগৃহং প্রবিশেতি তত্রাহ। নাতিরোচন্তি ননিন্দন্তি প্রতিপালয় প্রতীক্ষস্ব ॥ ২০ ॥

নিন্দামগণয়ন্তীং ভীষয়মানঃ শ্রীরুদ্রমনুবর্ণয়তি এষেতি সপ্তভিঃ। ঘোরাণাং ভূতপ্রেতাদীনাং দর্শনং যস্যাং। অতএব ঘোর- তমা ঘোরাণামিতি ঘোরস্বামিকেত্যর্থঃ। ঘোরাণ্যেবাহ চরন্তীত্যাদি ॥ ২১ ॥

ভূতান্যপ্যগণয়ন্তীং পুনরাহ এতস্যামিতি ॥ ২২ ॥

তর্হি তৎ সংমুখত্বমাত্রং বর্জনীয়মিতিচেত্তত্রাহ শ্মশানে যশ্চক্রানিলঃ বাতমণ্ডলী তত্র ধূলি ধূম্রঃ বিকীর্ণো বিক্ষিপ্তো বিদ্যোতো- দ্যুতিমান্ জটাসমূহো যস্য সঃ। ভস্মনা অবগুণ্ঠ আবরণং যস্য তথাভূতোঽমলঃ স্বর্ণবদ্দেহো যস্য সদেব ত্রিভিঃ সোমার্কাগ্নিনেত্রৈঃ

প্রত্যুপকার করিয়া তোমার অনুকরণ করিতে সমর্থ হইব না এবং যে সকল ব্যক্তি গুণপ্রিয় তাঁহা- রাও শক্ত হইবেন না ॥ ১৯ ॥

প্রিয়ে। যদিও প্রত্যুপকার করিয়া তোমার সদৃশ কর্ম্ম করা আমাদের দুঃসাধ্য তথাপি পুত্রোৎ- পত্তি নিমিত্ত তোমার এই কামনা এখনি সম্পন্ন করিয়া দিতে পারি, কিন্তু লোকে আমাকে নিন্দা করিবে অতএব মুহূর্ত্ত কাল প্রতীক্ষা কর ॥ ॥ ২০ ॥

প্রিয়ে! এ সময় ঘোর রুদ্রগণের অধিকার,এই বেলা অতি ঘোরতমা এবং ঘোর দর্শনা অর্থাৎ ভূত প্রেতাদির এ সময়ে দর্শন হইয়া থাকে, এখন রুদ্রানুচরেরা সর্ব্বত্র বিচরণ করিতেছে ॥ ২১ ॥

হে সাধ্বি। এখন সন্ধ্যাকাল, এ সময় ভগবান্ ভূতভাবন রুদ্রও আপনার পারিষদ ভূতগণে বেষ্টিত হইয়া পর্য্যটন করিয়াথাকেন ॥ ২২ ॥

হে প্রিয়ে! তাঁহার সম্মুখ পরিত্যাগ করার উপায় নাই তাঁহার মস্তক শ্মশানস্থ বাত মণ্ডলীর ধূলি দ্বারা ধূম্রবর্ণ এবং দ্যুতিমান্ জটাকলাপ পবন বেগে বিক্ষিপ্ত ও নির্ম্মল রজতময় দেহ ভস্মে আবৃত হয় বটে, কিন্তু তিনি চন্দ্র সূর্য্য ও অগ্নিরূপ তিন চক্ষুর্দ্বারা সকল স্থানের সকল বিষয়ই দেখিতেছেন।

তস্মাৎ ...ামলরুক্ম দেহো দেবস্ত্রিভিঃ পশ্যতি দেবরস্তে । ২৩ ॥
ন যস্য লোকে স্বজনঃ পরো বা নাত্যাদৃতো নোত কশ্চিদ্বিগর্হ্যঃ ।
বয়ং ব্রতৈর্যচ্চরণাপবিদ্ধামাশাস্মহে২জাং বত ভুক্তভোগাং ॥ ২৪ ॥
যস্যানবদ্যাচরিতং মনীষিণো গৃণন্ত্যবিদ্যাপটলং বিভিৎসবঃ ।

শ্রীধরস্বামী ।

কাপি নেত্রৈঃ পশ্যতীত্যসোত্তর শ্লোকত্রয়েণ্যনুষঙ্গঃ । একস্য জামাতরঃ পরস্পরং ভ্রাতরো ব্যবহ্রিয়ন্তে অতো মম ভ্রাতাসৌ তব দেবর ইতি লজ্জার্থমুক্তং ॥ ২৩ ॥

নম্নু তথাপি মহত্ত্বেনাদরণীয়স্ত স্বজনস্ত তব স সর্ব্বং ক্ষমেতৈব তত্রাহ । যস্য স্বজনাদি র্নাস্তি সমত্বাদীশ্বরস্য । ঐশ্বর্য্যমেবাহ যেন চরণেনাপবিদ্ধাং নির্ম্মাল্যবৎ দূরতস্ত্যক্তাং । তেন ভুক্তভোগামজাং মায়াং তন্ময়ীং বিভূতিং । মহাপ্রসাদ ইত্যাশাস্মহে ॥ ২৪

অনিষিদ্ধ সুখত্যাগাৎ অসৌ পিশাচ ইতি উপহাসো ন কার্য্য ইত্যাহ দ্বাভ্যাং । যস্য অনবদ্যং বিষয়াসক্তিশূন্যং আচরিতং

ক্রমসন্দর্ভঃ ।

নম্নু শ্মশানাদিসম্বন্ধঃ কথমস্মৈ রোচতে যদি রোচেত তদাস্মাকং দুর্বৃত্তমপি রোচেত । কিঞ্চ যদি দেবর ইত্যুচ্যতে তদাস্মৎ সদৃশ এবাসৌ কথমেতাবদেব বিষয়ঃ স্যাৎ তত্রাহ ন যস্যেতি । মহানুভাবত্বাদস্মভ্যং সর্ব্বসম্পৎ প্রদত্বাৎ তস্যানাদরে দোষ এব স্যাদিতি ভাবঃ । অত্র ভুক্তভোগামিতি যচ্চরণাপবিদ্ধামিতি চ লোকশিক্ষণায় তস্য কাদাচিৎকীং লীলামালম্ব্য সিদ্ধান্তিতং ॥২৪।২৫।২৬

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

পশ্যতীত্যোক্তদপরাধ ফলং সদ্যএব স নো দাস্যতীতি ভাবঃ । স চ তেন নিঃসম্বন্ধো নাপ্যপরিচিতশ্চেত্যাহ দেবর ইতি একস্য জামাতরঃ পরস্পরং ভ্রাতরো ব্যবহ্রিয়ন্তে অতো মম ভ্রাতাসৌ তব দেবর ইতি ত্বং বা কথং ন লজ্জসে ইতি ভাবঃ ॥ ২৩ ॥

নম্বার্ত্তয়া ময়া লজ্জাভয়াভ্যাং জলাঞ্জলির্দত্ত এব ত্বয়াপ্যত্র নভেতব্যমেব মহত্ত্বেনাদরণীয়স্য স্বজনস্য তব সর্ব্বমেবাসৌ দেবঃ ক্ষমেতৈবেতি তত্রাহ নযস্যেতি । যস্য স্বজনাদির্নাস্তি ঈশ্বরত্বেন সর্ব্বত্র সাম্যাদিতি ভাবঃ । ঐশ্বর্য্যমেবাহ যেন চরণেনাপবিদ্ধাং নির্ম্মাল্যবদ্দূরে ত্যক্তাং ভুক্তভোগামজাং তন্ময়ীং বিভূতিং মহাপ্রসাদং বয়মাশাস্মহে তত্রাপি ব্রতৈঃ সকামা বয়ং তদুচ্ছিষ্টবিষয়ভোক্তিনএব ভবাম ইত্যর্থঃ ॥ ২৪ ॥

নম্নু তস্যাপি দিগম্বরতয়া সদৈব স্ত্রিয়া সহ মিথুনীভূয় তিষ্ঠতশ্চিতাভস্মাস্থিভূষণস্য সর্ব্বং সচ্চরিতমহং জানামীতি তত্র হে কুমনীষিণি দিত্তে মত্তঃ সকাশাৎ তচ্চরিতস্য তত্ত্বং শৃণ্বিত্যাহ যস্য অনবদ্যমনিন্দ্যমেব চরিতং তৎসর্ব্বং মনীষিণ এবাদরেণ

প্রিয়ে ! তিনি অন্য ব্যক্তি নহেন তোমার দেবর, যাহারা এক জনের জামাতা হয়, তাহাদের পরস্পর ভ্রাতৃ সম্বন্ধ হইয়া থাকে, তিনিও তোমার পিতার জামাতা অতএব আমার ভ্রাতা হওয়াতে তিনি তোমার দেবর হয়েন, অতএব তুমি কি ইহাতে লজ্জিতা হইবা না ? ॥ ২৩ ॥

প্রিয়ে ! তিনি আমাকে স্বজন বলিয়া ক্ষমা করিবেন এমত মনেও করিও না, ইহলোকে তাঁহার আত্মীয় অথবা পর কেহ নাই এবং তাঁহার আদৃত ও নিন্দনীয়ও কাহাকে দেখি না, প্রিয়ে ! তাঁহার ঐশ্বর্য্যের কথা কি বলিব তিনি যে মায়াময়ী বিভূতিকে ভোগ করিয়া চরণ দ্বারা নির্ম্মাল্যবৎ দূরে পরিত্যাগ করেন, আমরা ব্রত নিয়ম দ্বারা তাঁহার আরাধনা করিয়া তদুচ্ছিষ্ট বিভূতিকে মহাপ্রসাদ বলিয়া প্রার্থনা করিয়া থাকি ॥ ২৪ ॥

প্রিয়ে ! তিনি অনিষিদ্ধ সুখ ত্যাগ করিয়াছেন বলিয়া তাঁহাকে পিশাচ বলিয়া উপহাস করিও না, পণ্ডিত সকল অবিদ্যা পটল ভেদ করিতে ইচ্ছুক হইয়া তাঁহার বিষয়াসক্তি শূন্য আচরণ সর্ব্বদা আদর পূর্ব্বক উচ্চারণ করিয়া থাকেন, তাঁহার বিচিত্র চরিত্রের কথা কি বলিব ? তিনি স্বয়ং পিশাচের ন্যায়

নিরস্তসাম্যাতিশয়োপি যৎ স্বয়ং পিশাচচর্য্যামচরদ্গতিঃ সতাং ॥ ২৫ ॥
হসন্তি যস্যাচরিতং হি দুর্ভগাঃ স্বাত্মন্রতস্যাবিদুষঃ সমীহিতং।
যৈ বস্ত্র মাল্যাভরণানুলেপনৈঃ শ্বভোজনং স্বাত্মতয়োপলালিতং ॥ ২৬ ॥
ব্রহ্মাদয়ো যৎ কৃতসেতুপালা যৎকারণং বিশ্বমিদঞ্চ মায়া।
আজ্ঞাকরী যস্য পিশাচচর্য্যা অহো বিভূম্নশ্চরিতং বিড়ম্বনং ॥ ২৭ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
সৈবং সংবিদিতে ভর্ত্তা মন্মথোন্মথিতেন্দ্রিয়া। জগ্রাহ বাসো ব্রহ্মর্ষে র্বৃষলীব গতত্রপা ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

বিত্তিংসবঃ স্তোতুমিচ্ছবঃ ॥ ২৫ ॥

সমীহিতং অভিপ্রেতং লোকশিক্ষা রূপং। অবিদুষঃ অবিদ্বাংসঃ যদ্বা ন বিদ্বান্ যস্মাৎ ইতি তস্য সর্ব্বজ্ঞস্যেত্যর্থঃ। দুর্ভগানেবাহ যৈরিতি শ্বভোজনং শুনাং ভোজ্যং শরীরং স্বাত্মতয়া অয়মেবাত্মেতি বুদ্ধ্যা ॥ ২৬ ॥

অহো অতর্ক্যং তস্যাচরণমিত্যাহ। ব্রহ্মাদয়ো যেন কৃতান্ সেতূন্ স্ব স্বাধিকারান্ পালয়ন্তি। যঃ কারণং যস্য যেন কৃতমিদং বিশ্বং মায়াচ যস্যাজ্ঞাকরী বিভূম্নঃ পরমেশ্বরস্য বিড়ম্বনং অতর্ক্যমিত্যর্থঃ ॥ ২৭ ॥

ভর্ত্তা নিরূপকেণ এবং সম্বিদিতে জ্ঞাপিতেপি সতি। বৃষলীব বেশ্যেব ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

সমীহিতং দেহস্য কুৎসিতত্বং দর্শয়িত্বা স্বাত্মনিষ্ঠা কর্ত্তব্যেতি লোকবিশেষং প্রতি শিক্ষারূপং গুণাবতারত্বেন পরমেশ্বরাভেদ দৃষ্ট্যাহ ব্রহ্মাদয় ইতি বিড়ম্বনং দেহস্য ভাবি দশানুকরণেন বৈরাগ্যবোধকং ইত্যর্থঃ ॥ ২৭। ২৮। ২৯। ৩০। ৩১। ৩২। ৩৩। ৩৪। ৩৫

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গৃণন্তি তে সংসারান্মুক্তা ভবন্তীত্যর্থঃ নিরস্তেতি ভগবতা সহৈক্যাৎ যদ্বা নিরস্তঃ সাম্যেন সাম্যগুণবত্বেন অতিশয়ো যস্মাৎ সঃ ॥ ২৫

যেতু নিন্দন্তি তে সংসারে বদ্ধা ভবন্তীত্যাহ হসন্তীতি। দুর্ভগাঃ নকস্যাপ্যনুকম্প্যা ইত্যর্থঃ। স্বাত্মন্ স্বস্যাত্মনি শ্রীকৃষ্ণে রতস্য সমীহিতমভিপ্রায়ং অবিদুষোঽবিদ্বাংসঃ। সমীহিতঞ্চেদং। সমীচীন গন্ধপুষ্পবস্ত্রাভরণাদীনি মৎপ্রভো র্ভগবত এবার্হাণীতি তস্মৈ দত্তান্যতো নাহমুপভুঞ্জ ইত্যেবং রূপং। যৈ দুর্ভগৈঃ শ্বভোজনং শুনা ভোজ্যং শরীরং স্বাত্মতয়া অয়মেবাত্মেতি বুদ্ধ্যা বস্ত্রাদিভিরুপলালিতং ॥ ২৬ ॥

তত্র বিশ্বেশ্বরে কে বয়ং বরাকা ইত্যাহ ব্রহ্মাদয়োপি যৎকৃতান্ সেতূন্ সাম্যং স্ত্রীসঙ্গং ভোজন স্বাপ ত্যাগাদিরূপমর্য্যাদাঃ পালয়ন্তি। সএব কারণং যস্য তৎ মায়াচ যস্যাধীনা তস্যাপ্যহো চিত্রং পিশাচচর্য্যা তস্মাদ্বিভূম্নঃ পরমেশ্বরস্য চরিতং সর্ব্বং বিড়ম্বনমনুকরণমাত্রমেব ॥ ২৭ ॥

ভর্ত্রা এবং সংবিদিতে জ্ঞাপিতেপি সতি যদ্বা ভর্ত্রা হেতুনা এবং জ্ঞাপিতে সতি বৃষলীব বেশ্যেব। কামো বিবেকং গ্রসতি

আচরণ করিয়া থাকেন ॥ ২৫ ॥

প্রিয়ে! যে সকল ব্যক্তি দুর্ভগ ও অনভিজ্ঞ এবং কুক্কুরের ভোজ্য এই দেহকে আত্ম বোধ করিয়া বস্ত্র, মাল্য, আভরণ এবং অনুলেপন দ্বারা ইহার লালন পালন করে তাহারা আত্মরত ঐ দেবের অভিপ্রায় না বুঝিতে পারিয়া আচরণ দেখিয়াই উপহাস করে ॥ ২৬ ॥

ফলতঃ তাঁহার আচরণ তর্কের গম্য নহে, তাঁহার প্রমাণ দেখ, ব্রহ্মাদি দেবগণ তাঁহার কৃত স্ব স্ব অধিকার পালন করিতেছেন, তিনিই সকলের কারণ এবং তিনিই এই বিশ্ব নির্ম্মাণ করিয়াছেন, তাঁহারই আজ্ঞাকরী মায়া, তাঁহারই পিশাচবৎ আচার, ইঁহার চরিত্র অতর্ক্য ব্যতীত আর কি বলিব? ॥ ২৭

মৈত্রেয় কহিলেন অহে বিদুর! দিতির ইন্দ্রিয়গণ কামবশতঃ উন্মথিত হইয়াছিল অতএব তাঁহার

স বিদিত্বাথ ভার্য্যায়াস্তং নির্ব্বন্ধং বিকর্ম্মণি। নত্বা দিষ্টায় রহসি তয়াথোপবিবেশহ ॥ ২৯ ॥
অথোপস্পৃশ্য সলিলং প্রাণানায়ম্য বাগ্‌যতঃ। ধ্যায়ন্ জজাপ বিরজং ব্রহ্মজ্যোতিঃ সনাতনং ॥৩০
দিতিস্তু ব্রীড়িতা তেন কর্ম্মাবদ্যেন ভারত। উপসঙ্গম্য বিপ্রর্ষিমধোমুখ্যভ্যভাষত ॥ ৩১ ॥
শ্রীদিতিরুবাচ ॥
ন মে গর্ভমিমং ব্রহ্মন্ ভূতানামৃষভোঽবধীৎ। রুদ্রঃ পতি র্হি ভূতানাং যস্যাকরবমংহসং ॥ ৩২ ॥
নমো রুদ্রায় মহতে দেবায়োগ্রায় মীঢ়ুষে। শিবায় ন্যস্তদণ্ডায় ধৃতদণ্ডায় মন্যবে ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

বিকর্ম্মণি নিষিদ্ধে দিষ্টায় দৈবরূপায় ঈশ্বরায় উপবিবেশেতি মৈথুনং লক্ষ্যতে ॥ ২৯ ॥
উপস্পৃশ্য স্নাত্বা ভর্গঃ শব্দবাচ্যং বিরজং জ্যোতির্ধ্যায়ন্ সনাতনং ব্রহ্ম গায়ত্রীং প্রণবং বা জজাপ ॥ ৩০ ॥
কর্ম্মাবদ্যেন কর্ম্মদোষেণ ॥ ৩১ ॥
নাবধীৎ মাহন্ত্বিত্যর্থঃ বধশঙ্কাবীজমাহ রুদ্র ইতি অংহসং অংহঃ অপরাধং অকরবম্ কৃতবত্যস্মি ॥ ৩২ ॥
রুৎ দুঃখং তৎ দ্রাবয়তীতি রুদ্রঃ তস্মৈ উগ্রায় অনতিলঙ্ঘ্যায় মীঢ়ুষে সকামেষু ফলসেচনকর্ত্রে। নিষ্কামেষু শিবায়। বস্তুতো-ন্যস্তদণ্ডায় দুষ্টেষু ধৃতদণ্ডায় সংহারে মন্যবে ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বীয়মন্যৈশ্চ দর্শিতং। অত্র প্রমাণং ব্রহ্মৈব পুংসঃ স্ত্রীষ্চ্যতে দিতিঃ ॥ ২৮ ॥
দিষ্টায় স্বাদৃষ্টায় উপবিবেশ রেমে ॥ ২৯ ॥
উপস্পৃশ্য স্নাত্বা আচম্য জজাপ প্রণবং গায়ত্রীম্বা ॥ ৩০ ॥
কর্ম্মাবদ্যেন কর্ম্মদোষেণ ॥ ৩১ ॥ ন অবধীৎ মাহন্ত্বিত্যর্থঃ ॥ ৩২ ॥
পশ্চাত্তাপবতী প্রণমতি। রুদ্রায় মাং রোদয়িষ্যতে কিম্বা মম রুৎ রোদনং কৃপয়া দ্রাবয়িষ্যতে দূরীকরিষ্যতে। যস্তো মহতে দেবায় মদপরাধং ক্ষমিষ্যমাণায়। কিম্বা উগ্রায় মদগর্ভমিমং হনিষ্যতে কিম্বা মীঢ়ুষে মন্মনোরথশাখিনং কৃপামৃতেনাভিষেক্ষ্যতে যতঃ শিবায় নিরস্তদণ্ডায় কিং বা ধৃতদণ্ডায় মাং দণ্ডয়িষ্যতে যতো মন্যবে মন্যুস্বরূপায় ॥ ৩৩ ॥

স্বামী ঐ প্রকারে প্রবোধ প্রদান পূর্ব্বক বিজ্ঞাপন করিলেও তিনি বেশ্যার ন্যায় লজ্জা পরিত্যাগ করিয়া ব্রহ্মর্ষি কশ্যপের বসন ধারণ করিলেন ॥ ২৮ ॥

ঋষিবর কশ্যপ ভার্য্যার প্রার্থিত বিষয়ে নির্ব্বন্ধ জানিয়া নিষিদ্ধ কর্ম্মে প্রবৃত্ত হইবার নিমিত্ত দৈবরূপ পরমেশ্বরকে প্রণাম করিলেন, পরে নির্জনে গমন করিয়া প্রিয়তমার সহিত রমণে প্রবৃত্ত হইলেন ॥ ২৯॥

হে বিদুর! রমণানন্তর মুনিবর সলিলে স্নান করিয়া প্রাণায়াম করিলেন এবং মুনিব্রত হইয়া জ্যোতির্ময় পরব্রহ্মের ধ্যান করত গায়ত্রী জপ করিতে লাগিলেন ॥ ৩০ ॥

কিন্তু ঐ দোষাবহ কর্ম্ম নিমিত্ত দিতির অতিশয় লজ্জা হইল তিনি স্বামির নিকটে গমন করিয়া অধোবদনে বলিতে লাগিলেন ॥ ৩১ ॥

ব্রহ্মন্! রুদ্র, ভূত সকলের পতি, আমি এই গর্হিত কর্ম্মে তাঁহার নিকট অপরাধিনী হইলাম, আপনি এই রূপ অনুগ্রহ করুন যে ঐ ভূতপতি যেন আমার গর্ভ বিনষ্ট না করেন ॥ ৩২ ॥

অপর আমি সেই মহৎ দেবকে নমস্কার করি, তাঁহার নাম রুদ্র, তিনি নাম গুণে রুৎ অর্থাৎ দুঃখকে বিদ্রাবণ করেন। পরন্তু তিনি উগ্র অর্থাৎ অলঙ্ঘ্য এবং সকাম পুরুষের ফলদাতা ও নিষ্কাম ব্যক্তির পরম মঙ্গল স্বরূপ। আর তাঁহার হস্তে কোন দণ্ড নাই সত্য, কিন্তু দুষ্টগণের প্রতি দণ্ড ধারণ করিয়া থাকেন, অপর তিনিই সংহার সময়ে মন্যু স্বরূপ হয়েন তাঁহাকে নমস্কার ॥ ৩৩ ॥

স নঃ প্রসীদতাং ভামো ভগবানুরুবনুগ্রহঃ। ব্যাধস্যাপ্যনুকম্প্যানাং স্ত্রীণাং দেবঃ সতীপতিঃ ॥৩৪

শ্রীমৈত্রেয় উবাচ ॥

স্বসর্গস্যাশিষং লোক্যামাশাসানাং প্রবেপতীং। নিবৃত্তসন্ধ্যানিয়মো ভার্য্যামাহ প্রজাপতিঃ ॥ ৩৫

শ্রীকশ্যপ উবাচ ॥

অপ্রায়ত্যাদাত্মনস্তে দোষান্মৌহূর্ত্তিকাদুত। মন্নিদেশাতিচারেণ দেবানাঞ্চাতিহেলনাৎ ॥ ৩৬ ॥

ভবিষ্যতস্তবাভদ্রাবভদ্রে জাঠরাধমৌ। লোকান্ সপালাং স্ত্রীংশ্চণ্ডি মুহুরাক্রন্দয়িষ্যতঃ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

ভামো ভগিনীপতিঃ উরুরনুগ্রহো যস্য সঃ ব্যাধস্য নির্দ্দয়স্যাপি সতীপতিরিত্যনেন স্ত্রীণাং স্বভাবং স্বয়মপি বেত্তীতি সূচয়তি ॥৩৪

স্বসর্গস্য স্বসন্তানস্য আশিষং শুভং লোক্যাং লোকদ্বয়ার্হাং সন্ধ্যায়াং যো নিয়মঃ স নিবৃত্তো যস্য সঃ ॥ ৩৫ ॥

তে আত্মনশ্চিত্তস্য অপ্রায়ত্যাদশুচিত্বাৎ। মৌহূর্ত্তিকাৎ দোষাৎ সন্ধ্যা রূপাৎ উত অপি মম নির্দ্দেশস্যাজ্ঞায়া অতিচারেণ অতিক্রমেণ দেবানাং রুদ্রানুচরাণাং ॥ ৩৬ ॥

এতৈশ্চতুর্ভির্হেতুভিঃ জাঠরাধমৌ পুত্রাপসদৌ হে চণ্ডি হে কোপনে ॥ ৩৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

অপ্রায়ত্যাদিতিযুগ্মকং। মুহূর্ত্তঃ সন্ধ্যারূপঃ তত্তবাদ্দোষাৎ ॥ ৩৬ ॥

যদা লোকানাক্রন্দয়িষ্যতঃ তদা প্রাণিনাং হন্যমানানাং স্ত্রীণাঞ্চ নিগৃহ্যমাণানাং সম্বন্ধে মহাত্মসু কোপিতেষু সৎস্বিত্যন্বয়ঃ ॥৩৭ ৩৮। ৩৯। ৪০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবং সংশয়ানৈব স্তবানা স্বদৈন্যং দর্শয়ন্তী তস্মাদভয়ং প্রার্থয়তে। ভামো ভগিনীপতিঃ উরুরনুগ্রহো যস্য সঃ। ব্যাধস্য নির্দ্দয়স্যাপি সতীপতিরিতি স্ত্রীণাং স্বভাবং স স্বয়মেব বেত্তীতি সূচয়তি। যদ্বা সত্যা অপ্যনুরোধেন তদ্ভগিনীং মাং মা দণ্ডয়ত্বিতি সা সতী মদপরাধং মার্জয়ত্বিতি বা ভাবঃ ॥ ৩৪ ॥

স্বসর্গস্য স্বসন্তানস্য লোক্যাং লোকদ্বয়ার্হাং ॥ ৩৫ ॥

তে তব আত্মনো মনসোঽপ্রায়ত্যাদপাবিত্র্যাৎ ক্রূরমনসৌ। মুহূর্ত্তঃ সন্ধ্যারূপো ঘোরস্তত্তবাদ্দোষাদ্ঘোরৌ সন্ধ্যায়াং দ্বিঘটিকত্বাচ্চ দ্বৌ। মম নির্দ্দেশস্য আজ্ঞাবাক্যস্য অতিচারেণাতিক্রমেণচ ধর্ম্মমর্য্যাদাভঞ্জনৌ দেবানাং শ্রীরুদ্রাণাং হেলনাচ্চ ভগবদ্দ্বেষিণৌ হে অভদ্রে ইতি তবৈবাভদ্রাণি ত্বৎপুত্রয়োঃ সঙ্করিষ্যন্তীতি ভাবঃ ॥ ৩৬ ॥

জাঠরৌ তজ্জঠরভবৌ অধমৌ পুত্রৌ এবং ব্যস্তাৎসমস্তাচ্চ দোষাৎ লোকানামিত্যাদি। হে চণ্ডীতি মদ্ধর্ম্মবাক্যেপি যত্ত্বয়া প্রাচণ্ড্যং কৃতং তস্যেদং ফলং ভুঙ্ক্ষ ইতি কামক্রোধয়োস্ত্বং খনিরেবাসীতি কশ্যপস্যাপি তস্যাং কোপো ব্যক্তঃ ॥ ৩৭ ॥

অপিচ সেই ভগবান্ আমার ভগিনীপতি তাঁহার অতিশয় অনুগ্রহ আছে, আমি স্ত্রীজাতি নির্দ্দয় ব্যাধেরাও স্ত্রীগণের প্রতি অনুগ্রহ করিয়া থাকে, তিনিও সতীর পতি, স্ত্রীলোকের স্বভাব ভাল রূপে জ্ঞাত আছেন, সে সকল বিবেচনা করিয়া আমার প্রতি প্রসন্ন হউন ॥ ৩৪ ॥

মৈত্রেয় কহিলেন অহে বিদুর! প্রজাপতি কশ্যপ সন্ধ্যাকালীন নিয়ম ভঙ্গ হওয়াতে ক্ষুব্ধ হইয়াছিলেন, তাহাতে দিতি কম্পিত কলেবর হইয়া আপনার সন্তানদ্বয়ের লোক দ্বয়ার্হ কল্যাণ ঐ প্রকারে প্রার্থনা করিলেও তাঁহাকে কহিলেন ॥ ৩৫ ॥

অয়ি অধীরে! তোমার চিত্ত অপবিত্র এবং এই সন্ধ্যারূপ মুহূর্ত্তের দোষ আছে, আর আমার আজ্ঞার অতিক্রম এবং রুদ্রানুচরগণের অবহেলন হইল ॥ ৩৬ ॥

এই চারিটী কারণে হে অভদ্রে! তোমার উদরে অভদ্র স্বরূপ দুইটী অধম পুত্র জন্মিবে। হে কোপনে! তাহারা লোকপাল সহ ত্রিলোকীকে মুহুর্মুহুঃ বেদনা প্রদান করিবে ॥ ৩৭ ॥

প্রাণিনাং হন্যমানানাং দীনানামকৃতাগসাং। স্ত্রীণাং নিগৃহ্যমানানাং কোপিতেষু মহাত্মসু ॥ ৩৮ ॥

তদা বিশ্বেশ্বরঃ ক্রুদ্ধো ভগবান্ লোকভাবনঃ। হনিষ্যত্যবতীর্য্যাসৌ যথাদ্রীন্ শতপর্ব্বধৃক্ ॥ ৩৯

শ্রীদিতিরুবাচ ॥

বধং ভগবতা সাক্ষাৎ সুনাভোদারবাহুনা। আশাসে পুত্রয়োর্মহ্যং মাক্রুদ্ধাদ্ব্রাহ্মণাৎ প্রভো ॥ ৪০

ন ব্রহ্মদণ্ডদগ্ধস্য নভূতভয়দস্যচ। নারকাশ্চানুগৃহ্নন্তি যাং যাং যোনিমসৌ গতঃ ॥ ৪১ ॥

শ্রীকশ্যপ উবাচ ॥

কৃতশোকানুতাপেন সদ্যঃ প্রত্যবমর্ষণাৎ। ভগবত্যুরুমানাচ্চ ভবে ময্যপি চাদরাৎ ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

হন্যমানানাং সতাং ॥ ৩৮ ॥

শতপর্ব্বধৃক্ বজ্রধর ইন্দ্রঃ ॥ ৩৯ ॥

সুনাভেনোপলক্ষিতা বাহবর্যস্য মহ্যং মম। কোপিতেষ্বিত্যুক্তত্বাৎ শঙ্কিতচিত্তা সতী প্রার্থয়তে ব্রাহ্মণান্মাভূদিতি ॥ ৪০ ॥

নারকা অপি তথা যাং যাং যোনিমসৌ গতো ভবতি তত্রস্থাশ্চ নানু গৃহ্নন্তি কৃপাং ন কুর্ব্বন্তি ॥ ৪১ ॥

কৃতো যোঽপরাধ স্তেন শোকঃ ততোঽনুতাপ স্তেন। প্রত্যবমর্ষণাৎ যুক্তাযুক্ত বিচারাৎ ভগবতি হরৌ ভবে শ্রীরুদ্রে এতৈঃ

ক্রমসন্দর্ভঃ।

নানুগৃহ্নন্তি ন নিকট গমনাদিকমনুমন্যন্তে ॥ ৪১ ॥

কৃতেতি সার্দ্ধকং ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিয়ন্তয়োরায়ুরিতি চেৎ শৃণ্বিত্যাহ। প্রাণিনামিত্যাদি প্রাণিষ্বিত্যর্থঃ। শতপর্ব্বধৃক্ বজ্রধর ইন্দ্র ইব ॥ ৩৮ ॥

সুনাভেন চক্রেণ উদারো বাহুর্যস্য তেনেতি তস্য তমতিসুন্দরং বাহুমুন্নমস্তঃ পুত্রৌ মে দ্রক্ষ্যত ইতি ভাগ্যবন্তাবেব পুত্রৌ মে ভবিষ্যতঃ তথা মরণস্যাবশ্যকত্বেপি তদ্ধস্ততো মরণাৎ সর্ব্বপাপেভ্যো নিস্তারশ্চ তয়োর্ভাবী। আশাসে বাঞ্ছামি মহ্যং মামপি নিস্তারয়িতুমিতি তাদৃশপুত্রয়োর্মাতা অহমপি জন্মমধ্যেপ্যদৃষ্টভগবদ্রূপাপি পুত্র সম্বন্ধেন ভগবদ্দর্শিনীবাভিমংস্যে। ক্রুদ্ধাদ্বিপ্রাদ্বধং মা আশাসে ইতি। কোপিতেষু মহাত্মস্বিতি ত্বদুক্ত্যা ব্রহ্মশাপাদেব পুত্রৌ মে মরিষ্যত ইতি শঙ্কিতচিত্তা ব্যাকুলৈবাহমথিদ্যং সংপ্রতি ভগবদ্ধস্ততো বধং শ্রুত্বা স্থিরচিত্তৈ বাভূবমিতি ভাবঃ ॥ ৩৯ ॥ ৪০ ॥

যতঃ নব্রহ্মেত্যাদি দ্বিতীয়ার্থে ষষ্ঠ্যৌ নারকা অপি তথা যাং যাং যোনিমসৌ গতো ভবতি তত্রস্থাশ্চ নানুগৃহ্নন্তি ॥ ৪১ ॥

কৃতো যোঽপরাধস্তেন শোক স্ততোঽনুতাপস্তেন। প্রত্যবমর্ষণাৎ যুক্তাযুক্তবিচারাৎ এতৈঃ পঞ্চভিঃ কারণৈঃ পুত্রস্য হিরণ্য-

কিন্তু যখন নিরপরাধ দীনহীন প্রাণিদিগকে বধ করিতে এবং স্ত্রীগণকে নিগ্রহ করিতে আরম্ভ করিয়া মহাত্মা সকলের কোপ উদ্ভাবন করিবে ॥ ৩৮ ॥

তখন লোক ভাবন ভগবান্ বিশ্বেশ্বর ক্রুদ্ধ হইয়া অবতার গ্রহণ পূর্ব্বক যেমন বজ্রধর ইন্দ্র, পর্ব্বত সকলে বজ্রাঘাত করিয়াছিলেন তাহার ন্যায়, তাহাদিগকে বিনষ্ট করিবেন ॥ ৩৯ ॥

দিতি কহিলেন প্রভো! আমার সন্তান দুইটী যদি নিতান্তই বধ্য হয় তবে এই প্রার্থনা করি, যে ভগবানের বাহু সুনাভচক্র দ্বারা উদার হইয়াছে তিনি স্বয়ং যেন তাহাদিগকে বধ করেন, ক্রুদ্ধ ব্রাহ্মণের শাপ হইতে যেন তাহারা বিনষ্ট না হয় ॥ ৪০ ॥

কারণ যে ব্যক্তি ব্রহ্মদণ্ডে দগ্ধ এবং ভূত সকলের ভয়প্রদ হয়, তাহাকে নারকিরাও কৃপা করে না এবং সে ব্যক্তি যে যে যোনিতে জন্ম প্রাপ্ত হয়, তত্রত্য প্রাণিগণেরও অনুগ্রহ ভাজন হইতে পারে না ॥ ৪১

কশ্যপ কহিলেন প্রিয়ে! তুমি যে অপরাধ করিলে তাহার নিমিত্ত শোক ও অনুতাপ করিতেছ

ননু লোকাঃ পিত্রাদয়ঃ তদাজ্ঞানুবর্ত্তিনঃ পুত্রভ্রাত্রাদয়শ্চ লোকতো ধর্ম্মতশ্চ যশস্বিনঃ সুখিনশ্চ দৃশ্যন্তে কিমিতি তান্ সকামত্বান্নিন্দসি। পিত্রাদীন্ দুঃখদত্বাৎ নিষ্কামভক্তানাং নিষ্পরিগ্রহাণাং কিং সুখং কিং বা যশো যতস্তানভিনন্দসি ইতি তত্রাহ দ্বাভ্যাং। লোকানিতি পশূনিতি তেষাং পশুবাত্তত্ত্যাগে দোষো নাস্তীতি ভাবঃ। যদ্বা লোকান্ ন্যায়মীমাংসাদি শাস্ত্রাভিজ্ঞান্ তদনুগতাং স্তদুপদেশবাক্যেষু বিশ্বসতঃ শাস্ত্রানভিজ্ঞান্ তেষামুভয়েষামপি পশুত্বং ভক্তিরাহিত্যাৎ। চরণমেবাতপত্রমাশ্রিতা ইতি নিরাতপত্রাঃ পশবস্ত আজন্মাস্ত এবেতি ভাবঃ। তেষাং সুখমপরমপ্যাহ ত্বদ্গুণানাং বাদঃ কথনমেব সংসারবিস্মারকত্বাৎ সীধু মৃত্যু দূরীকরণাদতিস্বাদুত্বাচ্চ পীযূষং তেনৈব তৎ পানেনৈব নির্ব্বাপিতা দেহধর্ম্মা বাল্যপৌগণ্ডাদয়ঃ ক্ষুৎপিপাসাদয়ো বা যৈ স্তে ভবন্তীতি ক্রিয়য়া অন্বয়ঃ। ১৬ ॥

আপনার চরণে পূজোপহার আহরণ করিতেছি এবং পত্নী লাভ করিতে অভিলাষ করিতেছি। প্রভো। কলত্র প্রার্থনা কেবল লোকানুগত নহে, ভার্য্যা ব্যতিরেকে দেব, ঋষি, পিতৃ এই তিনের ঋণ হইতে মুক্ত হইবার সম্ভাবনা নাই, তজ্জন্যই সহধর্ম্মিণী প্রার্থনা করিতেছি। ১৫ ॥

হে বিভো। আপনি কালরূপী এ নিমিত্ত আপনাকে ভয় করিয়া আমরা কর্ম্ম করিয়া থাকি, কিন্তু যাঁহারা আপনকার ভক্ত তাঁহাদের কোন ভয়ই নাই, যে হেতু তাঁহারা কামোপহত লোকদিগকে এবং ঐ সকল লোকের অনুগামী অস্মৎসদৃশ কর্ম্মজড় পশুদিগকে অনাদর করিয়া আপনার পাদপদ্ম আশ্রয় করিয়াছেন, তাহাতে তাঁহাদের দেহধর্ম্ম অর্থাৎ ক্ষুৎ পিপাসাদি আপনকার গুণ কথা রূপ পীযূষ পানেই নিবারিত হয় ॥ ১৬ ॥

ন তেঽজরাক্ষভ্রমিরায়ুরেষাং ত্রয়োদশারং ত্রিশতং ষষ্টিপর্ব্ব।
ষণ্নেম্যনন্তচ্ছদি যৎ ত্রিনাভি করালস্রোতো জগদাচ্ছিদ্য ধাবৎ॥ ১৭॥
একঃ স্বয়ং সন্ জগতঃ সিসৃক্ষয়া দ্বিতীয়য়াত্মন্নধিযোগমায়য়া।

শ্রীধরস্বামী।

তব যৎ ত্রিনাভি কালচক্রং তৎ জগদাচ্ছিদ্য জগদাকৃষ্য ধাবদপি এষাং স্বভক্তানাং আয়ুরাচ্ছিদ্য ধাবন্ন ভবতি। কথং ভূত মজরং ব্রহ্ম। তদেবাক্ষস্তস্মিন্নক্ষরূপে ভ্রমি র্ভ্রমণং ভ্রমদিতি বক্তব্যে অতিভ্রমণশীলত্বাৎ উপচারেণ ভ্রমিরিত্যভেদ নির্দ্দেশঃ। অধিমাসেন সহ ত্রয়োদশ মাসা অরা যস্য। ত্রিশতং ষষ্টিশ্চাহোরাত্রাঃ পর্ব্বাণি যস্য শতশব্দে বিভক্তে রলুগার্ষঃ ষট্ ঋতবো নেময়ো যস্য। অনন্তাঃ ক্ষণলবাদয়শ্ছদা পত্রাণি পত্রাকারা ধারাঃ সন্তি যস্য। ত্রীণি চাতুর্ম্মাস্যানি নাভয়ঃ আধার ভূতানি বলয়ানি যস্য। করাল স্রোতস্তীব্রবেগং। এতৈর্ব্বিশেষণৈরেব বৎসরাত্মকং চক্রমুক্তং ইতি দ্রষ্টব্যং॥ ১৭॥

নহু নিরুপাধিমুদাসীনং মাং কিং যাচসে। তথাপি মায়য়া বিশ্বসৃষ্ট্যাদি কর্ত্তৃত্বাৎ ত্বমেব যাচ্য ইত্যাহ। স্বয়মেক এব সন্নপি : আত্মন্যধিকৃতয়া যোগমায়য়া হেতুনা যাঃ স্বীকৃতাঃ শক্তয়ঃ সত্ত্বাদ্যাঃ তাভিঃ অদো বিশ্বং। স্বব্যতিরিক্ত সাধনানপেক্ষত্বে দৃষ্টান্তং যথেতি॥ ১৮॥

ক্রমসন্দর্ভঃ।

টীকায়াং ত্রিগুণেত্যধিকমেবাত্র ভাতি ত্রিনাভি শব্দাৎ তথৈব ব্যুৎপাদ্যত্বাৎ। পাঠস্তু ত্রিনাভীতোব সৎ পুস্তকে॥ ১৭॥

সকামৈরপি সর্ব্বাত্মা ভবানেব প্রার্থ্য ইত্যভিপ্রায়েণাহ। এক ইতি। সিসৃক্ষয়া হেতুনা আত্মন্ আত্মন্যধিকৃতা যা যোগমায়া তয়া চাধিকৃতা যাঃ স্বশক্তয়ঃ তাভিঃ সর্ব্বত্রৈব বিশেষণং। অদ্বিতীয়য়েতি। অর্থবশাদ্বিভক্তিবিপরিণামঃ। ভবানিতি কচিৎ পাঠঃ॥১৮

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তএব কালং জয়ন্তি নান্যে ইত্যাহ ন তে ইতি যত্রিনাভি কালচক্রং তজ্জগদাচ্ছিদ্য সংহৃত্য ধাবদপি এষাং স্বভক্তানাং আয়ুরাচ্ছিদ্য ধাবন্নভবতীত্যন্বয়ঃ। কথম্ভূতং অজরং ব্রহ্ম তস্মিন্নক্ষরূপে ভ্রমিঃ। ভ্রমদিতি বক্তব্যে অতিভ্রমণশীলত্বাৎ উপচারেণ ভ্রমিরিত্যভেদনির্দ্দেশঃ। অধিমাসেন ত্রয়োদশমাসা অরা যস্য তৎ। ত্রিশতং ষষ্টিশ্চাহোরাত্রাঃ পর্ব্বাণি যস্য তৎ। শত শব্দে বিভক্তেরলুগার্ষঃ। ষট্ ঋতবো নেময়ো যস্য। অনন্তাঃ ক্ষণলবাদয়শ্ছদা পত্রাণি পত্রাকারা ধারাঃ সন্তি যস্য। ত্রীণি চাতুর্ম্মাস্যানি নাভয়ঃ আধারভূতানি বলয়ানি যস্য করালস্রোতস্তীব্রবেগং। এতৈর্ব্বিশেষণৈরেব সংবৎসরাত্মকং কালচক্রমুক্তমিতি দ্রষ্টব্যং॥১৭॥

নম্বেবং নিষ্কামভক্তানেব ধন্যান্ ব্রূষে অথচ নিষ্কামো ভবিতুং ন শক্নোষি তর্হি ত্বমাদেব দেবতান্তরাৎ শীঘ্রফলপ্রদাৎ কথং স্বকামং ন সাধয়সি তত্র ত্বাং বিনা জগত্যস্মিন্নন্যং কমপি নপশ্যামীত্যাহ স্বয়মেক এব সন্নপি ইচ্ছায়া দ্বিতীয়ত্বাভাবাৎ অদ্বিতীয়য়া সিসৃক্ষয়া যথা তব সিসৃক্ষা ব্রহ্মাদি সিসৃক্ষৈব নান্যানুরোধবতীত্যর্থঃ। আত্মনি স্বস্মিন্নধিগতঃ প্রাপ্তঃ ঈক্ষণযোগাৎ যোগো যস্যা তয়া মায়য়া সৃষ্ট্যাদিকং করোষি যথা আত্মন্যধিকৃতয়া যোগমায়য়া চিচ্ছক্ত্যা হেতুনা যাঃ স্বীকৃতাঃ সত্ত্বাদ্যাঃ শক্তয়স্তাভিরদো

সুতরাং আপনকার ত্রিনাভি রূপ কালচক্র এই জগৎকে আকর্ষণ করিয়া ধাবমান হইতে থাকিলেও ঐ সকল ভক্তজনের আয়ুকে বল দ্বারা হরণ করিয়া লইয়া যাইতে পারে না, প্রভো! আপনকার এই কালচক্র অতি আশ্চর্য্য! উহা অজর ব্রহ্ম স্বরূপ অক্ষের উপরে নিরন্তর ভ্রমণ করিতেছে, মলমাসের সহিত ত্রয়োদশ মাস ইহার ত্রয়োদশ আর, ইহাতে তিন শত ষষ্টি অহোরাত্র রূপ তিনশত সাইটটা পর্ব্ব আছে, ছয় ঋতু ইহার ছয়টা নেমি, অসংখ্য ক্ষণ লবাদি ইহাতে পত্রাকার ধারা, তিন চাতুর্মাস্য ইহার নাভি অর্থাৎ আধার স্বরূপ বলয়, ইহার বেগ অতি তীব্র অতএব ইহা দুরতিক্রম্য॥ ১৭॥

হে ভগবন্! আপনি স্বয়ং এক হইয়াও জগতের সৃজন বাসনায় আত্মাতে অধিকৃত দ্বিতীয় যোগ মায়ার প্রভাবে সত্ত্বাদি শক্তি ত্রয় স্বীকার পূর্ব্বক সেই তিনটী শক্তি দ্বারা ঊর্ণনাভি অর্থাৎ মাকড়সার

সৃজস্যদঃ পাসি পুনর্গ্রসিষ্যসে যথোর্ণনাভি র্ভগবান্ স্বশক্তিভিঃ ॥ ১৮ ॥
নৈতদ্বতাধীশ পদং তবেপ্সিতং যন্মায়য়া নস্তনুষে ভূতসূক্ষ্মং।
অনুগ্রহায়াস্ত্বপি যর্হি মায়য়া লসত্তুলস্যা ভগবান্ বিলক্ষিতঃ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

যদ্যপি মায়িকত্বাদ্ভক্তেভ্যো বিষয়সুখং দাতুং নেচ্ছসি তথাপ্যস্মদভিপ্রায়ানুসারেণ সম্পাদয়েত্যাহ নৈতদিতি। হে অধীশ নোঽস্মাকং ভজতাং ভূতসূক্ষ্মরূপং পদং শব্দাদি বিষয় সুখং মায়য়া তনুষে বিস্তারয়সীতি যৎ এতৎ তব যদ্যপীপ্সিতং ন ভবতি তথাপ্যস্মদনুগ্রহায়াস্তু ঋণত্রয়াপাকরণানন্তরমেবাপবর্গায় ভবত্বিত্যর্থঃ। যর্হি যতঃ মায়য়া পরিচ্ছিন্ন ইব লসন্ত্যা তুলস্যা যুক্তস্ত্বং বিলক্ষিতোসি। এবম্ভূতস্য তব দর্শনং যতো ভুক্তিমুক্তিপ্রদমিত্যর্থঃ। ১৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

অতঃ সকামত্বাত্তস্তো বহির্মুখ এব মাদৃশ স্বংতু তত্রাপি পরম কৃপালুরিত্যাহ। নৈতদিতি। যৎ শব্দাদি রূপং বিষয়মস্মভ্যং তনুষে এতত্তব ঈপ্সিতং ন স্যাৎ কথং তর্হি তনোমি তত্রাহ। মায়য়া ব্যাজেনৈব মিথেনাগ্রজেন স্বপ্নিং সুৎ স্নেহবর্দ্ধনার্থমিতি বালানুজায় খণ্ডলড্ডুক দানবৎ তদ্ব্যাজেনাত্মনি স্নেহমেব বর্দ্ধয়িতুমিত্যর্থঃ। অতস্তদ্দানমনুগ্রহায়াস্তু ভবেৎ। তত্র লিঙ্গং। যর্হি যদ্বরদান সময়ে মায়য়া কৃপয়া হেতু ভূতয়া ত্বং দৃষ্টোসি তত্রাপি লসন্ত্যা ভক্তজনদৃষ্টেঃ পরম সুখদয়া তুলস্যা যুক্ত ইতি ভগবানিত্যত্র তনুবেতি পাঠে তাদৃশ তুলসিকয়া তয়েত্যর্থঃ। বরদানমাত্রং পারোক্ষ্যেণাপি ভবেদিতি ভাবঃ। ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিশ্বং স্বব্যতিরিক্ত সাধনানপেক্ষত্বে দৃষ্টান্তঃ। অতস্তত্ত্বিমস্য দেবতান্তরস্যাভাবাৎ সকামেনাপি ময়া ত্বমেব সেব্যসে ইতি ভাবঃ।১৮।

এবঞ্চেত্তর্হি মৎপ্রসাদাৎ তব কলত্রাপত্যাভোগৈশ্বর্য্যাণি পরমোত্তমানি ভবিষ্যন্তি বরং দদানং ভগবন্তং সপ্রণামমাহ নৈতদিতি দ্বাভ্যাং। হে অধীশ এতৎ পদং মৎকামামানং বস্তু তব স্বভক্তমাত্রহিতকারিণো দাতুমীপ্সিতং ন ভবতি। নহ্যতি রোগিণো পথ্যং বাঞ্ছতোপি ভিষকৃত্তম ইতি স্বভক্তেরবশীয়ত্ত ইতি ভাবঃ। কথং তর্হি দদামীতি তত্রাহ যদস্মাত্যোম্মভ্যং ভূতসূক্ষ্মং শব্দাদীন্দ্রিয়ভোগ্যং বিষয়সুখং তনুষে দদাসি তৎ খলু মায়য়ৈব নম্বমায়য়া অনভিজ্ঞভক্তোঽয়মন্যথা বিমনস্কোভবিষ্যতীতি মদনুরোধেনৈবেত্যর্থঃ। বাসনাময়ং বিষয়সুখমন্তঃকরণে বর্ত্তত এব তদেব বরদানেন বিস্তারয়সীতি তনু ধাত্বর্থঃ। নম্বেবঞ্চেৎ তর্হি নদদামীতি তত্রাহ অনুগ্রহায়াস্তু দীয়মানমেতদস্তু কিং স্বনুগ্রহায়াপি। হন্ত হন্ত মহ্যৈব দত্তেন বিষয় সুখবরেণ ভক্তোয়মন্ধে তমসি পাতিত স্তদিমমুদ্ধরামীত্যাশয়াৎ ত্বৎ কৃপা প্রাপ্ত্যর্থমপ্যস্তিত্যর্থঃ। তত্র লিঙ্গং যর্হি বরদান সময়ে সংপ্রতি বিলক্ষিতং বিশেষেণ ত্বং দৃষ্ট স্তর্হি মায়য়া কৃপয়া মনঃস্পর্শস্মিতেক্ষণমিত্যুক্তেঃ। স্মিতদ্যোতিত কৃপাকটাক্ষেণ বিশিষ্টএব দৃষ্টঃ। তত্রাপি লসন্ত্যা ভক্তজনৈঃ পরিচর্য্যায়াং সমর্পিতয়া দৃষ্টেঃ পরমসুখদয়া তুলস্যা উপলক্ষিতা চিদানন্দময়ী যা তনু স্তয়া যুক্ত ইতি ভক্তপরিচরণীয়ত্বমেব তনোরমায়িকত্বে লিঙ্গং। অমায়িক তনুদর্শন প্রদানমেব কৃপায়াং লিঙ্গং। ভগবানিত্যপ্যত্র পাঠঃ। ১৯।

ন্যায় এই বিশ্বের সৃষ্টি স্থিতি লয় করিতেছেন ॥ ১৮ ॥

হে অধীশ। আমরা আপনকার ভক্ত, ইহাতে আমাদের জঘন্য বিষয় সুখ মায়া দ্বারা বিস্তার করিতে যদিও আপনকার ইচ্ছা হইবে না, তথাচ আমাদের অভিপ্রায়ানুসারে তাহা সম্পন্ন করিয়া দিউন, তাহা হইলে আমাদের প্রতি যথেষ্ট অনুগ্রহ হইল, ইহাতেই আমরা দেব, ঋষি ও পিতৃ ঋণ মোচন পুরঃসর মুক্তি লাভ করিতে পারিব। প্রভো। আমরা আপনাকে মায়া দ্বারা পরিচ্ছিন্ন তুল্য বিলাসশালিনী তুলসীতে সমন্বিত অবলোকন করিতেছি, এবম্বিধ ভবদীয় দর্শনের ফল, ভোগ ও মোক্ষ দুই হইয়া থাকে ॥ ১৯ ॥

তং ত্বানুভূত্যোপরতক্রিয়ার্থং স্বমায়য়া বর্ত্তিতলোকতন্ত্রং।
নমাম্যভীক্ষ্ণং নমনীয় পাদসরোজমল্পীয়সি কামবর্ষং ॥ ২০ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
ইত্যব্যলীকং প্রণুতো ঽব্জনাভস্তমাবভাষে বচসামৃতেন।
সুপর্ণপক্ষোপরিরোচমানঃ প্রেমস্মিতোদ্বীক্ষণবিভ্রমদ্ভ্রূঃ ॥ ২১ ॥
শ্রীভগবানুবাচ ॥
বিদিত্বা তব চৈত্যং মে পুরৈব সমযোজি তৎ। যদর্থমাত্মনিয়মৈস্ত্বয়ৈবাহং সমর্চ্চিতঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

তং ত্বাং ভুক্তি মুক্তিপ্রদং নমামি। মুক্তিত্বে হেতুঃ অনুভূত্যা জ্ঞানেন উপরতঃ ক্রিয়ার্থঃ কর্ম্মফলভোগো যস্মিন্। ভোগপ্রদত্বে হেতুঃ স্বমায়য়া আবর্ত্তিতং লোকতন্ত্রং বিশ্বোপকরণং যেন। অতঃ সকামৈ র্নিষ্কামৈশ্চ নমনীয়ং পাদসরোজং যস্য তং তত্রাল্পীয়সি সকামে পুংসি ভজনে বা কামান্ বর্ষতীতি তথা তং। ২০ ॥

অমৃতেন সুখকরেণ প্রেমস্মিতাভ্যাং ঈক্ষণেন বিভ্রমন্তী ভ্রূর্যস্য ॥ ২১ ॥

চৈত্যং হার্দ্দং ভাবং মে ময়া সমযোজি সংঘটিতং যদর্থমেবাহং সমর্চ্চিতঃ তৎ ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

তং পরম প্রীতিদং তত্র হেতুঃ। ভক্তানাং নিজানুভবেন শিথিলিত কর্ম্মফলভোগং তদনুভবাদন্যত্র তু শ্বেত্যাদিরূপং। তস্মান্মহতাং স্বভাবত এব নমনীয় পদাব্জং অতি ক্ষুদ্র এব কামবর্ষিত্বেন স্ফুরন্তমিতি ॥ ২০ ॥

প্রেম পূর্ব্বকং যৎস্মিতং তৎ পূর্ব্বকং যদ্বীক্ষণং তস্য গরুড়াদিষু তৎ সৌজন্য ব্যঞ্জনায় বিভ্রমন্তৌ ভ্রুবৌ যস্য ॥ ২১ ॥

চৈত্যং লোকব্যবহারানুসৃতাবপি মৎপ্রীত্যৈকতাৎপর্য্যময়ং হার্দ্দং তব জ্ঞাত্বা তদুচিতমেব সমযোজি পর্য্যবসানতঃ স্বয়মেব পুত্রঃ স্যামিতি। অতঃ স্বকামত্বেপি মৎপ্রীত্যৈক তাৎপর্য্যত্বাত্ত্বয়ৈবাহং সম্যগর্চ্চিতঃ। তথানান্যৈ র্নিষ্কামৈরপীত্যর্থঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্বেতদব্যসম্ভবমিত্যাহ তং ত্বাং অনুভূত্যা উপরতঃ ক্রিয়ার্থঃ কর্ম্মফলভোগো যস্মাত্তং যদা কৃপয়া স্বমাধুর্য্যানুভবং দাস্যসি তদৈব ভোগেচ্ছা স্বয়মেবাপযাস্যতীতি ভাবঃ। স্বমায়য়া স্বীয়মায়াশক্তি প্রেরণয়া বর্ত্তিতং জনিতং লোকানাং দেবতির্য্যগাদীনাং তন্ত্রং কর্ম্মফল সুখদুঃখ সম্বন্ধি পরিচ্ছদো যেন তং। যাবদবিদ্যাং প্রেরয়সি তাবদ্ভোগেচ্ছা ভবত্যেবেতি ভাবঃ। তেন সংপ্রতি সৃষ্টিং বিবর্দ্ধয়িষুরস্মান্ কামসম্বলিতান্ করোষীতি সত্যাপি বিবেকেন কামাংস্ত্যক্তুং নশক্নুম ইত্যাহ। অল্পীয়সীতি নিকৃষ্টেপি মদ্বিধে জনে কামান্ বর্ষসীতি তথা তং ॥ ২০ ॥ অব্যলীকং নিষ্কপটং ॥ ২১ ॥

চৈত্যং চিত্তাভিপ্রায়ং দিগাদিষদস্যাং স্বার্থেঽন মে ময়া সময়োজি সংঘটিতং ত্বয়া অহমেব নান্যঃ ॥ ২২ ॥

হে ভগবন্! ত্বদ্বিষয়ক জ্ঞান জন্মিলে কর্ম্মের ফলভোগ উপরত হইয়া যায়, আর আপনি স্বীয় মায়া দ্বারা এই লোকতন্ত্র অর্থাৎ বিশ্বের উপকরণকে সর্ব্বদা আবর্ত্তিত করিতেছেন, অধিকন্তু আপনি ক্ষুদ্র জনের অর্থাৎ সকাম পুরুষের কাম বর্ষণ করিয়া থাকেন, এই নিমিত্তই কি সকাম কি নিষ্কাম সকল ব্যক্তিই আপনার পাদপদ্মে প্রণত হয় অতএব আপনিই ভুক্তি মুক্তি দাতা, আমি সর্ব্বদা আপনাকেই প্রণাম করি ॥ ২০ ॥

মৈত্রেয় কহিলেন পদ্মনাভ ভগবান্ গরুড়ের পক্ষোপরি বিরাজ করিতে করিতে কর্দমের ঐ সমস্ত অকপট বচন শ্রবণ করিয়া ঈষৎ হাস্য করত সপ্রেমে কটাক্ষ নিক্ষেপ করিলেন, তাহাতে তাঁহার ভ্রূদ্বয় যেন উদ্ভ্রান্ত হইল। পরে সুধাবহ সুমধুর বচনে কহিতে লাগিলেন ॥ ২১ ॥

অহে ঋষিবর কর্দম! তুমি যে জন্য আত্ম নিয়ম দ্বারা সর্ব্ব প্রকারে আমার আরাধনা করিলে, তোমার মনোভিলষিত অবগত হইয়া আমি পূর্ব্বেই তাহার সংযোগ করিয়া রাখিয়াছি ॥ ২২ ॥

নবৈ জাতু মৃষৈব স্যাৎ প্রজাধ্যক্ষমদর্হণং। ভবদ্বিধেষ্বতিতরাং ময়ি সংগৃভিতাত্মনাং ॥ ২৩ ॥
প্রজাপতিপতিঃ সম্রাট্ মনুর্বিখ্যাতমঙ্গলঃ। ব্রহ্মাবর্ত্তং যোঽধিবসন্ শাস্তি সপ্তার্ণবাং মহীং ॥২৪॥
সচেহ বিপ্র রাজর্ষি র্মহিষ্যা শতরূপয়া। আয়াস্যতি দিদৃক্ষুস্ত্বাং পরশ্বো ধর্ম্মকোবিদঃ।
আত্মজামসিতাপাঙ্গীং বয়ঃ শীলগুণান্বিতাং। মৃগয়ন্তীং পতিং দাস্যত্যনুরূপায় তে প্রভো ॥ ২৫ ॥
সমাহিতং তে হৃদয়ং যত্রেমান্ পরিবৎসরান্। সা ত্বাং ব্রহ্মন্ নৃপবধূঃ কামমাশু ভজিষ্যতি ॥ ২৬॥

শ্রীধরস্বামী।

ময়ি সংগৃভিতঃ সংগৃহীতঃ একাগ্রীকৃতঃ আত্মা চিত্তং যৈঃ তেষাং মদর্হণং ত্বাদৃশেষু অতিতরাং সর্ব্বথা মৃষা নিষ্ফলং ন স্যাৎ ॥২৩॥
বিখ্যাতং মঙ্গলং অভ্যুদয় সদাচারাদি লক্ষণং যস্য ॥ ২৪ ॥
হে বিপ্র মহিষ্যা সহ ॥ ২৫ ॥
যত্র যস্যাং ভার্য্যায়াং সমাহিতং অভিসন্ধানেন স্থিতং। নৃপবধূঃ রাজকন্যা ॥ ২৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র কৈমুত্যেন হেতুঃ নবা ইতি। সত্যং দিশত্যর্থিতমর্থিতো নৃণামিত্যাদি ন্যায়েন মদর্হণমাত্রং মৃষৈব তুচ্ছ ফলদমেব ন স্যাৎ। কিন্ত্বেতেষাং পরমার্থ ফলমপি স্যাৎ ময়ি সংগৃভিতাত্মনাং মধ্যে ত্বাদৃশেষু ত্বতিতরামিত্যর্থঃ ॥ ২৩ ॥
সপ্তার্ণবামিতি। ভাবিনি ভূতবদুপচারঃ। প্রিয়ব্রত রথখাতত্বাত্তেষাং ॥ ২৪ ॥
প্রভো হে মদারাধনভাবযুক্ত ॥ ২৫ ॥
ইমান্ এতান্ বৎসরান্ ব্যাপ্য সমাহিতং মদর্পিতং যত্ত্বদ্ধৃদয়ং তদযত্র বর্ত্ততে। যস্যামেব সধর্ম্মচারিণীত্বযোগ্যং ত্বদীয় হৃদয় তুল্যং হৃদয়ং বর্ত্ততে ইত্যর্থঃ। বক্ষ্যতে চ শ্রীমনুনা। সর্ব্বাত্মনানুরূপাং ত ইতি ॥ ২৬। ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নচ মদ্ভজনং কামং দদৈব কেবলমুপক্ষীয়তে কিন্তু মৎপদমপি দদাতীতি সমাশ্বসিহীত্যাহ সত্যং দিশত্যর্থিতমর্থিতো নৃণামিতি ন্যায়েন মদর্হণমাত্রং মৃষৈব তুচ্ছফলদমেব ন স্যাৎ কিন্তু মৎপদপ্রদমেব স্যাৎ অত্রাপি ময়ি সংগৃভিতাত্মনাং নিহিতমনসাং ভক্তানাং মধ্যে ত্বাদৃশেষু ত্বতিতরামিত্যর্থঃ। স্বপ্রহোর্ত্তিশ্চন্দসীতি তকারঃ দুস্বত্বমার্ষং ॥ ২৩। ২৪ ॥
হে বিপ্র ॥
বয়ঃশীলাদিভিরনুরূপায় ॥ ২৪ ॥
যত্র যস্যাং তব হৃদয়ং সমাহিতমাসক্তং। নৃপবধূঃ রাজকন্যা ॥ ২৬ ॥

হে প্রজাধ্যক্ষ! তোমার সদৃশ যে সকল পুরুষ স্ব স্ব চিত্ত আমাতে একাগ্র করিয়া আমার অর্চ্চনা করে তাহাদের সেই অর্চ্চনা কখন নিষ্ফলা হয় না, অতএব তুমি যাহা বাঞ্ছা করিতেছ অবশ্যই তাহা সিদ্ধ হইবে ॥ ২৩ ॥

প্রজাপতিদিগের পতি সম্রাট্ মনুর সদাচারাদি রূপ মঙ্গল সর্ব্বত্র বিখ্যাত। যিনি ব্রহ্মাবর্ত্ত দেশে বাস করিয়া সপ্ত সাগর সমন্বিতা পৃথিবী শাসন করিতেছেন ॥ ২৪ ॥

হে বিপ্র! সেই ধর্ম্মজ্ঞ মনু তোমাকে দেখিবার নিমিত্ত মহিষী শতরূপার সহিত পরশ্ব দিবস আগমন করিবেন। তাঁহার একটি পরমা সুন্দরী কন্যা আছে, সে তরুণ বয়স্কা এবং শীল গুণ সমন্বিতা, আপনার অনুরূপ পতি অন্বেষণ করিতেছে, তুমিই তাহার উপযুক্ত পাত্র, বোধ হয় মনু তোমাকেই সেই কন্যা সম্প্রদান করিবেন ॥ ২৫ ॥

বৎস কর্দ্দম! ভার্য্যা নিমিত্ত তোমার চিত্ত বহু বৎসরাবধি সমাহিত হইয়াছে, আর চিন্তা করিতে হইবে না সেই রাজকন্যা অচিরে তোমাকে ভজনা করিবেন ॥ ২৬ ॥

যা ত আত্মভূতং বীর্য্যং নবধা প্রসবিষ্যতি। বীর্য্যে ত্বদীয়ে ঋষয় আধাস্যন্ত্যঞ্জসাত্মনঃ ॥ ২৭ ॥
ত্বঞ্চ সম্যগনুষ্ঠায় নিদেশং মে উশত্তমঃ। ময়ি তীর্থীকৃতাশেষ ক্রিয়ার্থো মাং প্রপৎস্যসে ॥ ২৮ ॥
কৃত্বা দয়াঞ্চ জীবেষু দত্ত্বাচাভয়মাত্মবান্। ময্যাত্মানং সহ জগৎ দ্রক্ষস্যাত্মনি চাপি মাং ॥ ২৯ ॥
সহাহং স্বাংশকলয়া ত্বদ্বীর্য্যেণ মহামুনে। তব ক্ষেত্রে দেবহূত্যাং প্রাণেষ্যে তত্ত্বসংহিতাং ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

তে বীর্য্যং আত্মনি ভৃতং ধৃতং যা প্রসবিষ্যতি সা ভজিষ্যতি। বীর্য্যে বীর্য্যপ্রসূতাসু কন্যাসু অঞ্জসা আত্মনঃ পুত্রানাধাস্যন্তি ॥ ২৭ ॥
নিদেশমাজ্ঞাং উশত্তমঃ শুদ্ধসত্ত্বঃ তীর্থং পাত্রং তেন দানং লক্ষ্যতে ময়ি সমর্পিত সর্ব্ব কর্ম্ম ফল ইত্যর্থঃ ॥ ২৮ ॥
গার্হস্থ্যেন দয়াং কৃত্বা সংন্যাসেনচ অভয়ং দত্ত্বা ময়ি আত্মানং জগচ্চ সহ একীভূতং দ্রক্ষ্যসি ॥ ২৯ ॥
ত্বদ্বীর্য্যেণ সহ দেবহূত্যাং অবতীর্য্যেতি শেষঃ ॥ ৩০ ॥

ক্রমসন্দর্ভঃ।

অহং তাবৎ পাত্রত্বাত্তীর্থং। ততো ময়ি যৎ সমর্পিতং তদপি মদস্তঃ পাতাতিশয় বিবক্ষয়া তীর্থমেবোচ্যতে ইতি ভাবঃ ॥ ২৮ ॥
ময়ি পরমাশ্রয়ে আত্মানং দ্রক্ষ্যসি। আত্মনি তদধিষ্ঠানে মাং। তচ্চ সহ জগদ্যথা স্যাত্তথৈব জগদপি দ্রক্ষ্যসীত্যর্থঃ ॥ ২৯ ॥
বীর্য্যং প্রভাবং তেন সহ ব্যক্তিভূয়েতি শেষঃ। মদ্ব্যক্তৌ ত্বত্তপঃ প্রভাবো ব্যক্তো ভবিষ্যতীত্যর্থঃ। বক্ষ্যতেচ প্রজাপতিনা-শুক্লোবিতত্বম্মামকং যশ ইতি ॥ ৩০। ৩১। ৩২। ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তে বীর্য্যং আত্মনি ভৃতং নবধা নবাপত্যরূপেণেত্যর্থঃ। বীর্য্যে বীর্য্যপ্রসূতাসু কন্যাসু অঞ্জসা আত্মনো বীর্য্যমাধাস্যন্তি ॥ ২৭ ॥
অনুগ্রহায়াস্মিতি যৎ প্রার্থিতং তত্রাহ ত্বঞ্চেতি দ্বাভ্যাং। তীর্থং পাত্রং তেন দানং লক্ষ্যতে ময়ি সমর্পিত সর্ব্বকর্ম্মফল ইত্যর্থঃ ॥২৮
গার্হস্থে অন্নাচ্ছাদনাদিদানৈর্জীবেষু দয়াং কৃত্বা বৈরাগ্যে অভয়ং মদ্ভক্ত্যুপদেশেনেত্যর্থঃ। ময্যধিষ্ঠানতত্ত্বে পরমেশ্বরে সর্ব্বং জগদাত্মসহিতমস্তীতি যৎ শাস্ত্রদৃষ্ট্যা সাম্প্রতং জানাসি তদেব তদা সাক্ষাদেব দ্রক্ষ্যসি প্রথমাদিপুরুষং কারণার্ণবশায়িনং সহস্র শীর্ষাদিস্বরূপং মাং দ্রক্ষ্যসি। ততস্তত্রৈব মম রোমকূপেষু অনন্তকোটি ব্রহ্মাণ্ডান্যাত্মসহিতানি সাক্ষাদ্দ্রক্ষ্যসীত্যর্থঃ। তথা আত্মনি স্বস্মিন্নন্তর্যামিণং মাং সন্তমধুনা জানাস্যেব তদাতু কেচিৎ স্বদেহান্তর্হৃদয়াবকাশে প্রাদেশমাত্রং পুরুষং বসন্তং চতুর্ভুজং শঙ্খ গদাদীতি দ্বিতীয়স্কন্ধোক্তং তৃতীয়পুরুষং ক্ষীরোদনাথং মামেব সাক্ষাদ্দ্রক্ষ্যসীতি স্বজ্ঞাস্বজ্ঞাং সর্ব্বং বস্তু স্বামহং দর্শয়িষ্যামীতি ফলিতার্থঃ। যথা ময়ি পুত্রভূতে শ্রীযশোদেব জগদাত্মানং দ্রক্ষ্যসি তথাত্মনি চাপি মাং শ্রীগোপীব ত্বং কাচিন্নেত্ররন্ধ্রেণ হৃদি কৃত্বা নিমীল্যচ। পুলকাঙ্গ্যুপগুহ্যান্তে যোগীবানন্দ সংপ্লুতেত্যুক্তিরীত্যা দ্রক্ষ্যসীতি ॥ ২৯ ॥
কিঞ্চান্যাঞ্চ কাঞ্চিদানন্দপ্ত বার্ত্তাং শৃণিত্যাহ। সহাহমিতি ত্বদ্বীর্য্যেণ ত্বৎকন্যাপত্যবৃন্দেন সহ আবির্ভূয়েতি শেষঃ ॥ ৩০ ॥

এবং তোমার যে বীর্য্য আত্মাতে ধৃত আছে, তাহা নয় প্রকারে প্রসব করিবেন। অপর তোমার ঔরসে যে সকল কন্যা জন্মিবে ঋষিগণ তাহাদের গর্ব্ভে পুত্রাধান করিবেন ॥ ২৭ ॥

বৎস! তুমি আমার আজ্ঞা সম্যক্ রূপে পালন পূর্ব্বক আমাতে সকল কর্ম্মের ফল সমর্পণ কর, তাহা হইলে তুমি শুদ্ধ সত্ত্ব হইয়া অবশেষে আমাকেই প্রাপ্ত হইবে ॥ ২৮ ॥

তুমি গৃহাশ্রমে প্রবিষ্ট হইয়া জীবের প্রতি দয়া করিও অর্থাৎ অন্নাদি দান দ্বারা তাহাদের পরিতোষ জন্মাইবে, তদনন্তর সন্ন্যাস ধর্ম্ম অবলম্বন করিয়া প্রাণিমাত্রকেই অভয় দান করিও, এই রূপ করিলেই শেষে আমাতে তোমার আত্মা ও জগৎ এই দুইকে একীভূত এবং তোমার আত্মাতে আমাকেও অভিন্ন দেখিতে পাইবে ॥ ২৯ ॥

তাহার পর আমিও তোমার বীর্য্য সহ আপনার অংশ কলায় তোমার ক্ষেত্র দেবহূতির গর্ব্ভে জন্ম গ্রহণ করিয়া তত্ত্বসংহিতা প্রণয়ন করিব ॥ ৩০ ॥

এবং তমনুভাষ্যাথ ভগবান্ প্রত্যগক্ষজঃ। জগাম বিন্দুসরসঃ সরস্বত্যা পরিশ্রিতাৎ॥ ৩১॥
নিরীক্ষতস্তস্য যযাবশেষসিদ্ধেশ্বরাভিষ্টুতসিদ্ধমার্গঃ।
আকর্ণয়ন্ পত্ররথেন্দ্রপক্ষৈরুচ্চারিতং স্তোমমুদীর্ণসাম॥ ৩২॥
অথ সংপ্রস্থিতে শুক্লে কর্দ্দমো ভগবানৃষিঃ। আস্তে স্ম বিন্দুসরসি তং কালং প্রতিপালয়ন্॥ ৩৩॥
মনুঃ স্যন্দনমাস্থায় শাতকৌম্ভপরিচ্ছদং। আরোপ্য স্বাং দুহিতরং সভার্য্যঃ পর্য্যটন্মহীং॥ ৩৪॥

শ্রীধরস্বামী।

প্রত্যগ্‌ভূতেষক্ষেষু জায়তে আবির্ভবতীতি প্রত্যগক্ষজঃ সরস্বত্যা নদ্যা পরিবেষ্টিতাৎ॥ ৩১॥

অশেষৈ স্তপো মন্ত্রাদি সিদ্ধেশ্বরৈরভিষ্টুতঃ সিদ্ধমার্গো বৈকুণ্ঠমার্গো যস্য যযৌ অশেষ সিদ্ধেশ্বরাভিষ্টুতশ্চাসৌ সিদ্ধৈর্ম্ম্যত ইতি সিদ্ধমার্গশ্চ স যযৌ। পত্ররথেন্দ্রো গরুড়স্তস্য পক্ষৈরুদীর্ণং অভিব্যক্তং সামাকর্ণয়ন্। বৃহদ্রথন্তরে পক্ষাবিতি শ্রুতেঃ। উচ্চারিতং স্তোমঞ্চ সামাধার ভূতানামৃচাং সমুদায়ং শৃণ্বন্ স্তোম আস্মেতি শ্রুতেঃ। সমাস পাঠে উচ্চারিতঃ স্তোম স্তোত্রীয় সমুদায়ো যস্য সাম ইতি॥ ৩২॥

তং কালং পরশ্ব ইত্যুক্তং প্রতীক্ষ্যমাণঃ॥ ৩৩॥

শাতকৌম্ভাঃ সৌবর্ণাঃ পরিকরা যস্মিন্ তং রথমাস্থায় দুহিতরঞ্চারোপ্য বরান্বেষণার্থং পর্য্যটন্॥ ৩৪॥

ক্রমসন্দর্ভঃ।

মনুরিতি যুগ্মকং॥ ৩৪। ৩৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রত্যগ্‌ভূতেষক্ষেষু জায়তে আবির্ভবতীতি সঃ। সরস্বত্যা নদ্যা পরিশ্রিতাৎ পরিবেষ্টিতাৎ॥ ৩১॥

তস্য কর্দ্দমস্য নিরীক্ষ্যমাণস্য সতঃ। অশেষৈঃ সিদ্ধেশ্বরৈরভিষ্টুতঃ সিদ্ধমার্গো বৈকুণ্ঠমার্গো যস্য সঃ। পত্ররথেন্দ্রো গরুড় স্তস্য পক্ষৈরুচ্চারিতং স্তোমং ঋক্‌সমুদায়ং শৃণ্বন্ কীদৃশং উদীর্ণমভিব্যক্তং সাম যৎ তৎস্বরূপং। সমাসপাঠে উচ্চারিতঃ স্তোমঃ স্তোত্রীয় সমুদায়ো যস্য তথাভূতং যদুদীর্ণং সাম তৎ বৃহদ্রথান্তরে পক্ষাবিতি শ্রুতেঃ॥ ৩২॥

তং কালং পরশ্ব ইত্যুক্তং প্রতীক্ষ্যমাণঃ॥ ৩৩॥

যদহো ভগবান্ সমাদিশৎ তস্মিন্নহনি মহীং পর্য্যটন্ মুনেরাশ্রমপদং উপায়াদিত্যন্বয়ঃ॥ ৩৪॥

কর্দ্দমের স্তবে আবির্ভূত ভগবান্ ঐ প্রকার উপদেশ করিয়া সরস্বতী নদী বেষ্টিত সেই বিন্দু সরোবর হইতে প্রস্থান করিলেন॥ ৩১॥

কর্দ্দম দেখিতে লাগিলেন, ভগবান্ তাঁহার সমক্ষেই তদুচ্চারিত সামবেদের ঋক্ সকল শ্রবণ করিতে করিতে যাইতে লাগিলেন, ঐ সকল সামধ্বনি পতগশ্রেষ্ঠ গরুড়ের পক্ষবাতে সর্ব্বতোভাবে ব্যক্ত হইতেছিল, সুতরাং সুন্দর রূপে শ্রবণগোচর হইতে লাগিল। অহে বিদুর! কর্দ্দম যে ভগবানের স্তব নিমিত্ত সামবেদীয় ঋক্ উচ্চারণ করিয়াছিলেন ইহাতে আশ্চর্য্য বোধ করিও না তপোমন্ত্রাদি সিদ্ধ অন্যান্য ঈশ্বরগণ যাঁহার স্তব করেন এবং সিদ্ধ জনে যাঁহার বর্ত্ম অন্বেষণ করিয়া থাকেন তাঁহার স্তুতি কে না করিবে?॥ ৩২॥

সে যাহা হউক, ভগবান্ প্রস্থান করিলে ঋষিবর কর্দ্দম সেই কাল প্রতীক্ষা করত বিন্দুসরোবরের তীরেই অবস্থিতি করিলেন॥ ৩৩॥

অহে বিদুর! এই সময়ে স্বায়ম্ভুব মনু ভার্য্যার সহিত স্বর্ণময়ী সজ্জায় সুসজ্জিত রথে আরূঢ় হইয়া আত্মজাকে তদুপরি আরোপণ করত তাহার বরান্বেষণার্থ পৃথিবী পর্য্যটন করিতে করিতে॥ ৩৪॥

তস্মিন্ সুধন্বন্নহনি ভগবান্ যৎ সমাদিশৎ। উপায়াদাশ্রমপদং মুনেঃ শান্তব্রতস্য তৎ ॥ ৩৫ ॥
যস্মিন্ ভগবতো নেত্রান্ন্যপতন্ হর্ষবিন্দবঃ। কৃপয়া সংপরীতস্য প্রপন্নেঽর্পিতয়া ভৃশং ॥ ৩৬ ॥
তদ্বৈ বিন্দুসরো নাম সরস্বত্যা পরিপ্লুতং। পুণ্যং শিবামৃতজলং মহর্ষিগণসেবিতং ॥ ৩৭ ॥
পুণ্যদ্রুমলতাজালৈঃ কূজৎ পুণ্যমৃগদ্বিজৈঃ। সর্ব্বর্ত্তুফল পুষ্পাঢ্যং বনরাজি শ্রিয়ান্বিতং ॥ ৩৮ ॥
মত্তদ্বিজগণৈর্ঘুষ্টং মত্তভ্রমরবিভ্রমং। মত্তবর্হিনটাটোপমাহ্বয়ন্মত্তকোকিলং ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

হে সুধন্বন্ বিদুর যৎ অহঃ ॥ ৩৫ ॥
তৎ প্রবেশ মাত্রেণ পরমানন্দং প্রাপ্ত ইতি দর্শয়িতুং আশ্রমং বর্ণয়তি যস্মিন্নিত্যাদিভিঃ সপ্তভিঃ শ্লোকৈঃ। প্রপন্নে কর্দ্দমে ॥৩৬
শিবমারোগ্যং অমৃতবৎ স্বাদু জলং যস্মিন্ ॥ ৩৭ ॥
কূজন্তঃ পুণ্যা মৃগা দ্বিজাশ্চ যেষু তৈঃ পুণ্যদ্রুমলতানাং জালৈঃ সমূহৈঃ যুক্তং ॥ ৩৮ ॥
ঘুষ্টং নাদিতং মত্তভ্রমরাণাং বিভ্রমো বিনোদো যস্মিন্। মত্তা বর্হিণ এব নটা তেষামাটোপো নৃত্য সম্ভ্রমো যস্মিন্। আহ্বয়ন্তঃ মিথো মত্তাঃ কোকিলা যস্মিন্ ॥ ৩৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

যস্মিন্নিতি সপ্তকং। প্রপন্নে প্রপন্নমাত্রে। অর্পিতয়া তদেকসংক্তয়েত্যর্থঃ। যস্মিন্নিব তৎ। অশ্রুবিন্দুবৃন্দ স্বরূপং বিন্দুসরো নাম সরোঽভূদিত্যর্থঃ। টীকায়াং শিবমারোগ্যমিতি আয়ুর্ঘৃতমিতিবৎ আরোগ্যজনকমিত্যর্থঃ। অরোগমিতি ক্বাপি ॥ ৩৬। ৩৭। ৩৮। ৩৯। ৪০। ৪১। ৪২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হে সুধন্বন্ হে বিদুর ॥ ৩৫ ॥
আশ্রমং বর্ণয়তি যস্মিন্নিতি সপ্তভিঃ শ্লোকৈঃ প্রপন্নে কর্দ্দমে ॥ ৩৬। ৩৭ ॥
লতাজালৈরন্বিতং ॥ ৩৮ ॥
ঘুষ্টং নাদিতং। মত্তা বর্হিণএব নটাস্তেষামাটোপো নৃত্যসংভ্রমো যস্মিংস্তং মিথ আহ্বয়ন্তো মত্তা কোকিলা যস্মিংস্তং ॥৩৯। ৪০॥

ভগবান্ যে দিবস আসিবার কথা বলিয়াছিলেন সেই দিনেই শান্তব্রত ঐ কর্দ্দম মুনির আশ্রমে আসিয়া উপস্থিত হইলেন ॥ ৩৫ ॥

বৎস বিদুর! ঐ আশ্রম সামান্য নহে, সেই স্থানে ঋষিবর কর্দ্দম ভগবানের শরণাপন্ন হওয়াতে তাঁহার প্রতি ভগবানের অন্তঃকরণ করুণায় আর্দ্র এবং নেত্র হইতে আনন্দবারি পতিত হইয়াছিল ॥৩৬॥

বিদুর ঐ আশ্রমের নামই বিন্দুসরোবর, উহাই সরস্বতীর জলে অভিষিক্ত হয়। বৎস! ঐ স্থান সামান্য নহে, অতি পবিত্র, সেখানকার জল রোগ নাশক ও অমৃত তুল্য সুস্বাদু, মহর্ষিগণ সর্ব্বদাই ঐ সলিল সেবন করিয়া থাকেন ॥ ৩৭ ॥

অপর সে স্থান অনেকানেক পুণ্যবৃক্ষ ও লতা সমূহ দ্বারা বিরাজমান, ঐ সকল পাদপ ও লতার শাখায় পক্ষিগণ এবং তলে মৃগ সকল মনোহর স্বরে নানা প্রকার অব্যক্ত শব্দ করিতেছে। আর তথায় সকল ঋতুর ফল পুষ্প সর্ব্বদাই সমৃদ্ধিশালী এবং সেই স্থল বহু বহু বনরাজির শোভা-সমন্বিত ॥ ৩৮ ॥

অপিচ তথাকার বিহগকুল মত্ত হইয়া সুমধুর স্বরে শব্দ করাতে কতই কলরব বোধ হয়, আর তথায় ভ্রমর নিকর মত্ত হইয়া নানা প্রকারে ক্রীড়া করে এবং মত্ত ময়ূরগণ নটের ন্যায় নৃত্য করিয়া বেড়ায়। অপর কোকিলকুলও মত্ত হইয়া পরস্পরের আহ্বান নিমিত্ত বাক্য বিরচন করে ॥৩৯॥

কদম্ব চম্পকাশোক করঞ্জ বকুলাসনৈঃ। কুন্দ মন্দার কুটজৈশ্চূতপোতৈরলঙ্কৃতং ॥ ৪০ ॥
কারণ্ডবৈঃ প্লবৈ র্হংসৈঃ কুররৈর্জ্জলকুক্কুটৈঃ। সারসৈশ্চক্রবাকৈশ্চ চকোরৈ র্বল্গুকূজিতং ॥ ৪১ ॥
তথৈব হরিণৈঃ ক্রোড়ৈঃ শ্বাবিদ্গবয় কুঞ্জরৈঃ। গোপুচ্ছৈর্হরিভির্ম্মর্কৈ র্নকুলৈ র্নাভিভির্বৃতং ॥ ৪২ ॥
প্রবিশ্য তত্তীর্থবরমাদিরাজঃ সহানুগঃ। দদর্শ মুনিমাসীনং তস্মিন্ হুতহুতাশনং ॥ ৪৩ ॥
বিদ্যোতমানং বপুষা তপস্যুগ্রযুজা চিরং ॥ ৪৪ ॥
নাতিক্ষামং ভগবতঃ স্নিগ্ধাপাঙ্গাবলোকনাৎ। তদ্ব্যাহৃতামৃতকলা পীযূষ শ্রবণেনচ ॥ ৪৫ ॥

শ্রীধরস্বামী।

কদম্বাদিভি র্বৃক্ষৈরলঙ্কৃতং ॥ ৪০ ॥

কারণ্ডবাদিভিঃ পক্ষিভিঃ বল্গু যথা ভবতি যথা কূজিতং ॥ ৪১ ॥

হরিণাদিভির্বৃতং তত্র ক্রোড়ঃ শূকরঃ। শ্বাবিৎ শল্লকঃ মর্কো মর্কটঃ তদ্বিশেষা গোপুচ্ছা হরির্ব্বানরঃ সিংহো বা নাভিঃ কস্তূরী মৃগঃ ॥ ৪২ ॥ হুতঃ হুতাশনো ব্রহ্মচারি যোগ্যো যেন ॥ ৪৩ ॥

উগ্রা যুক্ যোগো যস্যা তেন বপুষা বিদ্যোতমানং ॥ ৪৪ ॥

তস্য ভগবতো ব্যাহৃতং ভাষণমেবামৃতকলা অমৃত মণ্ডলস্য চন্দ্রস্য কলা তন্ময়ং পীযূষং তস্য শ্রবণেনচ নাতিক্ষামং তপসা কৃশং তথাপ্যকৃশং ॥ ৪৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রবিশ্যেতি সার্দ্ধদ্বয়কং। নাতীতি নৈবেত্তার্থঃ ॥ ৪৩ । ৪৪ । ৪৫ । ৪৬ । ৪৭ । ৪৮ । ৪৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্রত্যান্ বৃক্ষানুক্ত্বা পক্ষিণ আহ কারণ্ডবৈরিত্যাদি ॥ ৪১ ॥

মৃগানাহ তথৈবেতি। ক্রোড়ঃ শূকরঃ। শ্বাবিৎ শল্লকঃ। মর্কো মর্কটঃ। গোপুচ্ছস্তদ্বিশেষঃ হরিঃ সিংহঃ নাভিঃ কস্তূরীমৃগঃ ॥ ৪২ । ৪৩ ॥ তপসি তপোমধ্য এব উগ্রা যুক্ যোগো যত্র তেন ॥ ৪৪ ॥

তদপি ন অতিক্ষামং অনতিকৃশং। তত্র কৃপাপাঙ্গেতি তদ্ব্যাহৃতেতি হেতুদ্বয়ং তদ্ব্যাহৃতমেবামৃতকলস্য চন্দ্রস্য আ সম্যক্ পীযূষং তস্য শ্রবণেনেত্যনেন স্বমুখস্যামৃতকলত্বমুক্তং ॥ ৪৫ ॥

বিদুর! সেই আশ্রমে কদম্ব, চম্পক, অশোক, করঞ্জ, পনস, আসন, কুন্দ, মন্দার, কুটজ, আম্র ইত্যাদি বিবিধ পাদপে কতই শোভা বিস্তার করিয়া রাখিয়াছে ॥ ৪০ ॥

অপর সে স্থানে কারণ্ডব, প্লব, হংস, কুরর, জলকুক্কুট, সারস, চক্রবাক, চকোর প্রভৃতি খগবৃন্দের মনোহর কূজনে সকলের মনোহরণ হয় ॥ ৪১ ॥

আর তাহার চারিদিকে বহু বহু হরিণ, শূকর, শল্লক, গবয়, কুঞ্জর, গোপুচ্ছ (বানর বিশেষ) মর্কট, নকুল এবং কস্তূরী মৃগ ভ্রমণ করে ॥ ৪২ ॥

সে যাহা হউক, সেই আদিরাজ মনু অনুচরগণের সহিত সেই তীর্থবরে প্রবিষ্ট হইয়া দেখিলেন এক জন মুনি ব্রহ্মচারিযোগ্য হুতাশনে আহুতি প্রদান পূর্ব্বক অধ্যাসীন হইয়া আছেন ॥ ৪৩ ॥

ঐ ঋষি বহুকাল তপস্যায় সমাহিত থাকাতে তাঁহার শরীরে অনেক অনেক উগ্র যোগ হইয়াছিল, তাহাতে তিনি দেহের জ্যোতি দ্বারা যেন জ্বলিতেছিলেন ॥ ৪৪ ॥

যদিও তাঁহার শরীর তপস্যায় অতিশয় শীর্ণ হইয়াছিল, তথাপি ভগবান্ তাঁহার প্রতি সুস্নিগ্ধ অপাঙ্গ নিক্ষেপ পূর্ব্বক যে বাক্য বলিয়া যান ঐ বাক্য অমৃতমণ্ডলের কলা স্বরূপ অমৃতময়, তাহা শ্রবণ করাতে কৃশ বোধ হইল না ॥ ৪৫ ॥

প্রাংশুং পদ্মপলাশাক্ষং জটিলং চীরবাসসং । উপসংসৃত্য মলিনং যথার্হণমসংস্কৃতং ॥ ৪৬ ॥
অথোটজমুপায়াস্তং নৃদেবং প্রণতং পুরঃ । সপর্য্যয়া প্রত্যগৃহ্ণাৎ প্রতিনন্দ্যানুরূপয়া ।
গৃহীতার্হণমাসীনং সংযতং প্রীণয়ন্মুনিঃ । স্মরন্ ভগবদাদেশমিত্যাহ শ্লক্ষ্ণয়া গিরা ॥ ৪৭ ॥
নূনং চংক্রমণং দেব সতাং সংরক্ষণায় তে । বধায় চাসতাং স ত্বং হরেঃ শক্তির্হি পালিনী ॥ ৪৮ ॥
যোর্কেন্দ্বগ্নীন্দ্র বায়ূনাং যম ধর্ম্ম প্রচেতসাং । রূপাণি স্থান আধৎসে তস্মৈ শুক্লায় তে নমঃ ॥৪৯ ॥

শ্রীধরস্বামী ।

প্রাংশুমুন্নতং উপসংসৃত্য সমীপং গত্বা মলিনং দদর্শেতি পূর্ব্বৈব ক্রিয়া অর্হ্যতেঽনেনেতি অর্হণং মহারত্নং তৎ অসংস্কৃতং অনির্ভক্তং যথা মলিনং দৃশ্যতে তদ্বৎ ॥ ৪৬ ॥
উটজং পর্ণশালাং প্রাপ্তং পুরঃ পাদসমীপে প্রণতং আশীর্ভিরভিনন্দ্য সপর্য্যয়া পূজয়া প্রত্যগৃহ্ণাৎ সংকৃতবান্ ॥ ৪৭ ॥
তে চংক্রমণং পর্য্যটনং হি যস্মাৎ ॥ ৪৮ ॥
মনুস্তং বিষ্ণুং প্রণমতি য ইতি । স্থানে তত্তৎ কার্য্যাবসরে শুক্লায় বিষ্ণবে ॥ ৪৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

প্রাংশুং অষ্টবিতস্তি প্রমাণতনুং উপসংসৃত্য নিকটং গত্বা মলিনং দদর্শেতি পূর্ব্বৈব ক্রিয়া । অর্হ্যতেঽনেনেত্যর্হণং মহারত্নং তৎ অসংস্কৃতং যথা মলিনং দৃশ্যতে তদ্বৎ ॥ ৪৬ ॥
উটজং পর্ণশালাং প্রাপ্তং । পুরঃ পাদসমীপে প্রণতং । পুনরপি পাদৌ গৃহ্ণন্তং অনুরূপয়া আতিথ্যোচিতয়া সপর্য্যয়া সহিতঃ প্রত্যগৃহ্ণাৎ ভুজাভ্যামুত্থাপ্যালিলিঙ্গ । কিং কৃত্বা প্রতিনন্দ্য অদ্য মূর্ত্তমেব তপোময়ং তেজঃ সাক্ষাৎ কৃত্য কৃতকৃতোঽস্মীত্যভিনন্দন্তং রাজানং রাজন্নদ্য ভাগবতী বিশ্বপালনী শক্তিস্ত্বমবলোক্যসে ইতি প্রত্যভিষ্টুত্যেত্যর্থঃ ॥
ক্ষালিতচরণমুচিতদর্ভাদ্যাসনে আসীনং গৃহীতানি অর্হণানি পুষ্পচন্দনদূর্ব্বাদল ফলাদীনি যেন তং । সংযতং তুষ্ণীং স্থিতং ॥৪৭
হে দেব যত্ত চংক্রমণমিত্যাদি । স এব ত্বং হরেঃ পালিনী শক্তির্ভবসি ॥ ৪৮ ॥
অর্কাদীনাং রূপাণি স্থানে যুক্তমেব ত্বং আ সম্যক্ ত্বয়া ধৎসে তত্র প্রতাপেন ত্বমর্কঃ । যশসা চন্দ্রঃ । অসহ্যত্বেনাগ্নিঃ । ঐশ্বর্য্যেণেন্দ্রঃ । সর্ব্বত্র প্রবেশবত্ত্বেন বায়ুঃ দুষ্টনিগ্রহত্বেন যমঃ । শিষ্টপালনেন ধর্ম্মঃ । গাম্ভীর্য্যেণ গুপ্তবিত্তত্বেনচ প্রচেতাঃ অতএব তস্মৈ মদভীষ্টদেবায় ত্বদ্রূপেণ পুনরপি মমোটজমাগতায় শুক্লায় তুভ্যং নমঃ ॥ ৪৯ ॥

আর তাঁহার শরীর উন্নত, চক্ষুঃ পদ্মপলাশ তুল্য সুন্দর, মস্তকে জটা এবং পরিধানে চীর বসন ছিল। মুনি নিকটে গিয়া পুনর্ব্বার অবলোকন করিলেন, তাহাতে অসংস্কৃত মহারত্নের ন্যায় ঈষৎ মলিন বোধ হইল ॥ ৪৬ ॥

অনন্তর আদিরাজ মনু ঋষির পর্ণশালার নিকটে গমন করিয়া তাঁহার পাদ সমীপে প্রণত হইলেন, মুনিও আশীর্ব্বচন প্রয়োগ দ্বারা অভিনন্দনা করিলেন। মনু অর্হণ গ্রহণ পূর্ব্বক আসনে আসীন হইলে পর মুনিবর কর্দম ভগবানের সেই আদেশ স্মরণ করিয়া সুমধুর বচনে কহিতে লাগিলেন ॥ ৪৭ ॥

হে রাজন্! বোধ করি সাধুজনের পরিপালন ও অসাধুর দমন মানসেই তোমার এই পর্য্যটন আরম্ভ হইয়াছে, কেন না তোমরা ভগবানের শক্তি, ভগবৎ শক্তির লোকপালন ব্যতীত আর কি কার্য্য আছে? ॥ ৪৮ ॥

ঋষিবর কর্দম স্বায়ম্ভুব মনুকে এই রূপ বলিয়া অন্তর্য্যামি বিষ্ণুকে প্রণাম করত কহিলেন, ভগবন্! আপনিই তত্তৎ কার্য্যাবসরে চন্দ্র, সূর্য্য, অগ্নি, বায়ু, যম, ধর্ম্ম ও বরুণ প্রভৃতির রূপ ধারণ করিয়া থাকেন, অতএব আপনাকে নমস্কার করি ॥ ৪৯ ॥

न যদা রথমাস্থায় জৈত্রং মণিগণার্পিতং। বিস্ফূর্জ্জচ্চণ্ড কোদণ্ডো রথেন ত্রাসয়ন্নঘান্ ॥ ৫০ ॥
স্বসৈন্যচরণক্ষুণ্ণং বেপয়ন্মণ্ডলং ভুবঃ। বিকর্ষন্ বৃহতীং সেনাং পর্য্যটস্যংশুমানিব ॥ ৫১ ॥
তদৈব সেতবঃ সর্ব্বে বর্ণাশ্রমনিবন্ধনাঃ। ভগবদ্রচিতা রাজন্ ভিদ্যেরন্ বত দস্যুভিঃ ॥ ৫২ ॥
অধর্ম্মশ্চ সমেধেত লোলুপৈর্ব্যঙ্কুশৈর্নৃভিঃ। শয়ানে ত্বয়ি লোকোঽয়ং দস্যুগ্রস্তো বিনঙ্ক্ষ্যতি ॥৫৩
অথাপি পৃচ্ছে ত্বাং বীর যদর্থং ত্বমিহাগতঃ। তদ্বয়ং নির্ব্ব্যলীকেন প্রতিপদ্যামহে ত্বদা ॥ ৫৪ ॥

শ্রীধরস্বামী।

ন যদেতি পঞ্চানাময়মর্থঃ। যদ্যপি ধর্ম্মরক্ষার্থং সর্ব্বতঃ পর্য্যটত এব প্রসঙ্গাদস্মদাশ্রমাগমনং সম্ভবতি। তথাপি বিশেষ কার্য্যং চেদস্তি তৎ কথ্যতামিতি জৈত্রং জয়প্রদং মণিগণা অর্পিতা যস্মিন্ তং রথমারুহ্য ত্বং যদা ভুবো মণ্ডলং ন পর্য্যটসি তদা সেতবো ভিদ্যেরন্নিতি ত্রয়াণামন্বয়ঃ। বিস্ফূর্জ্জৎ নাদং কুর্ব্বৎ চণ্ডং কোদণ্ডং যস্য ॥ ৫০ ॥
স্বসৈন্যস্য চরণৈঃ ক্ষুণ্ণং সংঘট্টিতং ॥ ৫১ ॥
বর্ণাশ্রমাণাং নিবন্ধনং যৈঃ বত অহো ॥ ৫২ ॥
নিরঙ্কুশৈর্নৃভির্নিগন্তৃভূতৈঃ শয়ানে নিশ্চিন্তিতে ॥ ৫৩ ॥
নির্ব্ব্যলীকেন সহর্ষেণ প্রতিপদ্যামহে স্বীকুর্ম্মহে ॥ ৫৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

ন যদেতি সার্দ্ধত্রিকং। রথেন রথসান্নিধ্যমাত্রেণ ॥ ৫০ । ৫১ । ৫২ ॥
শয়ান ইত্যর্দ্ধকং ধর্ম্মাধর্ম্ময়োঃ পালনসংহারৌ স্বদৃষ্টাবেব সম্যক্ স্যাতাং দস্যুনিবারণং ত্বদনুসন্ধানমাত্রেণ স্যাদিতি ॥ ৫৩ । ৫৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হে রাজন্ কিমর্থমায়াতোঽসীতি ত্বাং কথং পৃচ্ছামো যতস্তৎকারণং জানীমএবেতি ব্যতিরেকেণাহ। ন যদেতি। যদা ভুবো মণ্ডলং ন পর্য্যটসি। তদা সেতবো ভিদ্যেরন্নিতি ত্রয়াণামন্বয়ঃ। মণিগণানামর্পিতমর্পণং যত্র তং জৈত্রং জয়শীলং জৈত্রমুক্তমেবাহ রথেন রথসান্নিধ্যমাত্রেণ অঘান্ দুষ্টান্ ॥ ৫০ । ৫১ । ৫২ । ৫৩ ॥
অথাপি যদ্যপি সামান্যতো জানামি তদপি পৃচ্ছে পৃচ্ছামি ইহ মৎপর্ণশালায়াং যদর্থং ইতি নহি দুষ্টনিগ্রহার্থং পর্য্যটনং মৎপর্ণশালায়াং সফলীভবতীতি ভাবঃ। নির্ব্ব্যলীকেন নিষ্কপটেন সহর্ষেণ বা ত্বদা প্রতিপদ্যামহে স্বীকুর্ম্মহে ॥ ৫৪ ॥

অনন্তর মনুকে সম্বোধন পূর্ব্বক কহিলেন মহারাজ! মণিগণে ভূষিত এই জয়শীল রথে আরোহণ পূর্ব্বক ধনুর্ব্বাণ গ্রহণ করিয়া যদি তুমি ভূমণ্ডল পর্য্যটন না কর, তবে ধর্ম্ম মর্য্যাদা সকল একেবারে বিশৃঙ্খল হয়। রাজন্! তোমার ধনুকের টঙ্কার ধ্বনিতেই পাপিগণ ভয় পায় ॥ ৫০ ॥

হে আদিরাজ! তুমি এই যে মহতী সেনা সঙ্গে লইয়া অংশুমালি সূর্য্যের ন্যায় পর্য্যটন করিতেছ ইহাতে তোমার সৈন্য সকলের চরণক্ষুণ্ণ হইয়া এই ভূমণ্ডল কম্পিত হইতেছে ॥ ৫১ ॥

যদি তুমি এরূপে ভ্রমণ না করিতে তাহা হইলে ভগবান্ যে সকল বর্ণাশ্রম নিবন্ধনার্থ সেতু রচনা করিয়াছেন তাহা কি এই রূপ থাকিত? দস্যুগণ কোন্ কালে ভাঙ্গিয়া ফেলিত ॥ ৫২ ॥

হে রাজন্! তুমি নিশ্চিন্ত হইয়া শয়ান থাকিলে লোলুপ লোক সকল নিরঙ্কুশ হইয়া উঠিবে, তাহাতে অধর্ম্ম অতিশয় বৃদ্ধি প্রাপ্ত হইবে, সুতরাং এই ধরামণ্ডল দস্যু গ্রস্ত হইয়া একেবারে বিনষ্ট হইয়া যাইবে ॥ ৫৩ ॥

অতএব যদিও তোমার এই পর্য্যটন নিষ্প্রয়োজন নহে তথাচ তোমাকে জিজ্ঞাসা করি কি নিমিত্ত এ স্থানে আগমন হইল অভিপ্রায় ব্যক্ত কর, যাহা কহিবে, হৃষ্টচিত্তে তাহাই স্বীকার করিব ॥ ৫৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে মনু-কর্দ্দম সম্বাদে একবিংশতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ২১ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

এবমাবিষ্কৃতাশেষ গুণকর্ম্মোদয়ো মুনিং। সব্রীড় ইব তং সম্রাডুপারতমুবাচহ ॥ ১ ॥

শ্রীমনুরুবাচ ॥

ব্রহ্মাসৃজৎ স্বমুখতো যুষ্মানাত্ম পরীপ্সয়া। ছন্দোময়স্তপো বিদ্যা যোগযুক্তানলম্পটান্ ॥ ২ ॥

তত্ত্রাণায়াসৃজচ্চাস্মান্ দোঃ সহস্রাৎ সহস্রপাৎ। হৃদয়ং তস্য হি ব্রহ্ম ক্ষত্রমঙ্গং প্রচক্ষতে ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি তৃতীয়ে একবিংশঃ ॥ * ॥

দ্বাবিংশে কর্দ্দমায়াদাদ্যথাদিষ্টাং হি বিষ্ণুনা। মনু র্দুহিতরং দেবহূতিমিত্যানুবর্ণ্যতে ॥ ০ ॥

এবমাবিষ্কৃতঃ অশেষাণাং গুণানাং কর্ম্মণাঞ্চ উদয় উৎকর্ষো যস্য স সম্রাট্ মনুঃ। সব্রীড় ইব স্বকীর্ত্তিশ্রবণাৎ। প্রত্যাখ্যান শঙ্কয়া বা তং মুনিমুবাচ। উপারতং নিবৃত্তিনিরতং ॥ ১ ॥

মদীয়া কন্যা ত্বয়া পরিণেয়েতি বিজ্ঞাপয়িষ্যন্ যুষ্মদস্মৎ সম্বন্ধঃ তাবদীশ্বরেণ পূর্ব্বমেব ঘটিত ইত্যাহ ব্রহ্মেতি সার্দ্ধদ্বাভ্যাং আত্মনঃ পরীপ্সয়া পর্য্যাপ্তুমিচ্ছয়া ছন্দোময়স্যাত্মনঃ পর্য্যাপ্তিঃ পালনং বেদ প্রবর্ত্তনং তস্য ইচ্ছয়া যুষ্মান্ ব্রাহ্মণান্ অসৃজৎ ॥ ২ ॥

তত্ত্রাণায় ব্রাহ্মণপালনায়। ব্রহ্ম ব্রাহ্মণজাতিঃ ক্ষত্রং ক্ষত্রিয়জাতিঃ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য একবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

ব্রহ্ম বিরাট্ রূপঃ স্বমুখত ইতি জাতিমাত্রাপেক্ষয়োক্তং ॥ ১। ২ ॥

এবং দোঃ সহস্রাদিত্যাদীতিচ। হৃদয়ং জ্ঞানশক্তিপ্রাধান্যাৎ অঙ্গং ক্রিয়াশক্তিপ্রাধান্যাৎ ॥ ৩। ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একবিংশস্তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

দ্বাবিংশে প্রিয়ভাষী স্বাং জাতত্বায় কন্যকাং। কর্দ্দমায় নৃপো দত্বা স্বং ধামাগাদিতীর্য্যতে ॥ ০ ॥

আবিষ্কৃতোঽশেষাণাং গুণানাং কর্ম্মণাঞ্চ উদয় উৎকর্ষো যস্য সঃ। বচনাদুপারতং নিবৃত্তি নিরতং বা মুনিং। সব্রীড় ইবেতি স্বকীর্ত্তি শ্রবণাৎ পরমার্থপরায়ণে তস্মিন্ ব্যবহার বার্ত্তায়া বক্তব্যত্বাচ্চ ॥ ১ ॥

সহসা স্বকন্যাপ্রদান প্রসঙ্গস্য তৎ প্রত্যাখ্যান শঙ্কয়া প্রথমং ব্রাহ্মণক্ষত্রিয়য়োঃ কমপি সম্বন্ধং সন্যায়মাহ ব্রহ্মেতি সার্দ্ধাভ্যাং। আত্মনশ্ছন্দোময়স্য স্বস্য পরীপ্সয়া বেদপ্রবর্ত্তনেন পালনেচ্ছয়া যুষ্মান্ ব্রাহ্মণান্ অসৃজৎ। পর্য্যাপ্তিঃ পালনং ॥ ২ ॥

ব্রাহ্মণান্ কে পালয়েয়ুরিত্যত আহ তদিতি দোঃ সহস্রাদিতি পরমেশ্বরেণৈক্যাৎ নমু ক্ষত্রিয়ানপি কঃ পালয়েত্তত্রাহ ব্রহ্ম ব্রাহ্মণঃ।

॥ * ॥ ইতি তৃতীয়ে একবিংশতি ॥ * ॥

দ্বাবিংশাধ্যায়ে স্বায়ম্ভুব মনু কর্ত্তৃক ঋষিবর কর্দ্দমের হস্তে ভগবানের আদেশানুরূপ কন্যাসম্প্রদান ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন মহর্ষি কর্দ্দম এই প্রকারে আদিরাজ মনুর অশেষ গুণ ও কর্ম্মের উৎকর্ষ প্রকাশ পূর্ব্বক প্রশংসা করিলে সম্রাট্ আত্ম সুখ্যাতি বাদে লজ্জিত হইলেন এবং আপনার অভিপ্রেত বিষয়ে প্রত্যাখ্যান আশঙ্কায় কহিতে লাগিলেন ॥ ১ ॥

হে ব্রহ্মন্! বেদময় ব্রহ্মা আত্ম পর্য্যাপ্তি বাসনায় অর্থাৎ বেদ প্রবর্ত্তন মানসে আপনাদিগকে তপস্যা বিদ্যা এবং যোগযুক্ত ও অলম্পট করিয়া আপনার মুখ হইতে সৃজন করেন ॥ ২ ॥

তিনিই আপনাদিগের পরিপালন নিমিত্ত স্বীয় বাহু সহস্র হইতে আমাদিগকে সৃষ্টি করিয়াছেন,

অতোহন্যোন্যাত্মনাং ব্রহ্ম ক্ষত্রঞ্চ রক্ষতঃ । রক্ষতি স্মাব্যয়ো দেব স যঃ সদসদাত্মকঃ ॥ ৪ ॥
তব সন্দর্শনাদেব চ্ছিন্না মে সর্ব্ব সংশয়াঃ । যৎ স্বয়ং ভগবান্ প্রীত্যা ধর্ম্মমাহ রিরক্ষিষোঃ ।
দিষ্ট্যা মে ভগবান্ দৃষ্টো দুর্দর্শো যোহকৃতাত্মনাং । দিষ্ট্যা পাদরজঃ স্পৃষ্টং শীর্ষ্ণা মে ভবতঃ শিবং ॥ ৫
দিষ্ট্যা ত্বয়ানুশিষ্টোহহং কৃতশ্চানুগ্রহো মহান্ । অপাবৃতৈঃ কর্ণরন্ধ্রৈর্জুষ্টা দিষ্ট্যোশতী গিরঃ ॥ ৬

শ্রীধরস্বামী।

এবং স দেব এব রক্ষতি স্ম। কোহসৌ যঃ সদসদাত্মকঃ সর্ব্বাত্মকঃ তথাপ্যব্যয়ো নির্ব্বিকারঃ ॥ ৪ ॥
তং বিজ্ঞাপয়িতুমেব তদ্দর্শনাদিকমভিনন্দতি তবেতি ত্রিভিঃ ॥ ৫ ॥
অনুগ্রহোহনুশাসনাদিরূপ এব উশতীঃ উশত্যঃ ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

যত্তু স্বয়ং ভগবান্ ধর্ম্মমাহ তদিদং স্বধিকমিতি শেষঃ। যদ্বা। যৎ যস্মাৎ সংদর্শনাদেবমযোগ্যতায়াং কারণাৎ স্বয়ং ধর্ম্মমপ্যাহ। সংশয়োহত্র তৎ কারণং চিত্তমলং ॥ ৫ ॥
অনুগ্রহঃ স্বশিক্ষাগ্রহণ সামর্থ্যে হেতুঃ কৃপাদৃষ্ট্যাদিরূপঃ। অপাবৃতৈর্ব্বাধিত কার্য্যানবধানাদিদোষেণাচ্ছন্নৈর্ব্বহুবং স্পৃহয়ানে কায়মানত্বাৎ ॥ ৬। ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অঙ্গং ভুজঃ। অয়মর্থঃ লোকেহি হৃদয়ে প্রহার আপতিতে ভুজাভ্যাংহৃদয়স্য গোপনং দৃশ্যতে। ভুজেচ প্রহার আপতিতে দেহং কুঞ্চিতীকৃত্য হৃদয়মধ্যে এব ভুজো গোপ্যতে ইতি হৃদয়স্য পালকো ভুজঃ। ভুজস্য পালকং হৃদয়ং ॥ ৩ ॥
এবং ব্রহ্ম ব্রাহ্মণস্তপোবলেন ক্ষত্রিয়ং পালয়তি। ক্ষত্রং ক্ষত্রিয়ঃ শারীরবলেন ব্রাহ্মণমিতি বক্তব্য দেবঃ পরমেশ্বর এবোভয়ং রক্ষতি। সদসদাত্মকঃ তদপ্যব্যয়ো নির্ব্বিকারঃ ॥ ৪ ॥
অতোহহং স্বস্য পালকং ত্বামাগতমত্রৈব সন্দর্শনেনৈবাহং পালিত ইত্যাহ তবেতি। রিরক্ষিষোঃ ক্ষত্রিয়স্য।
অকৃতাত্মনাং অপুণ্যাত্মনাং ॥ ৫ ॥
উশতীরুশত্যঃ ॥ ৬ ॥

এই নিমিত্ত লোকে আপনাদিগকে (ব্রাহ্মণ জাতিকে) ব্রহ্মার হৃদয় এবং আমাদিগকে (ক্ষত্রিয় জাতিকে) তাঁহার অঙ্গ বলিয়া থাকে ॥ ৩ ॥

অতএব আমরা (ব্রাহ্মণ ও ক্ষত্রিয়) পরস্পরকে রক্ষা করি, কিন্তু যদিও এই রক্ষা আমাদের আত্মকৃত বোধ হয়, তথাচ যিনি সৎ ও অসতের আত্মা হইয়াও নির্ব্বিকার, সেই পরমেশ্বর হইতেই বাস্তবিক রক্ষা হয় ॥ ৪ ॥

হে মহাশয়! ঐ বিষয়ে আমার যে সকল সংশয় ছিল একণে আপনার দর্শন মাত্রে তৎসমুদায় ছিন্ন হইয়া গেল, যে হেতু আমি ক্ষত্রিয়, রক্ষা কার্য্য করিতে ইচ্ছুক আপনি প্রীত হইয়া আমার ধর্ম্ম কহিয়া দিলেন। প্রভো! আমি সৌভাগ্য ক্রমে আপনার দর্শন পাইলাম, অকৃতাত্মলোকে কি আপনার দর্শন পায়? আমার এই সৌভাগ্য যে আপনার পাদরেণু নিজ মস্তক দ্বারা স্পর্শ করিলাম ॥ ৫ ॥

অপর, ভাগ্য বশতই আমি আপনার অনুশাসন ও সুমহৎ অনুগ্রহ লাভ করিলাম। আর অনাবৃত কর্ণরন্ধ্র দ্বারা যে আপনার কমনীয় বচনাবলী সেবিত হইল, ইহাও আমার সুমহৎ ভাগ্যের ফল ॥ ৬ ॥

স ভবান্ দুহিতৃস্নেহপরিক্লিষ্টাত্মনোমম। শ্রোতুমর্হতি দীনস্য শ্রাবিতং কৃপয়া মুনে॥ ৭॥
প্রিয়ব্রতোত্তানপদোঃ স্বসেয়ং দুহিতা মম। অন্বিচ্ছতি পতিং যুক্তং বয়ঃশীলগুণাদিভিঃ।
যদাতু ভবতঃ শীলশ্রুতরূপ বয়ো গুণান্। অশৃণোন্নারদাদেষা ত্বয্যাসীৎ কৃতনিশ্চয়া॥ ৮॥
তৎপ্রতীচ্ছ দ্বিজাগ্র্যেমাং শ্রদ্ধয়োপাহৃতাং ময়া। সর্ব্বাত্মনানুরূপাং তে গৃহমেধিষু কর্ম্মসু॥ ৯॥
উদ্যতস্য হি কামস্য প্রতিবাদো ন শস্যতে। অপি নির্ম্মুক্তসঙ্গস্য কামরক্তস্য কিং পুনঃ॥ ১০॥

শ্রীধরস্বামী।

বিজ্ঞাপয়তি স ভবানিতি সপ্তভিঃ। দুহিতুঃ স্নেহেন পরিক্লিষ্ট আত্মা যস্য। শ্রাবিতং বিজ্ঞাপিতং॥ ৭॥
প্রিয়ব্রতোত্তানপদোঃ স্বসেতি পুত্রিকাকরণ শঙ্কা নিরস্তা। মম সুতেতি ক্ষত্রিয়কন্যা তব যোগ্যেতি দর্শিতং॥ ৮॥
প্রতীচ্ছ স্বীকুরু॥ ৯॥
উদ্যতস্য স্বতঃ প্রাপ্তস্য বিষয়স্য প্রতিবাদঃ প্রত্যাখ্যানং॥ ১০॥

ক্রমসন্দর্ভঃ।

বয় আদ্যনুসন্ধানং তৎ কথনং চ তাদৃশাং ধর্ম্ম সাচিব্য প্রাধান্যেনৈবেতি ন লজ্জাকরং॥ ৮। ৯॥
উদ্যতস্য ধাত্রা স্বয়মুপসাদিতস্য নির্ম্মুক্ত সঙ্গস্য কেবলং ধর্ম্মার্থং বিষয়োপার্জ্জনমিতি মনস্যাসক্তি রহিতস্য॥ ১০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবঞ্চ ত্বদ্দর্শনাম্নে সর্ব্বে ক্লেশা গতা এব কিন্ত্বেকঃ ক্লেশস্য দুর্ব্বারো হৃদি বর্ত্তত এব। তদপি তৎকৃপয়া দত্তাশ্বাসো বিগতভীরে-বোদ্ঘাটয়ামীত্যাহ স প্রসিদ্ধঃ কৃপাসিন্ধুরিত্যর্থঃ। পরিক্লিষ্ট ইতি এষ ক্লেশো মে বিবেকেনাপি নাপযাতীতি ভাবঃ॥ ৭॥
প্রিয়ব্রতোত্তানপদোঃ স্বসেতি পুত্রিকাকরণশঙ্কা নিরস্তা। মম দুহিতেতি ক্ষত্রিয়কন্যা তব যোগ্যৈবেতি ভাবঃ॥ ৮। ৯॥
নচাহং বিরক্তস্তপস্বী ত্বৎকন্যাং কথং স্বীকরোমীতি বাচ্যমিত্যাহ। উদ্যতস্য স্বতঃ প্রাপ্তস্য বিষয়স্য প্রতিবাদঃ প্রত্যাখ্যানং কামরক্তস্যেতি ভবাদ্দৃর্গতং কামং আদৈবাহমিহাগচ্ছমতো মদ্ধি কামো নাপলপনীয় ইতি ভাবঃ॥ ১০॥

প্রভো! আপনি আমার প্রতি অশেষ প্রকারে অনুগ্রহ করিলেন, দুহিতার প্রতি স্নেহ বশতঃ আমার অন্তঃকরণ ক্লিষ্ট হওয়াতে আপনাকে একটী নিবেদন করিতে বাঞ্ছা করি, দীনের প্রতি অনুগ্রহ প্রকাশ পূর্ব্বক শ্রবণ করিতে আজ্ঞা হউক॥ ৭॥

হে মুনি সত্তম! এইটী আমার দুহিতা, ইনি প্রিয়ব্রত ও উত্তান পাদের ভগিনী, ইনি বয়ঃশীলাদি সম্পন্ন পতি অন্বেষণ করিতেছিলেন, নারদের প্রমুখাৎ আপনার কুল, শীল, বয়স্, বিদ্যা এবং রূপ গুণের কথা শুনিয়া আপনাকেই পতিত্বে বরণ করিতে কৃতনিশ্চয়া হইয়াছেন॥ ৮॥

অতএব হে দ্বিজবর! আপনি আমার এই কন্যাটীকে স্বীকার করুন, আমি শ্রদ্ধা পূর্ব্বক উপহার স্বরূপ ইঁহাকে সম্প্রদান করিতেছি। হে মুনে! আমার এই তনয়া সর্ব্ব প্রকারে আপনার অনুরূপা, ইহা হইতে আপনার গ্রহাশ্রম নিবন্ধন কর্ম্ম সকল সুন্দর রূপে সম্পন্ন হইবে॥ ৯॥

হে ঋষিবর! যে ব্যক্তি সঙ্গত্যাগী তাহার নিকটেও যদি ভোগ্য বিষয় আপনা হইতে উপস্থিত হয়, তাহার পক্ষেও তাহা ত্যাগ করা উচিত হয় না, কামাসক্ত ব্যক্তির কথা কি? অর্থাৎ যে ব্যক্তির বিষয়ে আসক্তি আছে তাহার পক্ষে স্বতঃ উপস্থিত বিষয় উপেক্ষা করা কোন ক্রমেই শ্রেয়স্কর নহে অতএব আপনি এই কন্যাটীকে গ্রহণ করুন॥ ১০॥

য উদ্যতমনাদৃত্য কীনাশমভিযাচতে। ক্ষীয়তে তদ্যশঃ স্ফীতং মানশ্চাবজ্ঞয়া হতঃ॥ ১১॥
অহং ত্বা শৃণবং বিদ্বন্ বিবাহার্থং সমুদ্যতং। অতস্ত্বমুপকুর্ব্বাণঃ প্রত্তাং প্রতি গৃহাণ মে॥ ১২॥
শ্রীঋষিরুবাচ॥
বাঢ়মুদ্বোঢ়ুকামোঽহমপ্রত্তা চ তবাত্মজা। আবয়োরনুরূপোঽসাবাদ্যো বৈবাহিকো বিধিঃ॥ ১৩॥
কামঃ সভূয়ান্নরদেব তেঽস্যাঃ পুত্র্যাঃ সমাম্নায় বিধৌ প্রতীতঃ।

শ্রীধরস্বামী।

কীনাশং কৃপণং। অবজ্ঞয়া পরাপমানেন॥ ১১॥
যস্ত সাবধি ব্রহ্মচর্য্যং স উপকুর্ব্বাণঃ প্রত্তাং ময়া দত্তাং॥ ১২॥
অপ্রত্তাচেতি ময়্যেব কৃতনিশ্চয়ত্বাৎ কস্মৈচিৎ প্রতিশ্রুতা ন ভবতীত্যর্থঃ। আদ্যঃ প্রথমঃ। ততঃ পূর্ব্বং বিবাহাভাবাৎ মুখ্য ইতি বা॥ ১৩॥
ভূয়াৎ ভবেৎ প্রতীতঃ। গৃভ্ণামি তে সৌভগত্বায় হস্তং ময়া পত্যোত্যাদি মন্ত্রঃ প্রসিদ্ধঃ। স্বয়াঙ্গকাস্ত্যৈব শ্রিয়ং বিভূষণাদি

ক্রমসন্দর্ভঃ।

অবজ্ঞয়া পরকৃতাপমানেন॥ ১১। ১২॥
বাঢ়মিতি। রুচেঃ প্রথমতো দানবেপি বৈবাহিকবিধেরত্রৈব প্রারব্ধত্বাদাদ্য ইত্যুক্তং॥ ১৩॥
কামঃ স ভূয়াদিত্যাদি ত্রয়স্যায়মর্থঃ তাদৃশীয়ং মাং তপস্বিনমপি প্রার্থয়তে। তত এনাং শুদ্ধভক্তাং কথং ত্যজেয়মিতি

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্র ব্যাবহারিকীং নীতিমাহ য ইতি। অনাদৃত্য প্রতিষ্ঠানুরোধাল্লজ্জয়া প্রত্যাখ্যায় পুনঃ কৃপণমদাতারমপি জনং তমেব কামং যাচতে কামেনৈবাচিরাদেব প্রাবল্যবতা লজ্জাপ্রতিষ্ঠয়োর্গ্রাসমানত্বাদিতি ভাবঃ। মানশ্চ হতো ভবতীত্যর্থঃ। তেন পরিণামদর্শিনা বিদুষা বর্ত্তমানমপি বৈরাগ্যং স্বমনো মধ্যবর্ত্তিনা কামেনাগ্রতো গ্রসিষ্যমানমনুমায় প্রথমমেব দৈবাদযাচিত এবা-য়াতোঽনিষিদ্ধো বিষয়োঽঙ্গীকর্ত্তব্য এবেতি ধ্বনিঃ॥ ১১॥
নম্বু মন্মনো মধ্যবর্ত্তিনং কামং ত্বং কেন লক্ষণেনাজ্ঞাসী শুত্র জ্ঞানস্য কা কথা শ্রবণমপি মে জাতমিত্যাহ। অহং ত্বেতি। ত্বা ত্বাং অশৃণবমিতি শ্রবণমিদং স্ফূর্ত্তিপ্রাপ্তস্য ভগবত এব মুখাদিত্যবগন্তব্যং। যস্য সাবধি ব্রহ্মচর্য্যং স উপকুর্ব্বাণঃ প্রত্তাং ময়া দত্তাং॥ ১২॥
অপ্রত্তা কস্মৈচিন্ন প্রতিশ্রুতা আদ্যঃ ততঃ পূর্ব্বং বিবাহাভাবাৎ॥ ১৩॥
অস্যাঃ কামো ভূয়াৎ ভবতু। সমাম্নায়োক্ত বিবাহবিধৌ প্রতীতঃ। গৃভ্ণামি তে সৌভগত্বায় হস্তং ময়া পত্যা জরদষ্টির্ষথা

হে বিদ্বন্! উপস্থিত বিষয়ে অনাদর করিয়া যে ব্যক্তি পশ্চাৎ কৃপণ সন্নিধানে যাচ্ঞা করে, তাহার যদি সুবিস্তীর্ণ যশঃ থাকে তাহাও ক্ষয় হয় এবং অবজ্ঞা দ্বারা মানও বিনষ্ট হইয়াযায়॥ ১১॥

হে দ্বিজশ্রেষ্ঠ! আমি শুনিলাম আপনি বিবাহ করিবার নিমিত্ত উদ্যত হইয়াছেন তাহাতেই এই কন্যার পাণি গ্রহণ করাইতে আগ্রহ করিতেছি, আপনি ব্রহ্মচারী বটেন, কিন্তু আপনার ব্রহ্মচর্য্য সাবধিক, অতএব ব্রত সমাপন পূর্ব্বক এই মদ্দত্তা কন্যা প্রতিগ্রহ করুন॥ ১২॥

কর্দ্দম কহিলেন ভালই হইল আমিও বিবাহ করিতে বাসনা করিয়াছি, তোমারও এই কন্যা অদত্তা আছেন এবং ইনি আমাকে পতিত্বে বরণ করিবার নিমিত্ত কৃত নিশ্চয়া হওয়াতে তুমি অন্য কোন ব্যক্তিকে সম্প্রদান করিতেও স্বীকার কর নাই, ইহাতে এই প্রথম বৈবাহিক বিধি আমাদের উভয়েরই অনুরূপ হইবে॥ ১৩॥

অতএব হে নরদেব! বিবাহ বিধিতে যে সকল মন্ত্র প্রসিদ্ধ আছে তাহা আপনার এই পুত্রীর

ক এব তে তনয়াং নাদ্রিয়েত স্বয়ৈব কান্ত্যা ক্ষিপতীমিব শ্রিয়ং ॥ ১৪ ॥
যাং হর্ম্ম্যপৃষ্ঠে ক্কণদঙ্ঘ্রিশোভাং বিক্রীড়তীং কন্দুকবিহ্বলাক্ষীং।
বিশ্বাবসুর্ন্যপতৎ স্বাদ্বিমানাদ্বিলোক্য সম্মোহ বিমূঢ়চেতাঃ ॥ ১৫ ॥
তাং প্রার্থয়ন্তীং ললনাললামমসেবিত শ্রীচরণৈরদৃষ্টাং।
বৎসাং মনোরুচ্চপদঃ স্বসারং কোনানুমন্যেত বুধোঽভিযাতাং ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

শোভাং ॥ ১৪ ॥

যাং বিলোক্য ন্যপতৎ সম্মোহেন বিমূঢ়ং ব্যাকুল চেতোযস্য ক্কণন্ত্যামঙ্ঘ্রিভ্যাং শোভা যস্যাঃ ॥ ১৫ ॥

ললনানাং ললামং ভূষণভূতাং অসেবিতৌ শ্রিয়শ্চরণৌ যৈস্তৈরদৃষ্টাং ভ্রষ্টুমযোগ্যাং। উচ্চপদঃ উত্তানপাদস্য। অভিযাতাং স্বয়ং প্রাপ্তাং ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

বক্ষ্যতেচ। পিতৃভ্যাং প্রস্থিত ইত্যাদিভিঃ। শ্রিয়ং জগল্লক্ষ্মীং ॥ ১৪ ॥

যামিত্যাদি যুগ্মকং উভয়োরপি কামাদূষিত চিত্তত্বেন সর্ব্বৈঃ প্রতীয়মানত্বাৎ ন লজ্জাকরং প্রিয়ব্রতস্য তদা বিরজ্য গতত্বাৎ উচ্চপদ ইত্যুক্তং ॥ ১৫। ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইত্যাদি মন্ত্রঃ প্রসিদ্ধঃ। শ্রিয়ং ভূষণশোভাং ॥ ১৪ ॥

ক্ষিপতীমিব শ্রিয়মিতি ব্যতিরেকালঙ্কারেণ তস্যাঃ সৌন্দর্য্যসাদগুণ্যাদিকং নিরুপমমুক্ত্বা স্বাভাবিকং প্রভাবমপ্যাহ যামিতি ক্কণন্ত্যামঙ্ঘ্রিভ্যাং শোভা যস্যাস্তাং। বিমানাৎ নিতরাং ভূমিতলে অপতৎ বিলোক্য সংমোহেতি। তত্রাপি সম্যগচেতনো মূর্ত্তক ইব ভূদেবেতি ভাব পূর্ব্বক তদবলোকনমহাপরাধঃ ফলং সদ্যঃ প্রাপেত্যর্থঃ। ননু বিলোক্যেতি ক্ত্বা প্রত্যয়োক্তের্বিশ্বাবসুনা সা দৃষ্টৈবেতি ॥ ১৫ ॥

তত্র নহি নহীত্যাহ। অসেবিত শ্রীচরণৈর্জনৈরদৃষ্টাং মদভীষ্টদেব শ্রীমন্নারায়ণকান্তায়াশ্চরণৌ মযৈব সেবিতা যতো মযৈব সাদৃশ্যা ত্বয়ৈবানেষাং কেষামপীতি ভাবঃ। তেন চাকাশচারিণা তস্যাঃ কান্তিরেব বিশ্বাবসুনা বিলোকিতা নতু সেত্যায়াতং। আভিজাত্যেঽপ্যুৎকর্ষমাহ মনোস্তব বৎসাং বাৎসল্যপাত্রীং কন্যাং। উচ্চপদ উত্তানপাদস্য প্রিয়ব্রতস্য তদা বিরজ্য গতত্বান্নোল্লেখঃ। তত্রাপ্যভিযাতাং স্বয়ং প্রাপ্তাং ॥ ১৬ ॥

প্রতি প্রয়োগ করা হউক। মহারাজ! আপনার এই তনয়ার প্রতি আমার অনুরাগ হইবে কি না এ বিষয়ে কোন চিন্তা করিবেন না, ইহাঁর অঙ্গকান্তি দ্বারা ভূষণাদিরও শোভা অধঃকৃতা হয়, অতএব ইহাঁকে কে না আদর করিবে ? ॥ ১৪ ॥

মহারাজ! একদা তোমার এই কন্যা হর্ম্ম্যপৃষ্ঠে আরোহণ পূর্ব্বক কন্দুক লইয়া ক্রীড়া করিতেছিলেন, তখন ক্রীড়নক কন্দুকেই ইহাঁর নেত্র সংলগ্ন ছিল, ক্রীড়ার্থ ইতস্ততঃ ধাবমানা হওয়াতে ইহাঁর নূপুর শব্দায়মান হওয়ায় চরণের অতিশয় শোভা হইয়াছিল। বিশ্বাবসু গন্ধর্ব্ব ইহাঁকে ঐ প্রকার অবলোকন করিবা মাত্র সম্মোহে ব্যাকুল চিত্ত হইয়া আপনার বিমান হইতে পড়িয়া গিয়াছিল ॥ ১৫ ॥

অতএব ইনি ললনাললাম অর্থাৎ স্ত্রীগণের ভূষণ স্বরূপ, কমলার চরণ সেবা ব্যতীত ইহাঁর দর্শন লাভ হইতে পারে না, অপর তুমি আদিরাজ মনু, ইনি তোমার কন্যা এবং উত্তানপাদের ভগিনী, স্বয়ং আগমন করিয়া প্রার্থনা করিতেছেন, ইহাঁর প্রার্থনায় কে সম্মত না হইবে ? ॥ ১৬ ॥

অতো ভজিষ্যে সময়েন সাধ্বীং যাবত্তেজো বিভৃয়াদাত্মনো মে।
অতো ধর্ম্মান্ পারমহংস্যমুখ্যান্ শুক্লপ্রোক্তান্ বহুমন্যেঽবিহিংস্রান্ ॥ ১৭ ॥
যতো ভবদ্বিশ্বমিদং বিচিত্রং সংস্থাস্যতে যত্র চ বাবতিষ্ঠতে।
প্রজাপতীনাং পতিরেষ মহ্যং পরং প্রমাণং ভগবাননন্তঃ ॥ ১৮ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
স উগ্রধন্বন্নিয়দেবাবভাষে আসীচ্চতূষ্ণীমরবিন্দনাভং।

শ্রীধরস্বামী।

ভজিষ্যে স্বীকরিষ্যে। যাবদপত্যোৎপত্তি তাবদ্গার্হস্থ্যং ততঃ পরং সন্ন্যাস ইতি ভাবাবন্ধঃ সময়ঃ তমেবাহ যাবদাত্মনো মমচ তেজো গর্ভং বিভৃয়াৎ। যদ্বা মমাত্মনো দেহাচ্চ্যুতং তেজোবীর্য্যং বিভৃয়াদিতি। অতঃপরং পারমহংস্যং জ্ঞানং তস্মিন্ মুখ্যান্ শুক্লেন বিষ্ণুনা সাক্ষাৎ প্রকর্ষেণোক্তান্ অবিহিংস্রান্ হিংসারহিতান্ শমাদীন্ বহু যথা ভবতি এবমনুষ্ঠেয়াত্মস্তে ॥ ১৭ ॥

নন্বু তব পিতুঃ প্রজাপতেরাজ্ঞা সৃষ্টাবেব ন সংন্যাসে তত্রাহ যত ইতি সংস্থাস্যতে চ লয়ং যাস্যতি। বাবেতি এবার্থে ঋণত্রয়াপাকরণানন্তরং সংন্যাস এব মাদৃশানাং ভগবত্তোক্ত ইত্যর্থঃ ॥ ১৮ ॥

হে উগ্রধন্বন্ সুলুক্তে মুনে মুখেন প্রলোভ্যতেস্ম যদ্বা মুখেন প্রলোভিতবান্ ॥ ১৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

আত্মনঃ পরমাত্মনঃ কপিলাখ্যং তেজোমে মত্তো যাববিভৃয়াৎ ॥ ১৭ । ১৮ ॥

অরবিন্দনাভানুভবজাত প্রসাদরূপেণ স্মিতেন যৎশোভিতং শোভাবিশেষং প্রাপ্তং তেন মুখেন সুলুক্তে। অয়মেব মহা-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সময়েনেতি যাবদপত্যোৎপত্তিস্তাবদ্গার্হস্থ্যং ততঃ পরং সন্ন্যাস ইতি ভাষাবন্ধময়ঃ সময়স্তেন যথা যাবৎ মমাত্মনো দেহাচ্চ্যুতং তেজো বিভৃয়াৎ তাবদ্ভজিষ্যে তত্রাপি সময়ে মম তপঃ শেষসমাপ্ত্যনন্তরং যদাবকাশং লপ্স্যে তদৈবেত্যর্থঃ। অত্র মমাত্মনো মৎপ্রিয়েষ্টদেবস্য স্নেহঃ কপিলদেবাখ্যমিতি বহুর্থশ্চ জ্ঞেয়ঃ। অতোঽনন্তরং পারমহংস্যেষু মুখ্যান্ যদ্বা পারমহংস্যাৎ জ্ঞানাদপি মুখ্যান্ নিষ্পরিগ্রহত্বভিক্ষুরূপান্ শুক্লেন বিষ্ণুনা সাক্ষাৎ প্রকর্ষেণোক্তান্। অবিহিংস্রান্ হিংসারহিতান্ বহু যথাস্যাদেবমনুষ্ঠেয়াত্মস্তে ॥ ১৭ ॥

অত্রার্থে প্রমাণং তব মমচ স্মৃত্যারূঢ়ো ভগবানেবেত্যাহ যত ইতি। যদ্বা নন্বু তব পিতুঃ প্রজাপতে রাজ্ঞঃ সৃষ্টাবেব ন বৈরাগ্যে তত্রাহ। যত ইতি সংস্থাস্যতে লয়ং যাস্যতি বাবেত্যেবার্থে। প্রজাপতীনাং মৎপিত্রাদীনামপি পতিঃ অতঃ সএব পরং প্রমাণং। তস্যাজ্ঞৈব ময়া পালনীয়া নতু পিতুরেবেতি ভাবঃ ॥ ১৮ ॥

হে উগ্রধন্বন্নিতি। ত্বং যথা বীরো যুদ্ধাৎপ্রত্যাবর্ত্তসে তথা সোঽপি স্বাভিমতাদ্ভগবদ্ধর্ম্মাদিতি ভাবঃ। ততশ্চ দেবহূত্যাঃ

. কিন্তু আমি একটী প্রতিজ্ঞা করিতেছি যাবৎ সন্তানোৎপত্তি হয় তাবৎ গৃহধর্ম্মে প্রবৃত্ত থাকিব অতএব যত দিন্ পর্য্যন্ত ইনি আপনার এবং আমার তেজঃ ধারণ করিবেন অর্থাৎ যাবৎ গর্ভবতী হইবেন তাবৎ ইহাঁর সহিত বাস করিব, তাহার পর ভগবান্ বিষ্ণু, জ্ঞান বিষয়ে মুখ্য শম দমাদি যে সকল ধর্ম্ম স্বয়ং প্রকৃষ্ট রূপে কহিয়াছেন তাহাই অনুষ্ঠেয় রূপে গণ্য করিব ॥ ১৭ ॥

হে রাজন্! এই বিচিত্র বিশ্ব যাঁহা হইতে উৎপন্ন হইয়াছে এবং যাঁহাতে অবস্থিত আছে ও শেষে যাঁহাতে লীন হইবে প্রজাপতি দিগের পতি সেই ভগবান্ অনন্তই এ বিষয়ে আমার প্রমাণ অর্থাৎ ভগবান্ আমাকে পিত্রাদির ঋণত্রয় মোচন পূর্ব্বক সন্ন্যাস ধর্ম্ম অবলম্বন করিতেই অনুমতি করিয়াছেন ॥ ১৮ ॥

মৈত্রেয় কহিলেন হে উগ্রধন্বন্ বিদুর। কর্দ্দম ঋষি এতাবন্মাত্র বলিয়া ভগবান্ পদ্মনাভকে মনো-

ধিয়োপগৃহ্ণন্ স্মিতশোভিতেন মুখেন চেতো লুলুভে দেবহূত্যাঃ ॥ ১৯ ॥
সোঽনুজ্ঞাত্বা ব্যবসিতং মহিষ্যা দুহিতুঃ স্ফুটং। তস্মৈ গুণগণাঢ্যায় দদৌ তুল্যাং প্রহর্ষিতঃ ॥ ২০
শতরূপা মহারাজ্ঞী পারিবর্হান্মহাধনান্। দম্পত্যোঃ পর্য্যদাৎ প্রীত্যা ভূষাবাসঃ পরিচ্ছদান্ ॥ ২১
প্রত্তাং দুহিতরং সম্রাট্ সদৃক্ষায় গতব্যথঃ। উপগুহ্যচ বাহুভ্যামৌৎকণ্ঠ্যোন্মথিতাশয়ঃ ॥ ২২ ॥
অশক্নুবংস্তদ্বিরহং মুঞ্চন্ বাস্পকলাং মুহুঃ। আসিঞ্চদম্ব বৎসেতি নেত্রোদৈর্দুহিতুঃ শিখাঃ।
আমন্ত্র্য তং মুনিবরমনুজ্ঞাতঃ সহানুগঃ। প্রতস্থে রথমারুহ্য সভার্য্যঃ স্বপুরং নৃপঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

স মনুঃ অনু অনন্তরং মহিষ্যাশ্চ ব্যবসিতং নিশ্চয়ং জ্ঞাত্বা। ২০।
পারিবর্হান্ বিবাহকালে প্রদেয়ান্ ভূষা ভূষণানিচ বাসাংসিচ পরিচ্ছদান্ গৃহোপকরণানিচ। ২১।
প্রত্তাং প্রদত্তাং সদৃক্ষায় সদৃশায় গতা ব্যথা চিন্তা যস্য। ঔৎকণ্ঠ্যেন উন্মথিতঃ ক্ষুভিতঃ আশয়ো যস্য ॥ ২২ ॥
তস্যা বিরহং সোঢ়ুং হে অম্ব হে বৎসে ইতি ব্রুবন্ সন্ধিরার্ষঃ। শিখাঃ কেশানাসিঞ্চৎ ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভাগবতো মৎপতিত্বযোগ্য ইতি লোভং চকার ॥ ১৯। ২০। ২১ ॥
প্রত্তামিতি যুগ্মকং ॥ ২২ ॥
আমন্ত্র্যেতি যুগ্মকং ॥ ২৩। ২৪। ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্মিতশোভিতেন মুখেন চেতো লুলুভে। অর্থাৎ কর্দ্দমস্য চেতস্তস্যাং লুব্ধং বভূব তেনচ হন্ত হন্তাতিবিরক্তে কন্যার্পিতেতি মনু শতরূপয়ো রনুতাপো নাভূদিতি ব্যঞ্জিতং ॥ ১৯ ॥
স মনুঃ অনু অনন্তরং দুহিতুর্দেবহূত্যের্ম্মহিষ্যা স্তম্মাতুশ্চ ব্যবসিতমভিপ্রায়ং ॥ ২০ ॥
পারিবর্হান্ বিবাহে প্রদেয়ান্ মহান্তি ধনানি মূল্যানি যেষাং তাননর্ঘ্যানিত্যর্থঃ ॥ ২১।
প্রত্তাং প্রদত্তাং হে বৎসে ইতি ব্রুবন্ ॥ ২২। ২৩ ॥

মধ্যে স্মরণ করত তূষ্ণীম্ভূত হইয়া রহিলেন। কিন্তু তাঁহার সহাস্য বদন দেবহূতির চিত্তে লোভ জন্মাইতে লাগিল ॥ ১৯ ॥

অনন্তর মনু আপনার মহিষী এবং তনয়ার অভিপ্রায় অবগত হইয়া প্রফুল্ল চিত্তে বহুগুণালঙ্কৃত সেই মুনিবরকে অনুরূপা কন্যা সম্প্রদান করিলেন ॥ ২০ ॥

বিবাহ সম্পন্ন হইলে মহারাজ্ঞী শতরূপা প্রীতমনে ভূরি ভূরি মহামূল্য বসন, ভূষণ ও বিবিধ গৃহোপকরণ সকল কন্যা জামাতাকে যৌতুক দিলেন ॥ ২১ ॥

যোগ্যপাত্রে কন্যা সম্প্রদান করিয়া মনু নিশ্চিন্ত হইলেন, কিন্তু তনয়ার প্রতি অতিশয় স্নেহ প্রযুক্ত তাঁহার মনে অন্য প্রকার উৎকণ্ঠা জন্মিল, তাহাতেই চিত্ত ক্ষুব্ধ হইতে লাগিল, অতএব স্নেহভরে ভুজ দ্বয় প্রসারণ পূর্ব্বক তনয়াকে আলিঙ্গন করিলেন ॥ ২২ ॥

এবং তাঁহার বিরহ সহ্য করিতে অশক্ত হইয়া "মাতঃ, বৎস" এই রূপ বলিতে বলিতে, বারম্বার অশ্রু বিমোচন পূর্ব্বক তাঁহার কেশ আর্দ্র করিতে লাগিলেন। অনন্তর মুনিবর কর্দ্দমকে সম্ভাষণ করিয়া তাঁহার নিকট বিদায় গ্রহণ পূর্ব্বক ভার্য্যার সহিত রথে আরোহণ করিলেন এবং ভৃত্যগণ সঙ্গে লইয়া আপনার পুরে প্রস্থান করিলেন ॥ ২৩ ॥

উভয়োঋষিকুল্যায়াঃ সরস্বত্যাঃ সুরোধসোঃ। ঋষীণামুপশান্তানাং পশ্যন্নাশ্রমসম্পদঃ ॥ ২৪ ॥
তমায়ান্তমভিপ্রেত্য ব্রহ্মাবর্ত্তাৎ প্রজাঃ পতিং। গীতসংস্তুতিবাদিত্রৈঃ প্রত্যুদীয়ুঃ প্রহর্ষিতাঃ ॥২৫
বর্হিষ্মতী নাম পুরী সর্ব্বসম্পৎসমন্বিতা। ন্যপতন্ যত্র রোমাণি যজ্ঞস্যাঙ্গং বিধুন্বতঃ ॥ ২৬ ॥
কুশ কাশাস্ত এবাসন্ শশ্বদ্ধরিতবর্চ্চসঃ। ঋষয়ো যৈঃ পরাভাব্য যজ্ঞঘ্নান্ যজ্ঞমীড়িরে ॥ ২৭ ॥
কুশকাশময়ং বর্হিরাস্তীর্য্য ভগবান্মনুঃ। অযজদ্ যজ্ঞপুরুষং লব্ধাস্থানং যতো ভুবং ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

ঋষিকুলহিতায়া উভয়োঃ সুরোধসোঃ শোভনতটয়োঃ ॥ ২৪ ॥
অভিপ্রেত্য জ্ঞাত্বা ব্রহ্মাবর্ত্তাৎ দেশাৎ প্রজাঃ পতিং প্রত্যুজ্জগ্মুঃ ॥ ২৫ ॥
কোঽসৌ ব্রহ্মাবর্ত্ত ইত্যপেক্ষায়ামাহ। যত্র বর্হিষ্মতী নাম পুরীতি। সাপি কুত্র যত্র যজ্ঞস্য যজ্ঞবরাহস্য রোমাণি ন্যপতন্নিতি। যত্রেতি সর্ব্বত্র সম্বধ্যতে ॥ ২৬ ॥
বর্হিষ্মতীনাম নিরুক্তিং ব্রুবন্ প্রসঙ্গাদ্দেশস্য শ্রৈষ্ঠমাহ দ্বাভ্যাং। কুশাঃ কাশাশ্চাসন্ শশ্বৎ নিত্যং হরিতং বর্চ্চো বর্ণো যেষাং। যজ্ঞঘ্নান্ রাক্ষসাদীন্ পরাভবং নীত্বা যজ্ঞং বিষ্ণুং ॥ ২৭ ॥
যত ইতি যত্রাযজৎ ভুবং স্থানং লব্ধেতি তৃণ্ প্রত্যয়ান্তং। লব্ধবান্ সন্নিত্যর্থঃ। যতো লব্ধবান্ তং যজ্ঞপুরুষমিতি বা স্বর্গাদপি ভূমিঃ শ্রেষ্ঠা তথাপি তৎ স্থানং শ্রেষ্ঠমিত্যুক্তং ভবতি ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

কুশকাশা ইতি তত্রৈব তদ্রূপা এব ॥ ২৭। ২৮। ২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ঋষিকুল্যায়া ঋষীণাং সরিতঃ ঋষিকুলহিতায়া বা। উভয়োঃ সুরোধসোঃ শোভনতটয়োঃ ॥ ২৪ ॥
প্রত্যুদীয়ুঃ প্রত্যুজ্জগ্মুঃ ॥ ২৪ ॥
কোঽসৌ ব্রহ্মাবর্ত্ত ইত্যপেক্ষায়ামাহ। যত্র বর্হিষ্মতী নাম পুরী। যত্রচ পুর্য্যাং যজ্ঞস্য যজ্ঞবরাহস্য ॥ ২৬ ॥
বর্হিষ্মতী নাম নির্বক্তি রোমাণ্যেব কুশাস্তে আসন্নিত্যন্বয়ঃ ॥ ২৭ ॥
কুশকাশময়মিতি বর্হিঃ শব্দেনোভয়োক্তেঃ ভুবং ভূরূপং স্থানং লব্ধেতি তৃণ্ প্রত্যয়ান্তঃ ॥ ২৮ ॥

ঋষিনদী সরস্বতীর উভয় তটে প্রশান্ত মুনিগণের আশ্রম ছিল, মনু সে সকলের শোভা সম্পত্তি দেখিতে দেখিতে আসিতে লাগিলেন, তাহাতে তাঁহার চিত্ত পরম পরিতৃপ্ত হইল ॥ ২৪ ॥
অনন্তর পুরসন্নিধানে আসিয়া উপস্থিত হইলে তাঁহার প্রজাগণ সম্বাদ পাইল আমাদের অধিপতি প্রত্যাগমন করিতেছেন, অতএব তাহারা রাজদর্শন মানসে হৃষ্টচিত্ত হইয়া বিবিধ গীত, বাদ্য ও স্তব করিতে করিতে আপনাদের দেশ ব্রহ্মাবর্ত্ত হইতে নির্গমন পুরঃসর অগ্রসর হইয়া আনিতে আসিল ॥ ২৫
বিদুর! কোন্ দেশ ব্রহ্মাবর্ত্ত তাহার পরিচয় শুনিবে? যে স্থানে সর্ব্ব সম্পত্তি সমন্বিতা বর্হিষ্মতী নামে পুরী আছে তাহাই ব্রহ্মাবর্ত্ত দেশ। ঐ পুরীও যদি জানিতে না পার তাহারও পরিচয় দি শুন, যেখানে যজ্ঞমূর্ত্তি বরাহ আপনার অঙ্গ কম্পিত করাতে তাঁহার শরীর হইতে লোম সকল পতিত হইয়াছিল, সেই স্থানের নাম বর্হিষ্মতী পুরী ॥ ২৬ ॥
বিদুর! ঐ পুরীতে হরিদ্বর্ণ কুশ এবং কাশ সর্ব্বদা পাওয়া যায়, তদ্দ্বারা সতত ঋষিগণ যজ্ঞবিঘ্নকারি রাক্ষসদিগের পরাভব করিয়া তথায় যজ্ঞানুষ্ঠান পূর্ব্বক যজ্ঞেশ্বর বিষ্ণুর আরাধনা করিয়া থাকেন ॥ ২৭ ॥
রাজর্ষি মনুও ভূমণ্ডল রূপ স্থান প্রাপ্ত হইয়া ঐ স্থানে কুশ ও কাশ আস্তরণ পূর্ব্বক যজ্ঞপুরুষের অর্চ্চনা করিয়াছিলেন, অতএব ঐ স্থান অতিশয় শ্রেষ্ঠ ॥ ২৮ ॥

বর্হিষ্মতীং নাম বিভু র্যাং নিবিশ্য সমাবসৎ। তস্যাং প্রবিষ্টো ভবনং তাপত্রয় বিনাশনং ॥ ২৯ ॥
সভার্য্যঃ সপ্রজঃ কামান্ বুভুজেঽন্যাবিরোধতঃ। সংগীয়মানসৎকীর্ত্তিঃ সস্ত্রীভিঃ সুরগায়কৈঃ।
প্রত্যূষেষ্বনুবদ্ধেন হৃদা শৃণ্বন্ হরেঃ কথাঃ ॥ ৩০ ॥
নিষ্ণাতং যোগমায়াসু মুনিং স্বায়ম্ভুবং মনুং। যদা ভ্রংশয়িতুং ভোগানশেকু র্ভগবৎপরং ॥ ৩১ ॥
অযাতযামা স্তস্যাসন্ যামাঃ স্বান্তর যাপনাঃ। শৃণ্বতোধ্যায়তো বিষ্ণোঃ কুর্ব্বতো ব্রুবতঃ কথাঃ॥৩২

শ্রীধরস্বামী।

প্রস্তুতমাহ যাং বর্হিষ্মতীং নাম পুরীং সমাবসৎ পূর্ব্বং যস্যাং উষিতঃ তস্যাং নিবিশ্য ভবনং প্রবিষ্টঃ সন্ ভোগান্ বুভুজে ইত্যন্বয়ঃ ॥ ২৯ ॥

অন্যেষাং ধর্ম্মাদীনাং অবিরোধেন। প্রত্যূষেষু উষঃসু সংগীয়মানা সৎকীর্ত্তি র্যস্য। তথাপি স্বয়ং হরেরেব কথাঃ শৃণ্বন্ ভোগান্ বুভুজে। ৩০।

যোগমায়াসু ঐহিকভোগ রচনাসু যৎ যতঃ আভ্রংশয়িতুং ঈষদপি ভ্রংশয়িতুং অভিভবিতুং ॥ ৩১ ॥

অতঃ যাতঃ যামো যস্য পকস্যান্নস্য তদ্গতসারং ভবতি অতোঽন্যদপি গতসারং যাতযামমুচ্যতে। অযাতযামা অগতসারা আসন্ স্বান্তরং তদীয়ং মন্বন্তরং নয়ন্তি যে যামা কালাবয়বাঃ। কুর্ব্বতঃ স্ববাক্যৈরূপনিবধ্নতঃ। ৩২ ॥

ক্রমসন্দর্ভঃ।

সভার্য্য ইতি সার্দ্ধকং ॥ ৩০ ॥

নিষ্ণাতং ইতি যুগ্মকং। অযাতযামা ন জীর্ণা বৃথা নাপক্ষীণা ইত্যর্থঃ। অভুক্তা ইতি বা জীর্ণঞ্চ পরিভুক্তঞ্চ যাতযামমিদং দ্বয়মিত্যমরঃ। শৃণ্বত ইত্যাদিকং যথাক্রমমেব জ্ঞেয়ং। ধ্যায়তস্তদ্বৈশিষ্ট্যেন স্মরতঃ। কুর্ব্বতস্তৎ কথা গ্রন্থান্ রচয়তঃ ব্রুবতস্তা-সুপদিশতঃ ॥ ৩১। ৩২। ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রস্তুতমাহ যাং সমাবসৎ যস্যাং পূর্ব্বমুষিতস্তস্যাং প্রথমং নিবিশ্য স্বীয়ং ভবনং ॥ ২৯॥

অন্যস্য ধর্ম্মস্যাবিরোধেন প্রত্যূষেষু প্রত্যূষঃসু প্রত্যূষ আরভ্যেত্যর্থঃ। কথয়ৈব স্বমাধুর্য্যেণানুবিদ্ধেন বশীকৃতেন হৃদা ॥ ৩০ ॥

যোগাদষ্টাঙ্গযোগাভ্যাসাদেব মায়াসু মায়াজ্ঞানেষু নিষ্ণাতং পারগং তথাসৌ বিষয়ান্ ভোক্তুং জানাতি যথা সম্যগ্ভুক্তা অপি বিষয়া স্বেষ্বাসক্তিমুৎপাদয়িতুং ন শকু বন্তীত্যর্থঃ। তদা তস্য যামা অযাত যামা অব্যর্থাঃ। জীর্ণঞ্চ পরিভুক্তঞ্চ যাতযামমিদং দ্বয়-মিত্যমরঃ। কীদৃশাঃ স্বান্তরং স্বীয়ং মন্বন্তরং যাপয়ন্তীতি তে কুর্ব্বতঃ স্ববাক্যৈ দৃষ্টপ্রাব্যকাব্যরূপেণোপনিবধ্নতঃ ॥ ৩১। ৩২ ॥

সে যাহা হউক স্বায়ম্ভুব যে বর্হিষ্মতী পুরীতে বাস করিতেন তথায় প্রত্যাগত হইয়া আধ্যাত্মিকাদি তাপত্রয় নাশক আপন ভবনে প্রবেশ করিলেন ॥ ২৯ ॥

এবং পুত্র কলত্র সমন্বিত হইয়া ধর্ম্মাদির অবিরোধে বিবিধ ভোগ করিতে প্রবৃত্ত হইলেন। প্রত্যহ প্রত্যূষ সময়ে সস্ত্রীক সুরগায়কগণ তাঁহার সৎকীর্ত্তি গান করিত, নিদ্রাভঙ্গ হইলে তিনি হরিকথায় বশীকৃত চিত্ত হইয়া ভগবানের গুণানুবাদই শ্রবণ করিতেন অর্থাৎ সর্ব্বদা ভগবৎপরায়ণ হইয়াই বিষয়াদি ভোগ করিতেন ॥ ৩০ ॥

আদিরাজ মনু এই রূপে ভগবানের আশ্রিত হইয়া ঐহিক ভোগ রচনায় অবস্থিত হওয়াতে ভোগ সকল তাঁহাকে অত্যল্পও অভিভব করিতে পারিল না ॥ ৩১ ॥

অতএব কালের যে সকল অবয়ব ক্ষণমুহূর্ত্তাদি তাঁহার আপনার মন্বন্তর পূর্ণ করিতেছিল, তাহাদের সার বিগত হইল না। ফলতঃ তিনি সর্ব্বদা ভগবৎ কথা শ্রবণ, ভগবানের ধ্যান এবং আপনার বাক্য দ্বারা ভগবৎ কথা রচনা করিতেন, ইহাতে তাঁহার সময় বৃথা যাপিত হয় নাই অযাতযামই হইয়াছিল ॥৩২

স এবং স্বান্তরং নিন্যে যুগানামেকসপ্ততিঃ। বাসুদেবপ্রসঙ্গেন পরিভূতগতিত্রয়ঃ ॥ ৩৩ ॥
শারীরা মানসা দিব্যা বৈয়াসে যে চ মানুষাঃ। ভৌতিকাশ্চ কথং ক্লেশা বাধেরন্ হরিসংশ্রয়ং ॥৩৪॥
যঃ পৃষ্টো মুনিভিঃ প্রাহ ধর্ম্মান্নানাবিধান্ শুভান্। নৃণাং বর্ণাশ্রমাণাঞ্চ সর্ব্বভূতহিতঃ সদা ॥ ৩৫ ॥
এতত্ত আদিরাজস্য মনোশ্চরিতমদ্ভুতং। বর্ণিতং বর্ণনীয়স্য তদপত্যোদয়ং শৃণু ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে দেবহূতি প্রদানং দ্বাবিংশতি তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ২২ ॥ * ॥

শ্রীধরস্বামী।

পরিভূতং গতিত্রয়ং জাগ্রদাদি সাত্বিকাদি বা যেন ॥ ৩৩ ॥
দিব্যাস্বান্তরীক্ষা মানুষাঃ শক্রপ্রভবাঃ ভৌতিকাঃ শীতোষ্ণাদি প্রভবাঃ বৈয়াসে বিদুর ॥ ৩৪ ॥
তত্র জানাতিশয়মাহ য ইতি নৃণাং সাধারণধর্ম্মান্ ॥ ৩৫ ॥
তত্র বদপত্যং দেবহূতিঃ তস্যা উদয়ং প্রভাবং ॥ ৩৬ ॥

॥ ০ ॥ ইতি তৃতীয়ে দ্বাবিংশঃ ॥ ০ ॥

ক্রমসন্দর্ভঃ।

শারীরা মানসাশ্চাধ্যাত্মিকাঃ দিব্যা আধিদৈবিকাঃ। মানুষা ভূতান্তরজাশ্চাধিভৌতিকাঃ। তত্তদবান্তরভেদ বিবক্ষয়াতু ত্রয়োর্ভেদঃ ॥ ৩৪ ॥

অতো যচ্চ স্থিতিমকরোৎ তদপ্যধিকারানুসারেণ ক্রমশোভগবত্তত্তৌ তান্ প্রবেশয়িতুমিচ্ছয়ৈবেতি জ্ঞেয়মিত্যাহ। য ইতি। মনু তাদৃশস্তেভক্তানেবানুগৃহ্নাতু। কিং তদ্বিমুখৈরিত্যাশঙ্ক্যাহ। সর্ব্বভূতহিতঃ সদেতি ॥ ৩৫ ॥ তদপত্যানাং দেবহূত্যাদীনামুদয়ং ॥ ৩৬
॥ ০ ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য দ্বাবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ ০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্তী।

গতিত্রয়ং জাগ্রদাদি সত্বাদি বা তাপত্রয়ং বা ॥ ৩৩ ॥
তত্র ভক্তিরেব কারণমিত্যাহ শারীরা ইতি দিব্যা আন্তরীক্ষাঃ মানুষাঃ শক্রপ্রভবাঃ। ভৌতিকাঃ শীতোষ্ণাদি প্রভবাঃ বৈয়াসে হে বিদুর ॥ ৩৪ ॥ ৩৫ ॥ উদয়ং প্রভাবং ॥ ৩৬ ॥

* ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। দ্বাবিংশোঽয়ং তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ ০ ॥

বৎস বিদুর! ঐ প্রকারে স্বায়ম্ভুব মনুর আপনার অন্তর কাল এক সপ্ততি যুগ যাপন করিলেন। ভগবান্ বাসুদেবের কথা প্রসঙ্গে সর্ব্বদাই তাঁহার আসক্তি থাকাতে, তিনি জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তি এই তিন অবস্থাকে পরিভূত করিয়াছিলেন ॥ ৩৩ ॥

হে ব্যাসনন্দন! ঐ মনুকে কোন সময়ে কোন প্রকার ক্লেশে বাধা দেয় নাই। বৎস! শারীরিক, মানসিক, দৈবিক, শক্রপ্রভব এবং শীতোষ্ণাদি প্রভব ইত্যাদি বিবিধ ক্লেশ আছে সত্য, কিন্তু সে সকল কি হরিপাদাশ্রিত ব্যক্তির পীড়া জন্মাইতে সমর্থ হয়? ॥ ৩৪ ॥

অধিক ঐ মনুর জ্ঞানাতিশয্যের কথা কি বলিব? মুনিগণ তাঁহাকে ধর্ম্ম জিজ্ঞাসা করাতে তিনি সর্ব্ব প্রাণির হিতার্থে বিবিধ শুভাবহ ধর্ম্ম এবং মানব জাতির সাধারণ ধর্ম্ম তথা বর্ণ ও আশ্রম ধর্ম্ম সম্যক্ প্রকারে কহিয়াছিলেন ॥ ৩৫ ॥

বৎস! আদিরাজ মনুর এই অদ্ভুত চরিত্র তোমার নিকট বর্ণন করিলাম একণে তাঁহার কন্যা দেবহূতির প্রভাব বলি শ্রবণ কর ॥ ৩৬ ॥

॥ ০ ॥ ইতি তৃতীয়ে দ্বাবিংশ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

পিতৃভ্যাং প্রস্থিতে সাধ্বী পতিমিঙ্গিতকোবিদা। নিত্যং পর্য্যচরৎ প্রীত্যা ভবানীব ভবং প্রভুং।
বিস্রম্ভেণাত্মশৌচেন গৌরবেণ দমেনচ। শুশ্রূষয়া সৌহৃদেন বাচা মধুরয়া চ ভোঃ ॥ ১ ॥
বিসৃজ্য কামং দম্ভঞ্চ দ্বেষং লোভমঘং মদং। অপ্রমত্তোদ্যতা নিত্যং তেজীয়াংসমতোষয়ৎ ॥ ২ ॥
স বৈ দেবর্ষিবর্য্যস্তাং মানবীং সমনুব্রতাং। দৈবাদ্গরীয়সঃ পত্যুরাশাসানাং মহাশিষঃ ॥ ৩ ॥
কালেন ভূয়সা ক্ষামাং কর্শিতাং ব্রতচর্য্যয়া। প্রেমগদ্গদয়া বাচা পীড়িতঃ কৃপয়াব্রবীৎ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

ত্রয়োবিংশে তপোযোগ নির্ম্মিতে সর্ব্বসম্পদি। বিমানে কামগে চিত্রা তয়োরতি রুদীর্য্যতে ॥ ০ ॥
প্রস্থিতে গমনে কৃতে সতি ॥ ১ ॥
দম্ভং কপটং অঘং নিষিদ্ধাচরণং। তেজীয়াংসং অতিতেজস্বিনং ॥ ২ ॥
দৈবাদ্গরীয়সঃ দৈবাদপি গুরুতরাৎ দৈবমপ্যন্যথাকর্ত্তুং সমর্থাদিত্যর্থঃ ॥ ৩ ॥
ব্রতচর্য্যয়া কর্শিতাং তত্রাপি ভূয়সা কালেনাতিক্ষামামিত্যর্থঃ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

বিস্রম্ভেণেতি যুগ্মকং ॥ ১ । ২ ॥
সবৈ ইতি যুগ্মকং মহাশিষ স্তাদৃশ সন্ততি পর্য্যবসানাঃ ॥ ৩ ॥
ক্ষামাং ক্ষীণশক্তিং কর্ষিতাং তনূকৃত দেহাং কর্দ্দম উবাচেতি কচিৎ ॥ ৪ । ৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দেবহূত্যা বরস্তস্যা বাঞ্ছিতা দিব্যসম্পদঃ। সৃষ্টা রতিঃ কর্দ্দমস্ত ত্রয়োবিংশে নিরূপ্যতে ॥ ০ ॥
অঘমপরাধং ॥ ১ । ২ ॥
দৈবাদ্গরীয়সঃ দৈবাদপি গুরুতরাৎ দৈবমপ্যন্যথা কর্ত্তুং সমর্থাৎ। যদ্বা বিসৃজ্য কামমিত্যুক্তং। তদপি কিয়ৎ সময়ানন্তরং দৈবাৎ পরমেশ্বরপ্রেরণবশাৎ মহাশিষঃ কামান্ আশাসানাং ইচ্ছন্তীং ॥ ৩ ॥
কৃপয়া পীড়িতস্তস্যাঃ কার্শ্যদর্শনেন সন্তপ্তঃ ॥ ৪ ॥

ত্রয়োবিংশ অধ্যায়ে তপঃ প্রভাবনির্ম্মিত বিমানে কর্দ্দম ও দেবহূতির রতিক্রীড়া ॥ ০ ॥

মুনিবর মৈত্রেয় সম্বোধন পূর্ব্বক কহিলেন, বৎস বিদুর! পিতা মাতা স্বদেশে প্রস্থান করিলে সাধ্বী দেবহূতি সাতিশয় প্রীত হইয়া পতির অভিপ্রায়ানুসারে নিত্য তাঁহার পরিচর্য্যা করিতে আরম্ভ করিলেন, ভবানী যে প্রকারে ভগবান্ ভবের শুশ্রূষা করিয়াছিলেন তদনুরূপ স্বামির সেবায় রত হওয়াতে কি বিশ্বাস, কি শৌচ, কি গৌরব, কি ইন্দ্রিয় দমন, কি সৌহার্দ্দ প্রদর্শন, কি সুমধুর সম্ভাষণ, কোন বিষয়েই তাঁহার ত্রুটি হইল না ॥ ১ ॥

তিনি কাম, কপট, দ্বেষ, লোভ, অহঙ্কার এবং নিষিদ্ধাচরণ এ সকল বিসর্জ্জন পূর্ব্বক সাবধান হইয়া শুশ্রূষা দ্বারা অহরহঃ কেবল সেই তেজীয়ান্ পতির পরিতোষ জন্মাইতে লাগিলেন ॥ ২ ॥

বৎস! মনুতনয়া দেবহূতির দৈব অপেক্ষাও গুরুতর পতির নিকট সুমহৎ আশীর্ব্বাদ লাভের অভিলাষ ছিল, এ নিমিত্ত তিনি সর্ব্ব প্রকার শুশ্রূষা দ্বারা পতির চিত্তানুবর্ত্তনে প্রবর্ত্তমানা থাকিলেন ॥ ৩ ॥

তাঁহার শরীর একে ব্রতাচরণ দ্বারা ক্ষীণ হইয়াছিল, তাহাতে আবার সুদীর্ঘ কাল ঐ রূপে গত হওয়াতে আরও শীর্ণ হইল। একদা মহর্ষি কর্দ্দম সহধর্ম্মিণীর প্রতি দৃষ্টিপাত করিলেন, প্রেয়সীর ক্ষীণকায় অবলোকিত হওয়াতে কর্দ্দমের অন্তঃকরণ করুণারস সঞ্চারে পীড়িত হইল, সুতরাং প্রেমগদ্গদ বচনে সম্বোধন পূর্ব্বক তাঁহাকে কহিতে লাগিলেন ॥ ৪ ॥

তুষ্টোঽহমদ্য তব মানবি মানদায়াঃ শুশ্রূষয়া পরময়া পরয়াচ ভক্ত্যা।
যোদেহিনাময়মতীব সুহৃৎ স দেহো নাবেক্ষিতঃ সমুচিতঃ ক্ষপিতুং মদর্থে॥ ৫॥
যে মে স্বধর্ম্ম নিরতস্য তপঃ সমাধি বিদ্যাত্মযোগবিজিতা ভগবৎ প্রসাদাঃ।
তানেব তে মদনুসেবনয়াবরুদ্ধান্ দৃষ্টিং প্রপশ্য বিতরাম্যভয়ানশোকান্॥ ৬॥
অন্যে পুনর্ভগবতো ভ্রুব উদ্বিজৃম্ভ বিভ্রংশিতার্থরচনাঃ কিমুরুক্রমস্য।

শ্রীধরস্বামী।

সুহৃৎপ্রিয়ঃ মদর্থে ক্ষপয়িতুং নাবেক্ষিতঃ নগণিতঃ সমুচিতঃ শ্লাঘ্যোপি মৎসেবাসক্তয়া উপেক্ষিত ইত্যর্থঃ॥ ৫॥

তপশ্চ সমাধিশ্চ বিদ্যাচ উপাসনা তাসু য আত্মযোগশ্চিত্তৈকাগ্র্যং তেন বিজিতাঃ প্রাপ্তাঃ ভগবৎ প্রসাদা দিব্যা ভোগা স্তানেব তে অবরুদ্ধান্ ত্বয়াপি বশীকৃতান্ প্রপশ্য তে দিব্যাং দৃষ্টিং বিতরামি যয়া দৃষ্ট্যা দ্রক্ষ্যসি॥ ৬॥

অন্যে পুনর্ভোগাঃ কিং ন কিমপি অতিতুচ্ছা ইত্যর্থঃ। অত্র হেতুঃ ভগবত উরুক্রমস্য যা ভ্রূঃ তস্যা উদ্বিজৃম্ভো বক্রীভাবঃ তেন বিভ্রংশিতা অর্থরচনা মনোরথা যেষু। নিজধর্ম্মেণ পাতিব্রত্যেন দুহন্ত ইতি তথা তান্ দুরধিগমান্ দুষ্প্রাপান্ নৃপা বয়

ক্রমসন্দর্ভঃ।

যে ম ইতি। পূর্ব্বং স্বধর্ম্মঃ। তৎ প্রধান পূজা। ততস্তপঃ। ততঃ সমাধিরেকাগ্রতা। ততো বিদ্যানুভবঃ। তত আত্মন ভগবতা শুক্লেন যোগঃ সংযোগঃ। তৈর্ব্বিজিতা ইতি স্বধর্ম্মাদীনামপি তৎ পরত্বেন কৃতির্গম্যতে॥ ৬॥

নৃপাণাং বিক্রিয়াভিঃ সামাত্যপায়ৈঃ॥ ৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

সদেহো নাবেক্ষিতঃ তিষ্ঠতু নশ্যতু বেত্যেবং ন গণিত ইত্যর্থঃ। পরমপতিব্রতায়াস্তবৈতৎ যুক্তমেবেতি দেহং বিশিনষ্টি মদর্থে মৎসেবার্থে এব ক্ষপয়িতুং ক্ষীণীকর্ত্তুং সমুচিতঃ॥ ৫॥

তস্মাদেতন্নিরুপাধিসেবা ঋণপরিশোধনার্থমন্যৎ কিঞ্চন তুভ্যং দাতুং নোপযুজ্যতে কিন্ত্বেতদেব পরমদুর্ল্লভং বস্তিত্যাহ যে ইতি সমাধির্ধ্যান পরিপাকঃ বিদ্যা উপাসনা তাবেবাত্মযোগৌ তাভ্যাং বিজিতাঃ প্রাপ্তাঃ অবরুদ্ধান্ ত্বয়াপি বশীকৃতান্ ত্বায়ত্তো লব্ধা- নেবেত্যর্থঃ। প্রপশ্য তে দিব্যাং দৃষ্টিং বিতরামি যয়া দৃষ্ট্যা তানেবাধুনা সাক্ষাদ্দ্রক্ষ্যসি। যদ্বা মৎকৃপয়া দৃষ্টিং প্রকর্ষেণ পশ্য অল মত্র লজ্জয়েতি ভাবঃ। অত্র স্বধর্ম্মতপোমিশ্র ভগবদ্ধ্যানাদিভি র্যে ভগবৎ প্রসাদা স্তেভ্যো ভোগমোক্ষাববাধিতাবেব স্যাতামিত্যভি প্রায়েণাহ অভয়ানশোকানিতি॥ ৬॥

অন্যে শচ্যাদিভিরপি ভুজ্যমানাঃ স্বর্গীয়া অপি ভোগা ভয় শোকব্যাপ্তা এবেত্যাহ অন্যে ইতি কিং ন কিমপি তুচ্ছা ইত্যর্থঃ।

হে মানবি! তুমি অতি মানদা, তোমার এই প্রকার শুশ্রূষা এবং ভক্তিতে আমি পরম পরিতুষ্ট হইয়াছি। কি আশ্চর্য্য! যে দেহ দেহিমাত্রের অতিশয় প্রিয়, তুমি সেই দেহকেও আমার নিমিত্ত ক্ষয় করিতে উদ্যত হইয়াছ? একি! আমার সেবায় আসক্তি বশতঃ স্নেহাস্পদ দেহকেও উপেক্ষা করিয়া- ছিলে?॥ ৫॥

হে প্রিয়তমে! আমি স্বধর্ম্মে রত থাকিয়া তপস্যা, সমাধি, উপাসনা প্রভৃতি দ্বারা চিত্তকে একাগ্র করত তদ্দ্বারা ভগবানের প্রসাদ স্বরূপ ভয় শোক বিহীন যে যে দিব্য ভোগ জয় করিয়াছি, তুমি আমার সেবা দ্বারা সেই সকল ভোগ আয়ত্ত করিলে। আমি তোমাকে দিব্য চক্ষুঃ প্রদান করিতেছি তুমি তদ্দ্বারা ঐ সমস্ত দেখিতে পাইবে॥ ৬॥

প্রিয়ে! অন্যান্য অনেক ভোগ আছে সত্য, কিন্তু সে সকল কি তোমার ভোগ্য? ভগবান্ উরুক্রমের ভ্রূভঙ্গি মাত্রে সে সকলের প্রতি মনোরথ ভ্রংশিত হয়, অতএব তৎসমুদায় তোমার উপযুক্ত নয়, তুমি সিদ্ধ হইয়াছ, আপনার পাতিব্রত্য ধর্ম্মে উপার্জ্জিত সেই সকল দিব্য ভোগ উপভোগ কর। হে সুন্দরি!

সিদ্ধ্যাসি ভুঙ্ক্ষ্ব বিভবান্নিজধর্ম্মদোহান্ দিব্যান্নরৈর্দুরধিগান্নৃপ বিক্রিয়াভিঃ ॥ ৭ ॥
এবং ব্রুবাণমবলাখিলযোগমায়া বিদ্যা বিচক্ষণমবেক্ষ্য গতাধিরাসীৎ ।
সংপ্রশ্রয় প্রণয়বিহ্বলয়া গিরেষদ্‌ব্রীড়াবলোকবিলসদ্ধসিতাননাহ ॥ ৮ ॥
শ্রীদেবহূতিরুবাচ ॥
রাদ্ধং বত দ্বিজবৃষৈতদমোঘ যোগমায়াধিপে ত্বয়ি বিভো তদবৈমি ভর্ত্তঃ ।

শ্রীধরস্বামী ।

নৃতি বা বিক্রিয়া তত্তদ্ভোগবিকৃতয়ঃ তাভিঃ ॥ ৭ ॥

অখিল যোগমায়াশ্চ বিদ্যাশ্চ তত্তদুপাসনা তাসু বিচক্ষণং নিপুণং এবং ব্রুবাণং পতিমবেক্ষ্য গতাধি র্নিশ্চিন্তা জাতা । সংপ্রশ্রয়ো বিনয়ঃ প্রণয়ঃ প্রেম তাভ্যাং বিহ্বলা গদ্গদা তয়া গিরা । ঈষদ্‌ব্রীড়া সহিতো যোঽবলোকস্তেন বিলসদ্ধসিতমাননং যস্যাঃ সা আহ জগাদ ॥ ৮ ॥

বদেতি হর্ষে দ্বিজবৃষ দ্বিজশ্রেষ্ঠ হে ভর্ত্তঃ ত্বয়ি এতৎ সর্ব্বং রাদ্ধং সিদ্ধমেব তৎ অহমবৈমি জানামি । কিন্তু যত্তে ত্বয়া সময়ো- ঽভিহিতঃ স ভাবত্বয়াৎ । সকৃদিতি গর্ভসম্ভব মাত্র পর্য্যন্ত ইত্যর্থঃ । যস্মাদসয়ীসি শ্রেষ্ঠে ভর্ত্তরি হেতুভূতে স্ত্রীণাং প্রসবো গুণো মহান্ স্যাতঃ । সমাস পাঠে গরীয়সি পত্যৌ সতি সতীনাং যতো গুণপ্রসবো গুণবিস্তারো ভবতি । অতঃ পুত্রোৎপত্ত্যা

ক্রমসন্দর্ভঃ ।

এবমিত্যত্র হসিতস্যৈব ঈষদিত্যপি বিশেষণং ॥ ৮ ॥
অঙ্গসঙ্গ ইত্যনেন প্রাপ্তাং মদনোদ্ভবদ্যোতনজাং লজ্জাং বারয়তি । গরীয়সীতি ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

নিজধর্ম্মেণ পাতিব্রত্যেন দুহ্যমানান্ নৃপোঽহং নৃপপত্নী চাহমিতি যা বিক্রিয়াস্তাভির্দুরধিগমান্ দুর্ল্লভানিত্যর্থঃ ॥ ৭ ॥

যোগমায়া যোগোত্থবিভূতয়ঃ বিদ্যা উপাসনাশ্চ তাসুচ বিচক্ষণং মদ্ভর্ত্তা মৎপারলৌকিকীর্ভোগমোক্ষসংপদো মহ্যং দদাতি নত্বৈহিকীরিতি মনসি বিমৃশন্তী সংপ্রশ্রয়ো বিনয়ঃ প্রণয়ঃ প্রেমবিশেষস্তাভ্যামেব বিহ্বলং যথাস্যাত্তথা যান্তী কর্দ্দমং প্রতি গচ্ছন্তী যা গীস্তয়া । বিহ্বলয়েতি সোমপা শব্দবৎ । ঈষদ্ব্রীড়াযুক্তোঽবলোকএব বিলসদ্ধসিতমাননং যস্যাঃ সা আহ পত্যৌ প্রকটসম্ভোগ প্রার্থনায়া রসাভাসত্বাৎ তস্যা দেবহূতেশ্চোত্তমাঙ্গনা মুকুটমণিত্বাৎ রাদ্ধমিত্যাদি পদ্যদ্বয়স্য মুখেন বক্তুমশক্যত্বাৎ তদ্বাচনার্থং লজ্জাহসিতব্রীড়িতমবলোকমেব মুখঞ্চকার । তত্র যাজ্যমানৌ বিনয়প্রণয়াবেব গদ্গদবাণীকৃত্বার তথা যথা রাদ্ধমিত্যাদি পদ্যদ্বয়ং স্পষ্টমুচ্চারয়িতুং বভূব । মুখেনতু সা তূষ্ণীমেব তস্থা তস্থাবিত্যর্থঃ ॥ ৮ ॥

দেবহূতিরুবাচেতি সেয়মেব রুক্তেনেতি শেষঃ । হে দ্বিজবৃষ ব্রাহ্মণশ্রেষ্ঠ এতৎ ত্বয়ি রাদ্ধং সিদ্ধমেব তদহমেবাবৈমি জানাম্যেব কিন্তু যত্তে ত্বয়া সময়োঽঙ্গীকারি উক্তঃ স ভূয়াৎ সকৃদিতি সকৃদার্তবসম্ভবপর্য্যন্তো যোঽঙ্গসঙ্গ ইত্যর্থঃ । যস্মাদ্গরীয়সি শ্রেষ্ঠে পত্যৌ হেতু ভূতে সতীনাং স্ত্রীণাং গুণঃ খলু প্রসবোঽপত্যোৎপত্তিরেব বক্তাবাধকোঽয়মিতি স্ত্রীষু নির্দ্দেশেতি ভাবঃ । সবিসর্গপাঠে

ঐ সকল ভোগ মানবদিগের অতি দুষ্প্রাপ্য "আমরা নৃপতি" এই রূপ বিক্রিয়া অর্থাৎ এই প্রকার যে ভাগ্য বিকৃতি তদ্দ্বারাও ঐ সকল ভোগ ভোগ্য হইতে পারে না ॥ ৭ ॥

মহর্ষি কর্দ্দম অখিল যোগ মায়া এবং উপাসনায় সুনিপুণ ছিলেন তিনি এই প্রকার বলিতে লাগিলে তাঁহাকে অবলোকন করিয়াই দেবহূতি নিশ্চিন্ত হইলেন এবং ঈষৎ লজ্জা প্রকাশ পুরঃসর স্বামির প্রতি দৃষ্টিপাত করিলেন, তাহাতে তাঁহার বদনের সাতিশয় শোভা হইল । পরে স্তুতিকে সম্বোধন করিয়া বিনয় ও প্রণয় বশতঃ গদ্গদ বচনে বলিতে লাগিলেন ॥ ৮ ॥

হে দ্বিজশ্রেষ্ঠ ! হে স্বামিন্ ! আপনি অমোঘ যোগ ও মায়ার অধিপতি, যাহা কহিলেন তৎসমুদায়ই আপনাতে সিদ্ধ আছে সংশয় নাই, কিন্তু আপনি আমার পাণিগ্রহণ সময়ে যে অঙ্গীকার করিয়াছেন

যত্তেভ্যধায়ি সময়ঃ সকৃদঙ্গসঙ্গো ভূয়াদ্গরীয়সি গুণঃ প্রসবঃ সতীনাং ॥ ৯ ॥
তত্রেতিকৃত্যমুপশিক্ষ যথোপদেশং যেনৈষ মে কর্ষিতোঽতিরিরংসয়াত্মা।
সিধ্যেত তে কৃতমনোভবধর্ষিতায়া দীনস্তদীশ ভবনং সদৃশং বিচক্ষ্ব ॥ ১০ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
প্রিয়ায়াঃ প্রিয়মন্বিচ্ছন্ কর্দ্দমো যোগমাস্থিতঃ। বিমানং কামগং ক্ষত্তস্তর্হ্যেবাবিরচীকরৎ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

মম গুণবিস্তারে জাতে পশ্চাৎ স্বচ্ছন্দং সর্ব্বং ভবত্বিতি ভাবঃ ॥ ৯,॥

অঙ্গসঙ্গার্থঞ্চ প্রথমমিতিকর্ত্তব্যং সম্পাদয়েত্যাহ। হে ঈশ তত্রাঙ্গ সঙ্গে ইতিকৃত্যং সাধনং যথোপদেশং কামশাস্ত্রানুসারেণ উপশিক্ষ জানীহি উপকল্পয়েত্যর্থঃ যেন সাধনেন অভ্যঙ্গ ভোজন পানাদিনা: অতীব রন্তুমিচ্ছয়া কর্ষিতো দীনশ্চ মমৈব আত্মা দেহঃ সিধ্যেত রতিসমর্থো ভবেৎ। কথম্ভূতায়াঃ তে ত্বয়ৈব কৃতঃ ক্ষোভিতো যো মনোভব স্তেন ধর্ষিতায়াঃ তত্ততোঽনুরূপং ভবনঞ্চ বিচক্ষ্ব বিতর্কয় বিস্তারয় ইতি যাবৎ ॥ ১০ ॥ তর্হি তৎক্ষণমেব আবিরচীকরৎ আবির্ভাবয়াম্বভূব ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র সৎপুত্রোৎপত্তিকামনায়াং ইতিকর্ত্তব্যং শিক্ষয়। যথোপদেশং স্বচ্ছিক্ষানুরূপং যেন চ তৎ কর্ত্তব্যেন হেতুনা তৎকৃত কামধর্ষিতা ভবত্যা মে মম এব আত্মা দেহঃ তপ আদিনা অপি কর্ষিতো দীনশ্চাপি রিরংসয়া সিধ্যেৎ। তদ্যোগ্যঃ স্যাৎ তদনন্তরঞ্চ॥১০
প্রিয়ায়া ইতি দশকং ॥ ১১ । ১২ । ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গুণানাং প্রসব ইতি সমাসেঽপত্যামিষেণ পত্যুর্গুণা এব প্রসূয়ন্তে তাভিরিতি মে স্বতঃ সদপত্যানি ভবন্ত্বিতি ভাবঃ ॥ ৯ ॥

নমু তর্হি প্রবিশ পর্ণশালাং তত্তে বাঞ্ছিতং করবাণীতি চেন্ন তদীদৃশ মলিন কৃশশরীরেণ নৈতাদৃশ পর্ণশালায়াং নৈতাদৃশ পরিচ্ছদেন সিধ্যেদিত্যাহ তত্রেতি। তত্র অঙ্গসঙ্গে ইতিকৃত্যং সাধনং যথোপদেশং বাৎস্যায়নাদিশাস্ত্রোপদেশমনতিক্রম্য উপশিক্ষ। স্বস্মাদেব জানীহি কামপ্রক্রিয়ায়াঃ স্বৈকগম্যত্বাৎ। জ্ঞাত্বাচ তত্তৎ সমুচিত বস্তু জাতং রসোদ্দীপনাদিকমভ্যঙ্গভোজনপানাদিকঞ্চ সাধু সম্পাদয়েত্যর্থঃ। যেন এষ আত্মা দেহঃ অতিরিরংসয়া কর্ষিতঃ ক্ষোভিতঃ সন্ সিধ্যেত রতিসমর্থো ভবেৎ মম কীদৃশ্যাঃ তে ত্বয়ৈব কৃতঃ স্বদর্শনাদিনা জনিতো যো মনোভব স্তেন ধর্ষিতায়াঃ দীনঃ সংপ্রতিতু দরিদ্র এব তত্তস্মাৎ হে ঈশ যোগবলেন সর্ব্বং স্রষ্টুং সমর্থ সদৃশং রত্যনুরূপং ভবনঞ্চ বিচক্ষ্ব বিচারয় ॥ ১০ ॥

তূষ্ণীং স্থিতয়া দেবহূত্যা নেত্রেঙ্গিতেনৈব এতদনুক্তং কর্দ্দমোঽপি তূষ্ণীং স্থিত এব তদৈব তত্তৎ সর্ব্বং সম্পাদয়মাসৈব নতু প্রত্যুত্তরং দদাবিত্যাহ প্রিয়ায়া ইত্যাদিনা ॥ ১১ ॥

তাহা সম্পন্ন করুন, যাহাতে আমি গর্ভবতী হইতে পারি এমত অঙ্গ সঙ্গ একবার হউক। প্রভো! সাধ্বী স্ত্রীগণ শ্রেষ্ঠ পতি লাভ করিয়া যদি পুত্র প্রসব করিতে পারে তাহাই তাহাদের সুমহৎ লাভ ॥৯॥

হে ঈশ! যদি স্বীকৃত পালন নিমিত্ত অঙ্গসঙ্গ করিতে মানস হয় তবে তদ্বিষয়ের ইতিকর্ত্তব্যতা সম্পাদন করুন অর্থাৎ কাম শাস্ত্রে যে রূপ উপদিষ্ট আছে উপকল্পিত করিতে আজ্ঞা হউক অর্থাৎ ভোজনাদি দ্বারা শরীরে বলাধান সাধন করিতে অনুমতি দিউন, তাহা হইলে আমার এই কলেবর রতি ক্রীড়ায় সমর্থ হইবে, প্রভো! মনোভব কাম আপনার নিকট ক্ষোভ প্রাপ্ত হইয়া আমার উপরে দম্ভ প্রকাশ করিতেছে, তজ্জন্য আমার মনঃরমণেচ্ছায় আকর্ষিত হওয়াতে মদীয় দেহ দীন হইয়া পড়িয়াছে, অতএব বলাধান করা আবশ্যক এবং রতি সাধনের অনুরূপ ভবনও নিরূপণ করুন ॥ ১০ ॥

মৈত্রেয় কহিলেন মুনিবর কর্দ্দম আপনার প্রেয়সীর এই সকল বাক্য শ্রবণ করিয়া তাঁহার সন্তোষ জন্য যোগাবলম্বন করিলেন, মুনির যোগবলে তৎক্ষণাৎ একটী বিমান আসিয়া উপস্থিত হইল ॥ ১১ ॥

সর্ব্বকামদুঘং দিব্যং সর্ব্বরত্নসমন্বিতং । সর্ব্বর্দ্ধ্যুপচয়োদর্কং মণিস্তম্ভৈরুপস্কৃতং ॥ ১২ ॥
দিব্যোপস্করণোপেতং সর্ব্বকালসুখাবহং । পট্টিকাভিঃ পতাকাভির্ব্বিচিত্রাভিরলঙ্কৃতং ॥ ১৩ ॥
স্রগ্‌ভির্ব্বিচিত্রমাল্যাভির্মঞ্জুসিঞ্জৎষড়ঙ্ঘ্রিভিঃ । দুকূলক্ষৌমকৌশেয়ৈর্নানাবস্ত্রৈর্ব্বিরাজিতং ॥ ১৪ ॥
উপর্য্যুপরি বিন্যস্ত নিলয়েষু পৃথক্ পৃথক্ । কৢপ্তৈঃ কশিপুভিঃ কান্তং পর্য্যঙ্কব্যজনাসনৈঃ ।
তত্র তত্র বিনিক্ষিপ্ত নানাশিল্পোপশোভিতং । মহামরকতস্থল্যা জুষ্টং বিদ্রুমবেদিভিঃ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী ।

তদেব বিশিনষ্টি সর্ব্বকামদুঘমিতি নবভিঃ । সর্ব্বৈশ্চ রত্নাদিভিঃ সমন্বিতং সর্ব্বর্দ্ধীনাং সর্ব্বসম্পদাং য উপচয় স্তস্য উদর্কঃ উত্তরোত্তরাভিবৃদ্ধির্যস্মিন্ উপস্কৃতং শোভিতং ॥ ১২ ॥
উপস্করণং পরিকরঃ পট্টিকা অল্পবিস্তার পট্টবস্ত্র বিশেষাঃ পতাকা বিস্তৃতা স্তাভিঃ ॥ ১৩ ॥
বিচিত্রাণি মাল্যানি পুষ্পাণি যাসু । মঞ্জু যথা ভবতি এবং সিঞ্জন্তঃ ষড়ঙ্ঘ্রয়ো যাসু তাভিঃ স্রগ্‌ভিঃ ॥ ১৪ ॥
উপর্য্যুপরি বিরচিতা গৃহেষু কশিপুভিঃ শয্যাভিঃ কান্তং কমনীয়ং । পর্য্যঙ্কাদিভিশ্চ কান্তং ॥ ১৫ ॥

ক্রমসন্দর্ভঃ ।

দুকূলক্ষৌমে অতসীতন্তু সম্ভবত্বেন সমানেপ্যবান্তর ভেদে জ্ঞেয়ে । দুকূলং ক্ষৌমমস্ত্রিয়ামিত্যমরঃ ॥১৪।১৫।১৬।১৭।১৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

নচ দেবমনুষ্যাদিকৃতমিব তদপূর্ণসুখময়মিত্যাহ সর্ব্বেতি নচ সামান্যবিমানমিব উত্তরোত্তরকালকৃতাপচয়এব উদর্কঃ উত্তরোত্তর ফলং যত্র তৎ ॥ ১২ ॥
উপস্করণং পরিকরঃ অচৌষ্ণ্যশৈত্যাদিকালিক দুঃখসহিতমিত্যাহ সর্ব্বকালেতি । পট্টিকাভিঃ ক্ষুদ্রপতাকাভিঃ পতাকাভির্বৃহতীভিঃ ॥ ১৩ ॥
স্রগ্‌ভিরতিপুষ্টদীর্ঘাভি র্গোপানসীলয়াভিঃ বিচিত্রানি রক্তপীতাদিবর্ণানি মাল্যান্যন্তরান্তরা প্রোতানি যাসু তাভিঃ । দুকূলৈঃ ক্ষুদ্রকৃমিকোষোত্থ পট্টবস্ত্রৈঃ ক্ষৌমৈরতসীতন্তুভবৈঃ কৌশেয়ৈর্বৃহৎকৃমিকোষোত্থৈর্নানাবস্ত্রৈরাঙ্কবৈঃ কার্পাসৈশ্চ চন্দ্রাতপিকা বেদ্যাস্তরণরূপৈঃ ॥ ১৪ ॥
কশিপুভিঃ শয্যাভিঃ ॥ ১৫ ॥

সেই দিব্য বিমান খানি সকল কামনার দোহনকারী, তাহা বিবিধ রত্ন সমন্বিত এবং তন্মধ্যে সমস্ত সম্পত্তির উপচয় উত্তরোত্তর বৃদ্ধিশীল হইতে ছিল, এবং তাহা মণিময় স্তম্ভে শোভিত ছিল ॥ ১২ ॥

অপর তাহার মধ্যে বহু প্রকার সজ্জায় সঙ্কলিত হইয়াছিল এবং পট্টিকা নামে অল্প পরিসর বস্ত্র বিশেষ তথা বিচিত্র পতাকাদি দ্বারা তাহার অলঙ্কারশ্রী প্রকাশ পাইতেছিল, অতএব দর্শন করিবা মাত্র বোধ হইল ইহা সকল কালেই সুখ বিস্তার করিবে ॥ ১৩ ॥

অপিচ সেই বিমান মধ্যে বহুবিধ বিচিত্র মাল্য এবং পুষ্প সকল সজ্জিত ছিল, যে সকলের সৌরভে অলিকুল আকুল হইয়া ইতস্ততঃ ভ্রমণ করত মনোহর ধ্বনি করিতে লাগিল, অপর তাহার সকল অংশই দুকূল, ক্ষৌম, কৌশেয় প্রভৃতি বসনে আবৃত ছিল ॥ ১৪ ॥

বিদুর । সেই বিমানের উপর্য্যুপরি ভাবে যে সমস্ত গৃহ নির্ম্মিত ছিল সে সকলের মধ্যে উত্তম উত্তম শয্যাও বিরচিত ছিল এবং পর্য্যঙ্ক, ব্যজন, তথা আসন স্থানে স্থানে সুসজ্জিত থাকাতে সকল স্থানই রমণীয় বোধ হইল । অপর স্থানে স্থানে নানাবিধ শিল্পকার্য্য এবং কোন স্থানে মরকত মণির স্থল, কোথাও বা মনোহর বিদ্রুম বেদি দৃষ্ট হইল ॥ ১৫ ॥

দ্বার্ষু বিদ্রুমদেহল্যা ভাতং বজ্রকবাটবৎ। শিখরেষ্বিন্দ্রনীলেষু হেমকুম্ভৈরধিশ্রিতং ॥ ১৬ ॥
চক্ষুষ্মৎ পদ্মরাগাগ্র্যৈ র্বজ্রভিত্তিষু নির্ম্মিতৈঃ। জুষ্টং বিচিত্রবৈতানৈঃ মহার্হৈর্হেমতোরণৈঃ ॥ ১৭ ॥
হংসপারাবতব্রাতৈস্তত্র তত্র নিকূজিতং। কৃত্রিমান্ মন্যমানৈঃ স্বানধিরুহ্যাধিরুহ্য চ ॥ ১৮ ॥
বিহারস্থানবিশ্রামসংবেশপ্রাঙ্গনাজিরৈঃ। যথোপজোষং রচিতৈ র্বিস্মাপনমিবাত্মনঃ ॥ ১৯ ॥
ঈদৃগ্ গৃহং তৎপশ্যন্তীং নাতি প্রীতেন চেতসা। সর্ব্বভূতাশয়াভিজ্ঞঃ প্রাবোচৎ কর্দ্দমঃ স্বয়ং ॥২০॥

শ্রীধরস্বামী।

দ্বার্ষু দ্বারেষু বিদ্রুম রচিতা দেহলী উডুম্বর স্তয়া ভাতং.শোভিতং বজ্রখচিতকবাটযুক্তং। ইন্দ্রনীলমণিময়েষু শিখরেষু প্রাসাদাগ্রভাগেষু। ১৬।

চক্ষুষন্ত ইব যে পদ্মরাগাগ্র্যাস্তৈঃ। যথা চক্ষুষদিব কৈঃ পদ্মরাগাগ্র্যৈঃ বিচিত্রৈর্বৈতানৈ র্বিতানসমূহৈঃ ॥ ১৭ ॥

কৃত্রিমানপি হংসাদীন্ স্বান্ স্বজাতীয়ান্ মন্যমানৈঃ তত্র তত্রাধিরুহ্যাধিরুহ্য নিকূজিতং ॥ ১৮ ॥

বিহারস্থানং ক্রীড়াপ্রদেশঃ। বিশ্রামঃ শয়নগৃহং। সংবেশ উপভোগ স্থানং প্রাঙ্গনং গৃহাদ্বহিঃ। অজিরং প্রাকারাদ্বহিঃ। যথোপজোষং যথাসুখমাত্মনঃ স্বস্য মায়াবিনোঽপি বিস্ময়জনকমিব ॥ ১৯ ॥

নাতিপ্রীতেন মলিনদেহত্বাৎ পরিচারিকাভাবাচ্চ ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

আত্মন ইতি। বিমানস্যাপি বিস্মাপনমিবেত্যুৎপ্রেক্ষামাত্রং ॥ ১৯ ॥

মলিনে দেহাদিত্বেন ভাবানুদ্দীপ্তের্নাতিপ্রীতেন স্বয়মিত্যত্র প্রিয়ামিতি ক্বচিৎ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিদ্রুমময্যা দেহল্যা ভাতং দ্বার্ষু বজ্রকবাটবৎ হীরককবাটযুক্তং শিখরেষু সর্ব্বোর্দ্ধ প্রাসাদচূড়াসু ॥ ১৬ ॥

হীরকময়ভিত্তিষু অর্পিতৈঃ পদ্মরাগাগ্র্যখণ্ডৈশ্চক্ষুষ্মদিব বৈতানৈ র্বিতানসমূহৈঃ হেমতোরণৈর্বন্দনমাল্যেতি খ্যাতৈঃ ॥ ১৭ ॥

কৃত্রিমানপি হংসাদীন্ স্বান্ স্বজাতীয়ান্মন্যমানৈ স্তত্র তত্র স্বগণমধ্যে অধিরুহ্য নিতরাং কূজিতং ॥ ১৮ ॥

বিহারস্থানং ক্রীড়াপ্রদেশঃ বিশ্রামঃ শয়নগৃহঃ সংবেশঃ সম্ভোগান্তনিদ্রাগৃহং। প্রাঙ্গনং গৃহাদ্বহিঃ অজিরং প্রাচীরাদ্বহিঃ যথোপজোষং যথাসুখং আত্মনঃ স্বস্য কর্দ্দমস্যাপি ইবেতি স্বনির্ম্মিতত্বাৎ স্বস্ত বস্তুতো নবিস্মাপনমিতি ॥ ১৯ ॥

নাতিপ্রীতেনেতি মলিনদেহত্বাৎ পরিচারিকাভাবাচ্চেতি ভাবঃ ॥ ২০ ॥

অহে বিদুর! সেই বিমানের দ্বার সকল বিদ্রুম নির্ম্মিত হওয়াতে তাহারই বা শোভা কত? তাহার কবাটে কতই বজ্র (রত্ন বিশেষ) খচিত ছিল। তাহার অগ্রভাগ ইন্দ্রনীল মণিময় এবং তাহার উপর স্বর্ণ কলস সংস্থাপিত ছিল ॥ ১৬ ॥

অপর সেই বিমানের বজ্রময় ভিত্তি সকলে বৃহৎ বৃহৎ জ্যোতির্ম্ময় পদ্মরাগ খচিত ছিল এবং বিচিত্র বিতান, হার, তথা স্বর্ণ তোরণ যথাস্থানে বিন্যস্ত থাকাতে সর্ব্ব প্রকারে রমণীয় বোধ হইল ॥১৭॥

অপিচ তাহাতে বহুবিধ হংস পারাবত প্রভৃতি পক্ষি সকল এ রূপে চিত্রিত ছিল যে অকৃত্রিম হংসাদি তাহাদিগকে অবলোকন করিয়া তদুপরি বারম্বার পতন পূর্ব্বক স্বগণ ভ্রমে শব্দ করিতে লাগিল ॥ ১৮ ॥

বৎস! অধিক কি বলিব সেই বিমানে ক্রীড়া স্থান, শয়ন গৃহ, উপবেশন স্থান, প্রাঙ্গন এবং প্রাচীরের বহির্ভাগে অজির ইত্যাদি সর্ব্ব প্রকার সুখদায়ক স্থানই উত্তমরূপে নির্ম্মিত ছিল, এমন কি! তাহা দেখিলে মায়াবিরও পরম বিস্ময় জন্মিত ॥ ১৯ ॥

এই প্রকার গৃহ অবলোকন করিয়াও দেবহুতির দেহ-মালিন্য এবং পরিচারিকার অভাব প্রযুক্ত চিত্ত

নিমজ্জ্যাস্মিন্ হ্রদে ভীরু বিমানমিদমারুহ। ইদং শুক্লকৃতং তীর্থমাশিষাং যাপকং নৃণাং ॥ ২১ ॥
সা তদ্ভর্ত্তুঃ সমাদায় বচঃ কুবলয়েক্ষণা। সরজং বিভ্রতী বাসো বেণীভূতাংশ্চ মূর্দ্ধজান্ ॥ ২২ ॥
অঙ্গঞ্চ মলপঙ্কেন সংছন্নং শবলস্তনং। আবিবেশ সরস্বত্যাঃ সরঃ শিবজলাশয়ং ॥ ২৩ ॥
সান্তঃ সরসি বেশ্মস্থাঃ শতানি দশকন্যকাঃ। সর্ব্বাঃ কিশোরবয়সো দদর্শোৎপলগন্ধয়ঃ।
তাং দৃষ্ট্বা সহসোত্থায় প্রোচুঃ প্রাঞ্জলয়ঃস্ত্রিয়ঃ। বয়ং কর্ম্মকরী স্তুভ্যং শাধি নঃ করবাম কিং ॥২৪॥

শ্রীধরস্বামী।

অস্মিন্ হ্রদে বিন্দুসরসি। আরুহ অধিরোহ শুক্লেন বিষ্ণুনা কৃতং আনন্দ বিন্দুনিপাতেন যাপকং প্রাপকং ॥ ২১ ॥
সমাদায় আদৃত্য সরজং মলিনং ॥ ২২ ॥
শবলৌ বিবর্ণৌ স্তনৌ যস্মিন্ তৎ। সরস্বত্যাঃ শিবানি জলানি আশেরতে যস্মিন্ শিবা জলাশয়া জলচরা যস্মিন্ ইতি বা ॥২৩
সা তত্র নিমগ্না সতী বিস্ময়ং দদর্শ। তদাহ সান্তঃসরসীতি দশভিঃ উৎপলগন্ধয়ঃ স্ত্রিয়ঃ প্রোচুঃ তব কর্ম্মকরী পরিচারিকা বয়ং অস্মানাজ্ঞাপয়েতি ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

ইতি কৃত্যং শিক্ষয়তি। নিমজ্জেতি যুগ্মকং। বেণীভূতান্ স্বমূর্দ্ধজানিতি কচিৎ ॥ ২১। ২২। ২৩ ॥
সান্তরিতি যুগ্মকং। কর্ম্মকরী নঃ শাধি। বয়ং কিং করবামেত্যন্বয়ঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হ্রদে বিন্দুসরসি যাপকং প্রাপকং ॥ ২১ ॥
সমাদায় আদৃত্য ॥ ২২। ২৩ ॥
তুভ্যং তব কর্ম্মকরীঃ কিঙ্কর্য্যঃ। যদ্বা তুভ্যং ত্বাং পরিচরিতুং স্বমস্মান্ শাধি আজ্ঞাপয় ॥ ২৪ ॥

সাতিশয় প্রীত হইল না, ঋষিবর কর্দ্দম যোগ প্রভাবে সকল প্রাণিরই মানস জানিতেন, প্রেয়সীর আশয় জানিতে পারিয়া তাঁহাকে কহিলেন ॥ ২০ ॥

হে ভীরু! এই হ্রদে অবগাহন করিয়া আসিয়া এই বিমানে আরোহণ কর, ঐ সরোবর সামান্য নহে উৎকৃষ্ট তীর্থ, ভগবান্ বিষ্ণু ঐ তীর্থ নির্ম্মাণ করিয়াছেন, উহা আনন্দবিন্দুপাত দ্বারা মানবগণের অভিলষিত প্রদান করে ॥ ২১ ॥

পদ্মাক্ষী দেবহূতি সানন্দ মনে ভর্ত্তার ঐ বাক্য গ্রহণ করিলেন। তাঁহার পরিধান বসন মলিন এবং কেশ সকল সংস্কার বিরহে বেণীভূত ॥ ২২ ॥

ও শরীর মলরূপ পঙ্কে আচ্ছন্ন থাকাতে স্তনদ্বয় পর্য্যন্ত বিবর্ণ হইয়াছিল। পতির আদেশমাত্রে সরস্বতী সরে গিয়া প্রবেশ করিলেন, ঐ সরোবরের জলে পবিত্র জলচর সকল বাস করিত ॥ ২৩ ॥

জলে প্রবেশ করিয়াই দেবহূতি আশ্চর্য্য দেখিলেন, সরোবরের অভ্যন্তরস্থ গৃহ মধ্যে দশ শত কন্যা রহিয়াছে, তাহাদের সকলেরই তরুণ বয়স, সকলের গাত্র হইতেই উৎপলের গন্ধ বহির্গত হইতেছে। ঐ সকল কন্যা তাঁহাকে দেখিয়া সসম্ভ্রমে গাত্রোত্থান করিল এবং অঞ্জলি বন্ধন পূর্ব্বক কহিতে লাগিল, আমরা আপনকার পরিচারিকা আমাদিগকে আজ্ঞা করুন, আমরা কি করিব ॥ ২৪ ॥

স্নানেন তাং মহার্হেণ স্নাপয়িত্বা মনস্বিনীং। দুকূলে নির্ম্মলে নূত্নে দদুরস্যৈচ মানদাঃ ॥ ২৫ ॥
ভূষণানি পরার্দ্ধ্যানি বরীয়াংসি দ্যুমন্তি চ। অন্নং সর্ব্বগুণোপেতং পানঞ্চৈবামৃতাসবং ॥ ২৬ ॥
অথাদর্শে স্বমাত্মানং স্রগ্বিণং বিরজাম্বরং। বিরজং কৃতস্বস্ত্যয়নং কন্যাভি র্বহুমানিতং ॥ ২৭ ॥
স্নাতং কৃতশিরঃ স্নানং সর্ব্বাভরণভূষিতং। নিষ্কগ্রীবং বলয়িনং কূজৎকাঞ্চননূপুরং ॥ ২৮ ॥
শ্রোণ্যোরধ্যস্তয়া কাঞ্চ্যা কাঞ্চন্যা বহুরত্নয়া। হারেণচ মহার্হেণ রুচকেন চ ভূষিতং ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

ততশ্চ স্নানেন স্নানযোগ্য তৈলাদিনা ॥ ২৫ ॥
পরার্দ্ধ্যানি উৎকৃষ্টানি বরীয়াংসি তৎ প্রিয়াণি দীপ্তিমন্তিচ পানং পেয়ং অমৃতং স্বাদু আসবং মাদকং ॥ ২৬ ॥
আদর্শে স্বমাত্মানং দদর্শেতি শেষঃ। আত্মানং বিশিনষ্টি চতুর্ভিঃ কৃতং স্বস্ত্যয়নং মঙ্গলং যস্য। পুংস্বমাত্ম শব্দ সামানাধিকরণ্যাৎ ॥ ২৭ ॥
বিরজমিত্যস্য প্রপঞ্চঃ স্নানং উদ্বর্ত্ত্য ক্ষালিতং কৃতং শিরঃ স্নানমভ্যঙ্গো যেন। ভূষিতত্বমেবাহ নিষ্কং পদকং গ্রীবায়াং যস্য ॥২৮
বহূনি রত্নানি যস্যাং তয়া রুচকেন মঙ্গল দ্রব্যেণ কুঙ্কুমাদিনা। তদুক্তং বিশ্বপ্রকাশে। রুচকং মঙ্গল দ্রব্যে গ্রীবাভরণ দন্তযোরিতি ॥ ২৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্নানেনেতি যুগ্মকং। পরার্দ্ধ্যানীতি পাঠো বহুত্র ॥ ২৫। ২৬ ॥ অথাদর্শ ইতি চতুষ্কং ॥ ২৭ ॥
কৃতশিরঃ স্নানং তৈলাদিনা আ শির আরভ্য সর্ব্বাঙ্গস্নানং ॥ ২৮। ২৯। ৩০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্নানেন স্নানযোগ্যতৈলাদিনা ভূষণাদীনি পরিধাতুং দদুঃ। অন্নপানেচ ভোক্তুং দদুঃ ॥ ২৫। ২৬ ॥
স্বমাত্মানং দদর্শেতি শেষঃ। কাশ্চিৎ পাশ্চাত্যাঃ স্ত্রিয়ঃ শিরসা ন স্নান্তীতি তন্নিবারণার্থমাহ। কৃতশিরঃ স্নানমিতি। শ্রোণ্যোঃ কোট্যোরধ্যস্তয়া উপরি বিন্যস্তয়া কাঞ্চ্যা রুচকেন মঙ্গলদ্রব্যেণ। রুচকং মঙ্গলদ্রব্যে গ্রীবাভরণ দন্তয়োরিতি বিশ্বঃ। সুদতা সুভ্রুবা চক্ষুষেতি জাত্যাবেকবচনানি। শ্লক্ষ্ণো মনোহরঃ। স্নিগ্ধোঽপাঙ্গো যস্য তেন পদ্মকোষেণ সহ স্পর্দ্ধত ইতি পদ্মকোষস্পৃৎ তেন ॥ ২৭। ২৮। ২৯। ৩০ ॥

এই বলিয়া আপনারাই স্নান যোগ্য মহার্হ তৈলাদি লইয়া তাঁহার অঙ্গে লেপন পূর্ব্বক স্নান করাইয়া দিল, তাহার পরে নির্ম্মল দুই খানি নূতন দুকূল পরিধান করাইল ॥ ২৫ ॥

এবং যে সকল উত্তম উত্তম অলঙ্কারে তাঁহার প্রীতি জন্মিত এবং যাহা যাহা অতিশয় দীপ্তি যুক্ত ছিল, সে সকল আভরণে তাঁহার সর্ব্বাঙ্গ ভূষিত করিল। তদনন্তর সর্ব্ব গুণযুক্ত ভক্ষ্য পেয় এবং সুস্বাদু আসব আনিয়া সম্মুখে রাখিল ॥ ২৬ ॥

অনন্তর দেবহূতি তত্রস্থ আদর্শে আপনার প্রতিবিম্বিত অঙ্গ অবলোকন করিলেন, তাহাতে তাঁহার দৃষ্টিগোচর হইল যে, গলদেশে মালা লম্বমান এবং নির্ম্মল বসন পরিধান, শরীরে মলামাত্র নাই, যে অঙ্গে যে রূপ মঙ্গলাবহ ভূষণ ধারণ করিতে হয় সে সমুদায় সন্নিবেশিত করিয়া কতক গুলি কন্যা প্রশংসা করিতেছে ॥ ২৭ ॥

আরও দেখিলেন আপনার দেহ উদ্বর্ত্তনাদি দ্বারা উত্তম রূপে মার্জ্জিত ও ক্ষালিত এবং মস্তক তৈল দ্বারা অভ্যক্ত হইয়াছে, আর অঙ্গ সকল সর্ব্বাভরণে ভূষিত অর্থাৎ গ্রীবাদেশে পদক, হস্তে বলয়, চরণ দ্বয়ে শব্দায়মান স্বর্ণ নূপুর ॥ ২৮ ॥

নিতম্বদেশের উপরি ভাগে বিবিধ রত্ন খচিত কাঞ্চনময় কাঞ্চী এবং গলদেশে মহার্হ হার ও অন্যান্য মাঙ্গল্য দ্রব্য শোভা বিস্তার করিতেছে ॥ ২৯ ॥

সুভ্রুবা সুদতা শ্লক্ষ্ণ স্নিগ্ধাপাঙ্গেন চক্ষুষা। পদ্মকোশস্পৃধা নীলৈরলকৈশ্চ লসন্মুখং ॥ ৩০ ॥
যদা সস্মার ঋষভমৃষীণাং দয়িতং পতিং। তত্র চাস্তে সহ স্ত্রীভি র্যত্রাস্তে স প্রজাপতিঃ ॥ ৩১ ॥
ভর্ত্তুঃ পুরস্তাদাত্মানং স্ত্রীসহস্রবৃতং তদা। নিশাম্য তদ্যোগগতিং সংশয়ং প্রত্যপদ্যত ॥ ৩২ ॥
স তাং কৃতমলস্নানাং বিভ্রাজন্তীমপূর্ব্ববৎ। আত্মনো বিভ্রতীং রূপং সংবীত রুচিরস্তনীং ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

সুদতা সুভ্রুবা চক্ষুষেতিচ জাতাবেক বচনানি এতৈ র্লসৎ শোভমানং মুখং যস্য কথং ভূতেন চক্ষুষা শ্লক্ষ্ণো মনোহরঃ স্নিগ্ধোঽপাঙ্গো নেত্রপ্রান্তো যস্য। পদ্মকোশেন স্পর্দ্ধত ইতি পদ্মকোশস্পৃৎ তেন ॥ ৩০ ॥
দৃষ্ট্বা চ যদা পতিং সস্মার তদা যত্রাসৌ তত্রৈব স্বয়মপ্যাস্তে ॥ ৩১ ॥
আত্মানং নিশাম্য দৃষ্ট্বা তাঞ্চ তস্য যোগগতিং যোগপ্রভাবং দৃষ্ট্বা সংশয়ং কিমিদমিতি বিস্ময়ং ॥ ৩২ ॥
স মুনিঃ বিবাহাৎ প্রাগাত্মনো যৎরূপং তদেব পুনর্বিভ্রতীং সম্বীতৌ প্রাবৃতৌ রুচিরৌ স্তনৌ যস্যাঃ। সম্বীতরুচিরস্তনমিতি পাঠে রূপবিশেষণং ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

ততশ্চ ভাবোজাত ইত্যাহ। যদেতি ॥ ৩১। ৩২ ॥
স তামিতি যুগ্মকং। অপূর্ব্বত্বে হেতুঃ। আত্মন ইতি টীকায়াং বিবাহাৎ প্রাগিত্যাদিকং অপূর্ব্ববদিতি বতি প্রত্যয় স্বারস্যাল্লভ্যতে অপূর্ব্বত্বং হি তপোময়দশামাত্রাপেক্ষয়া ॥ ৩৩। ৩৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

দৃষ্ট্বা চ পত্যুস্তস্য রমণযোগ্যামাত্মানং মত্বা যদা তং সস্মার তদা যত্র স প্রজাপতিস্তত্রৈব স্বয়মপ্যাস্তে ইতি তত্রাত্মানং পত্যুরেকাসনে আসীনমেব বিবেদ। নতু জলহ্রদাৎ পদব্যাপারেণ যাস্তমিতি তস্যাদ্ভুতৈব যোগগতিঃ ॥ ৩১ ॥
নিশাম্য দৃষ্ট্বা তস্যৈব যোগগতিং যোগপ্রভাবঞ্চ দৃষ্ট্বা সংশয়ং কথমেতদভূদিতি বিস্ময়ং ॥ ৩২ ॥
স মুনিঃ আত্মনো রূপং বিবাহাৎ প্রাক্ যাদৃশমাসীত্তদেব পুনর্বিভ্রতীমিত্যর্থঃ। সংবীতৌ প্রাবৃতৌ রুচিরৌ স্তনৌ যস্যাস্তাং নপুংসকপাঠে রূপবিশেষণং হে অমিত্রহন্ জিতকামঃ ॥ ৩৩। ৩৪ ॥

আরও দেখিতে পাইলেন সুন্দর ভ্রূ, শোভন দশন, পদ্মকোষের সহিত স্পর্দ্ধাকারি সুস্নিগ্ধ অপাঙ্গান্বিত নয়ন এবং বিলাস শালিনী অলকাবলী এই সকল দ্বারা আপনার বদন সাতিশয় শোভা পাইতেছে ॥৩০
দেবহুতি আদর্শ মধ্যে আপনার ঐ প্রকার অসামান্য রূপ লাবণ্য অবলোকন করিয়া ঋষিশ্রেষ্ঠ প্রিয়তম পতিকে স্মরণ করিলেন, তাহাতে তাঁহার পতি ঐ প্রজাপতি যে স্থানে অবস্থিতি করিতেছেন, ক্ষণমাত্রে সেই স্থানে ঐ সকল কন্যাগণ পরিবৃতা হইয়া আপনাকে উপস্থিত দেখিলেন ॥ ৩১ ॥
কিন্তু ভর্ত্তার অগ্রে গিয়া যখন স্ত্রী সহস্র পরিবৃত আপনার প্রতি এবং স্বামির যোগপ্রভাবের দিকে তাঁহার নেত্রপাত হইল, তখন মনোমধ্যে সংশয় জন্মিল, অর্থাৎ কি প্রকারে এই সকল হইল? এই বলিয়া বিস্ময় প্রকাশ করিলেন ॥ ৩২ ॥
সে যাহা হউক দেবহুতি কৃত স্নান হইয়া প্রত্যাগমন করিলে মুনিবর প্রেয়সীর পরম শোভা হইয়াছে, বিবাহের পূর্ব্বে ইহাঁর যে রূপ মনোহর রূপ ছিল, পুনর্ব্বার সেই রূপ প্রাপ্ত হইয়াছেন, আর ইহাঁর রুচির স্তনযুগল বসন দ্বারা আবৃত হওয়াতে সাতিশয় শোভা পাইতেছে ॥ ৩৩ ॥

বিদ্যাধরী সহস্রেণ সেব্যমানাং সুবাসসং। জাতভাবো বিমানং তদারোহয়দমিত্রহন্॥ ৩৪॥
তস্মিন্নলুপ্তমহিমা প্রিয়য়ানুরক্তো বিদ্যাধরীভিরুপচীর্ণবপুর্বিমানে।
বভ্রাজ উৎকচ কুমুদগণবানপীব্য স্তারাভিরাবৃত ইবোডুপতি র্নভস্থঃ॥ ৩৫॥
তেনাষ্টলোক পবিহার কুলাচলেন্দ্রদ্রোণিষ্বনঙ্গসখমারুতসৌভগাসু।
সিদ্ধৈর্নুতো দ্যুধুনিপাতশিবস্বনাসু রেমে চিরং ধনদবল্ললনাবরূথী॥ ৩৬॥
বৈশ্রম্ভকে সুরসনে নন্দনে পুষ্পভদ্রকে। মানসে চৈত্ররথ্যেচ স রেমে রাময়া রতঃ॥ ৩৭॥

শ্রীধরস্বামী।

শোভনে বাসসী যস্যাঃ। জাতোভাবঃ প্রেম যস্য। হে অমিত্রহন্ জিতকাম। ৩৪।
তস্মিন্ বিমানে মুনির্বভ্রাজে। ন লুপ্তো মহিমা স্বাতন্ত্র্যং যস্য উপচীর্ণং শুশ্রূষিতং বপুর্যস্য বিকসিত কুমুদগণবান্ অপীব্যাহতি সুন্দরঃ। পূর্ণচন্দ্র ইব মুনিঃ। নভ ইব বিমানং তারা ইব তাঃ স্ত্রিয়ঃ কুমুদানীব তাসাং নেত্রাণীতি জ্ঞেয়ং। ৩৫।
তেন বিমানেন অষ্টলোকপালানাং বিহারো যস্মিন্ কুলাচলেন্দ্রে মেরৌ তস্য দ্রোণীষু দরীষু। অনঙ্গস্য সখা যো মারুতঃ শীত সুগন্ধ মন্দানিলঃ তেন সৌভগং সৌন্দর্য্যং যাসু। সিদ্ধৈর্নুতঃ স্তুতঃ সন্। দ্যুধুনী গঙ্গা তস্যাঃ পাতেন শিবঃ স্বনো যাসু তাসু রেমে ললনাবরূথী স্ত্রীসমূহবান্। ৩৬।
বৈশ্রম্ভকাদিষু দেবোদ্যানেষু। মানসেচ সরসি রতঃ প্রীতঃ সন্। ৩৭।

ক্রমসন্দর্ভঃ।

উড়ুপতিরিতি। উড়ুঃ রোহিণী সাচ প্রিয়াস্থানীয়া জ্ঞেয়া। প্রিয়াশব্দ এবোভয়ত্রোন্নীয়তে। ৩৫। ৩৬। ৩৭।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্মিন্ বিমানে মুনির্বভ্রাজে। উপচীর্ণং শুশ্রূষিতং বপুর্যস্য সঃ। বিকসিতকুমুদগণবান্ অপীব্যোঽতিসুন্দরঃ। পূর্ণচন্দ্র ইব মুনিঃ নভ ইব বিমানং তারা ইব তা স্ত্রিয়ঃ। কুমুদানীব তাসাং নেত্রাণীতি জ্ঞেয়ং। ৩৫।
তেন বিমানেন রেমে। কুলাচলেন্দ্রো মেরুঃ দ্যুধুনি গঙ্গা তস্যা উর্দ্ধতঃ পাতেন শিবঃ স্বনো যাসু তাসু ললনাসমূহবান্। ৩৬
বৈশ্রম্ভকাদিষু দেবোদ্যানেষু মানসে সরসি। ৩৭।

অপর ইঁহার শোভন বসন পরিধান এবং সহস্র বিদ্যাধরী চারিদিকে সেবার্থ উদ্যত। ঐ ঋষিবর প্রেয়সীকে ঐ রূপ অবলোকন করিয়া হৃষ্টচিত্তে প্রেমবান্ হইয়া কর ধারণ পুরঃসর সেই বিমানোপরি আরোহণ করাইলেন॥ ৩৪॥

কর্দ্দম অনুরক্ত হইয়া প্রিয়তমার সহিত বিমানে আরূঢ় হইলে তাঁহার অতিশয় শোভা হইল, তৎ কালে তদীয় মহিমাও কোন অংশে লুপ্ত হইল না, বিদ্যাধরীগণ নানা প্রকারে তাঁহার শরীর শুশ্রূষা করিতে লাগিল, অতএব কুমুদগণের প্রকাশক গগণমণ্ডলস্থ পূর্ণসুধাকর তারানিকরে পরিবৃত হইলে তাঁহার যদ্রূপ সৌন্দর্য্য হয় ঐ মুনির অবিকল তদ্রূপ শ্রী প্রকাশ পাইতে লাগিল॥ ৩৫॥

অনন্তর তিনি স্ত্রী সমূহ পরিবৃত হইয়া সেই বিমানোপরি বহুকাল ক্রীড়া করিতে লাগিলেন, তাহাতে অষ্টলোকপালের বিহার স্থল কুলাচলেন্দ্র অর্থাৎ সুমেরু পর্ব্বতের যে যে কন্দর সুশীতল অথচ সুগন্ধ ও মন্দ মন্দ বহনশীল অনিলের দ্বারা রমণীয় এবং যে স্থান স্বর্গনদী মন্দাকিনীর পতনে শব্দায় মান, তথায় সিদ্ধগণ কর্ত্তৃক স্তুত হইয়া ভ্রমণ কারি কুবেরের যদ্রূপ প্রীতি জন্মে তিনিও তদ্রূপ প্রীতি অনুভব করিতে লাগিলেন॥ ৩৬॥

অর্থাৎ সেই বিমানে অবস্থিত হইয়া বৈশ্রম্ভক, সুরসন, নন্দন, পুষ্পভদ্রক, চৈত্ররথ ইত্যাদি বিবিধ

ভ্রাজিষ্ণুনা বিমানেন কামগেন মহীয়সা। বৈমানিকানত্যশেত চরল্লোকান্ যথানিলঃ ॥ ৩৮ ॥
কিং দুরাপাদনং তেষাং পুংসামুদ্দামচেতসাং। যৈরাশ্রিতস্তীর্থপদশ্চরণো ব্যসনাত্যয়ঃ ॥ ৩৯ ॥
প্রেক্ষয়িত্বা ভুবো গোলং পত্ন্যৈ যাবান্ স্বসংস্থয়া। বহ্বাশ্চর্য্যং মহাযোগী স্বাশ্রমায় ন্যবর্ত্তত ॥৪০
বিভজ্য নবধাত্মানং মানবীং সুরতোৎসুকাং। রামাং নিরময়ন্ রেমে বর্ষপূগান্ মুহূর্ত্তবৎ।
তস্মিন্ বিমান উৎকৃষ্টাং শয্যাং রতিকরীং শ্রিতা। নচাবুধ্যত তং কালং পত্যাহপীব্যেন সংগতা ॥৪১

শ্রীধরস্বামী।

অত্যশেত অতিক্রম্য স্থিতঃ ॥ ৩৮ ॥
উদ্দামচেতসাং ধীরাণাং ব্যসনং সংসার স্তস্যাত্যয়ো যস্মাৎ ॥ ৩৯ ॥
প্রেক্ষয়িত্বা দর্শয়িত্বা। গোলং মণ্ডলং স্বসংস্থয়া দ্বীপবর্ষাদি রচনয়া যাবান্ তাবন্তং। বহূনি আশ্চর্য্যাণি যস্মিন্ তং ॥ ৪০ ॥
বিভজ্য নবধা নব প্রভেদমাত্মানং কৃত্বা ॥ ৪১ ॥

ক্রমসন্দর্ভঃ।

কিমিতি। উদ্দাম চেতসাং অপেক্ষান্তরাবদ্ধ চিত্তত্বেন নিজাশ্রয়ে ধৈর্য্যং গতানাং। যদ্বা। সর্ব্বতঃ কুণ্ঠতারহিত চিত্তানামিতি তীর্থপদ ইতি ব্যসনাত্যয় ইতি চ দুঃসাধ্যত্বমেব ব্যাবর্ত্তয়তি। সর্ব্ববিঘ্নাত্যয়পূর্ব্বকং সর্ব্ব সম্পাদনস্ত বিবক্ষিতত্বাৎ ॥ ৩৮। ৩৯। ৪০ ॥
তত্তদপত্যোৎপত্তৌ তত্তদ্গুণ প্রধানত্বেন নবধা ॥ ৪১। ৪২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অত্যশেত অতিক্রান্তবান্ ॥ ৩৮ ॥
উদ্দামচেতসাং তচ্চরণাদন্যত্রাবদ্ধমনসাং ॥ ৩৯ ॥
গোলং মণ্ডলং স্বসংস্থয়া দ্বীপবর্ষাদিরচনয়া যাবান্ তাবন্তং ॥ ৪০ ॥
নবধা নবপ্রভেদেনাত্মানং কৃত্বা ॥ ৪১ ॥

দেবোদ্যান সকলে, তথা মানস সরোবরে, মহর্ষি কর্দ্দম আপনার প্রিয়তমার সহিত প্রীত হইয়া ঐ সকল স্থানে ক্রীড়া করিতে লাগিলেন সুতরাং তাঁহার অন্তঃকরণে ধনদের তুল্য সন্তোষ জন্মিতে লাগিল ॥ ৩৭

তিনি দীপ্তিযুক্ত ও কামগামী সেই বিমান যোগে আকাশ মার্গে বায়ুর ন্যায় সকল লোক ভ্রমণ করিতে আরম্ভ করিলেন, তাহাতে অত্যল্প ক্ষণ মধ্যেই বৈমানিক লোক সকলকে অতিক্রম করিয়া অবস্থিত হইলেন ॥ ৩৮ ॥

অহে বিদুর! কর্দ্দম ঋষির সহসা বৈমানিক লোক অতিক্রমণে বিস্ময়ান্বিত হইও না, তীর্থপাদ হরির যে চরণদ্বয় স্মরণ মাত্রে সংসার নাশ করে, সেই চরণ কমল যে সকল ধীর ব্যক্তি আশ্রয় করেন তাঁহাদিগের কি দুষ্প্রাপ্য থাকে? ॥ ৩৯ ॥

মহাযোগী কর্দ্দম ঐ প্রকারে পর্য্যটন করিতে করিতে বহু বিচিত্রময় অবনীমণ্ডলের দ্বীপবর্ষাদি যাবন্ত অংশ প্রিয়তমাকে অবলোকন করাইয়া পরে আপনার আশ্রমে নিবৃত্ত হইলেন ॥ ৪০ ॥

অনন্তর প্রেয়সীর দিকে দৃষ্টিপাত হওয়াতে তাঁহার বোধ হইল, তিনি সুরতার্থে উৎসুকা হইতেছেন অতএব মহামুনি কর্দ্দম আপনাকে নয় প্রকারে বিভক্ত করিয়া সেই রামার সহিত রমণ করিতে প্রবৃত্ত হইলেন। বিদুর! ঐ ঋষি বহু বৎসর সুরত ক্রীড়ায় ব্যাপৃত ছিলেন সত্য, কিন্তু তাঁহার পক্ষে ঐ সময় মুহূর্ত্তের ন্যায় যাপিত হইল। তাঁহার পত্নী দেবহূতিও সেই বিমানে রতিকরী উৎকৃষ্ট শয্যায় পতির সহিত সঙ্গতা থাকাতে তাবৎ কাল যে গত হইল তাহা জানিতে পারিলেন না ॥ ৪১ ॥

এবং যোগানুভাবেন দম্পত্যো রমমাণয়োঃ। শতং ব্যতীয়ুঃ শরদঃ কামলালসয়োর্মনাক্ ॥ ৪২ ॥
তস্যামাধত্ত রেতস্তাং ভাবয়ন্নাত্মনাত্মবিৎ। নোধা বিধায় রূপং স্বং সর্ব্বসংকল্পবিদ্বিভুঃ ॥ ৪৩ ॥
অতঃ সা সুষুবে সদ্যো দেবহূতিঃ স্ত্রিয়ঃ প্রজাঃ। সর্ব্বাস্তাশ্চারু সর্ব্বাঙ্গ্যো লোহিতোৎপলগন্ধয়ঃ ॥ ৪৪

শ্রীধরস্বামী।

শরদঃ সম্বৎসরাঃ মনাক্ ঈষদিব ব্যতীয়ুঃ ॥ ৪২ ॥

আত্মনা স্বদেহার্দ্ধরূপেণ। অতিপ্রীত্যা ভাবয়ন্। তথা সতি সৎপত্যং ভবেদিতি নোধা নবধা। সর্ব্ব সংকল্পবিদিতি তস্যা বহ্বপত্যসংকল্পং জানন্নিত্যর্থঃ। বিভুস্তথা কর্ত্তুং সমর্থশ্চ। আত্মবিদিতি চ তস্যামমানস্কত্বাৎ স্ত্রিয়ঃ জাতা ইতি ভাবঃ পুমান্ পুংসোঽধিকে শুক্রে স্ত্রী ভবেদধিকে স্ত্রিয়া ইতি স্মৃতেঃ ॥ ৪৩ ॥

অতোঽনন্তরমেব সদ্যঃ একস্মিন্নেবাহনি চারূণি সর্ব্বাণ্যঙ্গানি যাসাং ॥ ৪৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

তস্যামিতি সর্ব্বেষাং ব্রহ্মণো মরীচ্যাদি প্রজাপতীনাঞ্চ সৃষ্টিকামনয়া যঃ সঙ্কল্প স্তদ্বিৎ তথা আত্মানং ভগবন্তঞ্চ নিজোপদেষ্টকং বেত্তীতি তথা যা চ আত্মভূতং বীর্য্যং নবধা প্রসবিষ্যতি। বীর্য্যে ত্বদীয়ে ঋষয় আধাস্যন্ত্যঞ্জসাত্মনঃ। সহাহং স্বাংশকলয়া ত্বদ্বীর্য্যেণ মহামুনে। তব ক্ষেত্রে দেবহূত্যাং প্রণেষ্যে তত্ত্বসংহিতাং। ইতি হি তদুপদেশাঃ যদ্যপীত্থং তথাপি তদসমাপ্তৌ প্রব্রজিষ্যামিতি ততোঽপ্যগ্রিম তৎ প্রার্থনান্তরমাশঙ্ক্যেতি গম্যতে শ্রীদেবহূত্যা চ যাবত্তেজোবিভূয়াদাত্মনো মে ইত্যত্রার্থ বিশেষো নাবগত ইতি ॥ ৪৩। ৪৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মনাক্ ঈষদিব ব্যতীয়ুঃ ॥ ৪২ ॥

তাং স্ত্রিয়ং ভাবয়ন্নিতি আধানকালে স্ত্রীধ্যানেন স্ত্র্যপত্যং স্যাদিতি তস্যাঃ স্ত্র্যপত্যকামনাং জানন্নিত্যর্থঃ। আত্মনা বুদ্ধ্যা আত্মবিদ্বিরক্ত ইতি তস্য কামান্নত্বাৎ শুক্রাল্পত্বমতোঽপি স্ত্র্যপত্যং ভবেদিত্যুক্তং পুমান্ পুংসোঽধিকে শুক্রে স্ত্রীভবেদধিকে স্ত্রিয়া ইতি নোধা নবধা সর্ব্বসংকল্পবিদিতি তস্যা বহ্বপত্যসংকল্পং জানন্নিত্যর্থঃ বিভুঃ সর্ব্বত্র সমর্থঃ ॥ ৪৩ ॥

সদ্য একস্মিন্নেবাহনি ॥ ৪৪ ॥

ফলতঃ ঐ দম্পতী যোগপ্রভাবে সুরত ক্রীড়ায় আসক্ত হইয়াছিলেন, অতএব রমণ ব্যাপারে শত সম্বৎসর অতীত হইলেও কামমুগ্ধতা প্রযুক্ত তাঁহাদের পক্ষে ঐ সুদীর্ঘ কালও অত্যল্পক্ষণ তুল্য শীঘ্রই গত হইল ॥ ৪২ ॥

কর্দ্দম ঋষি যোগবলে সকলেরই মানস জানিতে পারিতেন, আপনার পত্নীর বহু অপত্য নিমিত্ত যে সঙ্কল্প ছিল তাহা অবগত হইলেন এবং তাঁহার অভিলাষপূরণে আপনার সামর্থ্য আছে ইহাও বিবেচনা করিয়া দেখিলেন, অতএব সাতিশয় প্রীতি প্রকাশ পূর্ব্বক তাঁহাকে আত্ম দেহার্দ্ধ তুল্য ভাবনা করিয়া আপনাকে নয় প্রকারে বিভক্ত করত তদীয় গর্ব্ভে বীর্য্যাধান করিলেন। বৎস বিদুর! প্রজাপতি কর্দ্দম আত্মজ্ঞ ছিলেন এ নিমিত্ত পত্নীতে তাঁহার চিত্ত আসক্ত হয় নাই, সুতরাং সমধিক রেতঃ পাত না হওয়াতে ঐ গর্ব্ভে কন্যা জন্মিল ॥ ৪৩ ॥

অতএব তাঁহার পরে সদ্যই অর্থাৎ এক দিবসের মধ্যেই তাঁহার পত্নী দেবহূতি কতকগুলি স্ত্রীঅপত্য প্রসব করিলেন, সেই কন্যাদিগের সকলের অঙ্গই অতিশয় সুন্দর, সকলেরই কলেবর হইতে রক্তোৎপলের সৌরভ বহির্গত হইতেছিল ॥ ৪৪ ॥

পতিং সা প্রব্রজিষ্যন্তং তদালক্ষ্যোশতী বহিঃ। স্ময়মানা বিক্লবেন হৃদয়েন বিদূয়তা ॥ ৪৫ ॥
লিখন্ত্যধোমুখী ভূমিং পদা নখমণিশ্রিয়া। উবাচ ললিতাং বাচং নিরুদ্ধ্যাশ্রুকলাঃ শনৈঃ ॥ ৪৬ ॥
শ্রীদেবহূতিরুবাচ ॥
সর্ব্বং তদ্ভগবান্ মহ্যমুপোবাহ প্রতিশ্রুতং। অথাপি মে প্রপন্নায়া অভয়ং দাতুমর্হসি ॥ ৪৭ ॥
ব্রহ্মন্ দুহিতৃভিস্তুভ্যং বিমৃগ্যাঃ পতয়ঃ সমাঃ। কশ্চিৎ স্যান্মে বিশোকায় ত্বয়ি প্রব্রজিতে বনং ॥৪৮॥

শ্রীধরস্বামী।

প্রব্রজিষ্যন্তমালক্ষ্য বিতর্ক্য। স্ময়মানা বহিঃ অন্তস্তু বিক্লবেন ব্যাকুলেন বিদূয়তা সন্তপ্যমানেন হৃদা উবাচেত্যুত্তরেণান্বয়ঃ ॥৪৫
নখা এব মণয়ঃ তৈঃ শ্রীঃ শোভা যস্য তেন পদা ভুবং লিখন্তীতি দুরন্তচিন্তালক্ষণং ॥ ৪৬ ॥
উপোবাহ সম্পাদিতবান্। অভয়মিতি ভাবিনো দৈন্যাৎ সংসারাচ্চ যদ্ভয়ং তন্নিবর্ত্তয় ইত্যর্থঃ ॥ ৪৭ ॥
তত্র দৈন্যং নিবেদয়তি তুভ্যং তব দুহিতৃভিঃ স্বয়মেবাত্মনঃ সমা যোগ্যাঃ পতয়ো বিমৃগ্যা ইতি দৈন্যং প্রাপ্তং সংসার ভয়ং উররীকৃত্যাহ কশ্চিদিতি। বিশোকায় জ্ঞানোপদেশায়। স্ত্রীভিঃ ঋণানপকরণাৎ। কঞ্চিৎকালং তদবস্থানেন ব্রহ্মবিৎ পুত্রঃ কশ্চিৎ কিং নস্যাদিত্যর্থঃ ॥ ৪৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

পতিমিতি যুগ্মকং ॥ ৪৫ । ৪৬ ॥
অথ শ্রীদেবহূতিরুবাচেতি কচিৎ অভয়ং পুনঃ প্রার্থনা ক্ষমা রূপং ॥ ৪৭ ॥
প্রার্থনামেবাহ। ব্রহ্মন্নিতি। তুভ্যং ত্বয়া দুহিতৃভিঃ সমাস্তাসাং যোগ্যাঃ ॥ ৪৮ । ৪৯ । ৫০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্ময়মানেতি পতিদর্শনস্বাভাব্যাৎ বস্তুতস্তু বিক্লবেন ব্যাকুলেন বিদূয়মানেন চিন্তাভিরিত্যর্থঃ ॥ ৪৫ । ৪৬ ॥
উপোবাহ সম্পাদিতবান্ ॥ ৪৭ ॥
তুভ্যং তব স্বয়মেব বিমৃগ্যা ইত্যাসাং বিবাহচিন্তাপি মে নাস্তীতি ভাবঃ। বিশোকায় শোকদূরীকরণায় তেন কমপি যোগ্যং পুত্রমপি ত্বত্তোহং প্রাপ্নুয়ামিতি কৃপয়া কতিচিদ্দিনানি তিষ্ঠেতি ভাবঃ ॥ ৪৮ ॥

মহামুনি কর্দ্দম ঐ সময়ে প্রব্রজ্যাশ্রমে গমন করিতে উদ্যত হইলেন, তাঁহাকে তদ্রূপ দেখিয়া দেবহূতির বাহ্যে বিস্ময় এবং অন্তরে ব্যাকুলতা জন্মিল ও তাঁহার হৃদয় শোকে সাতিশয় সন্তপ্ত হইল ॥ ৪৫ ॥

তিনি দুরন্ত চিন্তা প্রকাশ করত অধোমুখী হইয়া নখমণি শোভিত চরণ দ্বারা ভূমি খনন করিতে লাগিলেন, তদনন্তর নেত্রবারি সংরোধ করিয়া মৃদুস্বরে কএকটী কোমল বচন প্রয়োগ করিলেন ॥ ৪৬ ॥

দেবহূতি কহিলেন ভগবন্! আপনি আমার নিকট যাহা যাহা প্রতিশ্রুত হইয়াছিলেন সকলই সম্পন্ন করিয়াছেন, আমি পুনরায় আপনকার শরণাপন্ন হইতেছি আমাকে অভয় দান করুন। প্রভো! ভাবি দৈন্য ও সংসার হইতে যে ভয় সম্ভাবনা আছে তাহা নিবর্ত্ত করিয়া দিউন ॥ ৪৭ ॥

ব্রহ্মন্! আপনি প্রব্রজ্যা করিয়া বনে গমন করিলে আপনকার এই কন্যাদিগকে স্বয়ং স্ব স্ব যোগ্য পতি অন্বেষণ করিতে হইবে ইহা আমার পক্ষে কিরূপ দৈন্য, বিবেচনা করুন। অপর আপনি সন্ন্যাস ধর্ম্ম অবলম্বন করিয়া যাইতেছেন, আমাকে আর শিক্ষা কে প্রদান করিবে, আমার জ্ঞানোপদেশের নিমিত্ত কাহাকেও রাখিয়া যাইতে আজ্ঞা হউক অর্থাৎ যদি আরও আপনি কিছুকাল অবস্থিতি করেন তাহা হইলে আমার গর্ভে ব্রহ্মজ্ঞ কোন একটী সন্তান অবশ্যই হইতে পারে ॥ ৪৮ ॥

এতাবতালং কালেন ব্যতিক্রান্তেন মে প্রভো। ইন্দ্রিয়ার্থপ্রসঙ্গেন পরিত্যক্তপরাত্মনঃ ॥ ৪৯ ॥
ইন্দ্রিয়ার্থেষু সজ্জন্ত্যা প্রসঙ্গস্ত্বয়ি মে কৃতঃ। অজানন্ত্যা পরং ভাবং তথাপ্যস্ত্বভয়ায় মে ॥ ৫০ ॥
সঙ্গো যঃ সংসৃতে র্হেতুরসৎসু বিহিতোঽধিয়া। স এব সাধুষু কৃতো নিঃসঙ্গত্বায় কল্পতে ॥ ৫১ ॥
নেহ যৎ কর্ম্ম ধর্ম্মায় ন বিরাগায় কল্পতে। ন তীর্থপদসেবায়ৈ জীবন্নপি মৃতো হি সঃ ॥ ৫২ ॥

শ্রীধরস্বামী।

বিষয়ান্ ভুঙ্ক্ষ, কিং ব্রহ্মবিদ্যয়া ইতি চেত্তত্রাহ এতাবতা অলং পূর্য্যতে। পরিত্যক্তঃ পর আত্মা যয়া তস্যা মম ॥ ৪৯ ॥
স্বকৃতমনুশোচন্ত্যাহ ইন্দ্রিয়ার্থেষ্বিতি চতুর্ভিঃ। যে ময়া ত্বাবং তত্ত্বং ত্বং ব্রহ্মবিদিতি ॥ ৫০ ॥
প্রসঙ্গঃ কথমভয়ায়াস্তু তত্রাহ সঙ্গ ইতি। অধিয়া অজ্ঞানেন ॥ ৫১ ॥
স্বভাবতঃ প্রবৃত্তং যস্য কর্ম্ম ধর্ম্মার্থং ন প্রকল্পতে ধর্ম্মাভিমুখং ন ভবেৎ। তত্রাপি নিষ্কাম ধর্ম্মদ্বারা বিরাগায় ন কল্পতে তদ্দ্বারাচ তীর্থপদস্য হরেঃ সেবার্থং ন পর্য্যবস্যেদিত্যর্থঃ ॥ ৫২ ॥

ক্রমসন্দর্ভঃ।

সঙ্গ ইতি। সএব সোপি অজ্ঞান পূর্ব্বকোপীত্যর্থঃ ॥ ৫১ ॥ তীর্থপদাঃ সাধবঃ। তীর্থীকুর্ব্বন্তি তীর্থানীত্যাদ্যুক্তেঃ ॥ ৫২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নম্ন কিমেতদ্ভক্তি ভঙ্গ্যা পুনরপি মত্তো বিষয়সুখং বাঞ্ছসীতি তত্র সলজ্জমাহ। এতাবতা কালেন য ইন্দ্রিয়ার্থ প্রসঙ্গস্তেনালং যতঃ পরিত্যক্তঃ পর আত্মা পরমেশ্বরো যয়া তস্যা ইতি তেনৈতাবান্ কালোমে ব্যর্থএব গত ইতি ভাবঃ ॥ ৪৯ ॥
মহাভাগবতস্য তব ক্ষণিকেনাপি সঙ্গেন লোকা নিস্তরন্তি। মমস্বেতাবদ্বার্ষিকেণাপি যন্নিস্তারো নাভূত্তত্রৈতদেব হেতুম মিত্যাহ ইন্দ্রিয়ার্থেষ্বিতি পরঃ ভাবং তবৈবং মহাবৈরাগ্যং মহাভাগবতত্বঞ্চ যৎক্ষণমাত্রেণৈব সর্ব্বং মমতাস্পদং ত্যক্তুং প্রবৃত্তো সীতি ভাবঃ। তথাপীতি তদপি মধ্যপরাধিন্যাং কৃপাং কুর্ব্বিতি ভাবঃ ॥ ৫০ ॥
কিঞ্চ বস্তুশক্তির্ব্বুদ্ধিং নাপেক্ষত ইত্যতো ভবদ্বিধ সাধুসঙ্গো বিফলো ভবিতুং সর্ব্বথৈব নার্হতীত্যাহ সঙ্গ ইতি অধিয়া অজ্ঞানে-নাপীত্যুভয়ত্রাপ্যন্বেতি ॥ ৫১ ॥
নম্ন কিমেবং নির্ব্বিদ্যসে তবৈতাবতী সম্পত্তি রতো বিষয়ান্ ভুঙ্ক্ষ্বেতি তত্রাহ নেহেতি যস্য কর্ম্ম দেহেন্দ্রিয়াদিব্যাপারো ধর্ম্মা-র্থং ন ভবেৎ ॥ ৫২ ॥

প্রভো! আর আমার বিষয়ভোগে অভিলাষ নাই, এতাবৎ কাল তাহাতেই যাপন করিলাম, তাহা পূর্ণ হইয়াছে। আমি ইন্দ্রিয় ভোগ্য বিষয়ে এমত রত ছিলাম যে তদাসক্তি বশতঃ আমার পরমাত্মা পর্য্যন্ত পরিত্যক্ত হইয়াছিলেন ॥ ৪৯ ॥

হে ব্রহ্মন্! আমি ইন্দ্রিয়ের বিষয়ে প্রসক্ত হইয়া আপনাতে আসক্তি করিতাম, কিন্তু আপনকার পরম ভাব আমার বুদ্ধিতে উদিত হইত না, প্রার্থনা করি আপনকার অনুগ্রহে ঐ সকল বিষয় আমার অভয় নিমিত্ত হউক ॥ ৫০ ॥

হে মুনিবর! যদিও বিষয়াসক্তি অভয়ের নিমিত্ত হয় না সত্য, তথাচ আমার শ্রুত আছে যে আসক্তি অসৎ বিষয়ে অজ্ঞান পূর্ব্বক বিধান করিলে সংসার বিষয়ক ভয়ের কারণ হয়, তাহাই আবার সাধু পুরুষে বিহিত হইলে নিঃসঙ্গত্বের ফল দেয় ॥ ৫১ ॥

প্রভো! যাহার কর্ম্ম অর্থাৎ দেহেন্দ্রিয়াদির ব্যাপার ইহলোকে ধর্ম্ম, বৈরাগ্য এবং ভগবানের সেবা নিমিত্ত কল্পিত না হয় অর্থাৎ স্বভাবতঃ প্রবৃত্ত কর্ম্মেরও ধর্ম্মাভিমুখ হওয়া উচিত, পরে নিষ্কাম ধর্ম্মের দ্বারা ভগবৎ সেবায় তাহার পর্য্যবসান করা কর্ত্তব্য, যে ব্যক্তির কর্ম্ম ঐ প্রকার না হয় সে জীবন সত্ত্বেই মৃত ॥ ৫২ ॥

সাহং ভগবতো নূনং বঞ্চিতা মায়য়া দৃঢ়ং। যত্ত্বাং বিমুক্তিদং প্রাপ্য ন মুমুক্ষেয় বন্ধনাৎ ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে দেবহুত্য-নুতাপো নাম ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৩ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

নির্ব্বেদবাদিনীমেবং মনোর্দুহিতরং মুনিঃ। দয়ালুঃ শালিনীমাহ শুক্লাভিব্যাহৃতং স্মরন্ ॥ ১ ॥

শ্রীঋষিরুবাচ ॥

মা খিদো রাজপুত্রীত্থমাত্মানং প্রত্যনিন্দিতে। ভগবাংস্তেঽক্ষরো গর্ভমদূরাৎ সংপ্রপৎস্যতে ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

ন মুমুক্ষেয় মোক্ষমিচ্ছাং ন কৃতবত্যস্মি ॥ ৫৩ ॥

॥ ইতি তৃতীয়ে ত্রয়োবিংশঃ ॥ * ॥

চতুর্বিংশে ততো জন্ম কপিলস্যাহ তৎপিতুঃ। প্রব্রজ্যাং তমনুজ্ঞাপ্য ঋণত্রয় বিমোক্ষতঃ ॥ ০ ॥

শালিনীং শ্লাঘ্যাং শুক্লেনাভিব্যাহৃতং সহাহং স্বাংশ কলয়া ইত্যাদি ॥ ১ ॥

ইত্থং মাখিদঃ খেদং মাকার্ষীঃ আত্মানং প্রত্যহং ভাগ্যহীনেতি। অদূরাৎ শীঘ্রং ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

সা যথা কথঞ্চিৎ কৃতভবৎসংলাপ্যাহং স্বমহিমাজ্ঞানাংশেন বঞ্চিতা। অতো ভগবন্মায়ৈবাত্র কারণমিত্যর্থঃ ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য ত্রয়োবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শালিনীমিতি শড়ৃশ্লাঘায়াং শাডনং শালঃ সোঽস্যাস্তীতি শালিনী তাং শুক্লাভিব্যাহৃতং স্মরন্নিতি তদেক ধ্যানবাৎ ॥১।২।৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্রোদাহরণমহমেবেত্যাহ সাহং জীবন্মুক্তান্ মুমুক্ষেয় মোক্ষমিচ্ছামাত্রমপি নকৃতবত্যস্মীতি সাক্ষ সগদ্গদবাক্যং ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ত্রয়োবিংশস্তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

চতুর্বিংশে ততঃ প্রোক্তং কপিলস্য বিধের্বচঃ। কনোস্বাহঃ কর্দ্দমস্য প্রব্রজ্যা স্বত্যনন্তরা ॥ ০ ॥

শালিনীং শ্লাঘ্যাং শুক্লেনাভিব্যাহৃতং সহাহং স্বাংশকলয়েত্যাদি ॥ ১ ॥

হে অনিন্দিতে ইত্থং মাখিদ খেদং মা কার্ষীঃ ॥ ২ ॥

নচান্যা প্রাকৃতীবত্ত্বমকৃত পুণ্যেত্যাহ ধৃতব্রতাসি পূর্ব্বজন্মানি কৃতব্রতাদি নিয়মাস্তত ইহাপি জন্মনি তে ভদ্রং ভবিষ্যতি ॥ ৩ ॥

যাহা হউক, আমি ভগবানের মায়াতে অতিশয় বঞ্চিত হইয়াছি, মুনে! একি সামান্য দুঃখের বিষয় নয়? আমি মোক্ষপ্রদ স্বামি প্রাপ্ত হইয়াও মুক্ত হইবার ইচ্ছা করি নাই ॥ ৫৩ ॥

॥ * ॥ তৃতীয়ে ত্রয়োবিংশ ॥ * ॥

চতুর্বিংশ অধ্যায়ে দেবহুতির গর্ব্ভে কপিলদেবের জন্ম এবং তাঁহার অনুমতি ক্রমে কর্দ্দমের প্রব্রজ্যায় গমন ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! মনুতনয়া দেবহুতি এই প্রকার নির্ব্বেদ বাক্য বলিতে থাকিলে মুনিবর কর্দ্দমের অন্তঃকরণ করুণারসে আর্দ্র হইল, ভগবান্ বিষ্ণু যাহা কহিয়াছিলেন স্মরণ করত কহিলেন ॥

হে অনিন্দিতা রাজপুত্রি! তুমি আপনাকে ভাগ্যহীনা বলিয়া খেদ করিও না, ভগবান্ অচিরেই তোমার গর্ব্ভে প্রবিষ্ট হইবেন ॥ ২ ॥

ধৃতব্রতাসি ভদ্রং তে দমেন নিয়মেন চ। তপোদ্রবিণদানৈশ্চ শ্রদ্ধয়া চেশ্বরং ভজ ॥ ৩ ॥

স ত্বয়া রাধিতঃ শুক্লো বিতন্বন্ মামকং যশঃ। ছেত্তা তে হৃদয়গ্রন্থিমৌদর্য্যো ব্রহ্মভাবনঃ ॥ ৪ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

দেবহূত্যপি সন্দেশং গৌরবেণ প্রজাপতেঃ সম্যক্ শ্রদ্ধায় পুরুষং কূটস্থমভজদ্ গুরুং ॥ ৫ ॥

তস্যাং বহুতিথে কালে ভগবান্ মধুসূদনঃ। কার্দ্দমং বীর্য্যমাপন্নো জজ্ঞেঽগ্নিরিব দারুণি ॥ ৬ ॥

অবাদয়ং স্তদা ব্যোম্নি বাদিত্রাণি ঘনাঘনাঃ। গায়ন্তি তং স্ম গন্ধর্ব্বা নৃত্যন্ত্যপ্সরসো মুদা ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

দমেনেন্দ্রিয়সংযমেন নিয়মেন স্বধর্ম্মেণ তপাংসি দ্রবিণদানানি চ তৈঃ ॥ ৩ ॥

হৃদয়গ্রন্থিমহঙ্কারলক্ষণং বন্ধং ছেত্তা ছেৎস্যতি ঔদর্য্যঃ পুত্রঃ সন্ ব্রহ্ম ভাবয়তি উপদিশতীতি তথা ॥ ৪ ॥

শ্রদ্ধায় বিশ্বস্য ॥ ৫ ॥

বহুতিথে বহুতরে কালে অতিক্রান্তে ॥ ৬ ॥

ঘনাঘনা ইত্যেকং পদং বর্ষন্তো মেঘাঃ। গায়ন্তি স্ম নৃত্যন্তি স্ম ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

স ত্বয়েতি। কদাচিদপি তদ্বিমর্ত্তুং নশক্নোতি যঃ স ইত্যর্থঃ ব্রহ্ম ভগবত্তত্ত্বং ॥ ৪ ॥

সন্দেশমুপদেশং গুরু গুরুতয়া চিন্ত্যমানং ॥ ৫ ॥

বহুতিথে বহূনাং পূরণে কালে বহুযুগগণ সংখ্যা তিথুগিতি পূরণ প্রকরণে পাণিনিসূত্রং। বীর্য্যং ভক্তিপ্রভাবঃ তদাপন্নত্বেন বশীকৃত ইত্যর্থঃ ॥ ৬ । ৭ । ৮ । ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হৃদয়গ্রন্থিমহঙ্কারলক্ষণং বন্ধং ঔদর্য্যঃ উদরজাতঃ সন্ ব্রহ্মভাবনঃ ব্রহ্মোপদেষ্টা ॥ ৪ ॥

সন্দেশমুপদেশং গুরুং বঃ পুত্রো ভূত্বা গুরুর্ভবিষ্যতি তং ॥ ৫ ॥

বহুতিথেতি বহূনাং পূরণে বহুতরে কালে অতিক্রান্তে সতীত্যর্থঃ বহুযুগগণসঙ্ঘস্য তিথুগিতি সূত্রং। কার্দ্দমং বীর্য্যং কর্দ্দমস্য ভক্তিপ্রভাবং আপন্নত্বেন বশীকৃত ইত্যর্থঃ। অগ্নিরিব দারুণীতি তস্যামন্তর্যামিরূপেণ স্থিতএব স পুত্ররূপেণ প্রকটীবভূবেত্যর্থঃ ॥ ৬ ॥

ঘনাঘনা গর্জন্তো মেঘা ইব দেবা ইত্যর্থঃ। বর্ষুকাব্দা ঘনাঘনা ইত্যমরঃ ॥ ৭ ॥

তুমি ধৃতব্রতাই আছ, এক্ষণে ইন্দ্রিয়দমন, স্বধর্ম্মাচরণ, তপস্যানুষ্ঠান এবং ধনাদি দান দ্বারা শ্রদ্ধা পূর্ব্বক ভগবানের আরাধনা কর ॥ ৩ ॥

প্রিয়ে! তুমি ভগবানের আরাধনায় প্রবৃত্ত হইলে তিনি আমার যশঃ বিস্তার করিয়া তোমার পুত্র রূপে জন্ম গ্রহণ করিবেন এবং তোমাকে পরম ব্রহ্ম উপদেশ করিয়া তোমার হৃদয়গ্রন্থি অর্থাৎ সংসার বন্ধন ছেদন করিবেন ॥ ৪ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! কর্দ্দম প্রজাপতি এই প্রকার আদেশ করিলে দেবহূতি গৌরব করিয়া তাঁহার উপদেশ বাক্য গ্রহণ করিলেন এবং তাহাতে সম্যক্ বিশ্বাস করিয়া সর্ব্বকাল ব্যাপি পরম পুরুষ ভগবানের আরাধনায় প্রবৃত্ত হইলেন ॥ ৫ ॥

ঐ রূপ আরাধনায় বহুতর কাল অতিক্রান্ত হইল, কাষ্ঠে যেমন অগ্নি উৎপন্ন হয়, তাহার ন্যায় ভগবান্ মধুসূদন কর্দ্দমের বীর্য্য আশ্রয় করিয়া দেবহূতির গর্ভে জন্ম গ্রহণ করিলেন ॥ ৬ ॥

যখন দেবহূতির গর্ভে ভগবান্ উৎপন্ন হইলেন তখন গগনমণ্ডলে বর্ষুক জলধর পটল হইতে বিবিধ বাদ্য হইল এবং গন্ধর্ব্বগণ গান করিতে লাগিল ও অপ্সরা সকল আনন্দে নৃত্য আরম্ভ করিল ॥ ৭ ॥

পেতুঃ সুমনসো দিব্যাঃ খেচরৈরপবর্জ্জিতাঃ। প্রসেদুশ্চ দিশঃ সর্ব্বা অম্ভাংসি চ মনাংসি চ ॥ ৮ ॥

তৎ কর্দ্দমাশ্রমপদং সরস্বত্যা পরিশ্রিতং। স্বয়ম্ভূঃ সাকমৃষিভি র্মরীচ্যাদিভিরভ্যয়াৎ ॥ ৯ ॥

ভগবন্তং পরং ব্রহ্ম সত্ত্বেনাংশেন শত্রুহন্। তত্ত্বসংখ্যান বিজ্ঞপ্ত্যৈ জাতং বিদ্বানজঃ স্বরাট্ ॥ ১০ ॥

সভাজয়ন্ বিশুদ্ধেন চেতসা তচ্চিকীর্ষিতং। প্রহৃষ্যমাণৈরসুভিঃ কর্দ্দমঞ্চেদমভ্যধাৎ ॥ ১১ ॥

শ্রীব্রহ্মোবাচ ॥

ত্বয়া মেঽপচিতিস্তাত কল্পিতা নির্ব্যলীকতঃ। যন্মে সংজগৃহে বাক্যং ভবান্ মানদ মানয়ন্ ॥ ১২ ॥

এতাবত্যেব শুশ্রূষা কার্য্যা পিতরি পুত্রকৈঃ। বাঢ়মিত্যনুমন্যেত গৌরবেণ গুরোর্ব্বচঃ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

অপবর্জ্জিতা মুক্তাঃ ॥ ৮ ॥

পরিশ্রিতং বেষ্টিতং ॥ ৯ ॥

আগত্য কিং কৃতবান্ তদাহ ভগবন্তমিতি দ্বাভ্যাং তত্ত্বানাং সংখ্যানং যস্মিন্ তস্য সাংখ্যস্য বিজ্ঞপ্ত্যৈ বিশেষেণ জ্ঞাপনায় ভগবন্তং জাতং বিদ্বান্ অজো ব্রহ্মা স্বরাট্ স্বতঃ সিদ্ধজ্ঞানঃ ॥ ১০ ॥

তস্য চিকীর্ষিতং সভাজয়ন্ পূজয়ন্। প্রহৃষ্যমাণৈ রসুভি রিন্দ্রিয়ৈরুপলক্ষিতঃ কর্দ্দমঞ্চেদমভ্যধাৎ ইতি দ্বয়োরন্বয়ঃ। চকারাৎ দেবহূতিঞ্চ ॥ ১১ ॥

তত্র ত্বয়েতি পঞ্চভিঃ কর্দ্দমং প্রাহ অপচিতিঃ পূজা কৃতা। যদ্যস্মাৎ নিষ্কপটং সম্যক্ গৃহীতবান্ ॥ ১২ ॥

অনুমন্যেতেতি যদেতাবত্যেব ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভগবন্তমিতি যুগ্মকং ॥১০।১১।১২।১৩।১৪।১৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অপবর্জ্জিতা বিসৃষ্টাঃ ॥ ৮ ॥ পরিশ্রিতং বেষ্টিতং ॥

সত্ত্বেন শুদ্ধসত্ত্বস্বরূপেণ অংশেন নতু পূর্ণস্বরূপেণেত্যর্থঃ। তত্ত্বস্য সংখ্যানং যস্মিন্ তস্য সাংখ্যস্য বিজ্ঞপ্ত্যৈ বিশেষেণ জ্ঞাপনায় জাতমাবির্ভূতং জানন্ সভাজয়ন্ পূজয়ন্ প্রহৃষ্যমাণৈরসুভিরিন্দ্রিয়ৈরুপলক্ষিতঃ কর্দ্দমঞ্চকারাদ্দেবহূতিঞ্চ ॥ ১০। ১১ ॥

অপচিতিঃ পরিচর্য্যা কৃতা ॥ ১২ ॥ পুত্রকৈঃ সৎপুত্রৈঃ। বাঢ়মিতি যথাজ্ঞাপয়সি তথা করবাণীতি ॥ ১৩ ॥

অপর আকাশ হইতে অমরবৃন্দ কর্ত্তৃক পরিমুক্ত দিব্য পুষ্প বৃষ্টি পাতিত হইতে লাগিল, আর দিক্, জল, তথা সর্ব্ব প্রাণির মনঃ প্রসন্ন হইয়া উঠিল ॥ ৮ ॥

হে শত্রুনাশন বিদুর! তদনন্তর মরীচি প্রভৃতি ঋষিগণ সমভিব্যাহারে ব্রহ্মা কর্দ্দমের আশ্রমে আগমন করিলেন ॥ ৯ ॥

স্বতঃসিদ্ধ জ্ঞান প্রভাবে ব্রহ্মার বিদিত হইল যে, বিশেষ রূপে সাংখ্য জ্ঞান উপদেশার্থ পরব্রহ্ম স্বয়ং ভগবান্ সত্ত্ব অংশে জন্ম গ্রহণ করিয়াছেন ॥ ১০ ॥

বিশুদ্ধ চিত্ত দ্বারা ভগবানের ঐ চিকীর্ষিত অবগত হওয়াতে তদীয় বাসনার প্রশংসা করিলেন পরে প্রহৃষ্টেন্দ্রিয় হইয়া আনন্দ প্রকাশ পূর্ব্বক কর্দ্দম এবং দেবহূতিকে বলিলেন ॥ ১১ ॥

ব্রহ্মা প্রথমতঃ কর্দ্দমকে সম্বোধন করিয়া কহিলেন, হে তাত। তুমি সম্যক্ প্রকারে আমার পূজা করিলে, যে হেতু অকপটে আমার প্রতি মান দান পূর্ব্বক আমার বাক্য গ্রহণ করিয়াছ ॥ ১২ ॥

বৎস। পিত্রাদি গুরুলোকে কোন আদেশ করিলে "যে আজ্ঞা" এই কথা বলিয়া গৌরব প্রদর্শন পূর্ব্বক যে মান্য করা তাহাইত গুরু শুশ্রূষা পুত্রদের পিতার প্রতি এই প্রকার সেবা করাই কর্ত্তব্য ॥ ১৩

ইমা দুহিতরঃ সত্যস্তব বৎস সুমধ্যমাঃ। সর্গমেতং প্রভাবৈঃ স্বৈর্বৃংহয়িষ্যন্ত্যনেকধা ॥ ১৪ ॥

অতস্ত্বমৃষিমুখ্যেভ্যো যথাশীলং যথারুচি। আত্মজাঃ পরিদেহ্যদ্য বিস্তৃণীহি যশোভুবি ॥ ১৫ ॥

বেদাহমাদ্যং পুরুষমবতীর্ণং স্বমায়য়া। ভূতানাং শেবধিং দেহং বিভ্রাণং কপিলং মুনে ॥ ১৬ ॥

জ্ঞানবিজ্ঞানযোগেন কর্ম্মণামুদ্ধরন্ জটাঃ। হিরণ্যকেশঃ পদ্মাক্ষঃ পদ্মমুদ্রাপদাম্বুজঃ ॥ ১৭ ॥

এষ মানবি তে গর্ভং প্রবিষ্টঃ কৈটভার্দ্দনঃ। অবিদ্যা সংশয়গ্রন্থিং ছিত্ত্বা গাং বিচরিষ্যতি ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

অনেকধা প্রভাবৈ র্বংশৈ র্বৃংহয়িষ্যন্তি বর্দ্ধয়িষ্যন্তি। ১৪ ॥

ঋষিমুখ্যেভ্যো মরীচ্যাদিভ্যঃ ॥ ১৫ ॥

পুত্রস্তু সাক্ষাদীশ্বর এব ইত্যাহ বেদাহমিতি। শেবধিং নিধিং সর্ব্বাভীষ্টদং ॥ ১৬ ॥

দেবহূতিং প্রত্যাহ ত্রিভিঃ। জ্ঞানং শাস্ত্রোত্থং বিজ্ঞানমপরোক্ষং তে এব যোগ উপায় স্তেন কর্ম্মণাং জটাঃ মূলানি বাসনা উদ্ধরন্ উৎপাটয়িষ্যন্ পদ্মমুদ্রাযুক্তং পদাম্বুজং যস্য। ১৭ ॥

হে মানবি অবিদ্যা স্বরূপাজ্ঞানং সংশয়া মিথ্যাজ্ঞানানি তন্ময়ং তব হৃদয়গ্রন্থিং ॥ ১৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বেষু মায়য়া কৃপয়া ॥ ১৬। ১৭ ॥

অবিদ্যাদিকমন্যেষাং ছিত্ত্বেতি জ্ঞেয়ং। ভগবৎ প্রাদুর্ভাব স্থানস্য শুদ্ধসত্ত্বাত্মকত্বাৎ। তত্র ন সম্ভবতি উপদেশাদিকন্তু

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তব পুত্রা যদ্যজনিষ্যন্ত তদাপ্যেবং সর্গো নাবর্দ্ধিষ্যত। যথা আভিৰ্দুহিতৃভিঃ সর্গো বিস্তারয়িষ্যতে ইত্যাহ ইমা ইতি প্রভাবৈঃ প্রভাববদ্ভিরংশৈঃ ॥ ১৪। ১৫ ॥

স্বমায়য়ৈব ভূতানাং শেবধিং নিধিং সর্ব্বাভীষ্টপ্রদং সাত্ত্বিক জ্ঞানাদি প্রদাতারং বিভ্রাণং বস্তু তস্য নিত্যদেহমেবমবতীর্ণমিত্যর্থঃ ॥ ১৬ ॥

দেবহূতিং প্রত্যাহ জ্ঞানং পরোক্ষং বিজ্ঞানমপরোক্ষং তে এব যোগ উপায়স্তেন কর্ম্মণাং জটা মূলানি বাসনা উদ্ধরন্ উৎপাটয়িতুমিত্যর্থঃ। অবিদ্যা স্বরূপাজ্ঞানং সংশয়া মিথ্যাজ্ঞানানি তন্ময়ং হৃদয়গ্রন্থিং ॥ ১৭ ॥

তথাপি প্রীত্যতিশয় লক্ষণায়াং প্রেমাখ্যায়াং ভক্তৌ তদতিস্ফুটং স্যাদিতি কৃত্বা ভক্তিপদেন তামুপাদায় লক্ষয়তি। অর্থশ্চায়ং। গুণলিঙ্গানাং গুণত্রয়োপাধীনাং আনুশ্রবিকং শ্রুতিপুরাণাদিগম্যং কর্ম্মাচরিতং যেষাং তে তথোক্তাঃ। তেষ ং দেবানাং শ্রীবিষ্ণু ব্রহ্ম শিবানাং মধ্যে সত্ত্বে সান্নিধ্য মাত্রেণ সত্ত্বগুণোপকারকে স্বরূপশক্তি বৃত্তিভূত শুদ্ধসত্ত্বাত্মকে বা বিষ্ণৌ। এতচ্চোপলক্ষণং শ্রীভগবদাদ্যনন্তাবির্ভাবেষ্বেকস্মিন্নপীত্যর্থঃ। এবকারেণ নেতরত্র নচ তত্রাপিচ। এক মনসঃ পুরুষস্য যা বৃত্তিঃ তদানুকূল্যাদ্যাত্মকো জ্ঞানবিশেষঃ। অনিমিত্তা ফলাভিসন্ধিশূন্যা স্বাভাবিকী স্বরসতএব বিষয়সৌন্দর্য্যাদযত্নেনৈব জায়মানা। ন বলাদাপদ্যমানা সা ভাগবতী ভক্তিঃ প্রীতিরিত্যর্থ প্রীতিসম্বন্ধাদেবাস্যা ভক্তেঃ স্বাভাবিকত্বং স্যাৎ। তস্মাদ্বৃত্তি শব্দেন প্রীতিরেবাত্র মুখ্যত্বেন গ্রাহ্যেতি। সাচ সিদ্ধের্মোক্ষাদ্গরীয়সী সালোক্যসার্ষ্ট্যাদি শ্রবণাৎ। অতএব জ্ঞানসাধ্যস্যাপি তিরস্কার সিদ্ধের্জ্জনাদিতি ব্যাখ্যানমসদৃশং অত্র মোক্ষাদ্গরীয়স্ত্বেন তস্যাবৃত্তেগুর্ণাতীতত্বং ততোপি ঘনপরমানন্দত্বং। শ্রীভগবৎ প্রসাদ বিশেষেণৈব মনস্যাদিতত্বং তত্তাদাত্ম্যেনৈব তদ্বৃত্তিব্যপদেশাত্বং চ দর্শিতং ॥ ২৯ ॥

তস্যানুসঙ্গিকং গুণমাহ। জরয়তীত্যর্দ্ধেন ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রত্যাং যস্মিন্নাস্থ মনো যস্য তস্য পুরুষস্য। তথা একস্মিন্ ভজন এব নতু জ্ঞানকর্ম্মাদিষু মনো যস্য তস্য পুংসঃ। গুণাঃ শব্দাদয়ো বিষয়াঃ লিঙ্গ্যন্তে জ্ঞাপ্যন্তে যৈ স্তেষাং দেবানামিন্দ্রিয়াধিষ্ঠাতৃণাং সবিষয়স্বাদ্যাভ্যাতাং ক্রীড়তামিন্দ্রিয়াণাং বা সত্ত্বে হরাবেব যা বৃত্তিস্তদীয় শব্দাদিগ্রহণরূপা ব্যাপৃতিরনিমিত্তা নিষ্কামা ভাগবতী ভক্তিরিত্যন্বয়ঃ। অত্র সত্ত্বএব এক মনস ইতি সত্ত্ব এব ইন্দ্রিয়াণাং বৃত্তিরিতি কাকাক্ষিগোলকন্যায়েনোভয়ত্রান্বিতং। অত্র সত্ত্ব ইত্যনেন সত্ত্বগুণবতি ব্রহ্মরুদ্রাদাবিতি নাশঙ্ক্যং ভাগবতীত্যনেন তদ্ব্যাবৃত্তেঃ। যদ্বা সতাং ভাবঃ সত্ত্বং বৈষ্ণবত্বং তত্র এক মনসঃ বৈষ্ণবো ভবেয়মিত্যেকান্তমনসো বৈষ্ণবত্বে এব যা ইন্দ্রিয়াণাং বৃত্তিঃ সা ভক্তিঃ। নচ স্বচ্ছন্দেনৈব প্রবর্ত্তমানানাং তেষাং বৃত্তি র্ভক্তিঃ কিন্তু শ্রীগুরূপদিষ্টমন্ত্রোচিতাচরণবতামিত্যাহ গুরোরুচ্চারণমনুশ্রূয়ত ইত্যনুশ্রবো মন্ত্র স্তদ্বিহিতমানুশ্রবিকং তদেব কর্ম্ম নিত্যকৃত্যং যেষাং তেষাং কিঞ্চ উৎসর্গান্মল মূত্রাদেশ্চিত্ত স্বাস্থ্যং যতো ভবেৎ। অতঃ পায়ুরুপস্থশ্চ তদারাধন সাধনমিতি বিষ্ণুরহস্যোক্তেঃ পায়ূপস্থয়োরপি বৃত্তি র্ভক্তিসম্বন্ধেন ভক্তিরিতি বৈধসাধন ভক্তির্লক্ষিতা। অথ তুকারেণ পৃথক্কৃত্য তৎসাধ্যাং ভাবভক্তিং রাগানুগাখ্যাঞ্চ ভক্তিং তদ্যৈনৈব লক্ষয়তি। যাতু তেষামিন্দ্রিয়াণাং তথা ভূতানামেব স্বাভাবিকী বৃত্তিঃ সা সিদ্ধের্মুক্তেরপি গরীয়সী শ্রেষ্ঠতরেত্যস্বাভাবিক্যাপি বৃত্তির্মুক্তেগুর্রুঃ শ্রেষ্ঠেত্যর্থো লভ্যতে। স্বাভাবিকী বৃত্তিশ্চ দ্বিবিধা কস্যচিৎ শাস্ত্রশাসনেনৈব শ্রীগুরূপদিষ্ট শুদ্ধভক্তৌ প্রবৃত্তিমতো ভজনাভ্যাস পৌনঃ পুন্যেন নিষ্ঠা রুচ্যাসক্তি ভূমিকা অধিরূঢ়স্যেন্দ্রিয়াণাং বৃত্তির্হরৌ স্বাভাবিকী ভবতি যথা প্রাকৃতলোকানাং পতিপুত্রাদিষু কস্যচিত্তু প্রাচীনার্ব্বাচীন তাদৃশ মহৎসঙ্গকৃপাজনিত বিলক্ষণ সংস্কার বশেন গুরূপদেশাৎ পূর্ব্বমেবানন্তরমেব বা শাস্ত্রশাসন বিনৈব স্বভাবত এবেন্দ্রিয়াণাং ভক্তিশাস্ত্রোক্তাচরণবতীএব যা হরৌ বৃত্তিঃ সাপি স্বাভাবিকী জ্ঞেয়া। পূর্ব্বস্যা বৈধভক্তেঃ প্রমাণেনৈ বোৎকর্ষ উদাহরণঞ্চ নৈকাত্মতামিত্যাদি পদ্যচতুষ্টয়ং জ্ঞেয়ং ॥ ২৯ ॥

পরস্যা রাগানুগায়াস্তু জাত্যৈবোৎকর্ষঃ উদাহরণঞ্চ ন কর্হিচিদিতি পদ্যং। অস্বাভাবিক্যাস্তু স্বাভাবিকীত্যাং সকাশাৎ প্রমাণেন

পুরুষের পক্ষে তাহা মুক্তি অপেক্ষাও গরীয়সী, কিন্তু ইন্দ্রিয় সকলের ঐ বৃত্তি বেদ বিহিত কর্ম্ম ব্যতিরেকে হইতে পারে না, উক্ত কর্ম্মে প্রবৃত্তি জন্মিলে পর হয় ॥ ২৯ ॥

ঐ প্রকার ভক্তি হইলে প্রসঙ্গতঃ মুক্তিও সুলভা হয়, কেন না সেই ভক্তি, যেমন জঠরস্থ অনল

নৈকাত্মতাং মে স্পৃহয়ন্তি কেচিন্মৎপাদসেবাভিরতা মদীহাঃ।

শ্রীধরস্বামী।

নিগীর্ণং ভুক্তমন্নং অনলো জাঠরো যথা জরয়তীতি ॥ ৩০ ॥

ভক্তের্গরিষ্ঠত্বমেবোপপাদয়তি নৈকাত্মতামিতি পঞ্চভিঃ। একাত্মতাং সায়ুজ্যমোক্ষং মদর্থমীহা ক্রিয়া যেষাং। প্রসজ্য

ক্রমসন্দর্ভঃ।

নম্ন পূর্ব্বং মুক্তিফলত্বেনোক্তং। কথং তস্যা গরীয়সীত্বং তত্রাহ। নৈকাত্মতামিত্যাদি। কেচিদসাধারণ্যা ভক্তিরসিকা ঈহা-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জাত্যাচ নিকর্ষঃ। উদাহরণঞ্চেমং লোকং তথৈবামুমিত্যাদি পদ্যদ্বয়ং। অস্যা দ্বিবিধায়া অপি ভক্তের্নিষ্কামত্বাদমুসংহিতং ফলং সৈব ভক্তিরনমুসংহিতং ফলন্ত মোক্ষন্তমাহ। জরয়তীতি যা ভক্তিঃ কোশং লিঙ্গশরীরং জরয়তি ক্ষপয়তি। কিঞ্চ জ্ঞান হেতুকাম্মোক্ষাদস্য মোক্ষস্য দৃষ্টান্তেন বৈলক্ষণ্যমাহ। নিগীর্ণং ভুক্তমন্নাদিকং অনলো জাঠরো যথা জরয়তীতি সহি জাঠরানলো দেহপুষ্ট্যন্যথানুপপত্তে ভুক্তস্যান্নাদেরসারাংশমেব জরয়তি সারাংশেনতু প্রাণেন্দ্রিয়াদীনি সপ্তধাতূংশ্চ পুষ্যতি। যেনৈবোজঃ সহো বলবান্ দেহো ভবতি তথৈব ভক্তির্মায়িকানেব শব্দাদীংস্তৎ করণকর্ত্ত্রাদীংশ্চাসারাংশানেব জরয়তি নতু সারাংশান্ ভগবৎ সম্বন্ধিনঃ শব্দাদীন্ প্রাকৃতাংস্তদিন্দ্রিয়াদীংশ্চ জরয়তি চক্ষুষশ্চক্ষুরুত শ্রোত্রস্য শ্রোত্রমিত্যাদি শ্রুতেঃ। যৈরেব ভক্তানাং দেহঃ সিদ্ধো ভবতি অতএব মায়িকোঽসারাংশএব লিঙ্গকোশো দেহেন্দ্রিয়াদি শব্দৈঃ শাস্ত্রেষূচ্যতে। যথা দেহেন্দ্রিয়াসুহীনানাং বৈকুণ্ঠপুরবাসিনামিত্যাদি যথা চ পুরুষপ্রযত্নং বিনৈব জাঠরোগ্নির্ভুক্তান্নাদিকং জরয়তি যেন প্রকারেণ জরয়তি তং প্রকারঞ্চ পুরুষো নজানাত্যেবং মোক্ষার্থং কিমপ্যযতমানং শ্রবণকীর্ত্তনাদিকমেব নিত্যং কুর্ব্বাণং তন্মাধুর্য্যাস্বাদবন্তং ভক্তজনং ভক্তিঃ সংসারাম্মোচ-য়তি ভক্তস্তু কেন প্রকারেণ কদা মে মুক্তিরভূদিতি নামুসন্ধত্তে। যদ্বক্ষ্যতে ত্বৎপাদপোতেন মহৎকৃতেন কুর্ব্বন্তি গোবৎসপদং ভবাব্ধিমিতি পথি গচ্ছতঃ পুংসো গোষ্পদ লঙ্ঘনানুসন্ধানং যথা ন ভবতি। তথেতি ভক্তানাং ত্রিভূমিক ব্রহ্মজ্ঞানাভাবেপি নায়-মাত্মা প্রবচনেন লভ্যো ন মেধয়া ন বহুধা শ্রুতেন যমেবৈষ বৃণুতে তেন লভ্য স্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনুং স্বামিতি শ্রুতের্ভগবৎ কারুণ্যাত্তস্ত্যা তদ্রূপগুণলীলৈশ্বর্য্যমাধুর্য্যানুভবরূপাজ্জ্ঞানাদেব মোক্ষঃ। তমেব বিদিত্বা অতিমৃত্যুমেতীতি শ্রুতাবপ্যেবকারেণ মুক্তৌ তস্যৈব জ্ঞানস্য কারণত্বেনোক্তে স্তজ্জ্ঞানং চোক্তপ্রকারকমেব সর্ব্বথা তৎস্বরূপজ্ঞানন্তু যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহেতি যস্যামতং তস্য মতং মতং যস্য ন বেদ সঃ ইতি। হ্যপতয় এব তে ন যযুরন্তমনন্ততয়েত্যাদি শ্রুতি স্মৃতিভ্যো ন কস্যাপি সংভবত্যেব জীবব্রহ্মৈক্যরূপা মুক্তিস্তু ভক্তেস্ত্যাজ্যৈবেত্যগ্রে বক্ষ্যতে। কিঞ্চ ভুক্তমন্নাদিকং জাঠারানলো ভোজনক্ষণতএব জরয়িতুং প্রবৃত্তোপি ত্রিচতুর্যামানন্তরমেব সম্যক্তয়া জরয়তি যথা তথা ভজনক্ষণতএব শোকমোহাদ্যাত্মকং সংসারং নাশয়িতুং প্রবৃত্তাপি ভক্তিঃ কিঞ্চিৎকালবিলম্বেনৈব সম্যক্তয়া নাশয়তীত্যতো ভজনদশায়াং শোকমোহাদ্যনপগমেপি ভক্তেষু সংসারোয়-মিতি ন প্রত্যেতব্যমিতি জ্ঞেয়ং। তদেবং গুরূপদিষ্টমন্ত্রবতী ভক্তিশাস্ত্রোক্তবিধ্যনুসারিণী অন্যাভিলাষিতাশূন্যা জ্ঞানকর্ম্মাদিরহিতা ভগবতি শ্রোত্রাদীন্দ্রিয়াণাং বৃত্তির্ভক্তিঃ। সাচাল্পপ্রমাণা সাধনভক্তিরস্বাভাবিকী ভবতি। সৈব পূর্ণপ্রমাণা সাধ্যভক্তিঃ স্বাভা-বিকী ভাবভক্তির্ভবতি। সৈব কাচিদল্পপ্রমাণাপি জাত্যোবাধিক্যাৎ স্বাভাবিকীচেদ্রাগানুগা নাম্নী সাধনভক্তিঃ। সাচ জাতি প্রমাণাভ্যাং পূর্ণা রাগানুগীয় ভাবভক্তির্ভবতীতি বিবেকো ভক্তিরসামৃতসিন্ধৌ জ্ঞেয়ঃ ॥ ৩০ ॥

লক্ষণমুক্ত্বা উদাহরণমাহ সপ্তভিস্তত্র প্রথমং স্বাভাবিক্যা ভাবভক্তেরুদাহরণঞ্চতুর্ভির্বদন্নেবানিমিত্তেত্যেতৎ সহেতুকং স্পষ্টয়তি নেতি। একাত্মতাং ব্রহ্মৈক্যরূপা যে মুক্ত্যে ন স্পৃহয়ন্তি ইতি সিদ্ধেঃ সকাশাদ্গরীয়স্ত্বং নম্ন কেন সুখেন পূর্ণাস্তে ব্রহ্ম সুখং ন রোচয়ন্তি তত্রাহ মম পাদয়োঃ সর্ব্বেন্দ্রিয়ৈর্যা সেবা তস্যামেব নতু কর্ম্মজ্ঞানাদিষু অভি শাস্ত্রাভিমুখ্যেন রতা অত্যাসক্তিমন্তঃ। অনেন ভক্তে র্ভগবদ্বিষয়ত্বং সর্ব্বেন্দ্রিয় বৃত্তিরূপত্বং কর্ম্মজ্ঞানাদিরাহিত্যং শাস্ত্রানুসারিত্বং স্বাভাবিকত্বঞ্চোক্তং। ময্যেব মৎসৌন্দর্য্য

ভুক্ত অন্ন জীর্ণ করে তাহার ন্যায় আশু লিঙ্গ শরীরকে দগ্ধ করিয়া দেয় ॥ ৩০ ॥

কিন্তু মা! যাহারা আমার পাদ সেবায় অনুরক্ত, যাহাদের আমার নিমিত্তই সমস্ত চেষ্টা, বিশে-ষতঃ যাহারা পরস্পর মিলিত হইয়া আসক্তি যুক্ত চিত্তে আমার বীর্য্য বর্ণন করিতে আদর প্রকাশ

যেঽন্যোন্যতোভাগবতাঃ প্রসজ্য সভাজয়ন্তে মম পৌরুষাণি ॥ ৩১ ॥
পশ্যন্তি তে মে রুচিরাণ্যম্ব সন্তঃ প্রসন্ন বক্ত্রারুণলোচনানি।
রূপাণি দিব্যানি বরপ্রদানি সাকং বাচং স্পৃহণীয়াং বদন্তি ॥ ৩২ ॥
তৈর্দর্শনীয়াবয়বৈরুদার বিলাস হাসেক্ষিত বামসূক্তৈঃ।

শ্রীধরস্বামী।

আসক্তিং কৃত্বা পৌরুষাণি বীর্য্যাণি ॥ ৩১ ॥

প্রসন্নানি বক্ত্রাণি অরুণানি লোচনানি যেষু। তৈর্মূর্ত্তৈঃ সাকং সহ নিত্যং পরমেশ্বরানুভব সুখং ভক্তাবধিকমিতি ভাবঃ ॥৩২

আত্মানন্দস্তবশ্যং ভাবীত্যাহ তৈরিতি। দর্শনীয়া মনোহরা অবয়বা মুখনেত্রাদয়ো যেষু তৈঃ হৃত আত্মা চিত্তং যেষাং। হৃতা

ক্রমসন্দর্ভঃ।

ভিলাষঃ। তস্মাত্তত্ত্যাভাসএব পূর্ব্বেষাং জায়তে ইতি ভাবঃ ॥ ৩১ ॥

রূপাণীতি। বাসনা প্রসঙ্গয়োর্নাভেদেন। সাকমিতি। মিথো মিলিত্বেত্যর্থঃ ॥ ৩২ ॥

স্বকর্ম্মফলনির্দ্দিষ্টামিত্যাদি রীত্যা দৈন্যেন শুদ্ধভক্তিমাত্রেচ্ছুত্বাদনিচ্ছতোপি অণ্বীং সূক্ষ্মাং প্রকৃত্যতীতত্বেন দুর্জ্ঞেয়াং পার্ষদত্ব লক্ষণাং ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মাধুর্য্যাদ্যাস্বাদনএব ঈহা বাঞ্ছা যেষাং তে ইত্যন্যাভিলাষশূন্যত্বং। প্রসজ্যাসজ্য পৌরুষাণি শ্রীগোবর্দ্ধনোদ্ধরণাদিলীলামৃতানি সভাজয়ন্তে সস্তুতিকমাস্বাদয়ন্তি। তেন চরণসেবানন্দাভাবাৎ সৌন্দর্য্য সৌরভ্যাদনুভবাভাবাৎ লীলামৃতাস্বাদনাভাবাচ্চ ব্রহ্ম সুখং ন রোচয়ন্তীতি মুক্তাবস্পৃহায়াং হেতুত্রয়মুক্তং ॥ ৩১ ॥

যতঃ সাযুজ্য পর্য্যন্তেষু ফলেষু স্পৃহা রহিতা অতস্তে মত্ত এতৎ প্রাপ্নুবন্তীত্যাহ দ্বাভ্যাং। পশ্যন্তীত্যুপলক্ষণং শৃণ্বন্তি জিঘ্রন্তি স্বাদয়ন্তীত্যাদ্যপি। রূপাণীত্যুপলক্ষণং শব্দ গন্ধ রস স্পর্শাদীনাং চ। দিব্যান্যপ্রাকৃতানিবরপ্রদানি অভীষ্টসেবাপ্রদানি। যদ্বা হে ভক্তা বরং বৃণুতেত্যাহ্যক্তিমন্তি সাকং ময়া সার্দ্ধং বদন্তি। ন কাময়েঽন্যং তব পাদসেবনাদকিঞ্চনপ্রার্থ্যতমাদ্বরং বিভো ইতি ন পারমেষ্ঠ্যং ন মহেন্দ্রধিষ্ণ্যমিত্যাদ্যুচ্চারয়ন্তি স্পৃহণীয়ামিতি তদ্বচঃ শুশ্রূষয়ৈব ময়া বরং বৃণুতেত্যাহ্যচ্যতে নত্বন্য বর দিৎসা মমাপি তেভ্য ইতি ভাবঃ নিত্যং পরমেশ্বরানুভব সুখং ভক্তাবধিকমিতি শ্রীস্বামিচরণাঃ ॥ ৩২ ॥

মদ্দর্শনাদি মাধুর্য্যৈনৈব সচমৎকারমনুভূয়মানেন ব্রহ্মসাযুজ্যস্যারোচকত্বমুৎপাদ্যত ইত্যাহ তৈরিতি দর্শনীয়া। অতি মনোহরা যে অবয়বাঃ শ্রীকৃষ্ণ রামাদ্যঙ্গানি তৈঃ। উদারা ভক্তাভীষ্টপ্রদাতারো বিলাসাদয়ো যেষু তৈর্হৃত মনঃ প্রাণত্বাদনিচ্ছ-তোপি ভক্তান্ ভক্তিঃ অণ্বীং গতিং প্রযুঙ্ক্তে ভো ভক্তাঃ ব্রহ্মৈক রূপাং মুক্তিং গৃহ্ণীতেতি প্রয়োগমাত্রং করোতি নতু দাতুমবকাশং লভতে। ভগবতো লীলাবিলাসহাসাবলোক মধুর ভাষণৈস্তেষামাত্মনাং চোরিতত্বেন সংপ্রদানাভাবাদিতি ভাবঃ। নন্বেবঞ্চেত্তর্হি পরম বিজ্ঞা ভক্তিমনিচ্ছতঃ তান্ কথমেবং প্রযুঙ্ক্তে। উচ্যতে কশ্চিচ্চিন্তামণি স্পর্শহীরক পদ্মরাগাদি মহারত্নানাং দাতা স্ব

করেন, এবম্বিধ কোন কোন ভাগবত পুরুষ ঐ প্রকার মুক্তি অর্থাৎ আমার সহিত একাত্মতা স্পৃহা করেন না ॥ ৩১ ॥

বরঞ্চ হে মা! তাহারা আমার যে যে মূর্ত্তির প্রসন্ন বদন এবং অরুণবর্ণ লোচন, সেই সেই দিব্য ও বরপ্রদ মূর্ত্তি সকল দর্শন করিতে অভিলাষ করেন, আর ঐ সকল মূর্ত্তির সহিত স্পৃহণীয় বাক্যও বলিয়া থাকেন। ফলতঃ মুক্তি অপেক্ষা ভক্তিযোগে পরমেশ্বরানুভব সুখ অধিক আছে, একারণ ঐ সকল ব্যক্তির মুক্তিতে সে রূপ আদর হয় না ॥ ৩২ ॥

পরন্তু আমার মনোহর মুখ নেত্রাদি অবয়ব যুক্ত ঐ সমস্ত মূর্ত্তির লীলা হাস্য সম্বলিত অবলোকন এবং মনোভাবন সুমধুর ভাষণাদি দ্বারা ঐ সকল পুরুষের মনঃ ও ইন্দ্রিয় সকল আকৃষ্ট হইলেও এবং

হৃতাত্মনো হৃতপ্রাণাংশ্চ ভক্তিরনিচ্ছতো গতিমণ্বীং প্রযুঙ্‌ক্তে ॥ ৩৩ ॥
অথো বিভূতিং মম মায়য়াচিতামৈশ্বর্য্যমষ্টাঙ্গমনুপ্রবৃত্তং।

শ্রীধরস্বামী।

আকৃষ্টাঃ প্রাণাশ্চ ইন্দ্রিয়াণি যেষাং তান্। ভক্তঃ অনিচ্ছতঃ ইচ্ছাহীনানপি অণ্বীং গতিং মুক্তিং প্রযুঙ্‌ক্তে প্রাপয়তি। কৈঃ সাধনৈঃ হৃতাত্মনঃ উদারৈর্বিলাসাদিভিঃ। তত্র বিলাসো লীলা। বামং মনোহরং সূক্তং মধুরভাষণং ॥ ৩৩ ॥

বিভূত্যাদিকন্তু তত্রাধিকমিত্যাহ। অথো অবিদ্যা নিবৃত্ত্যনন্তরং বিভূতিং সত্যলোকাদি গতাং ভোগসম্পত্তিং। অণিমাদ্য-

ক্রমসন্দর্ভঃ।

তামেবদর্শয়তি অথো ইতি দ্বাভ্যাং। অথো পার্ষদত্বানন্তরং। মম মায়য়া ভক্তবিষয়ক কৃপয়াচিতাং তদর্থং প্রকটিতাং বিভূতিং ভোগসম্পত্তিং তথাণিমাদ্যষ্টৈশ্বর্য্যং অনুপ্রবৃত্তং স্বভাবসিদ্ধং। তথা ভাগবতীং শ্রিয়ং সাক্ষাদ্ভগবৎ সম্বন্ধিনীং সার্ষ্টিসংজ্ঞাং সংপত্তিমপি। অস্পৃহয়ন্তি ভক্তি সুখমাত্রাভিলাষেণ। যদ্যপি তেভ্যো নস্পৃহয়ন্তীত্যর্থঃ। তথাপিতু তে মম লোকে বৈকুণ্ঠাখ্যে অশ্নুবন্তি এবেতি স্ববাৎসল্যবিশেষোদর্শিতঃ। যথা সুদামমালাকারবরে। সোপি বব্রেঽচলাং ভক্তিং তস্মিন্নেবাখিলাত্মনি। তদ্ভক্তেষু চ সৌহার্দং ভূতেষুচ দয়াং পরাং। ইতি তস্মৈ বরান্ দত্বা শ্রিয়ং চান্বয়বর্দ্ধনীমিত্যাদি। অতস্তেষাং তত্রানাশক্তিশ্চ দ্যোতিতা। অবিদ্যানন্তরমিতি। মম কৃপয়াচিতামিতিচ। তেষামনর্থরূপত্বং খণ্ডিতং। কিংবা মায়য়াচিতাং ব্রহ্মলোকাদিগতাং সম্পত্তিমপীতি তেষাং সর্ব্ববশীকারিত্বমেব দর্শিতং। নতু তদ্ভোগঃ। তস্যাতিতুচ্ছত্বেন তেষনর্হত্বাৎ। শ্রুতিশ্চাত্র। তদ্যথেহ কর্ম্মজিতোলোকঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

র্থিভ্যঃ কনকমপি দাতুং দর্শয়ত্যন্যথা কনকমস্যদাতুর্নাস্তীতি কনক মাত্রার্থিভি র্মন্দধীভিরপ্রতিষ্ঠাক্রিয়েতেতি বদ্ভক্তিরপি মুক্তি মাত্রার্থি জ্ঞানিমানিলোক বচননিরাসার্থং স্বীয়াং স্তানপি তথা প্রযুঙ্‌ক্তে ন পুনর্মুক্তিমেব তেভ্যোদিৎসতীত্যবধেয়ং। যদ্বা ভক্তিরেব তান্ হৃতাত্মনোজনান্ অণ্বীং গতিং অনিচ্ছতঃ প্রযুঙ্‌ক্তে অণ্বীং গতিং ন এষয়তি নাভিলাষয়তি অনিচ্ছায়াঃ প্রযোজিকা ভবতীত্যর্থঃ। যথা কুর্ব্বন্তং প্রযুঙ্‌ক্ত ইতি কারয়তীত্যনয়োর্ণিচ্‌প্রত্যয়বাক্যণিজন্তয়োস্তুল্য এবার্থঃ। তথাহি ন পাচয়ত্যয়মিতি বক্তব্যে ন পচন্তং প্রযুঙ্‌ক্তে ইতি ন পচন প্রযোজকোঽয়মিতি চ যথোচ্যতে তথৈব ভক্তির্ভক্তজনান্ অণ্বীং গতিং নৈষয়তি নাভিলাষয়তীতি বক্তব্যে অণ্বী গতিং অনিচ্ছতঃ প্রযুঙ্‌ক্ত ইত্যুক্তং। যদ্বা স্বকর্ম্মফল নির্দ্দিষ্টাং যাং যাং যোনিং ব্রজামাহমিত্যাদি রীত্যাদনেন শুদ্ধ ভক্তি মাত্রেচ্ছুত্বাদনিচ্ছতোপি অণ্বীং প্রকৃত্যতীতত্বেন দুর্জ্ঞেয়াং পার্ষদত্বাখ্যাং গতিং প্রযুঙ্‌ক্তে প্রাপয়তীতি সন্দর্ভঃ। অণ্বীং গতিং অনিচ্ছতো জনান্ বিলাসাদিভি হৃর্তমনঃ প্রাণান্ কুরুত ইতি শ্রীরূপগোস্বামিচরণাঃ। অনিচ্ছতঃ ইচ্ছাহীনানপি অণ্বীং গতিং প্রযুঙ্‌ক্তে প্রাপয়তীতি শ্রীস্বামিচরণাঃ। এতদ্ব্যাখ্যানমপি নাত্যসঙ্গতং। যথেন্দ্রিয়ৈঃ পৃথগ্ দ্বারৈরিত্যত্র ভক্তানাং সর্ব্ব সুখানুভবস্যাগ্রে ব্যাখ্যাস্যমানত্বাৎ। ততশ্চ ভক্তিরিচ্ছা হীনাপি তান্ বলাদ্ব্রহ্মসুখমপ্যনুভাবয়িত্বং ভক্তিং প্রাপয্য তে তু ব্রহ্মহ্রদং নীতা মগ্নাঃ কৃষ্ণেন চোদ্ধৃতা ইতি রীত্যা ততো নিষ্ক্রময্য ভগবদ্ধাম্নি তাং স্তৎ পার্ষদান্ বিধায় ভজনানন্দৈঃ সদা নিমজ্জয়তীতি তাৎপর্য্যমুত্তর শ্লোকার্থাবগাহনা জ্ঞেয়মিতি চ কেচ্ছিদাহুঃ ॥ ৩৩ ॥

কিঞ্চ কর্ম্মজ্ঞান যোগাদীনাং ভক্ত্যাবিনাভাব সিদ্ধত্বাত্তত্ত্বিনাভূতায়া অপি ভক্তে স্তত্তৎ ফলাদায়িত্বেন যৎ কর্ম্মভির্যত্তপসেত্যাদৌ শ্রুতত্বাৎ সর্গাদীন্যপি বস্তুতো ভক্তেরেব ফলানীতি শুদ্ধভক্তিমন্তো মল্লোকবাসিনএব মদ্ভজনানন্তর্ভূতান্যেব সর্ব্বসুখান্যনুভবন্তীত্যাহ। অথো অবিদ্যা নিবৃত্ত্যনন্তরমেব মায়য়াচিতাং বিভূতিং সর্ব্ব ব্রহ্মাণ্ড গত সুখানি। মায়িনস্তানিতি চ পাঠঃ। অণিমাদ্যষ্ট যোগৈশ্বর্য্য সুখঞ্চানুপ্রবৃত্তং ভক্তিমনু স্বতএব প্রাপ্তং তথা ভাগবতীং শ্রিয়ং বৈকুণ্ঠস্থাং সার্ষ্টি সংজ্ঞাং সম্পত্তিং সু নিশ্চিতং

তাহাতে তাহাদের মুক্ত্যর্থ ইচ্ছা না থাকিলেও আমার ভক্তি স্বয়ং তাহাদিগকে মুক্তি প্রদান করিয়া থাকেন ॥ ৩৩ ॥

জননি। এরূপ মুক্তিতে বিভূতি আদি অধিক আছে, এই প্রকারে মুক্ত পুরুষ অবিদ্যা নিবৃত্তির পর আমার মায়া দ্বারা বিরচিত সত্যলোকাদি গত ভোগ সম্পত্তি এবং ভক্তির পশ্চাৎ স্বয়ং উপস্থিত

শ্রিয়ং ভাগবতীম্বা স্পৃহয়ন্তি ভদ্রাং পরস্য মে তেঽশ্নুবতে তু লোকে ॥ ৩৪ ॥
ন কর্হিচিন্মৎপরাঃ শান্তরূপে নঙ্ক্ষ্যন্তি নোমেঽনিমিষো লেঢ়ি হেতিঃ।

শ্রীধরস্বামী।

ষ্টাঙ্গমৈশ্বর্য্যমনুপ্রবৃত্তং ভক্তিমনু স্বতএব প্রাপ্তমপি ভাগবতীঞ্চ শ্রিয়ং বৈকুণ্ঠস্থাং সম্পত্তিং অস্পৃহয়ন্তি তে যদ্যপি ন স্পৃহয়ন্তীত্যর্থঃ। তথাপিতু লোকে বৈকুণ্ঠে অশ্নুবতে প্রাপ্নুবন্ত্যেব ॥ ৩৪ ॥

নন্বেবং তর্হি লোকত্বাবিশেষাৎ স্বর্গাদিবৎ ভোক্তৃ ভোগ্যানাং কদাচিৎ বিনাশঃ স্যাৎ তত্রাহ। হে শান্তরূপে। যদ্বা শান্তং শুদ্ধং সত্ত্বং তদ্রূপে বৈকুণ্ঠে। মৎপরা কদাচিদপি ন নঙ্ক্ষ্যন্তি ভোগ্যহীনা ন ভবন্তি। অনিমিষো মে হেতির্মদীয়ং কালচক্রং

ক্রমসন্দর্ভঃ।

ক্ষীয়তে এবমেবামুত্র পুণ্যজিতোলোকঃ ক্ষীয়তে। ইত্যনন্তরং। অথ য ইহাত্মানমনুবিদ্য ব্রজন্ত্যেতাংশ্চ সত্যকামাং স্তেষাং সর্ব্বেষু লোকেষু কামচারো ভবতীতি ॥ ৩৪ ॥

নন্বেবং তর্হি লোকত্বাবিশেষাৎ স্বর্গাদিবৎ ভোক্তৃভোগ্যানাং কদাচিদ্বিনাশঃ স্যাৎ তত্রাহ। শান্তরূপে শান্তমবিকৃতং রূপং যস্য তস্মিন্ বৈকুণ্ঠে মৎপরাস্তদ্বাসিনো লোকাঃ কদাচিদপি ন নঙ্ক্ষ্যন্তি ভোগহীনা ন ভবন্তি। অনিমিষো মে হেতির্মদীয়ং কালচক্রং নোলেঢ়ি তান্ গ্রসতে। ন স পুনরাবর্ত্তত ইতি শ্রুতেঃ। আব্রহ্মভুবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনোঽর্জ্জুন। মাং প্রাপ্যৈবতু কৌন্তেয় পুনর্জ্জন্ম ন বিদ্যতে ইতি গীতোপনিষদ্ভ্যঃ। সহস্রনামভাষ্যেপ্যুক্তং পরমুৎকৃষ্টময়নং স্থানং পুনরাবৃত্তিশঙ্কারহিতমিতি পরায়ণং পরায়ণ ইতি পুংলিঙ্গ পক্ষে বহুব্রীহিরিতি। ন কেবলমেতাবত্তেষাং মাহাত্ম্যমিত্যাহ। যেষামিতি। প্রিয়ো লক্ষ্ম্যাদীনামিব। তত্তয়া ভাবনীয়ঃ। এবমাত্মা পরমাত্মা সনকাদীনামিব। সুতোভবদাদীনামিব সখা শ্রীদামাদীনামিব। গুরুঃ প্রদ্যুম্নাদীনামিব। সুহৃদঃ এক এব নানা প্রকারঃ পাণ্ডবানামিব। দৈবমিষ্টমুদ্ধবাদীনামিব অতস্তত্ত্বাভিজাতে ময়ি সুতস্নেহ রূপেব ভক্তিস্তবোচিতেতিচ দর্শিতং। অস্তিমনিষ্ঠাচ তস্যাস্তথা জ্ঞাততত্ত্বাপ্যভূন্নষ্টে বৎসে গৌরিব বৎসলেতি। যেষাং মাং বিনা ন কশ্চিদপর প্রেমভাজনমস্তীত্যর্থঃ। যদ্বা। গোলোকাদিকমপেক্ষ্যৈবমুক্তং। তত্রহি তথাভাবা এব শ্রীগোপা নিত্যা বিদ্যন্তে। অথবা তং লোকং কীদৃগ্ভাবা অবিদ্যানন্তরং প্রাপ্নুবন্তি তত্রাহ। যেষামিতি। যে কেচিৎ পাদ্মোত্তরখণ্ড দর্শিত মুনিগণ সবাসনাঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চকারাদ্ব্রহ্মানন্দঞ্চ অস্পৃহয়ন্তি মদীয় হাসাবলোকাদি হৃতাত্ম মনঃ প্রাণত্বাদ্যদ্যপি তেভ্যো ন স্পৃহয়ন্তীত্যর্থঃ। তথাপি পরমেশ্বরস্য মে মম লোকে বৈকুণ্ঠে অশ্নুবতে প্রাপ্নুবন্ত্যেবেতি স্ববাৎসল্য বিশেষো দর্শিতঃ ॥ ৩৪ ॥

নন্বেবং তর্হি লোকত্বাবিশেষাৎ স্বর্গাদিবদ্ভোক্তৃভোগ্যানাং কদাচিদ্বিনাশঃ স্যাত্তত্রাহ শান্তমবিকৃত রূপং যস্য তস্মিন্ মল্লোকে মৎপরা তদ্বাসিনোলোকাঃ কদাচিদপি ন নঙ্ক্ষ্যন্তি। ভোগ্যহীনা ন ভবন্তি অনিমিষো মে হেতির্মদীয়ং কালচক্রং নোলেঢ়ি তান্ গ্রসতে ন স পুনরাবর্ত্তত ইতি শ্রুতেঃ। আব্রহ্ম ভুবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনোঽর্জ্জুনঃ। মামুপেত্যতু কৌন্তেয় পুনর্জন্ম ন বিদ্যত ইতি গীতোপনিষদ্ভ্যঃ। সহস্রনামভাষ্যেপি পরমুৎকৃষ্টময়নং স্থানং পুনরাবৃত্তিশঙ্কারহিতমিতি পরায়ণ পদং ব্যাখ্যাতং। যেষামহং প্রিয় ইতি প্রেয়সীভাববতাং। আত্মেতি শান্তভক্তানাং। সুত ইতি বাৎসল্য ভাববতাং। সখেতি সখ্যবতাং গুরুরিতি দাস্যবিশেষবতাং। সুহৃদ ইতি বহুষমার্থং সখ্যভেদবতাং। ইষ্টং দৈবমিতি দাস্যভাববতাং। তথাচোক্তং নারায়ণব্যূহস্তবে। পতিপুত্র সুহৃদ্ভ্রাতৃপিতৃ-

অণিমাদি অষ্ট ঐশ্বর্য্য, তথা ভাগবতী শ্রী অর্থাৎ বৈকুণ্ঠস্থ সার্ষ্টি নাম্নী সম্পত্তি ও ব্রহ্মানন্দ সুখ, এই সকল ভোগ যদিও স্পৃহা না করে তথাচ বৈকুণ্ঠলোকে উপস্থিত হইয়া অনায়াসে তাহা প্রাপ্ত হয় ॥ ৩৪ ॥

হে শান্তরূপে! আমার ভক্তিযোগে মুক্ত পুরুষ বৈকুণ্ঠবাসী হইয়া বিবিধ ভোগ্য বস্তু প্রাপ্ত হয়, ইহাতে এমত আশঙ্কা করিবেন না যে স্বর্গাদির ন্যায় বৈকুণ্ঠলোকস্থিত ভোক্তা ও ভোগ্য সকলের কাল বশতঃ ক্ষয় হইয়া থাকে, যে সকল ব্যক্তি আমাকে একান্ত ভাবে আশ্রয় করে কোন কালে তাহারা ভোগ্য বস্তু বিহীন হয় না এবং আমার অনিমিষ কালচক্রও তাহাদিগকে গ্রাস করিতে পারে না। ফলতঃ আমি যাহাদের আত্মবৎ প্রিয়, পুত্রের স্থায় স্নেহভাজন, সখা তুল্য বিশ্বাসের আস্পদ, গুরু সদৃশ

যেষামহং প্রিয় আত্মা সুতশ্চ সখা গুরুঃ সুহৃদো দৈবমিষ্টং ॥ ৩৫ ॥
ইমং লোকং তথৈবামুমাত্মানমুভয়ায়িনং। আত্মানমনু যে চেহ যে রায়ঃ পশবো গৃহাঃ ॥ ৩৬ ॥
বিসৃজ্য সর্ব্বানন্যাংশ্চ মামেবং বিশ্বতো মুখং। ভজন্ত্যনন্যয়া ভক্ত্যা তান্ মৃত্যোরতিপারয়ে ॥৩৭
নান্যত্র মদ্ভগবতঃ প্রধান পুরুষেশ্বরাৎ। আত্মনঃ সর্ব্বভূতানাং ভয়ং তীব্রং নিবর্ত্ততে ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

চ নোলেটি তান্ ন গ্রসতি তত্র হেতুঃ যেষামিতি। সুত ইব স্নেহবিষয়ঃ। সখেব বিশ্বাসাস্পদং। গুরুরিব উপদেষ্টা। সুহৃদিব হিতকারী। ইষ্টং দৈবমিব পূজ্যঃ। এবং সর্ব্বভাবেন যে মাং ভজন্তি তান্ মদীয়ং কালচক্রং ন গ্রসতীত্যর্থঃ ॥ ৩৫ ॥
এবম্ভূতাস্ত একান্ত ভক্তেভ্যো দদামীত্যাহ ইমমিতি দ্বাভ্যাং। উভয়ায়িনং লোকদ্বয় গামিনং আত্মানং সোপাধিকং। আত্মানমনু যে পুত্রকলত্রাদয়ঃ যেচ পশ্বাদয়ো রায়ো ধনানি ॥ ৩৬ ॥ অন্যাংশ্চ পরিগ্রহান্ মৃত্যোঃ সংসারাদতিপারয়ে অতিতারয়ামি ॥ ৩৭ ॥
অভক্তানান্তু ন কথঞ্চিদপি মোক্ষ ইত্যাহ নেতি। মদ্ভগবতোঽন্যত্র ভগবতো মত্তো বিনা। সর্ব্বভূতানামাত্মনঃ ভগবদাদি

ক্রমসন্দর্ভঃ।

প্রিয়ঃ পতিরিতি মাং ভাবয়ন্তি যে কেচিচ্চ সনকাদি সবাসনাঃ। আত্মা ব্রহ্মৈবায়ং সাক্ষাদিতি মাং ভাবয়ন্তি এবমন্যেচ যে যে তত্রৈব প্রাপ্নুবন্তীত্যর্থঃ। সুহৃদ ইতি বহুত্বং সৌহৃদ্যস্য নানাভেদাপেক্ষয়া এবং চতুর্থে শ্রীনারদবাক্যে শান্তাঃ সমদৃশঃ শুদ্ধাঃ সর্ব্বভূতানুরঞ্জনাঃ। যান্ত্যঞ্জসাচ্যুতপদমচ্যুতপ্রিয়বান্ধবা ইতি ॥ ৩৫ ॥
তথৈবোপসংহরতি। ইমমিতি যুগ্মকেন। এবং প্রিয়ত্বাদি প্রকারেণ ॥ ৩৬ ॥
বিশ্বতো মুখং তত্তদ্ভাবানুসারেণানন্তাবির্ভাবং অনন্যয়া ভাবান্তরামিশ্রয়া ॥ ৩৭ ॥
যচ্চ ভবত্যা জিজ্ঞাসয়া প্রকৃতেঃ পুরুষস্যোত্যুক্তং তত্র কেবলং ন কিঞ্চিদিত্যাহ। নান্যত্রেতি ॥ ৩৮ ॥ ৩৯ ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বস্মিত্রবন্ধুরিং। যে ধ্যায়ন্তি সদোদ্যুক্তাস্তেভ্যোপীহ নমোনমঃ ইতি। যমেবৈষ বৃণুতে তেন লভ্য ইত্যাদ্যাঃ শ্রুতেরপি। যং প্রিয়ত্বেন বা পিতৃত্বেন বা ভ্রাতৃত্বেন বা সখিত্বেন পুত্র ভৃত্যাদিত্বেন বা বৃণুতে তেন লভ্য ইত্যর্থোবেদিতব্য ইতিরাগানুগায়াঃ স্বাভাবিক্যা ভক্তেরুদাহরণং জ্ঞেয়ং ॥ ৩৫ ॥
অস্বাভাবিক্যাঃ সাধনভক্তেরুদাহরণমাহ দ্বাভ্যাং। ইমং দৃষ্টভোগাসক্তিং অমুং অদৃষ্ট ভোগা সক্তিং উভয়ায়িনং তদুভয়গামিনং আত্মানমিত্যহন্তাস্পদে ভোক্তরি চাসক্তিং বিসৃজ্যেতি যথৈব ভোগাদ্যাসক্তি র্ভোগাদি প্রশংসা গম্যা তথৈব তত্তদাসক্তিত্যাগ-স্তত্তন্নিন্দাগম্য ইতি যথোক্তং জুষমাণশ্চ তান্ কামান্ দুঃখোদর্কাংশ্চ গর্হয়ন্নিতি। তথাত্মানমনুলক্ষীকৃত্য যে পুত্রকলত্রাদয়ঃ যে চ ব্যাবহারিকা রৈপ্রভৃতয়ঃ। রায়োধনানি ॥ ৩৬ ॥
বিশ্বতোমুখং তে যস্যাং দিশি যান্তি তত্রৈবাহং তেষামভিমুখ এব বর্ত্তে ইত্যর্থঃ। অনন্যয়া দেবতান্তর ভক্তিজ্ঞান কর্ম্মাদি শূন্যয়া। মৃত্যোঃ সংসারসিন্ধোঃ অতিপারয়ে ভক্তিমাত্রাভিলাষিত্বেন সংসার পারমনিচ্ছতোপি তানতিক্রম্য পারয়ে পারং প্রাপয়ামীতি তানেবমজ্ঞাপয়িত্বৈবেত্যর্থঃ। যদুক্তং জরয়ত্যাশু যা কোশমিত্যাদি ॥ ৩৭ ॥
মদ্ভক্তিং বিনাতু নৈব নিস্তার ইত্যাহ মত্তোঽন্যত্র মাং বিনেতি মদ্ভক্তিং বিনেত্যর্থঃ। ভক্তিবিষয়ীভূতস্য স্বস্যানন্ত

উপদেষ্টা, সুহৃৎ সম হিতকারী, ইষ্টদেব তুল্য পূজনীয় অর্থাৎ যাহারা এই প্রকার সর্ব্বতোভাবে আমার ভজন করে আমার কালচক্র তাহাদিগকে কি কখন গ্রাস করিতে সমর্থ হয় ? ॥ ৩৫ ॥
কিন্তু আমি এই রূপ মুক্তি যে কোন ভক্তকে প্রদান করি না, ইহলোক এবং পরলোক এই উভয় লোকগামি সোপাধিক আত্মা, অপর ঐ আত্মাকে আশ্রয় করিয়া যে সকল পুত্র কলত্রাদি থাকে, এবং আর আর যে সকল ধন পশু গৃহ ॥ ৩৬ ॥
তথা অন্যান্য যে সমস্ত পরিগ্রহ আছে,তৎসমুদায় বিসর্জন দিয়া যাহারা ঐকান্তিকী ভক্তি দ্বারা আমার আরাধনা করে,কেবল তাহাদিগকেই সংসার হইতে উদ্ধার করিয়া ঐ প্রকার মুক্তি প্রদান করি ॥ ৩৭ ॥
মা। আমিই ভগবান্, আমিই প্রধান পুরুষের ঈশ্বর, আমিই সর্ব্বপ্রাণির আত্মা, আমাভিন্ন অন্য

মদ্ভয়াদ্বাতি বাতোয়ং সূর্য্যস্তপতি মদ্ভয়াৎ। বর্ষতীন্দ্রো দহত্যগ্নি র্মৃত্যুশ্চরতি মদ্ভয়াৎ ॥ ৩৯ ॥

জ্ঞান বৈরাগ্য যুক্তেন ভক্তিযোগেন যোগিনঃ। ক্ষেমায় পাদমূলং মে প্রবিশন্ত্যকুতোভয়ং ॥ ৪০

এতাবানেব লোকেঽস্মিন্ পুংসাং নিঃশ্রেয়সোদয়ঃ। তীব্রেণ ভক্তিযোগেন মনো ময্যর্পিতং স্থিরং॥ ৪১

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে কাপিলেয়ে ভক্তিযোগঃ পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৫ ॥ * ॥

শ্রীধরস্বামী।

বিশেষণত্রয়েণ সামর্থ্যং নিরপেক্ষত্বং হিতকারিত্বঞ্চোক্তং ॥ ৩৮॥

ঐশ্বর্য্যং স্ফুটয়তি মদ্ভয়াদিতি। শ্রুতিশ্চ ভীষাস্মাদ্বাতঃ পবতে ভীষোদেতি সূর্য্যঃ ভীষাস্মাদগ্নিশ্চেন্দ্রশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চম ইতি॥৩৯

মদ্ভজনাদেব মোক্ষ ইত্যত্র সদাচারং প্রমাণয়তি জ্ঞানেতি ॥ ৪০ ॥

উপসংহরতি এতাবানিতি। ময়ি অর্পিতং সন্মনঃ স্থিরং ভবতীতি যৎ এতাবানেব ॥ ৪১ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে পঞ্চবিংশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

দেবানামিত্যাদিবৎ স্বস্য তু মতমাহ। এতাবানিতি। তীব্রেণ দৃঢ়েন যোগকর্ম্মাদিভিরভঙ্গুরেণ শুদ্ধেনেত্যর্থঃ। তেনৈবার্পিতং সৎ স্থিরং ভবতীতি যৎ এতাবানেব নিশ্রেয়সস্য পরম পুরুষার্থস্যাবির্ভাবঃ ॥ ৪১ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে জীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে পঞ্চবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বরূপত্বেপি বিশেষণ ত্রয়েণ পূর্ব্ব পূর্ব্ব মুখ্যানি সেব্য স্বরূপাণি কানিচিৎ সূচয়তি। ভগবান্ প্রথমতঃ পূর্ণঃ শ্রীকৃষ্ণএব। ততঃ শ্রীরামঃ প্রধানপুরুষেশ্বরঃ পরব্যোমনাথঃ। তত আত্মা প্রকৃত্যন্তর্যামী সমষ্ট্যন্তর্যামী ব্যষ্ট্যন্তর্যামী চেতি পুরুষত্রয়ং। পুরুষাবতারা মৎস্য কূর্ম্মাদয়োপি জ্ঞেয়াঃ ॥ ৩৮ ॥

নন্বনন্যয়া ভক্ত্যেতি ত্বয়োক্তং অতঃ অন্যে খৎসেবিতা দেবাঃ কুপ্যন্তস্তদ্ভক্তং কদাচিদ্দুঃখয়ন্তি নবেতি তত্র সাটোপমাহ মদিতি। শ্রুতিশ্চ। ভীষাস্মাদ্বাতঃ পবতে ভীষোদেতি সূর্য্যঃ। ভীষস্মাদগ্নিশ্চেন্দ্রশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চম ইতি। তেন যদি কমপি তে মদ্ভক্তং কদাচিদপি দুঃখয়ন্তি তদা তাংস্তত্তদধিকারাদপাধঃ পাতয়িতুং নৈবাহং বিলম্বে ইতি ভাবঃ ॥ ৩৯ ॥

শুদ্ধাং ভক্তিমুক্ত্বা জ্ঞানাদিমিশ্রাং ভক্তিমাহ জ্ঞানেতি ॥ ৪০ ॥

তদপি মম শুদ্ধৈব ভক্তিঃ সর্ব্বতঃ শ্রেষ্ঠেত্যাহ। এতাবানেবেতি। ইতোঽধিকোনিঃশ্রেয়সোদয়ো নৈবকোপাস্তি কিন্ত্বিতো ন্যূন এব সর্ব্ব ইতিভাবঃ। তীব্রেণ দৃঢ়েন জ্ঞানকর্ম্মাদিভিরভঙ্গুরেণ শুদ্ধেনেত্যর্থঃ নিশ্রেয়সস্য পরমপুরুষার্থস্যোদয়ঃ ॥ ৪১ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। তৃতীয়ে পঞ্চবিংশোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

কাহা হইতেও সংসার ভয় নিবৃত্ত হয় না ॥ ৩৮ ॥

আমার ভয়েতেই বায়ু বহন করে, আমার ভয়েতেই সূর্য্য উত্তাপ দেন, আমার ভয়েতেই ইন্দ্র বর্ষণ করেন, আমার ভয়েতেই অগ্নি দগ্ধ করে এবং আমার ভয়েতেই মৃত্যু সকল প্রাণির উপর ধাবমান হয় ॥৩৯

মা! আমার ভজন হইতেই যে মোক্ষ হয় এ বিষয়ের সদাচার প্রমাণ দেখ, যোগিগণ জ্ঞান বৈরাগ্য যুক্ত ভক্তিযোগ দ্বারা আপনাদের ক্ষেম লাভ নিমিত্ত আমার অকুতো ভয় পাদমূল সেবন করিয়া থাকেন ॥ ৪০ ॥

ফলতঃ দৃঢ় ভক্তিযোগ দ্বারা আমাতে মনঃ অর্পিত হইয়া যদি সুস্থির হয়, তবে তাহাই ইহলোকে পুরুষ সকলের পরম পুরুষার্থ ॥ ৪১ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে পঞ্চবিংশ ॥ * ॥

শ্রীভগবানুবাচ ॥

অথ তে সংপ্রবক্ষ্যামি তত্ত্বানাং লক্ষণং পৃথক্। যদ্বিদিত্বা বিমুচ্যেত পুরুষঃ প্রাকৃতৈ গুণৈঃ ॥ ১॥

জ্ঞানং নিঃশ্রেয়সার্থায় পুরুষস্যাত্ম দর্শনং। যদাহুর্বর্ণয়ে তত্তে হৃদয়গ্রন্থিভেদনং ॥ ২ ॥

অনাদিরাত্মা পুরুষো নিগুর্ণঃ প্রকৃতেঃ পরঃ। প্রত্যগ্ধামা স্বয়ং জ্যোতি র্বিশ্বং যেন সমন্বিতং ॥ ৩

শ্রীধরস্বামী।

ষড়্বিংশে পুংপ্রকৃত্যোস্তু বিবেকায়োপবর্ণ্যতে। সাংখ্যেন সর্ব্বভাবানাং জন্ম লক্ষণভেদতঃ। ধাত্রা পুত্রায় যৎপ্রোক্তং ক্রমে মিত্রাসুতেন যৎ। মাত্রে সাখ্যং তদধ্যায়ং প্রাধান্যেনাহ তত্ত্ববিৎ ॥০॥

তত্ত্ব ম্নায়ং যৎ প্রবদন্তি সাংখ্যমিত্যত্র সাধ্যং ভক্তিশ্চেতি ত্রয়মুপক্ষিপ্তং তত্র ভক্তিমুক্ত্বা ইদানীং সাংখ্যমাহ অথেতি ॥ ১ ॥

নমু মুক্তিরাত্ম জ্ঞানাদেব নতু তত্ত্বলক্ষণজ্ঞানাৎ। তমেব বিদিত্বা অতিমৃত্যুমেতি ইতি শ্রুতেঃ। অত আহ জ্ঞানমিতি আত্ম দর্শন রূপং জ্ঞানং অতএব হৃদয়গ্রন্থিভেদনং অহঙ্কারনিবর্ত্তকং। নিঃশ্রেয়সপ্রয়োজনায় যদাহুঃ তত্তে বর্ণয়ামি। তত্ত্বলক্ষণ জ্ঞানাদেব বিবিক্তাত্মজ্ঞানং ভবতীতি ভাবঃ ॥ ২ ॥

তত্র পুরুষং লক্ষয়তি অনাদিরিতি আত্মৈব পুরুষঃ কোসাবাত্মা প্রত্যক্ প্রতিলোমং ধাম স্ফুর্ত্তির্যস্য। ক্ষণিকপক্ষং ব্যাবর্ত্তয়তি অনাদিরিতি সংসারিত্ব পক্ষং ব্যাবর্ত্তয়তি প্রকৃতেঃ পরোঽন্যঃ অসঙ্গঃ। জ্ঞানাদি গুণত্বং বারয়তি নিগুর্ণঃ। মীমাংসকাদ্যভি মতজ্ঞান বিষয়ত্বং বারয়তি স্বয়ং জ্যোতিঃ। অনেনৈব প্রভাকরাদি মতং জ্ঞানাধারত্বেন স্ফুরণমপি নিরস্তং। স্বয়ং জ্যোতিষ্ট্বে

ক্রমসন্দর্ভঃ।

তদেবং কৃতার্থয়িত্বা বিবেক মাত্রায় সাংখ্য জ্ঞান যোগাদি মার্গানপ্যাহ। যাবৎ সমাপ্তি যথেতি ॥ ১ ॥ ২ ॥

অনাদিরিতি। আত্মা পরমাত্মৈব পুরুষঃ নিগুর্ণঃ প্রাকৃতগুণরহিতঃ বিশ্বং যেন সমন্বিতমিতি সর্ব্ব কারণত্বং তেন বিচিত্র

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ষড়্বিংশে মহদাদীনামুৎপত্তির্লক্ষণং তথা। তৈর্বিরাট্ তত্র চৈতন্যমুক্তমাত্মপ্রবেশতঃ ॥ ০ ॥

মাত্রা পৃষ্টেষু ভক্তিজ্ঞানযোগেষু ভক্তিমুক্ত্বা মাতরং তয়ৈব কৃতার্থী কৃত্যাপি কর্ম্মজ্ঞানযোগাদিভিঃ স্বর্গমোক্ষাদিফলানাং ভক্ত্যা বিনা দাতুমশক্যত্বাত্তেষ্বপি ভক্তি মহাদেব্যা অধিকারাৎ সর্ব্বত্র সাম্রাজ্যবত্যাস্তস্যা উপাসকজনৈরপি কৌতুকবশাৎ কর্ম্মজ্ঞানাদয়োপি জিজ্ঞাসনীয়া এবেতি সাম্প্রতং জ্ঞানং বক্তুমাহ অথেতি ॥ ১ ॥

নমু তত্ত্বলক্ষণজ্ঞানেন কিং ভবিষ্যতীত্যত আহ জ্ঞানমিতি তত্ত্বলক্ষণ জ্ঞানাদেব বিবিক্তাত্মজ্ঞানং ভবতীতি ভাবঃ ॥ ২ ॥

তত্র পুরুষং লক্ষয়তি অনাদির্নিত্যঃ আত্মা পরমাত্মৈব পুরুষঃ নিগুর্ণঃ প্রাকৃতগুণরহিতঃ। যতঃ প্রকৃতেঃ পরঃ। প্রত্যক্ সর্ব্বেন্দ্রিয়াগম্যং ধাম কারণার্ণবোগস্ত সঃ। অতএব স্বয়ং জ্যোতিঃ স্বপ্রকাশঃ স্বয়ং জ্যোতিষ্ট্বে হেতুঃ বিশ্বং যেন সমন্বিতং সৎ

ষড়্বিংশ অধ্যায়ে প্রকৃতি পুরুষের বিবেচনার্থ মহদাদি তত্ত্ব সকলের উৎপত্তিভেদে সাংখ্যযোগ কথন ॥ ০ ॥

ভগবান্ কহিলেন হে মাতঃ! এক্ষণে আপনাকে তত্ত্ব সকলের পৃথক্ পৃথক্ লক্ষণ বলি, তদ্বিষয়ে জ্ঞান জন্মিলে প্রকৃতি সম্বন্ধীয় গুণ হইতে পুরুষ মুক্ত হইয়া থাকে ॥ ১ ॥

অপর আত্ম দর্শন রূপ যে জ্ঞানে হৃদয় গ্রন্থির ভেদ হয় অর্থাৎ যাহা অহঙ্কার নিবৃত্ত করে এবং পণ্ডিতেরা নিঃশ্রেয়সার্থ অর্থাৎ আত্যন্তিক দুঃখ নিবৃত্তির নিমিত্ত যাহা কহিয়া থাকেন, আপনার নিকট তাহাও বর্ণন করিতেছি ॥ ২ ॥

মা! সর্ব্বেন্দ্রিয়ের অগম্য ধাম বিশিষ্ট যে আত্মা তিনিই পুরুষ, সেই পুরুষ অনাদি এবং প্রকৃতি হইতে ভিন্ন অর্থাৎ সঙ্গ রহিত ও নিগুর্ণ, তিনি স্বয়ংই প্রকাশ পান, এই বিশ্ব তাঁহার সহিত সমন্বিত

সএব প্রকৃতিং সূক্ষ্মাং দৈবীং গুণময়ীং বিভুঃ। যদৃচ্ছয়ৈবোপগতামভ্যপদ্যত লীলয়া ॥ ৪ ॥
গুণৈর্বিচিত্রাঃ সৃজতীং সরূপাঃ প্রকৃতিং প্রজাঃ। বিলোক্য মুমুহে সদ্যঃ স ইহ জ্ঞানগূহয়া ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

হেতুঃ বিশ্বং যেন সমন্বিতং প্রকাশত ইতি শেষঃ। এতৈরেব হেতুভিঃ পুরুষস্য প্রকৃতেঃ পরত্বমপি সিদ্ধং ॥ ৩ ॥

তত্র চাবরণ বিক্ষেপ শক্তিভেদেন প্রকৃতির্দ্বিধা তত্রাবরণ শক্ত্যা সৈব জীবোপাধিরবিদ্যা। বিক্ষেপ শক্ত্যা সৈব মায়া পারমেশ্বরী। পুরুষশ্চ জীবেশ্বর রূপেণ দ্বিবিধঃ তত্র যঃ প্রকৃত্যবিবেকেন সংসরতি স জীবঃ। যস্তু প্রকৃতিং বশীকৃত্য বিশ্ব সৃষ্ট্যাদি করোতি স পরমেশ্বরঃ। তত্র প্রকৃত্যবিবেকেন জীবস্ত সংসার প্রকারমাহ স এব ইতি পঙ্‌ক্তিঃ। সূক্ষ্মামব্যক্তাং দৈবীং দেবস্ত বিষ্ণোঃ শক্তিং লীলয়া উপগতাং যদৃচ্ছয়ৈবাভ্যপদ্যত ইত্যন্বয়ঃ ॥ ৪ ॥

তস্যা লীলামাহ গুণৈরিতি জ্ঞানং গূহতে আবৃণোতি ইতি জ্ঞানগূহা তয়া তথাচ শ্রুতিঃ অজামেকাং লোহিত শুক্লকৃষ্ণাং বহ্বীঃ

ক্রমসন্দর্ভঃ।

প্রকাশকত্বয়া অনন্তশক্তিত্বং দর্শিতং ॥ ৩ ॥

স এব পরমাত্মা যদৃচ্ছয়া স্বৈরিতয়া যা লীলা তয়া অভ্যপদ্যত ঐক্ষত লোকবত্তু লীলাকৈবল্যমিতি ন্যায়াৎ। স ঐক্ষত ইতি শ্রুতেঃ ॥ ৪ ॥

ততশ্চ পুরুষান্তরস্যাবস্থামাহ। গুণৈরিতি। তাং চৈকাংশেন সৃজতীং ইহ শরীরে প্রসিদ্ধো জীবাখ্যঃ পুরুষস্তু মুমুহে জ্ঞান গূহয়া তস্যাঃ প্রকৃতেরেবাবিদ্যাখ্যয়া বৃত্ত্যা অত্র বিলোক্যেত্যনেন মুমুহ ইত্যনেনচ পরাগ্‌ভূততায়াঃ প্রকৃতেঃ তৎকৃতাদজ্ঞানাচ্চ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রকাশত ইতি শেষঃ ॥ ৩ ॥

এব পরমাত্মা যদৃচ্ছয়ৈব স্বৈরিতয়ৈব স্বশক্তিত্বাদুপগতাং কর্ম্মবদ্ধ জগৎ সিসৃক্ষাসময় এব লীলয়া অভ্যপদ্যত জীবশক্তিরূপং বীর্য্যং তস্যামাদধান ঐক্ষতেত্যর্থঃ ॥ ৪ ॥

তত্র জীবস্য মোহমাহ প্রকৃতিং বিলোক্য স জীবাত্মা ইহ প্রকৃতৌ স্থিতঃ সদ্যঃ প্রকৃতিসংসর্গসময় এব জ্ঞানগূহয়া প্রকৃতেরেবা-বিদ্যাখ্য বৃত্ত্যা যুক্তোমুমুহে স্বরূপং বিসস্মার সদৈবানাদ্যবিদ্যয়া যুক্তোপি জীবঃ সুষুপ্তৌ যথা স্বরূপং কিঞ্চিদুপলভতে তথৈব সৃষ্টেঃ পূর্ব্বং প্রলয়েপি স্বরূপমুপলভমান এবাসীৎ সৃষ্ট্যারম্ভেতু তদ্বিসস্মারেত্যর্থঃ। কীদৃশীং গুণৈঃ সত্ত্বাদিভি র্বিচিত্রাঃ প্রজাঃ সৃজতীং

হইয়া প্রকাশ পাইয়া থাকে ॥ ৩ ॥

সেই পুরুষের নিকট বিষ্ণুর শক্তি রূপা অব্যক্ত গুণময়ী প্রকৃতি লীলাবশতঃ উপগতা হইলে তিনি যদৃচ্ছাক্রমে তাহাকে গ্রহণ করিয়া থাকেন ॥

তাৎপর্য্য। আবরণ ও বিক্ষেপ শক্তি ভেদে প্রকৃতি দুই প্রকার, তন্মধ্যে আবরণ শক্তি দ্বারা জীবের উপাধি স্বরূপ হইয়া ঐ প্রকৃতি অবিদ্যা রূপা হয়েন এবং বিক্ষেপ শক্তি দ্বারা মায়া রূপে পার-মেশ্বরী বলিয়া কথিতা হইয়াছেন, অপর জীব ও ঈশ্বর ভেদে পুরুষও দুই প্রকার হয়েন, তন্মধ্যে যিনি প্রকৃতিতে মুগ্ধ হইয়া সংসার ভোগ করেন তিনি জীব, আর প্রকৃতিকে বশীভূত করিয়া তদ্দ্বারা যিনি সৃষ্ট্যাদি করেন তিনি পরমেশ্বর ॥ ৪ ॥

ঐ প্রকৃতি আপনার গুণ দ্বারা আপনার সমান রূপ বিচিত্র প্রজা সৃষ্টি করিতে থাকেন, তাহাতে তাঁহাকে অবলোকন করিয়া ঐ পুরুষ জ্ঞানের আবরণ রূপা অবিদ্যা দ্বারা সদ্যঃ মুগ্ধ হইয়া পড়েন। তাৎপর্য্য। একটী অজা (প্রকৃতি) তাঁহার লোহিত শুক্ল কৃষ্ণ অর্থাৎ সত্ব রজঃ তমঃ ভেদে ত্রিবর্ণ গুণ আছে, তিনি আপনার ঐ রজঃ আদি গুণত্রয় দ্বারা আপনার সমানরূপা অর্থাৎ রাজস, সাত্ত্বিক এবং তামস ভেদে বহু প্রকার প্রজা সৃজন করিয়া থাকেন, অপর একজন অজ অর্থাৎ পুরুষ

এবং পরাভিধ্যানেন কর্তৃত্বং প্রকৃতেঃ পুমান্। কর্ম্মসু ক্রিয়মাণেষু গুণৈরাত্মনি মন্যতে ॥ ৬ ॥
তদস্য সংসৃতির্বন্ধঃ পারতন্ত্র্যঞ্চ তৎকৃতং। ভবত্যকর্ত্তুরীশস্য সাক্ষিণো নির্বৃতাত্মনঃ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

প্রজা জনয়ন্তীং সরূপাঃ। অজোহ্যেকো জুষমাণোঽনুশেতে জহাত্যেনাং ভুক্তভোগামজোঽন্য ইতি মুমুহে আত্মানং বিস্মৃতবান্ ॥ ৫
পরাভিধ্যানং প্রকৃত্যধ্যাসঃ তেন প্রকৃতেগুর্ণৈঃ কর্ম্মসু ক্রিয়মাণেষু কর্তৃত্বমাত্মনি মন্যতে ॥ ৬ ॥
তদিতি কর্তৃত্বমননমেব অস্য পুরুষস্য সাক্ষিমাত্রত্বাৎ অকর্ত্তুরেব সতঃ কর্ম্মভির্বন্ধঃ। ঈশস্যাপরতন্ত্রস্যৈব কর্ম্ম বন্ধকৃতং ভোগ পারতন্ত্র্যং। নির্বৃতাত্মন সুখাত্মকস্যৈব সংসৃতিঃ জন্মমৃত্যুপ্রবাহঃ। প্রকৃত্যবিবেককৃতমেতৎ সর্ব্বং ভবতীত্যর্থঃ ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রত্যগ্‌ভূতং যজ্জ্ঞানং তত্তস্য স্বরূপশক্তিরেব স্যাদিতি গম্যতে। শ্রীগীতোপনিষদিচ তথা। অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মুহ্যন্তি জন্তব ইতি ॥ ৫ ॥
পরাভিধ্যানেন প্রকৃত্যাবেশেন প্রকৃতিরেবাহং ইতি মননেন। প্রকৃতেগুর্ণৈঃ ক্রিয়মাণেষু কর্ম্মসু কর্তৃত্বমাত্মনি মন্যতে। অত্র নিরহংভাবস্য পরাভিধ্যানাভাবাৎ পরাবেশজাতাহংকারস্য চাবরকত্বাদন্যোব তস্মিন্নন্যোঽহং ভাববিশেষঃ। সচ শুদ্ধ স্বরূপ মাত্র নিষ্ঠত্বান্ন সংসার হেতুরিতি স্পষ্টং। এতদেবাহংকারবয়ং সন্নে যদিন্দ্রিয়গণেঽহমিচ প্রসুপ্তে কূটস্থ আশয়মৃতে তদনুস্মৃতি র্নঃ। ইত্যত্র দর্শিতং। উপাধ্যভিমানাত্মকস্যাহংকারস্য প্রসুপ্তত্বাৎ। তদনুস্মৃতিন ইত্যনেন সুখমহমস্বাপ্সমিত্যাত্মনোঽহং তত্রৈব পরামর্শাচ্চ। অতএব মামহং নাজ্ঞাসিষমিত্যত্র পরামর্শেপি উপাধ্যভিমানিনোঽনুসন্ধানাভাবঃ। অন্যস্য স্বজ্ঞানসাক্ষিত্বে- নানুসন্ধানমিতি দিক্ ॥ ৬ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তথাচ শ্রুতিঃ অজামেকাং লোহিতশুক্লকৃষ্ণাং বহ্বীঃ প্রজা জনয়ন্তীং সরূপাঃ। অজোহ্যেকোজুষমাণোঽনুশেতে জহাত্যেনাং ভুক্তভোগামজোঽন্য ইতি ॥ ৫ ॥
এবং নৃত্যভোগায়তঃ পশ্যন্ যথৈবানুকরোতি তানিতি রীত্যা পরাভিধ্যানেন প্রকৃত্যধ্যাসেন সাচ প্রকৃতি র্দেহ এবেতি দেহএবাহমিতি মননেন প্রকৃতেগুর্ণৈঃ ক্রিয়মাণেষু কর্ম্মসু রূপাদিগ্রহণেষু কর্তৃত্বমাত্মনি মন্যতে তত্র নিরহংভাবস্য পরাভিধ্যানা সম্ভবাৎ পরাবেশ জাতাহঙ্কারস্য চাবরকত্বাদন্যোব তস্মিন্নন্যোঽহং ভাববিশেষঃ সচ শুদ্ধ স্বরূপমাত্র নিষ্ঠত্বান্ন সংসার হেতু রিতি স্পষ্টং বিপ্রকুমারস্ত সাহঙ্কারস্যৈব ভূতাবেশত্বে সতি ভূতোহমিতিবদিতি বিবেচনীয়ং ॥ ৬ ॥
তদিতি কর্তৃত্ব মননমেবাস্ত জীবস্ত বস্তুতঃ সাক্ষিমাত্রত্বাদকর্ত্তুরেব সতঃ কর্ম্মভিরেব বন্ধঃ। যথা রাজকীয়ঃ পুরুষো রাজোচ্যতে তথৈব ঈশস্ত ঈশ শব্দ বাচ্যস্যেশ্বর শক্তি রূপস্যাপি কর্ম্মবন্ধকৃতং ভোগপারতন্ত্র্যং নির্বৃতাত্মনঃ সুখস্বরূপস্যাপি সংসৃতির্জন্ম মৃত্যু প্রবাহঃ ॥ ৭ ॥

ঐ প্রকৃতিকে সেবা করিয়া মুগ্ধ হয়েন, আর একজন তাহাকে ভোগ করিয়া পরিত্যাগ করেন, যিনি মোহিত হন, তিনি জীব, আর যিনি পরিত্যাগ করেন তিনি ঈশ্বর ॥ ৫ ॥

তৎপরে প্রকৃতির গুণে যে সকল কার্য্য হয় ঐ প্রকারে প্রকৃতিতে অধ্যাস হওয়াতে তদ্দারা ঐ পুরুষ আপনাকে সেই সকল কার্য্যের কর্ত্তা বলিয়া অভিমান করিয়া থাকেন ॥ ৬ ॥

মা। পুরুষ কেবল সাক্ষি মাত্র, তিনি কোন কর্ম্মের কর্ত্তা নহেন, স্বয়ংসুখ স্বরূপ, তাঁহার ঐ প্রকার কর্তৃত্ব অভিমান হইলেই সংসার অর্থাৎ জন্ম মৃত্যু প্রবাহ এবং কর্ম্ম দ্বারা বন্ধন ও বন্ধন কৃত পারতন্ত্র্য উপস্থিত হয় ॥ ৭ ॥

কার্য্যকারণ কর্ত্তৃত্বে কারণং প্রকৃতিং বিদুঃ। ভোক্তৃত্বে সুখ দুঃখানাং পুরুষং প্রকৃতেঃ পরং॥ ৮

শ্রীদেবহুতিরুবাচ॥

প্রকৃতেঃ পুরুষস্যাপি লক্ষণং পুরুষোত্তম। ব্রূহি কারণয়োরস্য সদসচ্চ যদাত্মকং॥ ৯॥

শ্রীভগবানুবাচ॥

শ্রীধরস্বামী।

নন্বু চৈতন্য সামানাধিকরণ্যেনৈব কর্ত্তৃত্বাদি প্রতীতেঃ। তত্রৈব তদজীক্রিয়তাং নেত্যাহ। কার্য্যং শরীরং কারণমিন্দ্রিয়ং কর্ত্তা দেবতাবর্গঃ। তত্তাবাপত্তৌ পুরুষস্য প্রকৃতিং কারণং বিদুঃ। কূটস্থস্য স্বতো বিকারাভাবাৎ। প্রকৃতি পরিণাম ভূত দেহাদ্যহঙ্কার কৃতমেব কর্ত্তৃত্বাদিকমিত্যর্থঃ। ভোক্তৃত্বে তু পুরুষং কারণং বিদুরিত্যন্তায়ং ভাবঃ। যদ্যহঙ্কার গতমেব কার্য্যত্বাদিকং ভোক্তৃত্বঞ্চ তথাপি বিকারস্য জড়াবসানত্বাদুপাধিপ্রাধান্যং ভোগস্য চিদবসানত্বাৎ উপহিতপ্রাধান্যমিতি॥ ৮॥

তদেবং সংসারিণং পুরুষং তদ্ধেতুং প্রকৃতিঞ্চ জ্ঞাত্বা ইদানীং জগৎ কারণং ঈশ্বরং তৎ প্রকৃতিঞ্চ পৃচ্ছতি প্রকৃতেরিতি। অস্য বিশ্বস্য সদসচ্চ স্থূলং সূক্ষ্মঞ্চ কার্য্যং যদাত্মকং তয়োঃ প্রকৃতিপুরুষয়োঃ॥ ৯॥

ক্রমসন্দর্ভঃ।

তদুপাধি প্রাধান্যেন প্রবর্ত্তমানমুপাধি ধর্ম্মত্বেন ব্যপদিশতি ইত্যাহ। কার্য্যেতি। কার্য্যকারণকর্ত্তৃত্বে কারণং প্রকৃতিং বিদুরিত্যাদৌ পরমাত্মপ্রাধান্যেন প্রবর্ত্তমানন্তু নিরুপাধিকমেব। অথ ভোক্তৃত্বং সংবেদন রূপত্বেন যথা তথা তত্রৈব চিদ্রূপে পর্য্যবস্যতীত্যাহ। ভোক্তৃত্ব ইতি কারণং বিদুরিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। অত্র টীকামতে প্রতিবিম্ব দৃষ্টান্তো জ্ঞেয়ঃ। তত্রহি কম্পাদিক উপাধের্দ্ধর্ম্মঃ প্রকাশস্তূপহিতস্য। স্বমতে তু তদপি নেষ্যতে। ক্রিয়াপি চৈতন্যং বিনা ন সম্ভবতি ইতি দৃষ্টান্ত বৈষম্যাৎ॥ ৮॥

এবং পুরুষদ্বয়স্য প্রকৃতেশ্চ বিবেকং শ্রুত্বা বিশেষতঃ পরমাত্মাখ্য পুরুষস্য তদীয় শক্তেঃ প্রকৃতেশ্চ লক্ষণং পৃচ্ছতি প্রকৃতেরিতি। প্রশ্নপরংপরাচেয়ং সুতস্য চিরস্থিতি বাঞ্ছয়া কেবলমিতি জ্ঞেয়ং। পূর্ব্বমেব জ্ঞাতত্বাদীষ্টত্বাৎ॥ ৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জীবস্য কর্ম্মভিরেব বন্ধস্তেষাং কর্ম্মণাঞ্চ সাধনে ফলভোগেচ ক্রমেণ প্রকৃতি পুরুষাবেব কারণে ইত্যাহ কার্য্যেতি। ভূতেন্দ্রিয় দেবতাভিরেব কর্ম্মসিদ্ধেস্তেষাং ভূতেন্দ্রিয় দেবতানাঞ্চ কার্য্য কারণ কর্ত্তৃত্বে প্রকৃতিমেব কারণং বিদুঃ। প্রকৃত্যৈব তেষাং তত্তাবস্য সৃষ্টত্বাজ্জীবস্য কর্ম্মকরণং মায়াধীনমিত্যর্থঃ। কর্ম্মফলদাতাচ পরমেশ্বর এবেতি জীবস্য কর্ম্মফলভোক্তৃত্বমীশ্বরাধীনমেবেত্যাহ ভোক্তৃত্বে জীবস্য কর্ম্মফলানাং ভোগে পুরুষং কারণং বিদুরিত্যন্বয়ঃ॥ ৮॥

ততশ্চ তাবেব প্রকৃতিপুরুষৌ বিশেষতো জিজ্ঞাসমানাহ প্রকৃতেরিতি অস্য বিশ্বস্য সদসচ্চ স্থূলং সূক্ষ্মঞ্চ কার্য্যং যদাত্মকং॥ ৯॥

মা! কার্য্য কারণ কর্ত্তৃত্ব অর্থাৎ দেহ, ইন্দ্রিয় এবং দেবতা বর্গ, এ সকলের তত্তাব প্রাপ্তি বিষয়ে পণ্ডিতেরা প্রকৃতিকেই কারণ বলিয়া থাকেন, কেন না কূটস্থ আত্মার স্বতঃ বিকার নাই, কিন্তু সুখ দুঃখের ভোক্তৃত্ব বিষয়ে প্রকৃতি হইতে ভিন্ন যে পুরুষ তাঁহাকেই কারণ বলিয়া থাকেন অর্থাৎ যদ্যপি কর্ত্তৃত্ব ভোক্তৃত্ব এই উভয়ই অহঙ্কার কৃত হইল তথাচ কার্য্য মাত্রই জড়াবসান, এই কারণে তাহাতে প্রকৃতির প্রাধান্য, পরন্তু ভোগ জ্ঞানাবসান এ প্রযুক্ত তাহাতে প্রকৃত্যুপহিত চৈতন্যের প্রাধান্য॥ ৮॥

ভগবান্ কপিলের প্রমুখাৎ এই প্রকারে সংসারি পুরুষ এবং তাহার কারণ প্রকৃতির বিষয় অবগত হইয়া তদনন্তর দেবহুতির জগতের কারণ ঈশ্বর এবং তাঁহার প্রকৃতির বিষয় জানিতে ইচ্ছা হইল, অতএব পুত্রকে সম্বোধন করিয়া কহিলেন হে পুরুষোত্তম! এই বিশ্বের স্থূল ও সূক্ষ্ম কার্য্য যাঁহার স্বরূপ, সেই প্রকৃতিই এই বিশ্বের কারণ, অতএব প্রকৃতির লক্ষণ কি? বর্ণন কর॥ ৯॥

যত্তৎত্রিগুণমব্যক্তং নিত্যং সদসদাত্মকং। প্রধানং প্রকৃতিং প্রাহুরবিশেষং বিশেষবৎ ॥ ১০ ॥

পঞ্চভিঃ পঞ্চভি ব্র্হ্ম চতুর্ভিদশভি স্তথা। এতচ্চতুর্বিংশতিকং গণং প্রাধানিকং বিদুঃ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

তত্র প্রকৃতিং লক্ষয়তি। যৎ প্রধানং তদেব প্রকৃতিং প্রাহুঃ। কিং তৎ প্রধানং স্বতোঽবিশেষং বিশেষবৎ বিশেষাণামাশ্রয়ঃ। তর্হি কিং ব্রহ্মন ত্রিগুণং কিং মহত্তত্ত্বাদি ন অব্যক্তং অকার্য্যং কিং কালাদি ন সদসদাত্মকং কার্য্যকারণ রূপং কিং জীব প্রকৃতিঃ ন নিত্যং ॥ ১০ ॥

অন্যেষাং তত্ত্বানাং লক্ষণং বক্তুং তানি গণয়তি পঞ্চভিরিত্যাদি সংখ্যাভেদেন। এতচ্চতুর্বিংশতিকং এতানি চতুর্বিংশতি যস্মিন্ গণে তং গণং প্রাধানিকং প্রধানকার্য্যাত্মকং ব্রহ্ম বিদুঃ ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

অথোপাদানাংশস্থ প্রধানস্থ লক্ষণমাহ। যত্তদিতি। যৎ খলু ত্রিগুণং সত্ত্বাদিগুণত্রয় সমাহার স্তদেবাব্যক্তং প্রধানং প্রকৃতিঞ্চ প্রাহুঃ। তত্রাব্যক্তসংজ্ঞত্বে হেতুঃ। অবিশেষং গুণত্রয় সাম্য রূপত্বাদনভিব্যক্ত বিশেষং। অতএব অব্যক্ত সংজ্ঞঞ্চেতি গণিতং। প্রধান সংজ্ঞত্বে হেতুঃ বিশেষবৎ। স্বাংশ কার্য্যরূপাণাং মহদাদি বিশেষাণামাশ্রয় রূপতয়া তেভ্যঃ শ্রেষ্ঠং। প্রকৃতি সংজ্ঞত্বে হেতুঃ সদসদাত্মকং সদসৎসু কার্য্য কারণ রূপেষু মহদাদিষু কারণত্বাদনুগত আত্মা স্বরূপং যস্ত তৎ। তথাপি নিত্যং প্রলয়ে কারণমাত্রাত্মনাবস্থিত সর্ব্বাংশত্বেন সৃষ্টিস্থিত্যোশ্চাপঞ্চীকৃতাংশত্বেনাবিকৃতং স্বরূপং যস্ত তাদৃশমিতি ব্রহ্মত্বং মহদাদি রূপত্বঞ্চ ব্যাবৃতং। ব্রহ্মণো নির্গুণত্বাৎ। মহদাদীনাং চাব্যক্তাপেক্ষয়া কার্য্যরূপত্বাৎ। যদ্বা। সর্ব্বতোপ্যাশ্চর্য্যরূপত্বেন নির্ব্বক্তুমশক্যত্বাৎ। যত্তচ্ছব্দেনোক্তমতএব সর্ব্বশ্রেষ্ঠত্বাৎ প্রধানশব্দেন খ্যাতং। বস্ত প্রকৃতিং প্রাহুঃ। শ্রৌতাঃ স্মার্ত্তাশ্চ। আশ্চর্য্য রূপত্বমেব দর্শয়তি। ত্রিগুণমপ্যব্যক্তং। স গুণং খলু ব্যক্তী ভবত্যেব। তথা সৎ কার্য্যং অসৎ কারণং তত্তদাত্মকমপি নিত্যং। নৈবং গৃহাদি। তথা সত্ত্বাদিভি র্বিশেষবদপি গুণসাম্য রূপত্বেনাবিশেষং নৈবমন্যদিতি। তদেবং সিদ্ধে পূর্ব্ব বাক্যার্থেঽতিব্যাপ্তয়স্ত যথাযোগমেকত্বাদি ধর্ম্মৈঃ পরিহর্ত্তব্যাঃ ॥ ১০ ॥

ব্রহ্ম বিদুরিত্যন্বয়ঃ। ব্রহ্মত্বেনোপাসত ইত্যর্থঃ ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্র প্রকৃতিং লক্ষয়তি। যৎ খলু ত্রিগুণং সত্ত্বাদি গুণত্রয় সমাহার স্তদেবাব্যক্তং প্রধানং প্রকৃতিঞ্চ প্রাহুঃ। তত্রাব্যক্ত সংজ্ঞত্বে হেতুঃ অবিশেষং গুণত্রয়সাম্য রূপত্বাদনভিব্যক্ত বিশেষং প্রধানসংজ্ঞত্বে হেতুঃ। বিশেষবৎ। স্বাংশকার্য্যরূপাণাং মহদাদি বিশেষানামাশ্রয়রূপত্বেন তেভ্যঃ শ্রেষ্ঠং প্রকৃতিসংজ্ঞত্বে হেতুঃ। সদসদাত্মকং। সদসৎসু কার্য্যকারণরূপেষু মহদাদিষু কারণত্বাৎ অনুগত আত্মা স্বরূপং যস্ত তৎ। প্রলয়েপি কারণমাত্রাত্মনাবস্থিতত্বান্নিত্যং। যদ্বা। যত্তদনির্বচনীয়ং শ্রেষ্ঠত্বাৎ প্রধানং তৎ প্রকৃতিং প্রাহুঃ। অনির্বচনীয়ত্বমেবাহ ত্রিগুণমপ্যব্যক্তং সগুণং খলু ব্যক্তী ভবত্যেব তথা সৎকার্য্যমসৎকারণং তত্তদাত্মকমপি নিত্যং। তথাভূতং মৃদাদি খল্বনিত্যমেব দৃষ্টং তথৈব মহদাদি বিশেষবদপি গুণসাম্য রূপত্বাদবিশেষং পৃথিব্যাদি বিশেষবৎ দ্রব্যং খলু তদন্যদ্রূপমবিশেষং ন দৃষ্টমিতি ॥ ১০ ॥

অন্যেষাং তত্ত্বানাং লক্ষণং বক্তুং তানি গণয়তি পঞ্চভিরিত্যাদি পঞ্চভি স্তথা পঞ্চভিশ্চতুর্ভির্দশভিশ্চ যো গণস্তং প্রাধানিকং বিদুরিত্যন্বয়ঃ। প্রাধানিকং প্রধানাদুদ্ভূতং গণং ব্রহ্ম ব্রহ্মত্বেনোপাস্যং বিদুর্জ্ঞানিনঃ। গণং কীদৃশং এতানি মহাভূতাদীনি চতুর্বিংশতি যত্র তৎ ॥ ১১ ॥

ভগবান্ কপিল কহিলেন, মাতঃ! নিজে অবিশেষ অথচ বিশেষের আশ্রয় যে প্রধান তাহার নাম প্রকৃতি। ঐ প্রধান সত্ত্বাদি গুণত্রয়ের সমাহার, অতএব ব্রহ্ম নহেন এবং তাহা অব্যক্ত অর্থাৎ অকার্য্য অতএব মহত্তত্ত্বও নহে, অপিচ তাহা কার্য্য ও কারণ স্বরূপ, অতএব কালাদিও বলিতে পারা যায় না এবং তাহা নিত্য, অতএব জীবের প্রকৃতিও নয় ॥ ১০ ॥

ঐ প্রধানের কার্য্য স্বরূপ চতুর্বিংশতি গণ আছে, তাহা পাঁচ, পাঁচ, চারি, এবং দশ এই প্রকার সংখ্যা সংকলনে সংখ্যাত হইয়াছে, পণ্ডিতেরা উপাসনার্থ উঁহাকেই ব্রহ্ম বোধ করেন ॥ ১১ ॥

মহাভূতানি পঞ্চৈব ভূরাপোঽগ্নির্মরুন্নভঃ। তন্মাত্রাণিচ তাবন্তি গন্ধাদীনি মতানি মে।
ইন্দ্রিয়াণি দশ শ্রোত্রং ত্বগ্ দৃগ্রসন নাসিকাঃ। বাক্করৌ চরণৌ মেঢ্রং পায়ুর্দশম উচ্যতে॥ ১২
মনোবুদ্ধিরহঙ্কারশ্চিত্তমিত্যন্তরাত্মকং। চতুর্দ্ধা লক্ষ্যতে ভেদো বৃত্ত্যা লক্ষণরূপয়া॥ ১৩॥
এতাবানেব সংখ্যাতো ব্রহ্মণঃ সগুণস্য চ। সন্নিবেশো ময়া প্রোক্তো যঃ কাল পঞ্চবিংশকঃ॥১৪
প্রভাবং পৌরুষং প্রাহুঃ কালমেকে যতোভয়ং। অহঙ্কারবিমূঢ়স্য কর্ত্তুঃ প্রকৃতিমীয়ুষঃ॥ ১৫॥

শ্রীধরস্বামী।

এতদ্বিবৃণোতি মহাভূতানীতি ত্রিভিঃ। তাবন্তি পঞ্চৈব॥ ১২॥

অন্তরাত্মকমন্তঃকরণং লক্ষণরূপয়া ব্যবচ্ছেদিকয়া॥ ১৩॥

যাবান্ময়া প্রোক্তঃ এতাবানেব সংখ্যাতো গণিতঃ তত্ত্বজ্ঞৈঃ। কালেতু মতদ্বয়মাহ যঃ কালঃ স পঞ্চবিংশকঃ প্রকৃতেরেবাবস্থা বিশেষ ইত্যর্থঃ॥ ১৪॥

একেতু পৌরুষং পুরুষস্য ঈশ্বরস্য প্রভাবং বিক্রমং কালমাহুঃ। তমেব কালং যেষা লক্ষয়তি যতো ভয়ং ভবতি কস্য প্রকৃতি মীয়ুষঃ প্রাপ্তস্য অতএব দেহেন অহঙ্কারেণ বিমূঢ়স্য কর্ত্তুর্জীবস্য অনেন সংহারকত্বেন লক্ষিতঃ॥ ১৫॥

ক্রমসন্দর্ভঃ।

প্রাধানিকং গণং দর্শয়িত্বা পৌরুষং গণং দর্শয়তি। এতাবানিতি। য এব পুরুষঃ কালঃ স এব পঞ্চবিংশকো জীবশ্চ তদংশাবেব তাবিত্যর্থঃ॥ ১৪॥

তত্র কালস্য পৌরুষগণত্বং দ্বিবিধা দর্শয়তি প্রভাবমিতি দ্বাভ্যাং॥ ১৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তানি বিবৃণোতি ত্রিভিঃ। তাবন্তি পঞ্চৈব॥ ১২॥

অন্তরাত্মকমন্তঃকরণং। লক্ষণরূপয়া ব্যবচ্ছেদিকয়া বৃত্ত্যা॥ ১৩॥

সগুণস্য মহদাদি প্রপঞ্চস্য কালেতু মতদ্বয়মাহ যঃ কালঃ স পঞ্চবিংশকঃ প্রকৃতেরেবাবস্থাবিশেষ ইত্যর্থঃ॥ ১৪॥

একেতু পৌরুষং পুরুষস্যেশ্বরস্য প্রভাবং বিক্রমং কালমাহুঃ কর্ত্তুর্জীবস্য যতোভয়মিতি জীবক্ষোভকত্বেন কালো লক্ষিতঃ॥ ১৫

ভূমি, জল, অনল, বায়ু, আকাশ এই পঞ্চ মহাভূত। গন্ধ তন্মাত্র, রস তন্মাত্র, রূপ তন্মাত্র, স্পর্শ তন্মাত্র, শব্দ তন্মাত্র, এই পঞ্চ তন্মাত্র এবং শ্রোত্র, ত্বক্, চক্ষুঃ, জিহ্বা, ঘ্রাণ, তথা বাক্, পাণি, পাদ পায়ু, উপস্থ এই দশ ইন্দ্রিয়॥ ১২॥

এবং মনঃ, বুদ্ধি, অহঙ্কার ও চিত্ত এই চারি অন্তরিন্দ্রিয় যদিও অন্তঃকরণই অন্তরিন্দ্রিয়, তথাচ তাহার বৃত্তিভেদে উক্ত চারি প্রকার ভেদ হইয়া থাকে॥ ১৩॥

মা! আমি যে চতুর্বিংশতি তত্ত্ব বলিলাম তত্ত্বজ্ঞ পণ্ডিতগণ কর্ত্তৃক ঐ সকলের গণনা দ্বারাই তাহা সংখ্যাত হইয়াছে। এই চতুর্বিংশতি তত্ত্বই সগুণ ব্রহ্মের সন্নিবেশ স্থান, এতদ্ভিন্ন কাল পঞ্চবিংশ তত্ত্ব অর্থাৎ প্রকৃতির অবস্থা বিশেষ॥ ১৪॥

ঐ কালের প্রতি দুই প্রকার মত আছে, কোন কোন পণ্ডিতেরা ঈশ্বরের বিক্রমকেই কাল বলিয়া থাকেন। ঐ কাল হইতে প্রকৃতি প্রাপ্ত দেহে অহং বুদ্ধি দ্বারা বিমূঢ় জীবের ভয় উৎপন্ন হয়॥ ১৫॥

প্রকৃতের্গুণসাম্যস্য নির্ব্বিশেষস্য মানবি। চেষ্টা যতঃ স ভগবান্ কাল ইত্যুপলক্ষিতঃ॥ ১৬॥
অন্তঃ পুরুষরূপেণ কালরূপেণ যোবহিঃ। সমন্বেত্যেষ সত্ত্বানাং ভগবানাত্মমায়য়া॥ ১৭॥
দৈবাৎ ক্ষুভিতধর্ম্মিণ্যাং স্বস্যাং যোনৌ পরঃ পুমান্। আধত্ত বীর্য্যং সাসূত মহত্তত্ত্বং হিরণ্ময়ং॥ ১৮

শ্রীধরস্বামী।

সৃষ্টিহেতুত্বেন লক্ষয়তি প্রকৃতেরিতি॥ ১৬॥

কোঽসৌ ভগবাংস্তমাহ। অন্তঃ প্রাণিনাং যঃ পুরুষরূপেণ নিয়ন্তৃত্বেন সমন্বেতি সম্যক্ তদ্বিকার রহিত এবানুস্যূতো বর্ত্ততে। বহিশ্চ কালরূপেণ এব ভগবান্। যদ্বা যঃ পুরুষ ইতি প্রসিদ্ধঃ কালঃ স পঞ্চবিংশকঃ। একেতু পুরুষস্য প্রভাবং কালমাহুঃ প্রভাবস্যৈব লক্ষণং যত ইতি। পুরুষস্যৈব কাৰ্য্যত্বে হেতুঃ প্রকৃতেরিতি। উভয়থা বিবক্ষায়াং হেতুঃ অন্তরিতি। শেষং সমানং তদেবং প্রকৃতেশ্চতুর্বিংশতি ভেদাঃ জীবেশ্বরয়োঃ শ্চৈক্যবিবক্ষা অন্তঃ পঞ্চবিংশতিতত্ত্বানি ভবন্তি। তয়োর্ভেদবিবক্ষায়াং তু ষড়্বিংশতি র্ভবন্তি॥ ১৭॥

ইদানীং তত্ত্বানামুৎপত্তি পূর্ব্বকং লক্ষণান্যাহ দৈবাদিত্যাদিনা এতান্যসংহত্যোত্যতঃ প্রাক্তনেন গ্রন্থেন। তত্র চিত্তস্যোৎপত্তি পূর্ব্বকং লক্ষণমাহ চতুর্ভিঃ। দৈবাৎ জীবাদৃষ্টাৎ ক্ষুভিতা ধর্ম্মা গুণা যস্যাঃ। যোনৌ অভিব্যক্তি স্থানে প্রকৃতৌ বীর্য্যং চিচ্ছক্তিং সা প্রকৃতিঃ মহত্তত্ত্বমসূত। মহতঃ স্বরূপমাহ হিরণ্ময়ং প্রকাশবহুলং॥ ১৮॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র স্বমতমাহ। প্রকৃতেরিতি। স ভগবান্ পুরুষএব স্বাংশেন কালঃ তদেব মনেন লক্ষণেন কালস্য প্রাধানিকত্বং প্রত্যাখ্যাতং। তস্যাপি ক্ষোভহেতুত্বাৎ॥ ১৬॥

কালস্য জীবস্যাপি তত্তদংশত্বমেবাহ অন্তরিতি। সত্ত্বানাং দেবাদ্যাখ্যানামুপাধীনাং এবং পৌরুষে গণে দ্বিসংখ্যাকঃ কালোজীবশ্চেতি প্রকৃতিপুরুষৌ তু যৌ প্রাধানিক শ্চতুর্ব্বিংশতি সংখ্যঃ। ততো বিবেকে সত্যষ্টাবিংশতিরেব তত্ত্বানি॥ ১৭॥

দৈবমত্র কালএব। পূর্ব্বসংবাদাৎ। জীবাদৃষ্টস্যাপি প্রকৃতৌ লীনত্বাৎ। বীর্য্যং জীবাখ্য চিদ্রূপ শক্তিং। ইমাস্তিস্রো দেবতা ইতি শ্রুতেঃ॥ ১৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রকৃতিক্ষোভকত্বেনাপি তং লক্ষয়তি প্রকৃতেরিতি॥ ১৬॥

অতএব অন্তঃ পুরুষরূপেণান্তর্যামি রূপেণ নিয়ন্তা সমন্বেতি সম্যক্ তদ্বিকার রহিত এবানুস্যূতো বর্ত্ততে বহিশ্চ কাল রূপেণ নিয়ন্তা সত্ত্বানাং সর্ব্বপ্রাণিনাং তদেবং প্রাধানিকো গণশ্চতুর্বিংশতিসংখ্যঃ কালোজীবশ্চেতি দ্বৌ প্রকৃতিপুরুষৌচ দ্বৌ মিলিত্বা অষ্টাবিংশতিস্তত্ত্বানি ভবন্তি॥ ১৭॥

ইদানীং তত্ত্বে লক্ষয়িতব্যেষু প্রথমং চিত্তস্যোৎপত্তি পূর্ব্বকং লক্ষণমাহ। দৈবাৎ কালাৎ ক্ষুভিতা ধর্ম্মা গুণা যস্যাস্তস্যাং যোনাবভিব্যক্তিস্থানে বীর্য্যং জীবশক্ত্যাখ্যং চৈতন্যং সা প্রকৃতির্মহত্তত্ত্বমসূত হিরণ্ময়ং প্রকাশ বহুলং॥ ১৮॥

অপর কেহ কেহ কহেন ত্রিগুণের সাম্যাবস্থা রূপ প্রকৃতির চেষ্টা যাহা হইতে হয় সেই ভগবান্ই "কাল" নামে কথিত হয়েন॥ ১৬॥

ভগবান্ কে? তাহাও বলি শ্রবণ করুন, যিনি আত্মমায়া দ্বারা প্রাণিসকলের অন্তরে নিয়ন্তৃস্বরূপে এবং বহিঃকাল স্বরূপে সম্যক্ প্রকারে অর্থাৎ তাহাদের বিকারে অসংস্পৃষ্ট হইয়া অনুস্যূত আছেন তিনিই ভগবান্, তিনিই কাল, অর্থাৎ কালকেই পঞ্চবিংশ তত্ত্ব বলা যায়॥ ১৭॥

মা! এক্ষণে ঐ সকল তত্ত্বের উৎপত্তির প্রকার এবং তাহাদের যে রূপ লক্ষণ তাহা বর্ণন করি শ্রবণ করুন, জীবের অদৃষ্ট বশতঃ প্রকৃতির গুণক্ষোভ হইলে পরম পুরুষ সেই প্রকৃতির যোনিতে অর্থাৎ অভিব্যক্তি স্থানে আপনার চিৎস্বরূপ বীর্য্য আধান করেন, তাহাতে সেই প্রকৃতি মহত্তত্ত্বকে প্রসব করে। ঐ মহত্তত্ত্ব হিরণ্ময় অর্থাৎ প্রকাশ বহুল॥ ১৮॥

বিশ্বমাত্মগতং ব্যঞ্জন্ কূটস্থো জগদঙ্কুরঃ। স্বতেজসা পিবত্তীব্রমাত্মপ্রস্বাপনং তমঃ ॥ ১৯ ॥
যত্তৎ সত্ত্বগুণং স্বচ্ছং শান্তং ভগবতঃ পদং। যদাহুর্ব্বাসুদেবাখ্যং চিত্তং তন্মহদাত্মকং ॥ ২০ ॥
স্বচ্ছত্বমবিকারিত্বং শান্তত্বমিতি চেতসঃ। বৃত্তিভির্লক্ষণং প্রোক্তং যথাপাং প্রকৃতিঃ পরা ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

বিশ্বমহঙ্কারাদি প্রপঞ্চং আত্মগতং স্বস্মিন্ সূক্ষ্মরূপেণ স্থিতং ব্যঞ্জন্ প্রকটয়ন্ মহান্ তীব্রং প্রলয় কালীনং মহত্তমোঽপিবৎ। কূটস্থঃ লয়বিক্ষেপ শূন্যঃ। আত্মানং প্রস্বাপয়তীতি তথা যৎপূর্ব্বং প্রলয় সময়ে মহান্তং প্রকৃতৌ বিলাপয়ামাসেত্যর্থঃ ॥ ১৯ ॥

প্রসঙ্গাচ্চতুর্ব্ব্যূহোপাসনমাহ যত্তদিতি সর্ব্বাগমপ্রসিদ্ধত্বমাহ। স্বচ্ছং বিশদং শান্তং রাগাদি রহিতং। ভগবতঃ পদং উপলব্ধি স্থানং অতএব বাসুদেবাখ্যং যদাহুঃ অয়মর্থঃ অধিভূতরূপেণ তস্যৈব মহানিতি সংজ্ঞা। অধ্যাত্ম রূপেণ চিত্তমিতি। উপাস্য রূপেণ বাসুদেব ইতি। অধিষ্ঠাতা তু তস্য ক্ষেত্রজ্ঞঃ। এবমহঙ্কারে সংকর্ষণ উপাস্যঃ রুদ্রোঽধিষ্ঠাতা। মনসি অনিরুদ্ধ উপাস্যঃ চন্দ্রোঽধিষ্ঠাতা। বুদ্ধৌ প্রদ্যুম্ন উপাস্যঃ ব্রহ্মাধিষ্ঠাতেতি জ্ঞাতব্যং ॥ ২০ ॥

স্বচ্ছত্বং ভগবদ্বিম্বগ্রাহিত্বং। অবিকারিত্বং লয় বিক্ষেপ রাহিত্যং। অপাং প্রকৃতিঃ ফেণতরঙ্গাদি রহিতাবস্থা পরা ভূমিসংসর্গাৎ প্রাক্তনী সা যথা মধুরা স্বচ্ছা শীতাচ তদ্বদিত্যর্থঃ ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

কূটস্থঃ মনোবল্লয় বিক্ষেপ রহিতঃ। স্বতেজসা স্বপ্রভাবেণ তমঃ অজ্ঞানং ॥ ১৯ ॥

স্বচ্ছত্বাদেব ভগবৎ পদত্বং ততো দ্রব্যাদিমাত্র গ্রহণ হেতুত্বং জ্ঞেয়ং। যদাহুর্ব্বাসুদেবাখ্যমিত্যুপাস্য তদধিষ্ঠানয়োরভেদোক্তিস্তাদাত্ম্য ভাবনয়োপচারাৎ। টীকায়াং চিত্তমিত্যনন্তরং। ক্রিয়া শক্ত্যাত্মত্বেন সূত্রমিতি চ জ্ঞেয়ং ॥ ২০ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিশ্বমহঙ্কারাদি প্রপঞ্চং আত্মগতং স্বস্মিন্ সূক্ষ্মরূপেণ স্থিতং ব্যঞ্জয়ন্ প্রকটয়ন্ সর্ব্বত্র পুংস্ত্বং তত্ত্বপদ ত্যাগেন মহানিত্যেতস্যৈব বিশেষ্যীকৃতত্বাৎ। কূটস্থঃ মনোবল্লয়বিক্ষেপ শূন্যঃ আত্মানং প্রস্বাপয়তীতি তথা যত্তমঃ। পূর্ব্ব প্রলয় সময়ে মহান্তং প্রকৃতৌ বিলাপয়ামাসেত্যর্থঃ ॥ ১৯ ॥

যত্তৎ প্রসিদ্ধং চিত্তং তন্মহদাত্মকং মহত্তত্ত্বমেব দেহে চিত্ত রূপেণ তিষ্ঠতীত্যর্থঃ। স্বচ্ছং নির্ম্মলং শান্তং রাগাদিশূন্যং ভগবতঃ পদং উপাসনাপীঠং যদ্বৎ ভগবন্তং বাসুদেবাখ্যং আহুরিতি চিত্তাহঙ্কার বুদ্ধি মনঃসু ক্রমেণ বাসুদেব সঙ্কর্ষণ প্রদ্যুম্নানিরুদ্ধা উপাস্য দেবতাঃ চিত্তাদি শুদ্ধ্যর্থং জ্ঞেয়াঃ বিষ্ণু রুদ্র ব্রহ্ম চন্দ্রাস্ত্বধিষ্ঠাতারঃ ॥ ২০ ॥

নমু দেহস্থস্য চিত্তস্য সর্ব্বত্র স্বচ্ছত্বাদি গুণোলভাতে তত্রাহ। স্বচ্ছত্বং ভগবদ্বিম্বগ্রাহিত্বং অবিকারিত্বং লয় বিক্ষেপ রাহিত্যং শান্তত্বং রাগাদি রাহিত্যমিতি লক্ষণং চেতসশ্চিত্তস্য বৃত্তিভিঃ স্বাভাবিকীভিরেব প্রোক্তং যথা অপাং পরা প্রকৃতিরুৎকৃষ্টঃ স্বভাবঃ। তেন যথাপঃ স্বচ্ছাঃ ফেণ তরঙ্গাদি রহিতা মধুরাঃ শান্তা ভবন্তি। যথা চ ভূম্যাদিসংসর্গাদস্বচ্ছত্বাদিমত্যোভবন্তি তথৈব চিত্তমপি দুর্বিষয়ে আসক্তং চেতনাসংসর্গাদস্বচ্ছমপি ভবতীত্যর্থঃ ॥ ২১ ॥

ঐ তত্ত্ব কূটস্থ অর্থাৎ লয় বিক্ষেপ শূন্য এবং জগতের অঙ্কুর স্বরূপ, আপনাতে সূক্ষ্মরূপে অবস্থিত এই বিশ্বকে প্রকটিত করিয়া আপনার তেজঃ দ্বারা প্রলয়কালীন সুমহত্তমঃ পান করিল অর্থাৎ প্রলয় সময়ে যে তমঃ ঐ মহত্তত্ত্বকে প্রকৃতিতে লীন করিয়া রাখিয়াছিল তাহাকে দূরীকৃত করিয়া দিল ॥ ১৯ ॥

জননি! সত্ত্বগুণ যুক্ত, বিশদ, রাগাদি রহিত এবং উপলব্ধি স্থান যে চিত্ত তাহার নাম বাসুদেব, সেই চিত্তই ঐ মহত্তত্ত্বের স্বরূপ অর্থাৎ একচিত্তই অধিভূত রূপে বাসুদেব এবং অধিষ্ঠাতা রূপে ক্ষেত্রজ্ঞ হইয়া থাকে ॥ ২০ ॥

কিন্তু ভিন্ন ভিন্ন বৃত্তি দ্বারা সেই চিত্তের স্বচ্ছত্ব অর্থাৎ ভগবৎ প্রতিবিম্বের গ্রাহকত্ব, অবিকারিত্ব অর্থাৎ লয় বিক্ষেপ রাহিত্য এবং শান্তত্ব রূপ লক্ষণ জানিবেন। ফলতঃ যেমন জলের ফেণ তরঙ্গাদি রাহিত্য পরা প্রকৃতি, ভূমি সংসর্গ ভেদে মধুর, স্বচ্ছ এবং শীতল হয়, তাহার ন্যায় চিত্তেরও বৃত্তিভেদে ভিন্ন ভিন্ন লক্ষণ হইয়া থাকে ॥ ২১ ॥

মহত্তত্ত্বাদ্বিকুর্ব্বাণাদ্ভগবদ্বীর্য্যসম্ভবাৎ। ক্রিয়াশক্তিরহঙ্কারস্ত্রিবিধঃ সমপদ্যত ॥ ২২ ॥
বৈকারিকস্তৈজসশ্চ তামসশ্চ যতোভবঃ। মনসশ্চেন্দ্রিয়াণাঞ্চ ভূতানাং মহতামপি ॥ ২৩ ॥
সহস্রশিরসং সাক্ষাদ্যমনন্তং প্রচক্ষতে। সঙ্কর্ষণাখ্যং পুরুষং ভূতেন্দ্রিয় মনোময়ং ॥ ২৪ ॥
কর্তৃত্বং কারণত্বঞ্চ কার্য্যত্বঞ্চেতি লক্ষণং। শান্ত ঘোর বিমূঢ়ত্বমিতি বা স্যাদহঙ্কৃতেঃ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

অহঙ্কারস্যোৎপত্তি পূর্ব্বকং লক্ষণমাহ মহত্তত্ত্বাদিতি চতুর্ভিঃ ক্রিয়াসু শক্তির্যস্য স ক্রিয়াশক্তিঃ ॥ ২২ ॥
ত্রৈবিধ্যমাহ বৈকারিক ইতি তস্য কার্য্যমাহ। যতো যস্মাৎ মন আদীনাং ভব উৎপত্তিঃ ॥ ২৩ ॥
তস্মিন্নুপাস্যং ব্যূহমাহ। সহস্রশিরসমিতি ॥ ২৪ ॥
কর্তৃত্বং দেবতারূপেণ কারণত্বমিন্দ্রিয়রূপেণ কার্য্যত্বং ভূতরূপেণ শান্তত্বাদিকন্তু তৎ কারণগুণত্রয়রূপেণ ॥ ২৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

ক্রিয়াসু মন আদ্যুৎপাদনেষু শক্তির্যস্য সঃ ॥ ২২ ॥
মনস ইত্যুপলক্ষণং দেবানামপি ভূতানাং মহতামপীত্যত্র ভূতসূক্ষ্মাদি ক্রমস্তত্ত্বান্তরো জ্ঞেয়ঃ ॥ ২৩ ॥
যমহংকারং সাক্ষাদনন্তং প্রচক্ষতে উপাস্য তদধিষ্ঠানয়ো স্তাদাত্ম্যাপত্তিং দৃষ্ট্বা তত্তুল্যং বদন্তীত্যর্থঃ। সাক্ষাৎ প্রত্যক্ষ তুল্যয়োরিত্যমরঃ। অহঙ্কারং বিশিনষ্টি ভূতেতি। অনন্তং বিশিনষ্টি। সহস্র শিরসমিত্যাদি পদত্রয়েণ। তত্র সংকর্ষণাখ্যং পুরুষং প্রথমং পুরুষমিত্যর্থঃ ॥ ২৪ ॥
কর্তৃত্বং হেতুকর্তৃত্বং ॥ ২৫ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অহঙ্কারস্যোৎপত্তি পূর্ব্বকং লক্ষণমাহ মহত্তত্ত্বাদিতি। ক্রিয়াশক্তিরিত্যুপলক্ষণং জ্ঞানক্রিয়াদ্রব্যেষ্বপি তস্য শক্তিত্বাৎ ॥ ২২ ॥
যতোযেভ্যো বৈকারিক তৈজস তামসেভ্যো মন ইন্দ্রিয় ভূতানাং ক্রমেণ ভব উৎপত্তিঃ ॥ ২৩ ॥
তত্রোপাস্যদেবতামাহ সহস্রেতি। যমিতি মঞ্চাঃ ক্রোশন্তীতি ন্যায়েন যৎস্থমিত্যর্থঃ ॥ ২৪ ॥
কর্তৃত্বং দেবতা রূপেণ করণত্বমিন্দ্রিয় রূপেণ কার্য্যত্বং ভূতরূপেণ শান্তত্বাদিকং ত্রিগুণময়ত্বেন ॥ ২৫ ॥

এক্ষণে অহঙ্কার কিরূপে উৎপন্ন হয়, এবং তাহার লক্ষণ কি? শ্রবণ করুন্। ভগবানের বীর্য্য হইতে উৎপন্ন হইয়া ঐ মহত্তত্ত্ব বিকার প্রাপ্ত হইলে তাহা হইতে ক্রিয়া শক্তি প্রধান অহঙ্কারের উৎপত্তি হয়, ঐ অহঙ্কার তিন প্রকার ॥ ২২ ॥

যথা বৈকারিক, তৈজস এবং তামস। ঐ অহঙ্কার হইতে মনঃ, ইন্দ্রিয় এবং মহাভূত সকলের উৎপত্তি হয় ॥ ২৩ ॥

মা! এই অহঙ্কারের মধ্যেও উপাস্য দেব আছেন, যিনি সঙ্কর্ষণাখ্য সহস্র শীর্ষ পুরুষ, যাঁহাকে তত্ত্বজ্ঞ পণ্ডিতেরা সাক্ষাৎ অনন্ত বলিয়া থাকেন, তিনি এই অহঙ্কারের কার্য্য যে ভূত ইন্দ্রিয় এবং মনঃ, এ সকলের স্বরূপ ॥ ২৪ ॥

অপর ঐ অহঙ্কারের দেবতা রূপে কর্তৃত্ব এবং ইন্দ্রিয় রূপে করণত্ব ও ভূত রূপে কার্য্যত্ব আছে, আর শান্তত্ব, ঘোরত্ব এবং বিমূঢ়ত্ব এই তিনটীও ঐ অহঙ্কারে বিদ্যমান, কিন্তু এই তিন ইহার তিন কারণের গুণ স্বরূপে ইহাতে বর্ত্তমান আছে ॥ ২৫ ॥

বৈকারিকাদ্বিকুর্ব্বাণান্মনস্তত্ত্বমজায়ত । যৎসংকল্প বিকল্পাভ্যাং বর্ত্ততে কামসম্ভবঃ ॥ ২৬ ॥
যদ্বিদুর্হ্যনিরুদ্ধাখ্যং হৃষীকাণামধীশ্বরং । শারদেন্দীবরশ্যামং সংরাধ্যং যোগিভিঃ শনৈঃ ॥ ২৭ ॥
তৈজসাত্তু বিকুর্ব্বাণাদ্বুদ্ধিতত্ত্বমভূৎ সতি । দ্রব্যস্ফুরণবিজ্ঞানমিন্দ্রিয়াণামনুগ্রহঃ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী ।

মনস উৎপত্তি পূর্ব্বকং লক্ষণমাহ বৈকারিকাদিতি দ্বাভ্যাং । সংকল্পঃ চিন্তনং বিকল্পো বিশেষচিন্তনং যস্য মনসঃ সংকল্পবিকল্পাভ্যাং কামসম্ভবো বর্ত্ততে ইতি কামরূপা বৃত্তি র্লক্ষণত্বেনোক্তা নতু প্রদ্যুম্নব্যূহোৎপত্তিঃ তস্য সংকল্পাদি কার্য্যাভাবাৎ । উপাস্য ব্যূহস্য চানিরুদ্ধস্যোক্তেঃ ॥ ২৬ ॥

শারদং শরৎকালীনমিন্দীবরং নীলোৎপলং তদিব শ্যামং যচ্ছনৈঃ সংরাধ্যং বশীকর্ত্তুং যোগ্যং দুগ্রহত্বাৎ ॥ ২৭ ॥

বুদ্ধেরুৎপত্তি পূর্ব্বকং লক্ষণমাহ তৈজসাদিতি দ্বাভ্যাং । হে সতি দ্রব্যস্ফুরণ রূপং বিজ্ঞানমিতি চিত্তব্যাবৃত্ত্যর্থমুক্তং । ইন্দ্রিয়াণামনুগ্রহ ইতি সবিকল্পকজ্ঞানে হৃষীকাণামধীশ্বরমিতি যদুক্তং তত্তু নির্ব্বিকল্পকজ্ঞানে ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ ।

যদ্বিদুরিতি পূর্ব্ববৎ ॥ ২৭ ॥

তৈজসাদিকমিতি যুগ্মকং । চিত্তস্য গ্রহণমাত্রং বুদ্ধেস্তু দ্রব্য স্ফুরণরূপং বিজ্ঞানং বিজ্ঞানমত্র বিচারঃ মনসস্তু চিন্তনমাত্রং । তদিদঞ্চ সবিকল্পক জ্ঞানানন্তরং তদিদমিতি স্মৃতিঃ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

যন্মতো মনসঃ সংকল্পঃ সামান্যতোবিষয় জিঘৃক্ষা সামান্য বিষয়স্যৈব বিবধ সংকল্পনেন বিশেষতো জিঘৃক্ষাবিকল্পশ্চ তাভ্যাং কামস্য মনোরথস্য সংভবোভবতি ॥ ২৬ ॥

যৎ যৎস্থং ॥ ॥ ২৭ ॥

দ্রব্যস্ফুরণরূপং বিজ্ঞানমিতি চিত্তব্যাবৃত্ত্যর্থং চেতনারূপং বিজ্ঞানন্তু চিত্তধর্ম্মোজ্ঞেয়ঃ । ইন্দ্রিয়াণামনুগ্রহ ইতি বুদ্ধ্যা বিনা পঞ্চেন্দ্রিয়াণি ন প্রবর্ত্তিতুং শক্নুবন্তীত্যর্থঃ যদ্যপি চিত্তাহঙ্কার মনাংস্যপীন্দ্রিয়ানুগ্রাহকাণি তদপি বুদ্ধ্যা তদনুগ্রহ বিশেষো জ্ঞেয়ঃ । তথাহি শব্দং শৃণোমীত্যত্র প্রথমং চিত্তেন চেতনামাত্রং নিধীয়তে । বুদ্ধ্যা শব্দোঽয়মিতি স্ফূর্ত্তিঃ মনসা শব্দে জিঘৃক্ষা অহঙ্কারেণ তত্র স্বাভিমানার্পণমিতি ভেদঃ । দ্রব্য স্ফুরণস্যৈব প্রপঞ্চঃ ॥ ২৮ ॥

এক্ষণে মনের উৎপত্তি কি রূপে হয় তাহার লক্ষণ কি বলি শ্রবণ করুন । পূর্ব্বে যে বৈকারিক অহঙ্কারের কথা বলিয়াছি, সেই বৈকারিক অহঙ্কার বিকার প্রাপ্ত হইলে অর্থাৎ সৃষ্ট্যর্থ উন্মুখ হইলে তাহা হইতে মনস্তত্ত্ব উৎপন্ন হয়, ঐ মনের সঙ্কল্প (চিন্তা) এবং বিকল্প (বিশেষ চিন্তা) দ্বারা কামের উৎপত্তি হয়, অর্থাৎ কাম রূপা যে বৃত্তি তাহাই মনের লক্ষণ ॥ ২৬ ॥

তত্ত্বজ্ঞেরা ঐ মনস্তত্ত্বকেই ইন্দ্রিয়গণের অধীশ্বর অনিরুদ্ধ বলিয়া জানেন,তিনি শরৎকালীন নীলোৎপলের ন্যায় শ্যামবর্ণ এবং যোগিরা তাঁহাকে ক্রমে ক্রমে বশীভূত করিতে পারেন ॥ ২৭ ॥

মা ! এক্ষণে বুদ্ধিতত্ত্বের উৎপত্তি ও তাহার লক্ষণ বলি শ্রবণ করুন । তৈজস তত্ত্বও বিকার প্রাপ্ত হইলে তাহা হইতে বুদ্ধিতত্ত্ব উৎপন্ন হয়, তাহা দ্রব্য স্ফুরণ রূপ যে বিজ্ঞান তৎস্বরূপ এবং ইন্দ্রিয় সকলের অনুগ্রহ রূপও বটে অর্থাৎ বুদ্ধিতত্ত্ব ব্যতিরেকে পঞ্চ জ্ঞানেন্দ্রিয় কোন বিষয়েই প্রবর্ত্ত হইতে সমর্থ হয় না, যদিও চিত্ত, অহঙ্কার এবং মনঃ ইহাদের ইন্দ্রিয় সকলের প্রতি অনুগ্রহ আছে তথাপি বুদ্ধির তদ্বিষয়ে বিশেষ অনুগ্রহ বলিতে হইবে, যথা শব্দ শুনিলাম ইত্যাদি স্থলে প্রথমতঃ চিত্তের চেতন মাত্র বিধান, বুদ্ধি দ্বারা এইটী শব্দ এরূপ স্ফূর্ত্তি, মনের দ্বারা চিন্তন এবং অহঙ্কারের স্বীয় অভিমান অর্থাৎ আমি শুনিলাম এ প্রকার জ্ঞান এই মাত্র প্রভেদ ॥ ২৮ ॥

সংশয়োথ বিপর্য্যাসো নিশ্চয়ঃ স্মৃতিরেবচ। স্বাপ ইত্যুচ্যতে বুদ্ধের্লক্ষণং বৃত্তিতঃ পৃথক্ ॥ ২৯ ॥
তৈজসানীন্দ্রিয়াণ্যেব ক্রিয়াজ্ঞান বিভাগশঃ। প্রাণস্যহি ক্রিয়াশক্তির্বুদ্ধে র্বিজ্ঞান শক্তিতা ॥ ৩০
তামসাচ্চ বিকুর্ব্বাণাদ্ভগবদ্বীর্য্যচোদিতাৎ। শব্দমাত্রমভূত্তস্মান্নভঃ শ্রোত্রন্তু শব্দগং ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

দ্রব্য স্ফুরণস্যৈব প্রপঞ্চঃ সংশয়াদিঃ। বিপর্য্যাসো মিথ্যাজ্ঞানং। নিশ্চয়ঃ প্রমাণজ্ঞানং স্বাপো নিদ্রা। প্রমাণ বিপর্য্যয় বিকল্প নিদ্রা স্মৃতয় ইতি পাতঞ্জলোক্তেঃ ॥ ২৯ ॥

ইন্দ্রিয়াণামুৎপত্তিমাহ তৈজসানি তৈজসাহঙ্কারাজ্জাতানি জ্ঞানেন্দ্রিয়াণাং বৈকারিকত্ব শঙ্কা নিবৃত্ত্যর্থমেবকারঃ। দ্বিবিধান্যপি ইন্দ্রিয়াণি তৈজসান্যেবেত্যন্বয়ঃ। তত্র হেতুঃ প্রাণস্যেতি হি যস্মাৎ প্রাণস্য ক্রিয়াশক্তিঃ বুদ্ধেশ্চ বিজ্ঞানশক্তিতা। অতঃ প্রাণস্য তৈজসত্বাৎ তদীয় ক্রিয়াশক্তিমতামপি ইন্দ্রিয়াণাং তৈজসত্বং তথা বুদ্ধে স্তৈজসত্বাৎ তদীয় জ্ঞান শক্তি মতামপি ইন্দ্রিয়াণাং তৈজসত্ব মিত্যর্থঃ ॥ ৩০ ॥

তন্মাত্রোৎপত্তি পূর্ব্বকমাকাশাদি মহাভূতোৎপত্তিং তল্লক্ষণঞ্চাহ তামসাদিতি পঞ্চদশভিঃ। শ্রোত্রন্তু শব্দগমিত্যাদিভিঃ বিষয়োৎপত্ত্যনন্তরং তৎ সম্বন্ধমাত্রং কথ্যতে নতূৎপত্তিঃ প্রাগেবোৎপন্নত্বাৎ শব্দং গচ্ছতি প্রাপ্নোতীতি শব্দগং ॥ ৩১ ॥

ক্রমসন্দর্ভঃ।

বুদ্ধেস্তু সংশয়াদি জ্ঞানানন্তরং তত্ত্ববিশেষ চিন্তন রূপেতি ভেদঃ। অত্রতু বুদ্ধাবধিষ্ঠাতা ব্রহ্মা উপাস্যঃ প্রদ্যুম্নো জ্ঞেয়ঃ। পূর্ব্ববদুপাসনার্থমভেদ উক্তঃ ॥ ২৯ ॥

জ্ঞানেন্দ্রিয়াণামপি তৈজসত্বং স বিকল্পক জ্ঞানত্বেন রজঃ প্রচুরত্বাৎ ॥ ৩০ ॥

ভগবদ্বীর্য্যং কাল রূপস্তৎ প্রভাবঃ। শ্রোত্রন্তু শব্দগমিত্যনেন তটস্থলক্ষণং লক্ষ্যতে। শ্রোত্রগ্রাহ্যত্বং শব্দত্বমিতি। অন্যদন্যত্তু বিবরণমাত্রং। এবমুত্তরত্রাপি ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সংশয়াদিঃ। বিপর্য্যাসোমিথ্যাজ্ঞানং নিশ্চয়প্রমাণজ্ঞানং স্বাপোনিদ্রা প্রমাণ বিপর্য্যয় বিকল্প নিদ্রা স্মৃতয় ইতি পাতঞ্জলোক্তেঃ ॥ ২৯ ॥

ইন্দ্রিয়াণি তৈজসান্যেব তৈজসাহঙ্কারাজ্জাতানি জ্ঞানেন্দ্রিয়াণাং বৈকারিকত্বশঙ্কানিবৃত্ত্যর্থমেবকারঃ দ্বিবিধানামপীন্দ্রিয়াণাং তৈজসত্বে হেতুঃ .প্রাণস্যেতি হি যস্মাৎ প্রাণস্য ক্রিয়াশক্তিরতঃ প্রাণস্য তৈজসত্বাত্তৎ ক্রিয়াশক্তিমতামপীন্দ্রিয়াণাং তৈজসত্বং। তথাবুদ্ধের্বিজ্ঞানশক্তিতা অতো বুদ্ধেঃ সবিকল্পক জ্ঞান বৃত্তিত্বেন রজঃ প্রচুরত্বাৎ তৈজসত্বেন তদীয় জ্ঞানশক্তিমতামিন্দ্রিয়াণামপি তৈজসত্বং ॥ ৩০ ॥

ভগবদ্বীর্য্যং কালরূপস্তৎ প্রভাবত্বেন প্রেরিতাৎ স শব্দঃ কেন গৃহ্যতে ইত্যপেক্ষায়ামাহ শ্রোত্রং তৈজসাহঙ্কারকার্য্যং শ্রোত্রেন্দ্রিয়ং কর্তৃ শব্দং গচ্ছতি প্রাপ্নোতীতি তৎ ॥ ৩১ ॥

এই বুদ্ধির বৃত্তিভেদে সংশয় (সন্দেহ) বিপর্য্যাস অর্থাৎ মিথ্যাজ্ঞান, নিশ্চয় (প্রমাণ জ্ঞান) স্মৃতি এবং নিদ্রা এই কএকটী লক্ষণ ॥ ২৯ ॥

এক্ষণে ইন্দ্রিয় সকলের উৎপত্তির বিবরণ বলি শ্রবণ করুন, ক্রিয়া ও জ্ঞানরূপ বিভাগ হেতু ইন্দ্রিয় দুই প্রকার হয়, যথা— কর্ম্মেন্দ্রিয় ও জ্ঞানেন্দ্রিয়, এই দ্বিবিধই তৈজস অর্থাৎ রজোগুণ প্রভব অহঙ্কার হইতে উৎপন্ন, যে হেতু প্রাণের ক্রিয়াশক্তি ও বুদ্ধির বিজ্ঞান শক্তি অতএব প্রাণ তৈজস হওয়াতে তদীয় জ্ঞানশক্তি যুক্ত ইন্দ্রিয় সকলেরও তৈজসত্ব জানিবেন ॥ ৩০ ॥

সে যাহা হউক এখন তন্মাত্র সকলের উৎপত্তি পূর্ব্বক মহাভূতের উৎপত্তি ও লক্ষণ বলি শ্রবণ করুন। তামস অহঙ্কারতত্ত্ব ভগবানের বীর্য্যে অর্থাৎ কাল প্রভাবে প্রেরিত হইয়া বিকার প্রাপ্ত হওয়াতে তাহা হইতে শব্দ তন্মাত্র উৎপন্ন হয়। ঐ তন্মাত্র হইতে আকাশ এবং শব্দ গ্রহণকারী শ্রোত্র হয় ॥ ৩১ ॥

অর্থাশ্রয়ত্বং শব্দস্য দ্রষ্টুর্লিঙ্গত্বমেবচ। তন্মাত্রত্বঞ্চ নভসো লক্ষণং কবয়ো বিদুঃ ॥ ৩২ ॥
ভূতানাং ছিদ্রদাতৃত্বং বহিরন্তরমেবচ। প্রাণেন্দ্রিয়াত্মধিষ্ণ্যত্বং নভসো বৃত্তিলক্ষণং ॥ ৩৩ ॥
নভসঃ শব্দতন্মাত্রাৎ কালগত্যা বিকুর্ব্বতঃ। স্পর্শোভবত্ততো বায়ুস্ত্বক্ স্পর্শস্যচ সংগ্রহঃ ॥ ৩৪
মৃদুত্বং কঠিনত্বঞ্চ শৈত্যমুষ্ণত্বমেবচ। এতৎ স্পর্শস্য স্পর্শত্বং তন্মাত্রত্বং নভস্বতঃ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

শব্দস্য লক্ষণমাহ অর্থাশ্রয়ত্বং অর্থবাচকত্বং দ্রষ্টুর্লিঙ্গত্বং কুড্যান্তরিতস্য বক্তুর্জ্ঞাপকত্বং। তদুক্তং লিঙ্গং যৎ দ্রষ্টৃ দৃশ্যয়োরিতি নভসঃ তন্মাত্রত্বং সূক্ষ্মত্বং শব্দস্য লক্ষণমিত্যন্বয়ঃ ॥ ৩২ ॥

ছিদ্র দাতৃত্বমবকাশদাতৃত্বং। বহিরন্তর ব্যবহারাস্পদত্বং। আত্মা মনঃ প্রাণাদীনাং ধিষ্ণ্যত্বমাশ্রয়ত্বং নাড্যাদি ছিদ্ররূপেণ বৃত্তিঃ কার্য্যমেব লক্ষণং বৃত্তিলক্ষণং। এবমুত্তরত্রাপি। একেন শ্লোকেন তন্মাত্র মহাভূতয়োরুৎপত্তিঃ। দ্বিতীয়েন তন্মাত্র লক্ষণং তৃতীয়েন মহাভূত লক্ষণং ইত্যনুসন্ধেয়ং ॥ ৩৩ ॥

সা ত্বক্ স্পর্শস্য সংগ্রহঃ সম্যক্ গ্রহণং যয়া পুংস্ত্বং নিয়তলিঙ্গত্বাৎ যদ্বা স্পর্শস্য সংগ্রহস্ততো ভবতীতি শেষঃ শব্দ তন্মাত্রা-দিত্যাদি তন্মাত্রাণামুত্তরোত্তরান্বয়ার্থমুক্তং ॥ ৩৪ ॥

স্পর্শত্বং স্বরূপ লক্ষণমিত্যর্থঃ। নভস্বতো বায়োস্তন্মাত্রত্বঞ্চ ॥ ৩৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

অর্থাশ্রয়ত্বং শব্দবিশেষস্য। দ্রষ্টুর্লিঙ্গত্বঞ্চ। স্বরূপ লক্ষণন্তু তন্মাত্রত্বং নভস ইতি লক্ষণঞ্চেদমভেদ বিবক্ষয়ৈব। বস্তু তস্তু শব্দাদয়োদ্বিবিধা। আকাশাদি দ্রব্যাণাং সূক্ষ্মাবস্থা গুণাবস্থাশ্চ। তত্রাদ্যাস্তন্মাত্ররূপাঃ অর্থাশ্রয়াদি রূপাস্ত্বন্যে ইতি ॥ ৩২ ॥ ৩৩ ॥ ৩৪ ॥ ৩৫ ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শব্দস্য লক্ষণং কবয় আহুঃ কিন্তৎ। অর্থাশ্রয়ত্বং অর্থবাচকত্বং দ্রষ্টুর্লিঙ্গত্বং রামকৃষ্ণাদি লীলা দ্রষ্টৃ ব্যাসশুকাদি জ্ঞাপকত্বং। যদ্বা কুড্যান্তরিতস্যাপি বক্তুর্জ্ঞাপকত্বং তথা নভসস্তন্মাত্রত্বং আকাশ সূক্ষ্মরূপত্বং ॥ ৩২ ॥

আকাশস্য লক্ষণমাহ ছিদ্রদাতৃত্বং বহিরন্তরং অবকাশদাতৃত্বং বহিরন্তর ব্যবহারাস্পদত্বং। প্রাণেন্দ্রিয় মনসাং ধিষ্ণ্যত্বং নাড্যাদি ছিদ্ররূপেণাশ্রয়ত্বং নভসো বৃত্তিভির্ধর্ম্মৈর্লক্ষণং ॥ ৩৩ ॥

শব্দএব তন্মাত্রং যস্য তথাভূতান্নভসঃ সকাশাৎ সংগ্রহঃ সম্যক্ গৃহ্যতেঽনয়েতি করণে অপ্। ত্বক্ ত্বগিন্দ্রিয়ং স্পর্শ গ্রহণে করণমিত্যর্থঃ ॥ ৩৪ ॥

স্পর্শস্য লক্ষণমাহ। স্পর্শত্বং স্বরূপ লক্ষণমিত্যর্থঃ। নভস্বতো বায়োস্তন্মাত্রত্বং ॥ ৩৫ ॥

মা! শব্দ কাহাকে বলে জানেন, আকাশের যে তন্মাত্র অর্থাৎ সূক্ষ্মত্ব আছে পণ্ডিতেরা তাহাকেই শব্দের লক্ষণ বলিয়া থাকেন। ঐ শব্দ অর্থের আশ্রয় এবং দ্রষ্টার লিঙ্গ অর্থাৎ ভিত্তির ব্যবধানে থাকিয়া কেহ কোন শব্দ করিলে উহা সেই বক্তাকে প্রকাশ করিয়া থাকে ॥ ৩২ ॥

আকাশের বৃত্তি ও লক্ষণ কি রূপ তাহাও বলি শ্রবণ করুন। প্রাণি সকলের অবকাশ দান এবং বাহ্যাভ্যন্তরে ব্যবহারাস্পদ হওয়া, আর প্রাণ, ইন্দ্রিয় এবং মনঃ এই তিনের আশ্রয় হওয়া, এই সকল আকাশের বৃত্তি ও লক্ষণ ॥ ৩৩ ॥

উক্ত শব্দ তন্মাত্র রূপ আকাশ কাল বশতঃ বিকার প্রাপ্ত হওয়াতে তাহা হইতে স্পর্শ তন্মাত্র এবং তৎপশ্চাৎ বায়ু ও ত্বক্ উৎপন্ন হয়, সেই ত্বক্ হইতেই সম্যক্ রূপে স্পর্শজ্ঞান জন্মিয়া থাকে ॥ ৩৪ ॥

স্পর্শের স্বরূপ ও লক্ষণ কি তাহাও শ্রবণ করুন। মৃদুত্ব, কঠিনত্ব, শীতলত্ব এবং উষ্ণত্ব, এই সকলের নাম স্পর্শত্ব ঐ স্পর্শত্বকেই বায়ু তন্মাত্র বলে ॥ ৩৫ ॥

চালনং ব্যূহনং প্রাপ্তির্নেতৃত্বং দ্রব্যশব্দয়োঃ। সর্ব্বেন্দ্রিয়াণামাত্মত্বং বায়োঃ কর্ম্মাভিলক্ষণং।
বায়োশ্চ স্পর্শতন্মাত্রাদ্রূপং দৈবেরিতাদভূৎ। সমুত্থিতং ততস্তেজশ্চক্ষু রূপোপলম্ভনং ॥ ৩৬ ॥
দ্রব্যাকৃতিত্বং গুণতা ব্যক্তি সংস্থাত্বমেবচ। তেজস্ত্বং তেজসঃ সাধ্বি রূপমাত্রস্য বৃত্তয়ঃ ॥ ৩৭ ॥
দ্যোতনং পচনং পানমদনং হিমমর্দ্দনং। তেজসো বৃত্তয়স্ত্বেতাঃ শোষণং ক্ষুত্তৃড়েবচ ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

চালনং বৃক্ষশাখাদেঃ ব্যূহনং মেলনং তৃণাদেঃ প্রাপ্তিঃ সংযোগঃ দ্রব্যস্য গন্ধবতো ঘ্রাণং প্রতি তথা শৈত্যাদিমতঃ স্পর্শনং প্রতি শব্দস্য শ্রোত্রং প্রতি নেতৃত্বং সর্ব্বেন্দ্রিয়াণামাত্মত্বং উপোদ্বলকত্বং। কর্ম্মণা কার্য্যেণাভিলক্ষণং ভাবে ল্যুট্। কর্ম্মৈবাভি লক্ষণমিতি বিগ্রহেতু করণে ॥ ৩৬ ॥

দ্রব্যাকৃতিত্বং দ্রবস্যাকার সমর্পকত্বং গুণতা দ্রব্যোপসর্জন তয়া প্রতীতিঃ। শব্দস্য তু স্বাতন্ত্র্যেণৈব প্রতীতিঃ। অপ্রত্যক্ষ দ্রব্যস্ত স্পর্শাদেরপি স্বাতন্ত্র্যেণৈব প্রতীতিঃ। রূপস্য তু নৈবমিতি তস্যায়ং বিশেষ উক্তঃ। ব্যক্তিসংস্থাত্বং দ্রব্যস্য যা সংস্থা সন্নিবেশঃ সৈব সংস্থা সংনিবেশঃ যস্য দ্রব্যপরিণাম তয়া প্রতীতিরিত্যর্থঃ। তেজসস্তেজস্ত্বমসাধারণত্বং ॥ ৩৭ ॥

দ্যোতনং প্রকাশকং। পচনং তণ্ডুলাদেঃ। ক্ষুত্তৃট্ অশনা পিপাসাচ তদ্দ্বারেণ পানমদনঞ্চ ॥ ৩৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

তেজসস্তেজস্ত্বমসাধারণত্বমিতি তদ্বোধকমিত্যর্থঃ। রূপেণৈবহি তেজসোঽসাধারণত্বং গম্যতে। অসাধারণ রূপবদ্দ্রব্যং তেজ ইতি ॥ ৩৭ ॥ ৩৮ ॥ ৩৯ ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বায়োর্লক্ষণমাহ। চাননং বৃক্ষ শাখাদেঃ। ব্যূহনং মেলনং তৃণাদেঃ। প্রাপ্তি র্বস্তুমাত্রেণ সংযোগঃ দ্রব্য শব্দয়োঃ দ্রব্যস্য গন্ধবতোঘ্রাণং প্রতি শৈত্যাদিমতত্বচং প্রতি। শব্দস্য শ্রোত্রং প্রতি নেতৃত্বং। অত্র প্রাপ্তিঃ সংযোগ এব চালন ব্যূহন নেতৃত্বানি সংযোগ বিশেষ ইতি জ্ঞেয়ং। সর্ব্বেন্দ্রিয়াণামাত্মত্বং সংজীবকত্বং বায়োঃ কর্ম্মৈব অভিসর্ব্বতোভাবেন লক্ষণং লক্ষ্যতে হনেনেতি লক্ষণং করণে ল্যুট্ ॥ ৩৬ ॥

রূপস্য লক্ষণমাহ দ্রব্যস্যাকৃতিত্বং আকার সমর্পকত্বং। গুণতাদ্রব্যোপসর্জ্জনতয়া প্রতীতিঃ শব্দস্তু স্বাতন্ত্র্যেণৈব প্রতীতিঃ। অপ্রত্যক্ষ দ্রব্যস্য স্পর্শাদেব স্বাতন্ত্র্যেণৈব প্রতীতিঃ। রূপস্তু নৈবং। ব্যক্তিসংস্থাত্বং। ব্যক্তের্দ্রব্যস্য যা সংস্থা সংনিবেশঃ সৈব সংস্থা যস্য তস্য ভাবস্তত্বং দ্রব্যপরিমাণেনৈব যৎপরিমাণপ্রতীতিরিতার্থঃ। তেজসস্তেজস্ত্বং তন্মাত্রত্বং। বৃত্তয়োধর্ম্মাঃ ॥ ৩৭ ॥

তেজসো লক্ষণমাহ দ্যোতনং প্রকাশনং। পচনং তণ্ডুলাদেঃ ক্ষুৎ ক্ষুধা তৃট্ তৃষ্ণা তদ্দ্বারেণ অদনং পচনং চ ॥ ৩৮ ॥ ৩৯ ॥

মা! বায়ুর লক্ষণ শুনিবেন, বৃক্ষশাখাদি সঞ্চালন, তৃণাদির একত্র মিলন, সংযোজন, গন্ধান্বিত দ্রব্যকে ঘ্রাণের প্রতি তথা শৈত্যাদি গুণ যুক্ত দ্রব্যকে স্পর্শের প্রতি, আর শব্দকে শ্রোত্রের প্রতি লইয়া যাওন ইত্যাদি সকল বায়ুর কর্ম্ম, এতদ্ভিন্ন সকল ইন্দ্রিয়ের আত্মত্ব অর্থাৎ সঞ্চালকত্ব ও তাহার কর্ম্ম, অর্থাৎ ইহাদের দ্বারাই তাহার জ্ঞান হইয়া থাকে।

উক্ত স্পর্শতন্মাত্র রূপ বায়ু, ঈশ্বরেচ্ছায় প্রেরিত হইয়া বিকার প্রাপ্ত হইলে তাহা হইতে রূপ, তদনন্তর তেজঃ এবং রূপের গ্রাহক চক্ষুঃ উৎপন্ন হয় ॥ ৩৬ ॥

সাধ্বি! এক্ষণে তেজের বৃত্তি ও তাহার লক্ষণ বলি শ্রবণ করুন। দ্রব্যের আকার সম্পর্ক হওয়া, গুণতা অর্থাৎ দ্রব্যের বিশেষার্থ দ্যোতক জ্ঞান এবং ব্যক্তি সংস্থাত্ব অর্থাৎ দ্রব্যের পরিণামত্ব রূপে প্রতীতি, এই সকলই তেজের তেজস্ত্ব অর্থাৎ অসাধারণ লক্ষণ ॥ ৩৭ ॥

দ্যোতন (প্রকাশ করণ) পচন, (তণ্ডুলাদি পাক করণ) অশনা পিপাসা দ্বারা পান এবং ভোজন, শোষণ, হিমমর্দ্দন ইত্যাদিও ঐ তেজের বৃত্তি ॥ ৩৮ ॥

রূপমাত্রাদ্বিকুর্ব্বাণাত্তেজসো দৈবচোদিতাৎ। রসমাত্রমভূত্তস্মাদম্ভো জিহ্বারসগ্রহঃ॥ ৩৯॥
কষায়ো মধুরস্তিক্তঃ কট্বম্ল ইতি নৈকধা। ভৌতিকানাং বিকারেণ রস একো বিভিদ্যতে॥ ৪০॥
ক্লেদনং পিণ্ডনং তৃপ্তিঃ প্রাণনাপ্যায়নোন্দনং। তাপাপনোদো ভূয়স্ত্বমম্ভসো বৃত্তয়স্ত্বিমাঃ॥ ৪১॥
রসমাত্রাদ্বিকুর্ব্বাণাদম্ভসোদৈবচোদিতাৎ। গন্ধমাত্রমভূত্তস্মাৎ পৃথ্বী ঘ্রাণস্তু গন্ধগঃ॥ ৪২॥
করম্ভ পূতি সৌরভ্য শান্তোদগ্রাদিভিঃ পৃথক্। দ্রব্যাবয়ববৈষম্যাদ্গন্ধ একো বিভিদ্যতে॥ ৪৩॥

শ্রীধরস্বামী।

জিহ্বা রসনেন্দ্রিয়ং রসো গৃহ্যতে অনয়েতি রসগ্রহঃ। যদ্বা রসগ্রহ স্ততো ভবতীতি শেষঃ॥ ৩৯॥

কষায়াদিষু লবণোপি দ্রষ্টব্য ভৌতিকানাং সংসর্গি দ্রব্যাণাং য একো মধুর এব সন্ এবমনেকধা ভিদ্যতে স রস ইত্যর্থঃ॥ ৪০

ক্লেদনমার্দ্রী করণং। পিণ্ডনং মৃদাদেঃ পিণ্ডীকরণং। তৃপ্তিঃ তৃপ্তিদাতৃত্বং। প্রাণনং জীবনং আপোময় প্রাণ ইতিশ্রুতেঃ। আপ্যায়নং তৃড়্বৈক্লব্য নিবর্ত্তনং। উন্দনং মৃদূকরণং উন্দনমিতি পাঠে স এবার্থঃ। ভূয়স্ত্বং কূপাদাবুদ্ধৃতস্যাপি পুনঃ পুনঃ রূদ্গমঃ॥ ৪১॥

গন্ধগঃ গন্ধং প্রাপ্নোতি॥ ৪২॥

করম্ভো মিশ্রগন্ধঃ যথা ব্যঞ্জনাদীনাং হিঙ্গ্বাদি সংস্কারে পূতি দুর্গন্ধঃ সৌরভ্যং কর্পূরাদেঃ শান্তঃ শতপত্রাদেঃ উদগ্রো লশুনাদেঃ

ক্রমসন্দর্ভঃ।

ভূয়স্ত্বং চন্দ্রাদিদর্শনেন সমুদ্রাদাবিব॥ ৪১॥ ৪২॥ ৪৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রসস্য লক্ষণমাহ কষায় ইতি। কষায়াদিষু লবণোপি দ্রষ্টব্যঃ। ভৌতিকানাং সংসর্গি দ্রব্যাণাং য একো মধুর এব সন্ এবমনেকধা ভিদ্যতে স রস ইত্যর্থঃ॥ ৪০॥

অম্ভসো লক্ষণমাহ। ক্লেদনমার্দ্রীকরণং পিণ্ডনং মৃদাদেঃ পিণ্ডীকরণং। তৃপ্তিস্তৃপ্তিদাতৃত্বং। প্রাণনং জীবনং আপোময়ঃ প্রাণ ইতি শ্রুতেঃ। আপ্যায়নং তৃড়্বৈক্লব্য নিবর্ত্তনং উন্দনং মৃদূকরণং। উন্দনমিতি পাঠেপি সএবার্থঃ। ভূয়স্ত্বং কূপাদাবুদ্ধৃতস্যাপি পুনঃ পুনরুদ্গমঃ॥ ৪১॥ ৪২॥

গন্ধস্য লক্ষণমাহ। করম্ভোমিশ্রগন্ধঃ। যথা ব্যঞ্জনাদীনাং হিঙ্গ্বাদিসংস্কারে পূতির্দুর্গন্ধঃ॥ ৪৩॥

মা! এক্ষণে রসের লক্ষণ বলি শ্রবণ করুন, রূপ তন্মাত্র স্বরূপ তেজঃ ভগবদিচ্ছায় প্রেরিত হইলে তাহা হইতে রস তন্মাত্র উৎপন্ন হয়, তাহা হইতে জল এবং রসনেন্দ্রিয় হয়, তদ্দারাই রসের গ্রহণ হইয়া থাকে॥ ৩৯॥

সেই রস এক (মধুর মাত্র) হইয়াও সংসর্গিদ্রব্য সকলের বিকার বশতঃ কষায়, মধুর, কটু, অম্ল, লবণ, এই রূপে অনেক প্রকারে বিভিন্ন হয়॥ ৪০॥

ঐ জলের বৃত্তি অনেক প্রকার, ক্লেদন (আর্দ্রী করণ) পিণ্ডন (মৃত্তিকাদির পিণ্ডীকরণ) তৃপ্তিদান, প্রাণন, (জীবন) আপ্যায়ন (তৃষ্ণাদি জনিত বৈক্লব্য নিবারণ) উন্দন (মৃদুকরণ) তাপ নিবারণ এবং ভূয়স্ত্ব অর্থাৎ কূপাদি হইতে উদ্ধৃত হইলেও পুনঃ পুনরুদ্গত হওয়া॥ ৪১॥

এক্ষণে গন্ধের উৎপত্তি ও তাহার লক্ষণ বলি শ্রবণ করুন, রসতন্মাত্র স্বরূপ জল ঈশ্বরেচ্ছা বশতঃ বিকার প্রাপ্ত হইলে তাহা হইতে গন্ধ তন্মাত্র উৎপন্ন হয়, তাহাতে ভূমি ও গন্ধের গ্রহণকারি ঘ্রাণ জন্মে॥ ৪২॥

ঐ গন্ধ এক হইয়াও সংসর্গি দ্রব্যাবয়বের বৈষম্য প্রযুক্ত করম্ভ (মিশ্রগন্ধ) সৌরভ্য (কর্পূরাদির গন্ধ)

ভাবনং ব্রহ্মণঃ স্থানং ধারণং সদ্বিশেষণং। সর্ব্বসত্ত্বগুণোদ্ভেদঃ পৃথিবীবৃত্তিলক্ষণং ॥ ৪৪ ॥
নভোগুণবিশেষোঽর্থো যস্য তৎ শ্রোত্রমুচ্যতে। বায়োর্গুণবিশেষোর্থো যস্য তৎ স্পর্শনং বিদুঃ।
তেজোগুণবিশেষোঽর্থো যস্য তচ্চক্ষুরুচ্যতে। অম্ভোগুণবিশেষোর্থো যস্য তদ্রসনং বিদুঃ।
ভূমের্গুণবিশেষোর্থো যস্য ঘ্রাণঃ স উচ্যতে ॥ ৪৫ ॥
পরস্য দৃশ্যতে ধর্ম্মো হ্যপরস্মিন্ সমন্বয়াৎ। অতো বিশেষো ভাবানাং ভূমাবেবোপলভ্যতে ॥ ৪৬

শ্রীধরস্বামী।

সংসর্গিণাং দ্রব্যাবয়বানাং বৈষম্যাৎ য এবং বিভিদ্যতে স গন্ধ ইত্যর্থঃ ॥ ৪৩ ॥

ব্রহ্মণোভাবনং প্রতিমাদি রূপেণ সাকারতাপাদনং। স্থানং জলাদি বিলক্ষণতয়া নৈরপেক্ষেণ স্থিতিঃ। ধারণং জলাদ্যাধারত্বং সত্তামাকাশাদীনাং বিশেষণমবচ্ছেদকত্বং। সর্ব্বেষাং সত্ত্বানাং প্রাণিনাং তদ্গুণানাঞ্চ পুংস্ত্বাদীনাং শব্দাদি গ্রাহকত্বং উক্তং তেষাঞ্চ লক্ষণং তদেবেত্যাহ পঞ্চভিঃ শ্লোকার্দ্ধৈঃ। নভোগুণবিশেষঃ শব্দো যস্যার্থো বিষয়ঃ ॥ ৪৫ ॥

গুণ বিশেষ শব্দব্যাবর্ত্ত্যং দর্শয়তি পরস্ত কারণস্য ধর্ম্মঃ শব্দাদিঃ অপরস্মিন্ কার্য্যে বাযুাদৌ কারণান্বয়াদ্দৃশ্যতে। অতো ভাবানাং আকাশাদীনাং বিশেষো গুণঃ সর্ব্বোপি শব্দাদিঃ ভূমাবেবোপলভ্যতে। চতুর্ণাং তত্রান্বয়াৎ জলাদিষু যথা স্বয়মেব ন সর্ব্বঃ আকা-

ক্রমসন্দর্ভঃ।

ভাবনমিতি। ব্রহ্মণঃ পরমেশ্বরস্য তস্য ভাবনং ইন্দ্রনীলাদি রূপায়া তস্যা রূপাদি দৃষ্টান্তত্বেন স্মরণহেতুত্বং জলাদৌ গন্ধাদ্যভাবাৎ অসম্যক্ত্বমিতি। যদ্বা। বিরাড্রূপেণ তস্য ভাবনং ভাবনোপাধিত্বং ॥ ৪৪ ॥

তেজস ইতি সার্দ্ধকং ॥ ৪৫ ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পৃথিব্যা লক্ষণমাহ। ব্রহ্মণঃ পরমেশ্বরস্য ভাবনং প্রতিমানির্ম্মাণ কারণত্বং। স্থানং জলাদি বিলক্ষণতয়া নৈরপেক্ষেণ স্থিতিঃ। ধারণং জলাদ্যাধারত্বং। সত্তামাকাশাদীনাং বিশেষণং বিশেষণহেতুঃ মলিনমাকাশং ধূম্রোঽনিলঃ ইত্যাদি প্রতীতির্যত ইত্যর্থঃ। সর্ব্বেষাং সত্ত্বানাং প্রাণিনাং তদ্গুণানাঞ্চ পুংস্ত্বাদীনামুদ্ভেদঃ পরিণামবিশেষৈঃ প্রকটীকরণং ॥ ৪৪ ॥

শ্রোত্রাদীনাং শব্দাদি গ্রাহকত্বমুক্তং। তেষাঞ্চ লক্ষণং তদেবেত্যাহ নভসো গুণ বিশেষঃ শব্দো যস্যার্থো বিষয় তৎ শ্রোত্রং ॥ ৪৫ ॥

কিঞ্চ পঞ্চসু ভূতেষু মধ্যে যথোত্তরং গুণাধিক্যমাহ পরস্য কারণস্য ধর্ম্মঃ শব্দাদিঃ অবরস্মিন্ কার্য্যেবাদৌ কারণান্বয়াদ্দৃশ্যতে তত্রাকাশেঽন্যান্বয়াভাবাদেক এব শব্দঃ বায়ৌ দ্বৌ শব্দস্পর্শৌ। তেজসি ত্রীণি শব্দ স্পর্শ রূপাণি। জলে চত্বারঃ। শব্দ স্পর্শ

শান্ত (পদ্মাদির গন্ধ) এবং উগ্র (লশুন ও হিঙ্গু প্রভৃতির গন্ধ) এই রূপে ভিন্ন ভিন্ন হয় ॥ ৪৩ ॥

মা! উল্লিখিত ভূমিরও এই রূপ ভেদ আছে, যথা ব্রহ্মের ভাবন অর্থাৎ প্রতিমাদি রূপে সাকারতা সম্পাদন, স্থান অর্থাৎ জলাদির নৈরপেক্ষে স্থিতি, ধারণ অর্থাৎ জলাদির আধার হওন, সদ্বিশেষণ (আকাশাদির অবচ্ছেদক হওন) এবং সর্ব্ব প্রাণির ও তাহাদের পুংস্ত্বাদি গুণের প্রকটীকরণ ॥ ৪৪ ॥

হে মানবি! শ্রোত্রাদি ইন্দ্রিয় দ্বারা শব্দাদি জ্ঞান হয়, পূর্ব্বে যাহা কহিয়াছি তাহাতেই শ্রোত্রাদির লক্ষণ জানিবেন, যে হেতু আকাশের গুণবিশেষ শব্দ যাহার বিষয়, পণ্ডিতেরা তাহাকে শ্রোত্র কহিয়া থাকেন, ঐ রূপ বায়ুর গুণ বিশেষ স্পর্শ যাহার বিষয়, তাহাকে স্পর্শন অর্থাৎ ত্বক্ কহিয়া থাকেন, আর তেজের গুণবিশেষ রূপ যাহার বিষয়, তাহাকে চক্ষুঃ, জলের গুণবিশেষ রস যাহার বিষয়, তাহাকে রসনা এবং ভূমির গুণবিশেষ গন্ধ যাহার বিষয়, তাহাকে ঘ্রাণ কহেন ॥ ৪৫ ॥

কিন্তু মা! বায়ু ইত্যাদি অপর অপর পদার্থে পর পর আকাশাদির বিশেষ বিশেষ গুণ শব্দাদি, কারণান্বয় হেতু কার্য্যে মিলিত হইয়া থাকে, এই কারণে আকাশাদি চারি পদার্থের বিশেষ বিশেষ

এতান্যসংহত্য যদা মহদাদীনি সপ্তবৈ। কাল কর্ম্ম গুণোপেতো জগদাদিরুপাবিশৎ ॥ ৪৭ ॥
ততস্তেনানুবিদ্ধেভ্যো যুক্তেভ্যোহণ্ডমচেতনং। উত্থিতং পুরুষো যস্মাদুদতিষ্ঠদসৌ বিরাট্।
এতদণ্ডং বিশেষাখ্যং ক্রমবৃদ্ধৈর্দশোত্তরৈঃ। তোয়াদিভিঃ পরিবৃতং প্রধানেনাবৃতৈর্বহিঃ ॥ ৪৮ ॥
যত্র লোকবিতানোয়ং রূপং ভগবতো হরেঃ ॥ ৪৯ ॥

শ্রীধরস্বামী।

শেতু অন্যাম্বয়াভাবাৎ এক এবেতি ॥ ৪৬ ॥
এবং কারণোৎপত্তিমুক্ত্বা কার্য্যোৎপত্তিমাহ সার্দ্ধৈস্ত্রিভিঃ। এতান্যসংহত্য অমিলিত্বা যদা স্থিতানি জগদাদিরীশ্বরঃ প্রাবিশৎ। সপ্তেতিচ প্রাধান্যাভিপ্রায়েণোক্তং প্রবেশস্তু সর্ব্বেষ্বপি বিবক্ষিতঃ ॥ ৪৭ ॥
অনুবিদ্ধেভ্যঃ ক্ষুভিতেভ্যঃ। যস্মাদণ্ডাদসৌ বিরাট্ পুরুষ উদতিষ্ঠৎ ॥ ৪৮ ॥
ভগবতো রূপমিতি পুরুষাভেদাভিপ্রায়েণ ॥ ৪৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

এতানীতি। অধুনা কালাদি বিশেষৈরুপেত ইতি জ্ঞেয়ং ॥ ৪৭ ॥
উত্থিতমুৎপন্নং পুরুষো হিরণ্যগর্ভাত্মকঃ সমষ্টি জীবঃ উদতিষ্ঠৎ। সুষুপ্তমিবাতিক্রম্য সচেতনোবভূব ॥ ৪৮ ॥ ৪৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রূপ রসাঃ। ভূমৌ পঞ্চৈব শব্দ স্পর্শরূপরসগন্ধা ইত্যাহ অত ইতি ভাবানামাকাশাদীনাং বিশেষঃ সর্ব্বএব গুণঃ ॥ ৪৬ ॥
এবং কারণোৎপত্তিমুক্ত্বা কার্য্যোৎপত্তিমাহ এতানি তত্ত্বানি অসংহত্য অমিলিত্বা যদা স্থিতানি তদা জগদাদিরীশ্বরঃ প্রাবিশৎ প্রথমং সংহননকারিণ্যা শক্ত্যা সর্ব্বতত্ত্ব সংমেলনার্থমবিশৎ। ততো বর্ষ সহস্রান্তে তদন্তর্যামিত্বেন প্রাবিশদিতি জ্ঞেয়ং। কালঃ ক্ষোভকঃ কর্ম্ম জীবাদৃষ্টং গুণঃ প্রকৃতিস্থৈঃ সহিতঃ। সপ্তেতি প্রাধান্যাভিপ্রায়েণোক্তং। প্রবেশস্তু সর্ব্বেষ্বেব বিবক্ষিতঃ ॥ ৪৭ ॥
তেন তৎ প্রবেশেন অনুবিদ্ধেভ্য আদৌ ক্ষুভিতেভ্য স্তৎক্ষণাদেযুবক্তেভ্যো মিলিতেভ্য স্তত্বেভ্যোহণ্ডমুত্থিতমুৎপন্নং। যস্মা- দ্বিরাট্ পুরুষো হিরণ্যগর্ভাত্মকঃ সমষ্টি জীবঃ উদতিষ্ঠৎ নিদ্রামিবাতিক্রম্য সচেতনো বভূব ॥
অণ্ডমিতি বিশেষ ইত্যাখ্যা নাম যস্য তৎ দশগুণাধিকৈরুত্তরোত্তরৈঃ বহিঃস্থিত প্রকৃত্যাবরণেনাবৃতৈঃ ॥ ৪৮ ॥
রূপং মায়িকং ॥ ৪৯ ॥

গুণ ভূমিতেই দৃষ্ট হয় অর্থাৎ ভূমিতে যথাক্রমে কারণ স্বরূপ আকাশাদি ভূত চতুষ্টয়ের সম্বন্ধ থাকাতে, তাহা শব্দাদি সমস্ত বিশেষ গুণই ধারণ করে ॥ ৪৬ ॥
মা! এইত কারণের উৎপত্তি বলিলাম, এক্ষণে কার্য্যোৎ পত্তির বিবরণ বলি শ্রবণ করুন। পূর্ব্বোক্ত মহত্তত্ত্ব প্রভৃতি পদার্থ যখন পরস্পর মিলিত না হইয়া অবস্থিত হইল, তখন জগদাদির ঈশ্বর কাল, কর্ম্ম ও গুণ যুক্ত হইয়া ঐ সপ্ত পদার্থের মধ্যে প্রবেশ করিলেন ॥ ৪৭ ॥
তাহাতে ঐ সকল পদার্থ ক্ষুভিত হইয়া পরস্পর মিলিত হইল, তৎপশ্চাৎ তাহাদের হইতে একটা অচেতন অণ্ড উৎপন্ন হইল, সেই অণ্ড হইতে বিরাট্ পুরুষ আবির্ভূত হয়েন, ঐ অণ্ডের নাম বিশেষ, তাহা বহির্ভাগে ক্রমশঃ দশগুণ বর্দ্ধিত প্রকৃত্যাবরণ জলাদি দ্বারা আবৃত আছে ॥ ৪৮ ॥
সেই অণ্ডেতেই ভগবানের মূর্ত্তি স্বরূপ চতুর্দশ ভুবন বিস্তৃত রহিয়াছে ॥ ৪৯ ॥

হিরণ্ময়াদণ্ডকোষাদুত্থায় সলিলেশয়াৎ। তমাবিশ্য মহাদেবো বহুধা নির্বিভেদ খং ॥ ৫০ ॥
নিরভিদ্যতাস্য প্রথমং মুখং বাণী ততোঽভবৎ। বাণ্যা বহ্নিরথো নাসে প্রাণো[illegible] ॥৫১
ঘ্রাণাদ্বায়ুরভিদ্যেতামক্ষিণী চক্ষুরেতয়োঃ। তস্মাৎ সূর্য্যো ন্যভিদ্যেতাং কর্ণৌ [illegible] ॥ ৫২
নির্বিভেদ বিরাজস্ত্বগ্রোম শ্মশ্রু াদয়স্ততঃ। তত ওষধয়শ্চাসন্ শিশ্নং নি[illegible]তঃ।
রেতস্তস্মাদাপ আসন্ নিরভিদ্যত বৈ গুদং। গুদাদপানোঽপানাচ্চ মৃত্যুর্লো[illegible]করঃ ॥ ৫৩ ॥

শ্রীধরস্বামী।

তস্মিন্নধ্যাত্মাদি বিভাগমাহ হিরণ্ময়াদিতি নবভিঃ উত্থায় ঔদাসীন্যং বিহায় তমাবিশ্য অধিষ্ঠায় মহাংশ্চাসৌ দেবশ্চ খং ছিদ্রং ॥৫০
বাণ্যা সহ বহ্নিরভবৎ প্রাবিশৎ নাসে নিরভিদ্যেতাং। প্রাণোতঃ প্রাণেন উতঃ স্যূতঃ সন্ ঘ্রাণ এতয়োর্নাসিকয়োরভবদিত্যনুসঙ্গঃ ॥ ৫১ ॥
ঘ্রাণাদনন্তরং বায়ুশ্চ প্রাণোত ইতি বিশেষণং সর্ব্বেন্দ্রিয়েষ্বপি দ্রষ্টব্যং। ন্যভিদ্যেতাং অন্বভিদ্যেতামিতি পাঠদ্বয়েপ্যেক এবার্থঃ অতো দিশঃ প্রাবিশন্ ॥ ৫২ ॥ আদিশব্দেন কেশাঃ ॥ ৫৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

খং আকাশং বহুধা নির্বিভেদ পৃথক্ পৃথক্ কৃতবান্ ॥ ৫০ ॥
মুখং ব্যষ্টি মুখানাং কারণাংশং। এবং বাণ্যাপি ॥ ৫১ ॥
ওষধ্য আপশ্চ তত্তদভিমানিন্যঃ ॥ ৫২ ॥ ৫৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্মিন্নধ্যাত্মাদি বিভাগমাহ হিরণ্ময়াদিতি আবিশ্য অধিষ্ঠায় মহাংশ্চাসৌ দেবশ্চ বহুবিধং খং ছিদ্রং নির্বিভেদ পৃথক্ পৃথক্ চকার ॥ ৫০ ॥
বাণ্যা সহ বহ্নিরভবৎ প্রাবিশৎ। নাসে নিরভেদ্যেতাং প্রাণোতঃ প্রাণেন স্যূতঃ সন্ ঘ্রাণঃ। এতয়োর্নাসয়োরভবদিত্যনুষঙ্গঃ। প্রাণোত ইতি বিশেষণং সর্ব্বেন্দ্রিয়েষু লিঙ্গবিপরিণামেন দ্রষ্টব্যং ॥ ৫১ ॥
ঘ্রাণাদনন্তরং বায়ুরাবিশৎ। এবমেবাগ্রেপি পঞ্চম্যন্তানাং তদনন্তরমিতি ব্যাখ্যা জ্ঞেয়া। সূর্য্যোঽন্বভিদ্যেতাং ন্যভিদ্যেতামিতি পাঠদ্বয়ং ॥ ৫২ ॥ ৫৩ ॥

সেই মহান্ দেব আবির্ভাবের পর জলশায়ি ঐ হিরণ্ময় অণ্ড হইতে উত্থিত হইয়া ঔদাসিন্য ভাব পরিত্যাগ করিলেন এবং ঐ অণ্ডে অধিষ্ঠান পূর্ব্বক বহু প্রকার আকাশ অর্থাৎ ছিদ্র ভেদ করিয়া দিলেন ॥ ৫০ ॥

তাহাতে প্রথমতঃ তাঁহার মুখ নির্ভিন্ন হইল, তৎপরে বাক্য হইল, তদনন্তর বাক্য সহ অগ্নি হইল, তৎপরে নাসিকা দ্বয় নির্ভিন্ন হইল, তাহার পর ঐদুই নাসিকা হইতে প্রাণবায়ু বিশিষ্ট ঘ্রাণেন্দ্রিয় জন্মিল ॥ ৫১ ॥

ঘ্রাণের পর বায়ু প্রাণযুক্ত হইয়া উৎপন্ন হইল, পশ্চাৎ তাহা হইতে সূর্য্য নির্ভিন্ন হইলেন। তাহার পরে কর্ণ শস্কুলি দ্বয় ও কর্ণেন্দ্রিয় প্রকটিত হইল, পরে ঐ কর্ণেন্দ্রিয় হইতেই দিক্ সকল আবির্ভূত হইল ॥ ৫২ ॥

তৎপশ্চাৎ বিরাজ পুরুষ নির্ভিন্ন হইলেন, তাহার পরে ত্বক্, রোম, শ্মশ্রু, কেশ ইত্যাদি নির্ভিন্ন হইল। তদনন্তর ওষধি সকল, তাহার পরে শিশ্ন প্রকাশ পাইল এবং ঐ শিশ্ন হইতে শুক্র জন্মিল, তৎপশ্চাৎ জল হইল, তাহার পরে পায়ু ভেদ হইল, তদনন্তর ঐ পায়ু হইতে অপান এবং অপান হইতে লোক সকলের ভয় জনক মৃত্যু প্রকটিত হইল ॥ ৫৩ ॥

হস্তৌচ নিরভিদ্যেতাং বলং তাভ্যাং ততঃ স্বরাট্। পাদৌচ নিরভিদ্যেতাং গতিস্তাভ্যাং ততোহরিঃ॥৫৪
নাড্যোঽস্য নিরভিদ্যন্ত তাভ্যো লোহিতমাভৃতং। নদ্যস্ততঃ সমভবন্নুদরং নিরভিদ্যত।
ক্ষুৎপিপাসে ততঃ স্যাতাং সমুদ্রস্ত্বেতয়োরভূৎ। অথাস্য হৃদয়ং ভিন্নং হৃদয়ান্মন উত্থিতং ॥ ৫৫ ॥
মনসশ্চন্দ্রমা জাতো বুদ্ধি র্বুদ্ধে র্গিরাংপতিঃ। অহঙ্কারস্ততো রুদ্রশ্চিত্তং চৈত্ত্যস্ততোঽভবৎ॥৫৬॥
এতেহ্যভ্যুত্থিতা দেবা নৈবাস্যোত্থাপনে হশকন্। পুনরাবিবিশুঃ খানি তমুত্থাপয়িতুং ক্রমাৎ।

শ্রীধরস্বামী।

স্বরাড়িন্দ্রঃ। হরি র্বিষ্ণুঃ॥ ৫৪॥ আভৃতং জাতং॥ ৫৫॥
বুদ্ধ্যাদিষু হৃদয়মেবাধিষ্ঠানং। গিরাংপতি র্ব্রহ্মা চৈত্ত্যঃ ক্ষেত্রজ্ঞঃ॥ ৫৬॥
অন্বয় ব্যতিরেকাভ্যাং ক্ষেত্রজ্ঞং বিবেক্তুং সর্ব্বেষাং পুনঃ প্রবেশমাহ এত ইতি নবভিঃ॥ ৫৭॥

ক্রমসন্দর্ভঃ

হরিস্তদাবেশাবতারো দেবতাবিশেষঃ॥ ৫৪॥
নাড্য ইত্যর্দ্ধকং। লোহিতং রক্তাদিসঞ্চারিকা শক্তিঃ॥ ৫৫॥
অহমিতি। অত্র চৈত্ত্যঃ ক্ষেত্রজ্ঞো হিরণ্যগর্ভান্তর্যাম্যবস্থ ঈশ্বরঃ প্রদ্যুম্নরূপোঽয়ং জ্ঞেয়ঃ। জীবস্য কর্ত্তুঃ করণত্বাভাবাৎ দেবতাত্বাভাবাচ্চ। ঈশ্বর পুরুষ গতত্বেনৈব প্রশ্নোত্তরাভ্যাং চ। অতোঽস্যৈব সর্ব্বাধিকসামর্থ্যং দর্শয়িষ্যতে চিত্তেনেত্যাদিনা॥৫৬
অভ্যুত্থিতাঃ স্ব স্বাধিষ্ঠান সংযোগং প্রাপ্তা অপি অস্য বিরাজঃ। উত্থাপনে বহিশ্চেষ্টাসম্পাদনে আবিবিশুঃ প্রযত্নং চক্রুঃ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বরাট্ ইন্দ্রঃ। হরিঃ হরিণা আবিষ্টো দেববিশেষ ইতি সন্দর্ভঃ॥ ৫৪॥
লোহিতং রক্তাদি সঞ্চারকমিন্দ্রিয়ং আভৃতং জাতং॥ ৫৫॥
হৃদয় এব মন আদ্যন্তঃকরণ চতুষ্টয়স্যাধিষ্ঠানং গিরাংপতি র্ব্রহ্মা॥
চৈত্ত্যঃ চিত্তাধিষ্ঠাতা বাসুদেবঃ স এব চিত্তে উপাস্য দেবতা চ। স এব সমষ্টি জীবস্য হিরণ্যগর্ভস্য প্রদ্যুম্নত্বেনান্তর্যামী স এব ব্যষ্টি জীবানামনিরুদ্ধত্বেনান্তর্যামীতি ভাগবতামৃতমিতি জ্ঞেয়ং। নতু চিত্তাধিষ্ঠাতা ক্ষেত্রজ্ঞো জীব ইতি বাচ্যং তস্য কর্ত্তৃত্ব করণত্বাদ-ভাবস্য সর্ব্বত্র প্রতিপাদিতত্বাৎ। আচার্য্য চৈত্ত্যবপুষা স্বগতিং ব্যনক্তীত্যাদাবপি চৈত্ত্য শব্দেনান্তর্যামিণ এবোক্তিঃ। কচিচ্চ চৈত্ত্য শব্দেন জীবাভিমানং তু চিত্তোপাধিত্বাদেব নতু চিত্তাধিষ্ঠাতৃত্বাদিতি জ্ঞেয়ং॥ ৫৬॥
অন্বয়ব্যতিরেকাভ্যামন্তর্যামিণ এব সর্ব্ব শক্তিমত্বং দর্শয়িতুমুক্রমেব প্রবেশং সর্ব্বেষাং পুনরাহ এত ইত্যাদিনা॥

তদনন্তর হস্তদ্বয় নির্ভিন্ন হইল, পশ্চাৎ ঐ দুই হস্ত হইতে বল প্রকাশ পাইল, তৎপরে ইন্দ্র আবির্ভূত হইলেন। তদনন্তর চরণদ্বয় নির্ভিন্ন হইল, পরে ঐ দুই চরণ হইতে গতি নির্ভিন্ন হইল, তৎপরে বিষ্ণু প্রকাশ পাইলেন॥ ৫৪॥

অতঃপর ঐ বিরাট্ পুরুষের নাড়ী সকল নির্ভিন্ন হইল, পরে সে সমস্ত হইতে রক্ত জন্মিল, অনন্তর ঐ রক্ত হইতে নদী সকল উৎপন্ন হইল, তৎপশ্চাৎ উদর নির্ভিন্ন হইল, তাহার পর ক্ষুধা ও পিপাসা প্রকাশ পাইল, তাহাদের হইতে সমুদ্র জন্মিল, অনন্তর বিরাট্ পুরুষের হৃদয় নির্ভিন্ন হইল। পরে সে সকল হইতে মন উৎপন্ন হইল॥ ৫৫॥

পশ্চাৎ ঐ মন হইতে চন্দ্র জন্মিলেন, তাহা হইতে বুদ্ধি এবং বুদ্ধি হইতে বাক্‌পতি ব্রহ্মা আবির্ভূত হইলেন। পরে অহঙ্কার জন্মিল, তাহা হইতে রুদ্র, তদনন্তর চিত্ত এবং চিত্ত হইতে চৈত্ত্য অর্থাৎ ক্ষেত্রজ্ঞের আবির্ভাব হইল॥ ৫৬॥

কিন্তু না। এই সকল দেবতা আবির্ভূত হইয়াও বিরাট্ পুরুষকে উত্থিত করিতে সমর্থ হই-

বহ্নি র্বাচা মুখং ভেজে নোদতিষ্ঠত্তদা বিরাট্। ঘ্রাণেন নাসিকে বায়ুর্নোদতিষ্ঠত্তদা বিরাট্।
অক্ষিণী চক্ষুষাদিত্যো নোদতিষ্ঠত্তদা বিরাট্। শ্রোত্রেণ কর্ণৌ চ দিশো নোদতিষ্ঠত্তদা বিরাট্।
ত্বচং রোমভিরোষধ্যো নোদতিষ্ঠত্ততো বিরাট্। রেতসা শিশ্নমাপস্তু নোদতিষ্ঠত্ততো বিরাট্।
গুদং মৃত্যুরপানেন নোদতিষ্ঠত্তদা বিরাট্। হস্তাবিন্দ্রো বলেনৈব নোদতিষ্ঠত্তদা বিরাট্।
বিষ্ণুর্গত্যৈব চরণৌ নোদতিষ্ঠত্তদা বিরাট্। নাড়ী র্নদ্যো লোহিতেন নোদতিষ্ঠত্তদা বিরাট্।
ক্ষুত্তৃড়্‌ভ্যামুদরং সিন্ধুর্নোদতিষ্ঠত্তদা বিরাট্। হৃদয়ং মনসা চন্দ্রো নোদতিষ্ঠত্তদা বিরাট্।
বুদ্ধ্যা ব্রহ্মাপি হৃদয়ং নোদতিষ্ঠত্তদা বিরাট্। রুদ্রো ঽভিমত্যা হৃদয়ং নোদতিষ্ঠত্তদা বিরাট্।
চিত্তেন হৃদয়ং চৈত্ত্যঃ ক্ষেত্রজ্ঞঃ প্রাবিশদ্যদা। বিরাট্ তদৈব পুরুষঃ সলিলাদুদতিষ্ঠত ॥ ৫৭ ॥
যথা প্রসুপ্তং পুরুষং প্রাণেন্দ্রিয়মনোধিয়ঃ। প্রভবন্তি বিনা যেন নোত্থাপয়িতুমোজসা ॥ ৫৮ ॥

শ্রীধরস্বামী।

বিরাট্‌দেহস্য ব্যষ্টিদেহং দৃষ্টান্তত্বেন দর্শয়ন্ সাংখ্যানুকথনস্য প্রয়োজনমাহ যথেতি দ্বাভ্যাং ॥ ৫৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

চিত্তেনেতি প্রাবিশৎ বহিশ্চেষ্টাসম্পাদনার্থং স্বয়মেব সর্ব্বোত্থাপনে পুনরুদ্যমং কৃতবান্। উদতিষ্ঠৎ বহিরপি চেষ্টাং প্রাপ্তবান্ ॥ ৫৭ ॥ যথেতি যুগ্মকেন। তথা যেন বিনা বিরাট্ নোদতিষ্ঠৎ ॥ ৫৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

চৈত্ত্যো বাসুদেবঃ স এব ক্ষেত্রজ্ঞো ঽন্তর্যামী ক্ষেত্রজ্ঞঞ্চাপি মাং বিদ্ধি সর্ব্বক্ষেত্রেষবস্থিতমিতি গীতোক্তেঃ ॥ ৫৭ ॥

সমষ্টি বিরাড়্‌দেহস্য ব্যষ্টিদেহং দৃষ্টান্তয়তি যথেতি যেন চিত্তাধিষ্ঠাত্রা পরমেশ্বরেণ বিনা প্রসুপ্তং ব্যষ্টিং যথা উত্থাপয়িতুং ন শক্নু-

লেন না ইহাঁরা তাঁহার উত্থান নিমিত্ত পুনর্ব্বার স্ব স্ব ইন্দ্রিয় রন্ধ্রে ক্রমশঃ প্রবিষ্ট হইলেন অর্থাৎ বহ্নি বাগিন্দ্রিয় দ্বারা মুখে প্রবিষ্ট হইলেন কিন্তু তাহাতেও বিরাট্ পুরুষের উত্থান হইল না। পরে বায়ু ঘ্রাণেন্দ্রিয় দ্বারা নাসারন্ধ্রে প্রবেশ করিলেন, তাহাতেও বিরাট্ পুরুষ উত্থিত হইলেন না। তৎপরে আদিত্য চক্ষুরিন্দ্রিয় দ্বারা অক্ষিগোলকে প্রবিষ্ট হইলেন, তাহাতেও বিরাট্ পুরুষ উঠিলেন না, তদনন্তর দিক্ সকল কর্ণেন্দ্রিয় দ্বারা কর্ণবিবরে প্রবেশ করিলেন, তাহাতেও বিরাট্ পুরুষের উত্থান হইল না, পরে ওষধি সকল লোম দ্বারা ত্বকে প্রবিষ্ট হইল, তাহাতেও বিরাট্ পুরুষ উত্থিত হইলেন না, অনন্তর জল সকল শুক্র দ্বারা শিশ্নে প্রবিষ্ট হইল, তাহাতেও বিরাটের উত্থান হইল না। তৎপশ্চাৎ মৃত্যু অপান দ্বারা পায়ুদেশে প্রবেশ করিলেন, তখনও বিরাট্ পুরুষ উঠিলেন না, তদনন্তর ইন্দ্র বল দ্বারা হস্তদ্বয়ে প্রবিষ্ট হইলেন তাহাতেও বিরাট্ পুরুষের উত্থান হইল না। তাহার পরে বিষ্ণু গতি-শক্তি দ্বারা চরণ দ্বয়ে প্রবেশ করিলেন তাহাতেও বিরাট্ উত্থিত হইলেন না। তৎপশ্চাৎ নদী সকল রক্ত দ্বারা নাড়ীতে প্রবেশ করিল, তাহাতেও বিরাট্ উঠিলেন না। পরে সমুদ্র, ক্ষুধা ও তৃষ্ণা দ্বারা উদর আশ্রয় করিল, তখনও বিরাট্ পুরুষের উত্থান হইল না। তদনন্তর চন্দ্রমা মনের দ্বারা হৃদয়ে প্রবেশ করিলেন, তাহাতেও বিরাট্ পুরুষ উত্থিত হইলেন না। তাহার পরে ব্রহ্মা বুদ্ধি দ্বারা হৃদয়ে প্রবিষ্ট হইলেন তখনও বিরাট্ পুরুষ উঠিলেন না। পরে রুদ্র অভিমান দ্বারা সেই হৃদয়ে প্রবেশ করিলেন, তাহাতেও বিরাট্ পুরুষের উত্থান হইল না। অবশেষে ক্ষেত্রজ্ঞ যখন চিত্ত দ্বারা হৃদয়ে প্রবিষ্ট হইলেন তখন বিরাট্ পুরুষের সলিল হইতে উত্থান হইল ॥ ৫৭ ॥

মা! যেমন প্রাণ, ইন্দ্রিয়, মনঃ, বুদ্ধি, ইহারা চিত্তাধিষ্ঠাতা পরমেশ্বর ব্যতিরেকে প্রসুপ্ত পুরুষকে

তমস্মিন্ প্রত্যগাত্মানং ধিয়া যোগপ্রবৃত্তয়া। ভক্ত্যা বিরক্ত্যা জ্ঞানেন বিবিচ্যাত্মনি চিন্তয়েৎ॥৫৯

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে তত্ত্ব-সমাম্নায়ঃ ষড়্বিংশো ঽধ্যায়ঃ ॥ * ॥ ২৬ ॥ * ॥

শ্রীভগবানুবাচ ॥ ১

প্রকৃতিস্থোঽপি পুরুষো নাজ্যতে প্রাকৃতৈর্গুণৈঃ। অবিকারাদকর্তৃত্বান্নির্গুণত্বাজ্জলার্কবৎ।

শ্রীধরস্বামী।

প্রথমং পরমেশ্বরে ভক্তিস্ততো ঽন্যত্র বিরক্তি স্ততো যোগপ্রবৃত্তা ধীঃ একাগ্রং চিত্তং ততো যজ্‌জ্ঞানং তেন প্রত্যগাত্মানং ক্ষেত্রজ্ঞং। অস্মিন্নাত্মনি কার্য্যকারণসংঘাতে বিবিচ্য চিন্তয়েৎ॥ ৫৯ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে ষড়্বিংশঃ ॥ * ॥

সপ্তবিংশে ততঃ সম্যক্ বহুসাধনযোগতঃ। পুংপ্রকৃত্যো র্বিবেকেন মোক্ষরীতি র্নিরূপ্যতে ॥ * ॥

বিবেকজ্ঞানেন মোক্ষমুপপাদয়িতুং শুদ্ধস্যৈব পুরুষস্য পূর্ব্বোক্তং প্রকৃত্যবিবেকতঃ সংসারমনুস্মারয়তি প্রকৃতিস্থোঽপীতি

ক্রমসন্দর্ভঃ।

তমিতি দ্বাভ্যামন্বয়ঃ। প্রত্যগাত্মানং অন্তর্যামিণং ॥ ৫৯ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে ষড়্বিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

অথ জীবাখ্যং পুরুষমপি প্রকৃতে র্বিবিনক্তি প্রকৃতিস্থোঽপীত্যাদিনা। যথা জলে দৃষ্টোঽপ্যর্কস্তেন ন লিপ্যতে তথেত্যর্থঃ॥ কিন্তত্র জলার্ক দৃষ্টান্তত্বেন দর্পণমুখদৃষ্টান্তো লক্ষ্যস্তস্মাৎ স্বমুখস্য দর্পণ দোষ লিপ্তত্ববৎ তল্লিপ্তত্বেন মিথ্যেবাভিমানং কুরুতে

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বস্থি তথৈব যেন বিনা সমষ্টি বিরাড়পি নোদতিষ্ঠদিতি পূর্ব্বেণান্বয়ঃ॥ ৫৮ ॥

সাংখ্যানুকথনস্য প্রয়োজনমাহ। তং প্রত্যগাত্মানং প্রত্যগ্ জ্ঞানগম্যং পরমাত্মানং অস্মিন্ কার্য্যকারণ সংঘাতে আত্মনি দেহে জীবাত্মন্যেব বা চিন্তয়েৎ ॥ ৫৯ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষড়্বিংশোঽয়ং তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

সপ্তবিংশে ভক্তিমিশ্র জ্ঞান সাধনবিস্তৃতেঃ। পুংপ্রকৃত্যো র্বিবেকাচ্চ মোক্ষরীতি রুদীর্য্যতে ॥ * ॥

বিবেক জ্ঞানেন মোক্ষমুপপাদয়িতুং জীবাত্মানং প্রকৃতে র্বিবিক্তত্বেন দর্শয়তি। প্রকৃতিস্থোঽপি পুরুষো জীবঃ সুষুপ্তি প্রলয়যো-র্নির্গুণত্বাদকর্তৃত্বং ততোঽবিকারিত্বং তস্মাদ্ধেতো র্নাজ্যতে। জলার্কবৎ জলস্থঃ সূর্য্যমণ্ডল কিরণ ইব ন বস্তুতো জলধর্ম্মাক্রান্তঃ যদা হি পবননিবন্ধনো জলস্য কম্পঃ স্যাৎ তদা তদনুগতস্য জলার্কস্যাপি কম্পঃ স্যাৎ। যদুক্তং জ্যোতি র্যথৈবোদক পার্থিবেষদঃ

সহসা উত্থিত করিতে প্রভু হয় না। তাহার ন্যায় ঐ চিত্ত ব্যতিরেকে বিরাট্ পুরুষকেও উত্থিত করিতে সমর্থ হইল না ॥ ৫৮ ॥

অতএব যোগপ্রবৃত্তা বুদ্ধি এবং ভক্তি ও বৈরাগ্য, তথা জ্ঞান ইত্যাদি দ্বারা ঐ কারণ সংঘাত আত্মাতে ঐ ক্ষেত্রজ্ঞের বিবেচনা পূর্ব্বক চিন্তা করিবে ॥ ৫৯ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে ষড়্বিংশ ॥ * ॥

সপ্তবিংশ অধ্যায়ে বহু বহু সাধন যোগ বশতঃ পুরুষ ও প্রকৃতির বিবেক দ্বারা মোক্ষরীতি বর্ণন হইতেছে। * ॥

ভগবান্ কহিলেন মা। পরম পুরুষ পরমাত্মা নির্গুণ, সুতরাং অকর্ত্তা ও নির্ব্বিকার, জল মধ্যে সূর্য্যমণ্ডল প্রতিবিম্বিত হইলে সে যেমন তদ্ধর্ম্মাক্রান্ত হয় না, তাহার ন্যায় ঐ পুরুষ দেহস্থ হইলেও প্রকৃতির গুণ জন্য সুখ দুঃখাদিতে লিপ্ত হয়েন না। কিন্তু সেই পুরুষ যখন প্রকৃতির গুণে অর্থাৎ

স এষ যর্হি প্রকৃতেগুর্ণেষ্বভিবিষজ্জতে। অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যতে॥ ১॥
তেন সংসারপদবী মবশো হভ্যেত্য নির্বৃতঃ। প্রাসঙ্গিকৈঃ কর্ম্মদোষৈঃ সদসন্মিশ্রযোনিষু॥ ২॥
অর্থে হ্যবিদ্যমানে হপি সংসৃতির্ন নিবর্ত্ততে। ধ্যায়তো বিষয়ানস্য স্বপ্নে হনর্থাগমো যথা॥ ৩॥
অতএব শনৈশ্চিত্তং প্রসক্তমসতাং পথি। ভক্তিযোগেন তীব্রেণ বিরক্ত্যাচ নয়েদ্বশং॥ ৪॥

শ্রীধরস্বামী।

ত্রিভিঃ। দেহস্থোহপি নাজ্যতে ন লিপ্যতে। গুণৈ গুণকৃতৈঃ সুখ দুঃখাদিভিঃ। নির্গুণত্বাদকর্ত্তৃত্বং ততোহবিকারিত্বং তস্মাৎ॥ ১॥
অনির্বৃতঃ সন্ প্রকৃতিসঙ্গকৃতৈঃ সদসন্মিশ্রযোনিষু দেব তির্য্যঙ্ নরাদিষু সংসারপদবীং প্রাপ্নোতি॥ ২॥
নমু তহ্যবাস্তবত্বাৎ সংসৃতেঃ কিং তন্নিবৃত্তিপ্রয়াসেন তত্রাহ অর্থেহীতি॥ ৩॥
যতো বিষয় ধ্যানমনর্থহেতুরতো মনো নিয়ন্তব্যমিত্যাহ অতএবেতি। অসতামিন্দ্রিয়াণাং পথি বিষয়মার্গে। তীব্রেণ দৃঢ়েন বিরক্ত্যা তীব্রয়া॥ ৪॥

ক্রমসন্দর্ভঃ।

ইত্যাহ স ইতি॥ ১॥ ২॥ ৩॥
ভক্তিযোগেনেতি তস্য সাধনত্বমুক্ত্বা কলান্তরতাৎপর্য্যত্বাৎ সকৈতবত্বং দর্শিতং॥ ৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সমীরবেগানুগতং বিভাব্যত ইতি অতএব মনসঃ সম্যক্ শুদ্ধৌ সত্যাং স্বপ্নদার্থোহপি শুদ্ধ্যতীতি। মন এব মনুষ্যাণাং কারণ বন্ধমোক্ষয়োরিতি শাস্ত্রং॥
তস্যাভিমান নিবন্ধন এব সংসার ইত্যাহ স এবেতি দ্বাভ্যাং যর্হি জাগর স্বপ্নয়োঃ॥ ১॥
প্রাসঙ্গিকৈঃ প্রকৃতি প্রসঙ্গভবৈঃ॥ ২॥
নমু তস্য জীবস্য কর্ত্তৃত্ব কারণত্বাদ্যভাবাদ্বস্ততঃ কর্ম্মাভাবেহপি দেহকৃতৈঃ কর্ম্মভিঃ কথং বন্ধ স্তত্রাহ। অর্থে কর্ত্তরূপে বস্তুনি বস্তুতো হবিদ্যমানেহপি কর্ত্তৃত্বাভিমানেন বিষয়ান্ ধ্যায়তঃ। তত্র দৃষ্টান্তঃ স্বপ্নে যথানর্থস্যাপ্যাগমঃ সাভিমান বিষয় ধ্যান পরিপাকাদেবেত্যর্থঃ॥ ৩॥
যতো বিষয় ধ্যানমনর্থ হেতুরতো মনো নিয়ন্তব্যমিত্যাহ অত ইতি ভক্তিশ্চ যোগশ্চ তয়োর্ঐক্যাং তেন তীব্রেণ বলিষ্ঠেন॥ ৪॥ ৫। ৬। ৭। ৮॥

তজ্জন্যই সুখ দুঃখাদিতে আসক্ত হয়েন, তখন তাঁহার আত্মা অহঙ্কারে বিমূঢ় হয়, "আমি কর্ত্তা" এই অভিমান করিয়া থাকেন॥ ১॥

সুতরাং অবশ হইয়া প্রাসঙ্গিক কর্ম্ম দোষে সৎ অসৎ ও মিশ্র যোনিতে অর্থাৎ দেব তির্য্যক্ নরাদিতে জন্ম গ্রহণ করিয়া সংসার পদবী প্রাপ্ত হয়েন। তখন তাঁহার কোন অবস্থাতেই নিবৃত্তি লাভ হইতে পারে না॥ ২॥

মা! সংসারের অর্থ সকল বস্তুতঃ মিথ্যা, এপ্রযুক্ত তাহা অবিদ্যমান হইলেও সংসার নিবৃত্ত হয় না, বিষয় চিন্তা করিতে করিতে স্বপ্নে যেমন বাস্তবিক বস্তু সকল না থাকিলেও তাহাদের সহিত সমাগম হয়, তাহার ন্যায় এই সংসার অবাস্তব হইয়াও উপস্থিত থাকে॥ ৩॥

ফলতঃ বিষয় ধ্যানই অনর্থের হেতু, অতএব সংসার পদবী অতিক্রমণেচ্ছুক পুরুষ ইন্দ্রিয় সকলের বিষয় রূপ পথে চিত্ত প্রসক্ত হইলে, সুদৃঢ় ভক্তিযোগ এবং তীব্র বৈরাগ্য দ্বারা ক্রমে ক্রমে নিবৃত্ত করিয়া আপনার বশে আনিবেন॥ ৪॥

যমাদিভি র্যোগপথৈরভ্যসন্ শ্রদ্ধয়ান্বিতঃ। ময়ি ভাবেন সত্যেন মৎকথাশ্রবণেন চ ॥ ৫ ॥
সর্ব্বভূতসমত্বেন নির্ব্বৈরেণাপ্রসঙ্গতঃ। ব্রহ্মচর্য্যেণ মৌনেন স্বধর্ম্মেণ মহীয়সা ॥ ৬ ॥
যদৃচ্ছয়োপস্থিতেন সন্তুষ্টো মিতভুঙ্ মুনিঃ। বিবিক্তশরণঃ শান্তো মৈত্রঃ করুণ আত্মবান্ ॥ ৭ ॥
সানুবন্ধে চ দেহে ঽস্মিন্নকুর্ব্বন্নসদাগ্রহং। জ্ঞানেন দৃষ্টতত্ত্বেন প্রকৃতেঃ পুরুষস্য চ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

ভক্তিবিরক্ত্যো স্তীব্রত্বে কারণানি বর্ণয়ন্ জ্ঞানেন মোক্ষপ্রকারমাহ ষড়্ভিঃ যমাদিভিঃ যোগমার্গৈ শ্চিত্তমভ্যসন্ পুনঃ পুনরেকাগ্রীকুর্ব্বন্ আত্মানমুপলভ্য সর্ব্বানুস্যূতমদ্বয়ং পরমাত্মানং প্রতিপদ্যেত ইতি ষষ্ঠেনান্বয়ঃ। সত্যেন নিষ্কপটেন ভাবেন প্রেম্না ॥৫

অপ্রসঙ্গতঃ সঙ্গত্যাগেন মহীয়সা ঈশ্বরেঽর্পিতেন ॥ ৬ ॥

বিবিক্তশরণ একান্তবাসী ॥ ৭ ॥

অসদাগ্রহং অহং মমতাং প্রকৃতেঃ পুরুষস্যচ দৃষ্টং তত্ত্বং যেন তেন জ্ঞানেন ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

অতএব জ্ঞান কর্ম্ম মিশ্রত্বমাহ। যমাদীতি ষট্কেন। ভাবেন ভক্ত্যা। সত্যেন যথার্থব্যবহারেণ। তদেবং সিদ্ধং জীবস্য শুদ্ধত্ব জ্ঞানমীশ্বরোপলব্ধ্যর্থত্বেন যোজয়তি ॥ ৫ ॥ ৬ ॥ ৭ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উক্তমর্থং প্রপঞ্চয়ন্ জ্ঞানেন মোক্ষ প্রকারমাহ যমাদিভি র্যোগপথৈঃ অভ্যসন্ অভ্যাসেন চিত্তমেকাগ্রীকুর্ব্বন্ জীবাত্মা পরমাত্মানমুপলভ্য সর্ব্বানুস্যূতমদ্বয়ং তং প্রতিপদ্যতে ইতি ষষ্ঠেনান্বয়ঃ। ময়ি সত্যেন ভাবেন মদ্রূপ নাম লীলাদীনাং সত্যত্ব-দৃষ্ট্যা ময়ি যঃ সত্যো ভাবঃ সত্যত্ব ভাবনা তেন নতু মায়াশবলিত ব্রহ্মত্ব দৃষ্ট্যা ময্যারত্যামসত্যত্ব ভাবনয়েত্যর্থঃ। তথাত্বে ত্বয্যস্ত ভাবাদবিশুদ্ধ বুদ্ধয়ঃ। আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ পতন্ত্যধো ঽনাদৃত যুষ্মদঙ্ঘ্রয় ইতি নৈষ্কর্ম্ম্যমপ্যচ্যুতভাব বর্জ্জিত মিতি। অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতমিতি। ন ভজন্ত্যবজানন্তি স্থানাদ্ভ্রষ্টাঃ পতন্ত্যধ ইত্যাদিভ্যো ভগবদ্বিগ্রহাদৌ চিদানন্দ-ভিন্নত্ব ভাবনা লক্ষণাবজ্ঞয়া জ্ঞানিনামপি মোক্ষাভাবাবগতেঃ ॥ ৫ ॥

মহীয়সা ঈশ্বরার্পিতেন ॥ ৬ ॥

বিবিক্ত শরণঃ একান্তবাসী। আত্মবান্ ধৃতিযুক্তঃ। অসদাগ্রহং অহং মমতাং ॥ ৭ ॥

প্রকৃতেঃ পুরুষস্যচ দৃষ্টং তত্ত্বং যেন তাদৃশেন জ্ঞানেন নিবৃত্তানি বুদ্ধ্যবস্থানানি জাগ্রদাদীনি যস্য সঃ। অতএব দূরীকৃতমন্যাস্য বিষয়স্য দর্শনং যস্য সঃ ॥ ৮ ॥

অপর, যমাদি যোগ পথ দ্বারা চিত্তকে পুনঃ পুনঃ একাগ্র করিয়া থাকেন এবং শ্রদ্ধান্বিত হইয়া আমার প্রতি নিষ্কপট ভাব প্রকাশ ও আমার কথা শ্রবণ করেন ॥ ৫ ॥

অপিচ, সকল প্রাণিতে সমদৃষ্টি এবং একেবারে বৈরশূন্য হইয়া সঙ্গ ত্যাগ পূর্ব্বক ব্রহ্মচর্য্য, অথবা মৌনব্রত কিম্বা ঈশ্বরার্পণ পূর্ব্বক স্বধর্ম্ম অনুষ্ঠানে রত হয়েন ॥ ৬ ॥

আর, অযত্নতঃ যাহা উপস্থিত হয় তাহা তেই সন্তুষ্ট এবং পরিমিত ভোজী, মনন শীল, একান্তবাসী, শান্ত, মৈত্র অর্থাৎ সর্ব্বপ্রাণিসুহৃৎ, কৃপাবান্ ও ধৈর্য্যযুক্ত হয়েন ॥ ৭ ॥

অধিকন্তু, এই দেহে অথবা এই দেহের আনুষঙ্গিক স্ত্রী পুত্রাদিতে "আমি আমার" এইরূপ অসৎ আগ্রহ করেন না, বরঞ্চ যেজ্ঞানে প্রকৃতি ও পুরুষের তত্ত্ব অবগত হওয়া যায়, কেবল সেই জ্ঞানে সমন্বিত হইয়া থাকেন ॥ ৮ ॥

নিবৃত্তবুদ্ধ্যবস্থানো দূরীভূতান্যদর্শনঃ। উপলভ্যাত্মনাত্মানং চক্ষুষেবার্কমাত্মদৃক্ ॥ ৯ ॥
মুক্তলিঙ্গং সদাভাসমসতি প্রতিপদ্যতে। সতো বন্ধুমসচ্চক্ষুঃ সর্ব্বানুস্যূতমদ্বয়ং ॥ ১০ ॥
যথা জলস্থ আভাসঃ স্থলস্থেনাবদৃশ্যতে। স্বাভাসেন যথা সূর্য্যো জলস্থেন দিবি স্থিতঃ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

নিবৃত্তানি বুদ্ধ্যবস্থানানি জাগ্রদাদীনি যস্য সঃ। অতএব দূরীভূতমন্যদর্শনং যস্য। আত্মনাহঙ্কারাবচ্ছিন্নেন আত্মানং শুদ্ধমুপলভ্য একস্যৈবাবচ্ছেদানবচ্ছেদাভ্যাং করণত্বকর্ম্মত্বে দৃষ্টান্তমাহ। চক্ষুষা চক্ষুরবচ্ছিন্নেন অর্কেণ গগণস্থমর্কমিব এবমাত্মদৃক্ শুদ্ধমাত্মানং পশ্যন্ ॥ ৯ ॥

মুক্তলিঙ্গং নিরুপাধিকং। অসতি মিথ্যাভূতে ঽহঙ্কারে সদাভাসং সদ্রূপেণাভাসমানং ব্রহ্ম প্রাপ্নোতি। শুদ্ধ জীব স্বরূপাদ্বিশেষমাহ সতঃ কারণস্য প্রধানস্য বন্ধু মধিষ্ঠানং। অসতঃ কার্য্যস্য চক্ষুরিব প্রকাশকং সর্ব্বেষু কার্য্যকারণেষু অনুস্যূত মদ্বয়ং পরিপূর্ণং ॥ ১০

অহঙ্কারোপহিতেন শুদ্ধ ব্রহ্ম প্রতিপত্তিং সদৃষ্টান্তমাহ যথেতি। জলে স্থিত আভাসঃ সূর্য্যপ্রতিবিম্বো যদা গৃহান্তর্ব্বর্ত্তি ভিত্তৌ

ক্রমসন্দর্ভঃ।

উপলভ্যেতি সার্দ্ধকেন। অসতি ঔপাধিকেঽহঙ্কারে আত্মনা তদুপাধিকেনৈব দ্বারভূতেন ॥ ৯ ॥

মুক্তলিঙ্গং উপাধি স্পর্শ শূন্যং। অতএব সদ্রূপেণ আ সম্যক্ ভাসমানমাত্মানমুপলভ্য ততস্তস্যাপি ভাসনাদ্যুপকারকতয়া তত্রৈব স্থিতং পরমাত্মানমপি প্রতিপদ্যতে জানাতি। তমেব বিশিনষ্টি। অসতাং তদন্যেষামপি চক্ষুর্ভাসকং সর্ব্বত্র সতি অসতিচ অনুস্যূতং। অতএবাদ্বয়ং। ততো মুখ্যত্বাত্তদুপলব্ধ্যর্থমেব শুদ্ধাত্ম দর্শনমিতি ভাবঃ। অন্যার্থশ্চ পরামর্শাদিতি ন্যায়েন ॥ ১০ ॥

এবং স্বাংশ পরম্পরয়া মূল দর্শনং দৃষ্টান্তয়তি যথেতি যুগ্মকেন নিগময়তি এবমিতি। ভূতাদিময়ৈঃ সংঘাতোপাধিকৈঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ততশ্চ জ্ঞানী শুদ্ধেন জীবাত্মনৈব পরমাত্মানং ভক্ত্যৈবানুভূয় তমেব প্রাপ্নোতীত্যাহ। উপলভ্যেতি আত্মনা শুদ্ধ জীবেন চিৎকণেন আত্মানং পরমাত্মানং পূর্ণ চৈতন্যনিধিং উপলভ্য ভক্ত্যানুভূয় চক্ষুষা পটলাদি দোষ রহিতেন জ্যোতিঃকণেন অর্কং জ্যোতির্নিধিমিব। আত্মদৃক্ জ্ঞানী প্রতিপদ্যতে প্রাপ্নোতি। অত্র পটলাদি দোষ রহিতেনাপি চক্ষুষা যথোলূকাদিরর্কং ন পশ্যতি কিন্তু তদ্ভিন্নো মনুষ্যাদিরেবার্কং পশ্যতি তথৈব শুদ্ধেনাপি জীবাত্মনা ভক্তিরহিতো জ্ঞানী পরমাত্মানং নানুভবতি কিন্তু ভক্তিমানেবানুভবতি। ভক্ত্যাহমেকয়া গ্রাহ্য ইতি। ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ। ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা বিশতে তদনন্তরমিতি ভগবদুক্তেঃ ॥ ৯ ॥

তং কীদৃশং মুক্তৈর্লিঙ্গ্যতে জ্ঞায়তে ইতি তমিত্যনেনানুভবজ্ঞান বিষয়ীভূতত্বং তস্যোক্তং অসতি নশ্বরে জগতি সদৈব ভাসতে ঽন্তর্যামিত্বেনেতি তং সতঃ কারণস্য বন্ধুং পতিং অসতঃ কার্য্যস্য মহদাদেশ্চক্ষুরিব প্রকাশকং সর্ব্বেষু কার্য্যকারণেষ্বনুস্যূতং পরিপূর্ণং অদ্বয়মেকমিতি বিশেষণপঞ্চকেনানুভব জ্ঞান পূর্ব্বদশায়াং তস্য শাস্ত্রোত্থ জ্ঞানবিষয়ীভূতত্বং জ্ঞাপিতং ॥ ১০ ॥

প্রথমং জীবাত্মৈব কেন প্রকারেণ জ্ঞাতব্যস্ততস্তেন পরমাত্মা চেত্যত্র সদৃষ্টান্তমাহ যথেতি, জলে স্থিত আভাসঃ প্রতিবিম্বাকারো

এইরূপ করাতে বুদ্ধির অবস্থা বিশেষ জাগ্রৎ স্বপ্নাদি নিবৃত্ত হইয়া যায় এবং অন্য দর্শন অর্থাৎ বিষয় চিন্তা দূরীভূত হয়, সুতরাং তখন ঐ পুরুষ আত্মদর্শী হইয়া যেমন নেত্রস্থিত সূর্য্য দ্বারা গগনস্থ সূর্য্য অবলোকন করে, তাহার ন্যায় অহঙ্কার বিশিষ্ট আত্মা দ্বারা শুদ্ধ আত্মাকে উপলব্ধি করত— ॥ ৯ ॥

নিরুপাধি এবং মিথ্যাভূত অহঙ্কারে সদ্রূপে ভাসমান ব্রহ্ম প্রাপ্ত হয়েন। মা! এই ব্রহ্ম শুদ্ধ, জীবের স্বরূপ হইতেও ভিন্ন, যে হেতু ইনি সতের অর্থাৎ কারণ রূপ প্রধানের বন্ধু (অধিষ্ঠান) এবং অসতের অর্থাৎ মহত্তত্ত্বাদি কার্য্যের চক্ষুঃ (প্রকাশক) ফলতঃ ইনি কার্য্য কারণ সকলেতেই অনুস্যূত রহিয়াছেন অথচ নিজে পরিপূর্ণ স্বরূপ ॥ ১০ ॥

মা! অহঙ্কার বিশিষ্ট আত্মাদ্বারা শুদ্ধ ব্রহ্ম প্রাপ্তি হয়, ইহা অসম্ভব বোধ করিবেন না, যেমন জল-

এবং ত্রিবৃদহঙ্কারো ভূতেন্দ্রিয় মনোময়ৈঃ। স্বাভাসৈর্লক্ষিতোঽনেন সদাভাসেন সত্যদৃক্ ॥১২॥
ভূতসূক্ষ্মেন্দ্রিয়মনোবুদ্ধ্যাদিষ্বিহ নিদ্রয়া। লীনেষ্বসতি যস্তত্র বিনিদ্রো নিরহংক্রিয়ঃ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

স্ফুরতি তদা গৃহকোণস্থিতৈঃ পুরুষৈর্ভিত্ত্যাদৌ স্থলে স্থিতেন স্বাভাসেন সূর্য্যপ্রতিবিম্বেন যথা প্রথমং জলস্থ আভাসো ঽবদৃশ্যতে লক্ষ্যতে গগণস্থস্য গৃহমধ্যে প্রতিবিম্ব যোগাৎ। চার্থে তথা শব্দঃ যথা চেত্যর্থঃ। যথাচ জলস্থেন দিবি স্থিতঃ সূর্য্যো লক্ষ্যতে ॥১১॥

এবং ভূতেন্দ্রিয়মনোময়ৈ র্দেহেন্দ্রিয় মনোভিরবচ্ছিন্নৈঃ স্বাভাসৈরাত্মপ্রতিবিম্বৈ স্ত্রিগুণোঽহঙ্কারঃ স্বতো ব্রহ্মণ আভাসো যস্মিন তেন রূপেণলক্ষিতোঽহঙ্কারস্বাভাসং বিনা বিষয়াভাসানুপপত্তেঃ। অনেন চাহঙ্কারেণ সদা ভাসবতা সত্যদৃক্ পরমার্থজ্ঞপ্তি রূপ আত্মা লক্ষিত ইত্যর্থঃ ॥ ১২ ॥

ইদানীং সুষুপ্তি সাক্ষিত্বেন শুদ্ধাত্মপ্রতিপত্তিমনুভবতো দর্শয়তি ত্রিভিঃ। ভূতাদিষু অসতি অসত্তুল্যে অব্যাকৃতে নিদ্রয়া লীনেষু সৎসু যস্তত্র তদা বিনিদ্রো নিরহংক্রিয়ঃ তমাত্মানং প্রতিপদ্যত ইতি তৃতীয়েনান্বয়ঃ ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ

স্বাভাসৈঃ স্বস্যাহঙ্কারোপাধিকস্যাভাসো যেষু তৈ র্গৃহকোণস্থিত পুরুষস্থানীয়ৈঃ পুরুষৈস্ত্রিবৃদহঙ্কার উপাধিত্বেন বর্ত্ততে যস্য স লক্ষিতঃ ততশ্চ ক্রমাদনেনাহঙ্কারোপাধিকেন পারম্পরিক দ্বারভূতেন তথা সদাভাসেন শুদ্ধেন চ সাক্ষাদ্দ্বারভূতেন সত্যদৃক্ পরমাত্মাপি লক্ষিত ইত্যর্থঃ ॥ ১১ ॥ ১২ ॥

ভূতসূক্ষ্মেতি ত্রিকং। অসতি সতঃ শুদ্ধ জীবাদিত্তরস্মিন্ অব্যাকৃতে ॥ ১৩ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

নিষ্কম্পঃ সূর্য্যপ্রকাশো যদা গৃহান্তর্বর্ত্তি স্বচ্ছভিত্ত্যাদৌ স্থলে স্ফুরতি তদা গৃহকোণস্থিতৈঃ পুরুষৈঃ প্রথমং স্থলস্থ আভাসো দৃশ্যতে ততশ্চ কুতোঽয়ং প্রকাশ ইতি পরামৃষন্তি তৈস্তৈ স্তেন স্থলস্থেন স্বাভাসেন শোভন সূর্য্যপ্রকাশেন জলস্থো নিষ্কম্প আভাসো ঽবদৃশ্যতে লক্ষ্যতে। পুনশ্চায়মপ্যাভাসঃ কুত ইতি তথা তেনৈব প্রকারেণ তেন জলস্থেন স্বাভাসেন শোভন প্রকাশেন দিবিস্থিতঃ সূর্য্যোঽবদৃশ্যতে ॥ ১১ ॥

এবমেব বিবেকিভিঃ প্রথমং ভূতেন্দ্রিয় মনাংসি চৈতন্যবত্বাৎ পরমাত্ম প্রকাশবন্তি দৃশ্যন্তে ততশ্চ জড়েষেষু পরমাত্ম প্রকাশোঽয়ং কুতস্ত্য ইতি ভূতেন্দ্রিয় মনোময়ৈঃ ভূতেন্দ্রিয় মনোবর্ত্তিভিঃ স্বাভাসৈ স্ত্রিবৃদহঙ্কার উপাধিত্বেন বর্ত্ততে যস্য স জীবাত্মা পরমাত্মনঃ প্রকাশ সংভূতঃ কিরণরূপো লক্ষিতঃ। ততশ্চানেন জীবাত্মনা সদাভাসেন সতা ভক্তিমতা প্রকাশেন সত্যদৃক্ সত্যজ্ঞানানন্দঃ পরমাত্মা লক্ষিত উপলব্ধঃ ॥ ১২ ॥

নন্থ আর্কেণ চক্ষুবৈবার্ক ইবাত্মনৈব ভক্তিমতা জ্ঞানিনা পরমাত্মানুভূয়ত ইতি সত্যং জানীমঃ কিন্তু চক্ষুঃ শ্রোত্রাদিকমিব তং জীবাত্মানং ত্রিবৃদহঙ্কারাৎ পৃথগ্‌ভূতং সাক্ষাদ্দর্শয়েত্যপেক্ষায়ামাহ ভূতেতি ত্রিভিঃ। ভূতাদিষু অসতি অনভিব্যক্তত্বাদসত্তুল্যে প্রধানে নিদ্রয়া লীনেষু সৎসু য স্তত্র তদা বিনিদ্রো নিরহংক্রিয়ঃ তমাত্মানং জীবং প্রতিপদ্যতে লোকোঽনুভবতীতি তৃতীয়েনান্বয়ঃ ॥ ১৩ ॥

স্থিত আভাস অর্থাৎ সূর্য্যপ্রতিবিম্ব যখন গৃহান্তর্বর্ত্তি ভিত্তির উপরে পরিস্ফুরিত হয়, তখন সেই গৃহের কোণস্থিত পুরুষ কর্ত্তৃক স্থলস্থিত ঐ সূর্য্যপ্রতিবিম্ব দ্বারা সূর্য্য দৃশ্যমান হয়েন, অথবা জলস্থ সূর্য্যবিম্ব দ্বারা গগনস্থ সূর্য্য লক্ষিত হয়েন ॥ ১১ ॥

সেই রূপ দেহ ইন্দ্রিয় মনঃ এতত্ত্রিতয় অবচ্ছিন্ন আত্ম প্রতিবিম্ব দ্বারা ত্রিগুণ স্বরূপ অহঙ্কার ব্রহ্মের প্রতিবিম্ব রূপে দৃশ্য হয়, পরে সেই অহঙ্কার দ্বারা অর্থাৎ পরমার্থ জ্ঞপ্তি রূপ আত্মা দৃশ্য হয়েন ॥ ১২॥

মা। এই আত্মা যে শুদ্ধ ও পরমার্থ জ্ঞান স্বরূপ তাহা অনুভব সিদ্ধই হইতেছে; সুষুপ্তি অবস্থায় যখন সূক্ষ্মভূত, ইন্দ্রিয়, মনঃ, বুদ্ধি ইত্যাদি সকল নিদ্রা দ্বারা অসত্তুল্য অব্যাকৃত প্রকৃতিতে লীন হয়, তখন ঐ আত্মা বিনিদ্র এবং নিরহঙ্কার হইয়া আপনার স্বরূপ প্রাপ্ত হইয়া থাকেন ॥ ১৩ ॥

মন্যমানস্তদাত্মান মনষ্টো নষ্টবন্মৃষা। নষ্টে ঽহঙ্করণে দ্রষ্টা নষ্টবিত্ত ইবাতুরঃ॥ ১৪॥
এবং প্রত্যবমৃশ্যাসাবাত্মানং প্রতিপদ্যতে। সাহঙ্কারস্য দ্রব্যস্য যোঽবস্থান মনুগ্রহঃ॥১৫॥

শ্রীধরস্বামী।

নম্ন যদি তদা বিনিদ্রোঽসাবস্তি তর্হি জাগ্রৎ স্বপ্নয়োরিব স্ফুটঃ কিং নাভাসতে তত্রাহ। পূর্ব্বং স দ্রষ্টা অতো দ্রষ্টৃত্বেন সবিকল্পতয়া স্ফুটং প্রতীতঃ। সুষুপ্তৌ তু ভূতাদেরহঙ্কার বিষয়স্য লীনত্বাৎ তদ্বিষয়েঽহঙ্কারে নষ্টে সতি স্বয়মনষ্টো ঽপি মৃষৈবাত্মানং নষ্টবন্মন্যমানঃ যোঽন্যস্য নাশে অন্যস্য নষ্ট তুল্যত্বে দৃষ্টান্তঃ নষ্টবিত্তো যথা আতুরো বিবশো নষ্টবস্তুবতীত্যর্থঃ॥ ১৪॥

নম্ন সুষুপ্তৌ ন কিঞ্চিদনুভূয়তে নৈবং সুখমহমস্বাপ্সং ন কিঞ্চিদবেদিষমিতি বিশেষ জ্ঞানং বিনা কেবলস্যাত্মনঃ প্রতিসন্ধানাদিত্যাহ এবমিতি। নম্ন প্রতিসন্ধানে সাহঙ্কারস্য প্রতীতেঃ কথং নিরহঙ্কৃত্বং তত্রাহ সাহঙ্কারস্য দ্রব্যস্য কার্য্যকারণসংঘাতস্যানুগ্রহঃ প্রকাশকঃ অবস্থানঞ্চ দ্রব্যস্য বিশেষণতয়া অহঙ্কারস্যাপি দৃশ্যত্বাচ্চ। তদ্দ্রষ্টাত্মা তদ্ব্যতিরিক্তঃ তমাত্মানমিত্যন্বয়ঃ॥ ১৫॥

ক্রমসন্দর্ভঃ।

সাহঙ্কারে সতি মামহং নাজ্ঞাসিষমিতি সুষুপ্ত্যনন্তরমেব প্রতিসন্ধানান্তরে মাং পদোক্ত ভূতসূক্ষ্মাদি সঙ্ঘাত লক্ষণ দ্রব্য

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নম্বলং তর্হি যোগাভ্যাসেন মনোবুদ্ধীন্দ্রিয়াদি লয়ে সতি যঃ কেবলাত্মানুভবো যোগাভ্যাস ফল রূপ স্তং খলু নিদ্রৈব কারয়তীতি তত্রাহ মন্যমান ইতি তদা ভূতাদীনামহঙ্কার্য্যাণামহঙ্কারস্য চ লয়াদহঙ্করণে নষ্টে সতি দ্রষ্টা জীবো দৃশ্যানামভাবাদ্দর্শনেচ নষ্টে সতি স্বয়মনষ্টো ঽপি আত্মানং নষ্টবন্মৃষা মন্যমানো য ইত্যবিদ্যাবন্তং জীবং সুষুপ্তাবুৎপ্রেক্ষতে নষ্টবিত্ত ইব নতু নষ্টবিত্তাসক্তিরিত্যর্থঃ। অয়মর্থঃ। যোগাভ্যাসেন জীবোপাধিভূতানাং তত্ত্বানামাত্যন্তিকে লয়ে সত্যেব জীবঃ স্বীয়রূপানন্দময়ো ভবতি। নতু নৈমিত্তিকয়োঃ সুষুপ্তি প্রলয়য়োঃ। যথা বিত্তে নষ্টে সত্যাকিঞ্চন্যং সুখং ন ভবতি কিন্তু বিত্তাসক্তাবেব নষ্টায়াং সত্যাং তথৈব জীবস্য নৈষ্কর্ম্ম্যং বিনা সুষুপ্তি প্রলয়য়োরুপাধিনাশেঽপি ন স্বরূপ প্রাপ্তির্নৈষ্কর্ম্ম্যঞ্চ ভক্তিজ্ঞানাভ্যাং বিনা ন ভবেদিতি সুষুপ্তৌ অবিদ্যা তৎ সংস্কারাণাঞ্চ বিদ্যমানত্বাৎ কেবলাত্মানুভবোঽপ্যকিঞ্চিৎকর ইতি॥ ১৪॥

নম্ন সুষুপ্তৌ ন কিঞ্চিদনুভূয়তে নৈবং সুখমহমস্বাপ্সং ন কিঞ্চিদবেদিষমিতি বিশেষ জ্ঞানং বিনা কেবলস্যাত্মনঃ প্রতিসন্ধানাদিত্যাহ এবমিতি কিঞ্চ সাহঙ্কারস্য দ্রব্যস্য ভূতেন্দ্রিয়াদি সংঘাতস্য দেহস্য যোঽবস্থানং আশ্রয়ঃ যমেব জীবাত্মানমাশ্রিত্য

সে সময় সেই আত্মা দ্রষ্টা স্বরূপে অবস্থিত হয়েন, আপনার উপাধি অহঙ্কার বিনষ্ট হওয়াতে স্বয়ং নষ্ট না হইলেও আপনাকে নষ্টতুল্য জ্ঞান করেন। উপাধির বিনাশে আপনার বিনাশজ্ঞান হওয়া অসম্ভব নহে, ধন বিনষ্ট হইলে আপনিই যেন নষ্ট হইল এ রূপ কাতর হইতে প্রায় সকলকেই দেখা যায়॥ ১৪॥

মা! আমার বোধ হয় আপনার মনে এমত আশঙ্কা হইতেছে যে, সুষুপ্তি অবস্থায় কোন বিষয়ের অনুভব হয় না, একারণ তৎকালে আত্মার সাক্ষিস্বরূপে বিদ্যমান থাকা কি প্রকারে সম্ভব হইতে পারে, কিন্তু মা! যদি বিবেচনা করিয়া দেখেন তাহা হইলে আপনার এ রূপ সংশয় স্থান প্রাপ্ত হইবে না, সুষুপ্তি প্রাপ্ত ব্যক্তির সুষুপ্তি ভঙ্গ হইলে এই কথা বলিয়া থাকে "আজি আমি সুখে নিদ্রা গিয়াছিলাম কিছুই জানিতে পারি নাই" নিদ্রা হইতে উত্থিত পুরুষের যখন এরূপ স্মরণ হয় তখন সুতরাং বোধ হইতেছে সুষুপ্তি কালে কেবল আত্মা সাক্ষিস্বরূপে অবস্থিতি করেন, তাহা না থাকিলে ঐ রূপ জ্ঞান হইবার সম্ভাবনা নাই। মা। ঐ রূপ জ্ঞানে অহঙ্কার যুক্ত আত্মা প্রতীয়মান হওয়াতে তদবস্থায় আত্মার নিরহঙ্কারিত্ব সম্ভাবনা এমত আশঙ্কা করিবেন না, ঐ আত্মাই অহঙ্কার বিশিষ্ট দ্রব্যের

শ্রীদেবহূতিরুবাচ ॥

পুরুষং প্রকৃতির্ব্রহ্মন্ ন বিমুঞ্চতি কর্হিচিৎ। অন্যোন্যাপাশ্রয়ত্বাচ্চ নিত্যত্বাচ্চানয়োঃ প্রভো॥১৬

যথা গন্ধস্য ভূমেশ্চ ন ভাবো ব্যতিরেকতঃ। অপাং রসস্য চ যথা তথা বুদ্ধেঃ পরস্য চ ॥ ১৭ ॥

অকর্ত্তুঃ কর্ম্মবন্ধোঽয়ং পুরুষস্য যদাশ্রয়ঃ। গুণেষু সৎসু প্রকৃতেঃ কৈবল্যং তেষ্বতঃ কথং ॥ ১৮॥

শ্রীধরস্বামী।

ভক্তি বিরক্তিভ্যাং সত্যপি বিবেকে প্রকৃতিপুরুষয়োঃ পরস্পরত্যাগাভাবাৎ কথং মুক্তিরিতি পৃচ্ছতি পুরুষমিতি চতুর্ভিঃ ॥ ১৬ ॥

ব্যতিরেকাভাব মাত্রে দৃষ্টান্তঃ। যথা ব্যতিরেকতো ভাবঃ সত্তা নাস্তি গন্ধস্য কদাচিদপক্ষয় দর্শনাৎ দৃষ্টান্তান্তরং অপামিতি। বুদ্ধেঃ প্রকৃতেঃ পরস্য চ পুরুষস্য ॥ ১৭ ॥

ততঃ কিং অত আহ অকর্ত্তুরিতি। যে গুণা আশ্রয়ো যস্য সঃ। তেষু প্রকৃতে গুণেষু সৎসু পুরুষস্য কৈবল্যং কথং ॥ ১৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

বিশেষণতয়া তদহঙ্কারস্যাপ্যন্যদা দৃশ্যত্বাপত্তেরহংপদোক্ত শুদ্ধ দ্রষ্টাত্মা তদ্ব্যতিরিক্তো যঃ প্রকাশক আশ্রয়স্তেত্যর্থঃ ॥ ১৫ ॥

অন্যোন্যাপাশ্রয়ত্বেপ্যেকস্য নশ্বরত্বে বিমুঞ্চতু নাম তচ্চ নেত্যাহ নিত্যত্বাদিতি ॥ ১৬ ॥ ১৭ ॥

অকর্ত্তুরিতি। অতঃ পূর্ব্বোক্তাদ্ধেতোঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অহঙ্কারাদয়ো ভোগ্যেষু বিষয়েষু প্রবর্ত্তন্ত ইত্যর্থঃ। তথা য এব জীবাত্মা অনুগ্রহঃ স্বীয় ভোক্তৃত্বলক্ষণধর্ম্ম প্রদানাদনুগ্রাহ্য ইত্যর্থঃ॥১৫

নমু ভক্তেরপি জ্ঞানবৈরাগ্যাদিভি র্মোক্ষো দুর্ল্লভ এবেত্যত্র যুক্তিমাহ পুরুষমিতি। অন্যোন্যেতি পুরুষঃ শক্তিমত্বাৎ বিশ্ব সৃষ্ট্যাদি লীলার্থং স্বশক্তি প্রকৃতিমপাশ্রয়তে। প্রকৃতিরপি শক্তিত্বাৎ স্বীয়ং পুরুষমাশ্রয়ত এবেত্যর্থঃ। দ্বয়োরেকতরস্য নশ্বরত্বে বিমুঞ্চতু নাম তচ্চ নেত্যাহ নিত্যত্বাদিতি ॥ ১৬ ॥

ব্যতিরেকতো ভাবঃ সত্তা নাস্তি গন্ধস্য কদাচিদপক্ষয় দর্শনাদ্দৃষ্টান্তান্তরং অপামিতি বুদ্ধেঃ প্রকৃতেঃ পরস্য পুরুষস্য ॥ ১৭ ॥

ততঃ কিমত আহ অকর্ত্তুরিতি যে গুণা আশ্রয়ো যস্য সঃ। তেষু প্রকৃতেগুণেষু সৎসু পুরুষস্য জীবস্য অতএব হেতোঃ কথং কৈবল্যং ॥ ১৮ ॥

অর্থাৎ কার্য্য কারণ সংঘাতের প্রকাশক এবং তাহার অবস্থান অর্থাৎ তখন ঐ অহঙ্কারও দৃশ্য স্বরূপ হয়, তদ্ব্যতিরিক্ত দ্রষ্টা আত্মাই কেবল আত্ম স্বরূপ অনুভব করেন ॥ ১৫ ॥

দেবহূতি জিজ্ঞাসা করিলেন, ব্রহ্মন্! ভক্তি এবং বৈরাগ্য দ্বারা যদিও বিবেক হইতে পারে তথাপি পুরুষ ও প্রকৃতির পরস্পর নিত্য সংযোগ হেতু প্রকৃতি কখন পুরুষকে ত্যাগ করে না, তবে কি প্রকারে মুক্তি হইবে? ॥ ১৬ ॥

ফলতঃ যেমন ভূমি ও গন্ধ এই দুইয়ের মধ্যে একটী অন্য ভিন্ন থাকিতে পারে না, অথবা যেমন রস ও জল ইহাদের মধ্যেও একের অভাবে অন্যের অভাব হয়, তেমনি প্রকৃতি ও পুরুষ ইহাদেরও এক ব্যতিরেকে অন্যের সত্তা হইতে পারে না, এই দুইয়ের পরস্পর বিয়োগ ঘটিলেই ত মুক্তি হইতে পারে? নতুবা মুক্তির সম্ভাবনা কই? ॥ ১৭ ॥

অপর, পুরুষ অকর্ত্তা সত্য, কিন্তু তাঁহার এই কর্ম্মবন্ধ, প্রকৃতির যে সকল গুণকে আশ্রয় করিয়া হইয়াছে, প্রকৃতির সেই সকল গুণ বর্ত্তমান থাকাতে পুরুষের কি প্রকারে মুক্তি হইতে পারে? ॥ ১৮॥

কচিত্তত্ত্বাবমর্শেন নিবৃত্তং ভয়মুল্বণং। অনিবৃত্তনিমিত্তত্বাৎ পুনঃ প্রত্যবতিষ্ঠতে ॥ ১৯ ॥

শ্রীভগবানুবাচ ॥

অনিমিত্তনিমিত্তেন স্বধর্ম্মেণামলাত্মনা। তীব্রয়া ময়ি ভক্ত্যাচ শ্রুতসম্ভৃতয়া চিরং।

জ্ঞানেন দৃষ্টতত্ত্বেন বৈরাগ্যেণ বলীয়সা। তপোযুক্তেন যোগেন তীব্রেণাত্ম সমাধিনা ॥ ২০ ॥

প্রকৃতিঃ পুরুষস্যেহ দহ্যমানাত্বহর্নিশং। তিরোভবিত্রী শনকৈরগ্নের্যোনিবারণিঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

অতএব কচিন্নিবৃত্ত প্রায়স্যাপি সংসারভয়স্য পুনরুদ্ভবো দৃশ্যত ইত্যাহ কচিদিতি ॥ ১৯ ॥

ন প্রকৃতিসম্বন্ধমাত্রং বন্ধহেতুঃ কিন্তু গুণ বুদ্ধ্যা তদাসক্তিঃ তন্নিবৃত্তৌ সত্যাং মোক্ষোঽপি ঘটতে। কচিদ্ভবস্ত সাধন বৈকল্যাদিত্যভিপ্রেত্য সাধনাতিশয়ং কথয়ন্ পরিহরতি ত্রিভিঃ। নিমিত্তং ফলং তন্ন নিমিত্তং প্রবর্ত্তকং যস্মিন্ নিষ্কামেণ ধর্ম্মেণ অমলাত্মনা নির্ম্মলেন মনসা শ্রুতেন কথাশ্রবণেন সংভৃতয়া পুষ্টয়া ॥ ২০ ॥

দহ্যমানাভিভূয়মানা তিরোহিতা ভবতি ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

অন্যাশ্রয়ত্বেপি নভোবদন্যাস্পৃষ্টত্বং পুরুষস্যেতি তত্ত্ববিবেকঃ। কর্ত্তব্য ইত্যপ্যকিঞ্চিৎকরমিত্যাহ কচিদিতি কচিৎ পাঠঃ। এষ সর্ব্বসম্মতঃ ॥ ১৯ ॥

অত্রোচ্যতে। যদি তদবিবেকএব পূর্ব্বোক্ত হেতুস্তদা তত্ত্বাবমর্শমাত্রং তত্রোপযুক্তং স্যাৎ। পূর্ব্বস্ত্বীশ্বরবৈমুখ্যমেব। ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যাদিত্যাদেঃ। ততঃ সর্ব্বত্রেশ্বরারাধন পূর্ব্বকত্বমেবোপযুক্তমিত্যুপদিষ্টমপি নির্দ্ধারয়তি ষড়্ভিঃ। অত্র অনিমিত্তেতি ত্রিকং। জ্ঞানং বিচারঃ। দর্শনং নির্দ্ধারণং। তপঃ শমদমাদি। যোগো জীবাত্মপরমাত্মনো ধ্যানং। যোগঃ সংহননোপায় ধ্যান সঙ্গতি যুক্তিষ্বিতি নানার্থবর্গাৎ। ধ্যানমেব ধ্যাতৃধ্যেয় বিবেকরহিতং সমাধিঃ। অগ্নেঃ প্রাবল্যে সতি তন্নির্ব্বাপণার্থং তদাবির্ভাব কারণমরণি র্যথা জলৈ স্তুতোপ্যন্তরিতা ক্রিয়তে। তথা সাপি মায়া স্বাংশেন ততস্তিরোভবতীত। অত্র সর্ব্বাসামপি সিদ্ধীনাং মূলং তচ্চরণার্চ্চনমিত্যুক্ত্যা ভক্তেরঙ্গিত্বে অঙ্গবন্নির্দ্দেশঃ। তেষাং তত্র সাধনান্তর সামান্য দৃষ্টিরিত্যভিপ্রায়েণ। অতএব তেষাং মোক্ষমাত্র ফলমিতি ॥ ২০ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অতএব কচিন্নিবৃত্ত প্রায়স্যাপি সংসার ভয়স্যোদ্ভবোদৃশ্যতে ইত্যাহ কচিদিতি ॥ ১৯ ॥

হে মাত র্ন প্রকৃতি র্জীবস্য বন্ধহেতুঃ কিন্তু তদীয় গুণাধ্যাস এব সচাবিদ্যাকৃত এব অতএবাবিদ্যা নিবৃত্তৌ মোক্ষো ঘটতে কচিত্তয়স্যোদ্ভবস্ত সাধন কৈবল্যাদিত্যভিপ্রেত্য সাধনাতিশয়ং কথয়ন্ পরিহরতি। নিমিত্তং ফলং তদভাবো হনিমিত্তমেব নিমিত্তং প্রবর্ত্তকো যত্র তেন অমলঃ শুদ্ধ আত্মা অন্তঃকরণং যতঃ স্যাত্তেন। তীব্রয়া স্বভাবাদেব সর্ব্বত তেজস্বিন্যা শ্রুতসংভৃতয়া মৎকথা শ্রবণপরিপুষ্টয়া ॥ ২০ ॥

প্রকৃতি র্লিঙ্গদেহঃ পুরুষস্য এভিঃ সাধনৈ র্দহ্যমানা অভিভূয়মানা তিরোভবতি অগ্নেরিতি অরণিঃ কাষ্ঠং। অগ্নি র্যথা কাষ্ঠাদেবোৎপদ্য কাষ্ঠং দহতি তথৈব জ্ঞানং লিঙ্গদেহাদুৎপদ্য তমেব দহতি ॥ ২১ ॥

এই নিমিত্তই ত কখন কখন তত্ত্ব বিচার দ্বারা কোন কোন পুরুষের সংসার ভয় নিবৃত্ত হইলেও তাহার কারণ একেবারে নিবৃত্ত না হওয়াতে পুনর্ব্বার সেই ভয়ের উদ্ভব হইতে দেখা গিয়া থাকে, অতএব এ বিষয়ের যথার্থতত্ত্ব বর্ণন কর ॥ ১৯ ॥

ভগবান্ কপিল এই সকল প্রশ্নের উত্তর দানার্থ সম্বোধন পূর্ব্বক কহিতে লাগিলেন, মা! নিষ্কাম ধর্ম্ম, নির্ম্মল মন, আমার কথা শ্রবণ দ্বারা পরিপুষ্ট মদ্বিষয়ক দৃঢ় ভক্তিযোগ, তত্ত্বদর্শি জ্ঞান, প্রবল বৈরাগ্য, তপোযুক্ত যোগ এবং তীব্র আত্ম সমাধি এই সকল দ্বারা ॥ ২০ ॥

অহর্নিশ পুরুষের প্রকৃতি ভূয়োভূয়ঃ অভিভূয়মান হইলে ক্রমে ক্রমে অগ্নিযোনি অরণির তুল্য অর্থাৎ যেমন অগ্নি কাষ্ঠ হইতে উৎপন্ন হইয়া ঐ কাষ্ঠ দগ্ধ করিয়া থাকে তাহার ন্যায় তিরোহিত হইতে পারে ॥ ২১ ॥

ভুক্তভোগা পরিত্যক্তা দৃষ্টদোষাচ নিত্যশঃ। নেশ্বরস্যাশুভং ধত্তে স্বে মহিম্নি স্থিতস্যচ ॥ ২২ ॥
যথাহ্যপ্রতিবুদ্ধস্য প্রস্বাপো বহ্বনর্থভৃৎ। স এব প্রতিবুদ্ধস্য ন বিমোহায় কল্পতে।
এবং বিদিততত্ত্বস্য প্রকৃতি র্ময়ি মানসং। যুঞ্জতো নাপকুরুত আত্মারামস্য কর্হিচিৎ ॥ ২৩ ॥
যদৈবমধ্যাত্মরতঃ কালেন বহুজন্মনা। সর্ব্বত্র জাতবৈরাগ্য আব্রহ্ম ভবনান্মুনিঃ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

এবঞ্চ সতি পুনরুদ্ভবো নাস্তীত্যাহ। ভুক্তো ভোগো যস্যাঃ নিত্যশঃ সদা দৃষ্টোদোষো যস্যাঃ। অতএব পরিত্যক্তা সতী ঈশ্বরস্যা পরতন্ত্রস্য স্বে মহিম্নি স্থিতস্য স্বানন্দং প্রাপ্তস্য ॥ ২২ ॥

অবিবেকাবস্থায়ামনর্থহেতুরপি বিবেকানন্তরং ন ভবতীতি সদৃষ্টান্তমাহ যথেতি দ্বাভ্যাং। প্রস্বাপঃ স্বপ্নঃ বহ্বনর্থান্ বিভর্ত্তি পুষ্ণাতি প্রতিবুদ্ধস্য সংস্কারবশেন.স্ফুরন্নপি ॥ ২৩ ॥

উপসংহরতি যদৈবমিতি ত্রিভিঃ। বহূনি জন্মানি যস্মিন্ কালে ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ

ঈশ্বরস্য ভগবচ্ছক্ত্যংশে শক্তিমতঃ স্বে মহিম্নি মহিমহেতাবীশ্বরত্বে স্থিতস্য প্রাপ্ত স্ফূর্ত্তেরিতি জীবস্য স্বরূপ শক্তিত্বং দর্শিতং। স যদজয়ামিত্যাদেঃ ॥ ২২ ॥ ২৩ ॥

যদৈবেতি ত্রিকং। মদ্ভক্তস্তু মৎ প্রসাদেনাত্মসৈব নিঃশ্রেয়সং প্রাপ্নোতীত্যাহ। মদ্ভক্ত ইতি যদি মদ্ভক্ত সঙ্গেন মদ্ভক্তো ভবতি তদৈবেত্যর্থঃ। ভূয়স্যা সর্ব্বত্র বলবত্তরয়েত্যর্থঃ। অহমেবাশ্রয়ো যস্য তৎ। তদুক্তং গীতাসু। যো মামব্যভিচারেণেত্যারভ্য ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতি ॥ ২৪ ॥ ২৫ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

কিঞ্চাবশিষ্টাপি দহ্যমানারণিবল্লিঙ্গদেহরূপা প্রকৃতিঃ খস্বেবম্ভূতা চেন্নাপকুরুত ইত্যাহ ভুক্তোভোগো বহুধা স্বর্গ নরকাদি র্যস্যা অতএব বিবেকিনা চর্ব্বিতবত্ত্যক্তা তদপি দৈবাদাপতন্তী চেদ্দৃষ্টো দোষো যস্যাঃ সা। ঈশ্বরস্য নিত্যমেবং সদসদ্বিবেচনে ভুক্ত্বা পরিত্যজনে দোষদর্শনে চ সমর্থস্য স্বে মহিম্নি স্বীয়ে মহত্ত্বে গুরূপদিষ্ট সাধুবর্ত্মনি ॥ ২২ ॥

অবিবেকাবস্থায়ামনর্থহেতু র্যঃ স খলু বিবেকে সতি ন তথৈবেত্যাহ যথেতি দ্বাভ্যাং। প্রস্বাপঃ স্বপ্নঃ বহ্বনর্থান্ ব্যাঘ্র সর্পাদি দংশান্ বিভর্ত্তি প্রতিবুদ্ধস্য সংস্কারবশেন স্ফুরন্নপি ॥ ২৩ ॥ ২৪ ॥

পুরুষের প্রকৃতি এই রূপে তিরোহিত হইলে আর তাহার পুনরুদ্ভব হয় না, তখন পুরুষ তাহাকে এইরূপ বোধ করেন ইহার ভোগ ভুক্ত হইয়াছে এবং সর্ব্বদাই তাহার দোষের প্রতি দৃষ্টি করিতে থাকেন, সুতরাং সে পরিত্যক্ত হওয়াতে পুরুষের আর অশুভ জন্মাইতে পারে না, ফলতঃ যখন পুরুষ আপনার মহিমাতে অবস্থিত হইয়া স্বানন্দ প্রাপ্ত হয়েন, তখন আর তাঁহাকে অভিভব করিতে প্রকৃতির সামর্থ্য কি? ॥ ২২ ॥

মা! যেমন পুরুষ যখন নিদ্রিত থাকে তখনই তাহার স্বপ্ন যোগে বহু বহু অনর্থ ঘটে, কিন্তু সেই পুরুষ জাগরিত হইলে সংস্কার বশতঃ ঐ স্বপ্ন যদিও স্মরণ হয়, তথাচ তাহা পুরুষের মোহ জন্মাইতে পারে না, তাহার ন্যায় পুরুষ, তত্ত্বজ্ঞ হইয়া যখন আমার প্রতি আপনার মনঃসংযোগ করত আত্মারাম হয়েন, তখন আর তাঁহার অপকার করিতে সমর্থ হয় না ॥ ২৩ ॥

পুরুষ বহু জন্মে এই প্রকারে অধ্যাত্ম রত হইয়া যখন ব্রহ্ম লোকাবধি সর্ব্বত্র জাত বৈরাগ্য এবং মুনি ॥ ২৪ ॥

মদ্ভক্তঃ প্রতিবুদ্ধার্থো মৎ প্রসাদেন ভূয়সা। নিঃশ্রেয়সং স্বসংস্থানং কৈবল্যাখ্যং মদাশ্রয়ং ॥২৫॥
প্রাপ্নোতীহাঞ্জসা ধীরঃ স্বদৃশা ছিন্নসংশয়ং। যদগত্বা ন নিবর্ত্তেত যোগী লিঙ্গবিনির্গমে ॥ ২৬ ॥
যদা ন যোগোপচিতাসু চেতো মায়াসু সিদ্ধস্য বিসজ্জতেঽঙ্গ।
অনন্য হেতুষ্বথ মে গতিঃ স্যাদাত্যন্তিকী যত্র ন মৃত্যুহাসঃ ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে কাপিলেয়ে প্রকৃতিবিবেকঃ সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৭ ॥ * ॥

শ্রীধরস্বামী।

প্রতিবুদ্ধার্থঃ বিদিতাত্মতত্বঃ কৈবল্যাখ্যং স্বসংস্থানং দেহাদিব্যতিরিক্তং স্বরূপং মদাশ্রয়ং নিঃশ্রেয়সং। নিরতিশয়ানন্দং ॥ ২৫ ॥
স্বদৃশা আত্মজ্ঞানেন ছিন্নাঃ সংশয়া মিথ্যাজ্ঞানানি যস্য লিঙ্গাদ্বিনির্গমে লিঙ্গশরীর নাশে সতীত্যর্থঃ ॥ ২৬ ॥
তদাতু অণিমাদি সিদ্ধয়োঽন্তরায়রূপা ভবন্তি তাসু যোগেনোপচিতাসু সমৃদ্ধাসু। ন যোগাদন্যো হেতুর্যাসাং তাসু যদা সিদ্ধস্য চেতো ন বিসজ্জতে। অঙ্গ হে মাতঃ অথ তদা অন্তং অতিক্রান্তোঽত্যন্তো যোঽহং তৎ সম্বন্ধিনী যত্র যস্যাং গতৌ মৃত্যোর্হাসো ন ভবতি। বিষয়াসক্তৌ তু সিদ্ধোঽপি ময়া বশীকৃত ইতি মৃত্যোর্হাসো গর্ব্বো ভবতীত্যর্থঃ ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে সপ্তবিংশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

যদা মৎ প্রসাদে সতি ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে সপ্তবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বসংস্থানং দেহাদি ব্যতিরিক্তং স্বরূপং কৈবল্যাখ্যং ব্রহ্ম। অহমেবাশ্রয়ো যস্য তৎ। যদুক্তং ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতি। স্বদৃশা শুদ্ধাত্ম জ্ঞানেন লিঙ্গাদ্বিনির্গমে লিঙ্গশরীরে নষ্টে সতীত্যর্থঃ ॥ ২৫ ॥ ২৬ ॥
কিঞ্চাণিমাদি সিদ্ধি পর্য্যন্তা বিবিধা ভোগা অন্তরায় রূপা ভবন্তি তাসু যোগী ন বিসজ্জেদিত্যাহ যদাঁ যোগী উপচিতাসু সমৃদ্ধাসু মায়াসু বিবিধভোগ্যবস্তুষু সিদ্ধস্য চেতো ন বিসজ্জতে তদা আত্যন্তিকী গতির্মুক্তিঃ স্যাৎ। মায়াসু কীদৃশীসু ন যোগাদন্যো হেতু র্যাসাং তাসু। যত্র যস্যাং গতৌ সত্যাং মৃত্যোর্হাসো ন ভবতি। বিসক্তৌ তু সিদ্ধোঽপি ময়া বশীকৃত ইতি। মৃত্যোর্হাসো গর্ব্বো ভবতীত্যর্থঃ ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। তৃতীয়ে সপ্তবিংশোঽপি সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ও আমার প্রতি ভক্তিমান্ হইয়া আমার প্রসাদে আত্মতত্ত্ব জানিতে পারে, তখন কৈবল্য ধামে দেহাদি ব্যতিরিক্ত স্বরূপ মদাশ্রয় নিরতিশয় আনন্দ প্রাপ্ত হয় ॥ ২৫ ॥

তৎকালে তাহার লিঙ্গশরীর নাশ হওয়াতে ঐ আনন্দ প্রাপ্ত হইয়া পুনর্ব্বার আর তাহাকে নিবৃত্ত হইতে হয় না এবং আত্মজ্ঞান দ্বারা তাহার সংশয় সকলও ছেদন হইয়া যায় ॥ ২৬ ॥

মা! ঐ রূপ অবস্থা প্রাপ্ত ব্যক্তির তৎকালে অণিমাদি সিদ্ধিযোগ দ্বারা সমৃদ্ধ এবং যোগব্যতীত তাহার অন্য কারণ নাই, এইরূপ বোধ হওয়াতে তাহাতে আর চিত্ত আসক্ত হয় না, কেবল এইরূপ বোধ হয় সীমার অতিক্রমণকারী যে আত্মা তৎসম্বন্ধিনী গতি আমার হউক, যাহাতে মৃত্যু হাস্য করিতে পারিবে না ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে সপ্তবিংশ ॥ * ॥

শ্রীভগবানুবাচ ॥

যোগস্য লক্ষণং বক্ষ্যে সবীজস্য নৃপাত্মজে। মনো যেনৈব বিধিনা প্রসন্নং যাতি সৎপথং ॥ ১ ॥
স্বধর্ম্মাচরণং শক্ত্যা বিধর্ম্মাচ্চ নিবর্ত্তনং। দৈবাল্লব্ধেন সন্তোষ আত্মবিচ্চরণার্চ্চনং ॥ ২ ॥
গ্রাম্যধর্ম্ম নিবৃত্তিশ্চ মোক্ষধর্ম্মরতিস্তথা। মিতমেধ্যাদনং শশ্বদ্বিবিক্তক্ষেমসেবনং ॥ ৩ ॥
অহিংসা সত্যমস্তেয়ং যাবদর্থপরিগ্রহঃ। ব্রহ্মচর্য্যং তপঃ শৌচং স্বাধ্যায়ঃ পুরুষার্চ্চনং ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

অষ্টাবিংশে ততোঽষ্টাঙ্গযোগেন ধ্যানশোভিনা। সর্ব্বোপাধিবিনির্ম্মুক্ত স্বরূপ জ্ঞানমীর্য্যতে। ভক্তিং সংক্ষেপতঃ প্রোচ্য সাংখ্যমাখ্যায় বিস্তৃতং। অথাহ বৈষ্ণবং যোগমষ্টাঙ্গং কপিলো হরিঃ ॥ ০ ॥
সবীজস্য সাবলম্বনস্য প্রসন্নং সৎ ॥ ১ ॥
তত্র যমনিয়মানাহ ত্রিভিরক্ষরদ্বয়াধিকৈঃ শক্ত্যা স্বধর্ম্মাচরণং ॥ ২ ॥
গ্রাম্যস্ত্রৈবর্গিকো ধর্ম্মঃ তস্মান্নিবৃত্তিঃ। মিতঞ্চ তন্মেধ্যং শুদ্ধঞ্চ তস্যাদনং। তত্র মিতং নাম। দ্বৌ ভাগৌ পূরয়েদন্নৈস্তোয়েনৈকঞ্চ পূরয়েৎ। মারুতস্য প্রচারার্থং চতুর্থমবশেষয়েদিতি স্মৃতিপ্রসিদ্ধং। বিবিক্তং বিজনং ক্ষেমং নির্ব্বাধং তস্য স্থানস্য সেবনং ॥ ৩ ॥
যাবতা অর্থঃ প্রয়োজনং তাবন্মাত্রস্য পরিগ্রহঃ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

যেনৈব বিধিনা প্রকারেণ তৎ প্রকারকং লক্ষণমিত্যন্বয়ঃ ॥ ১ ॥ ২ ॥ ৩ ॥ ৪ ॥ ৫ ॥ ৬ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অষ্টস্বঙ্গেষু যোগস্য ধ্যানং বিস্তার্য্য বর্ণ্যতে। অষ্টাবিংশে যতোযোগী মুক্তিং বিন্দেদযন্ত্রতঃ। স্বভক্তিমুপদিশ্যৈবং সাঙ্খ্য মুক্ত্বা তদন্বিতং। অষ্টাঙ্গযোগং তন্মিশ্রমারেভে বক্তুমীশ্বরঃ ॥ ০ ॥
সবীজস্য সাবলম্বনস্য ॥ ১ ॥ ২ ॥
তত্র যমনিয়মানাহ ত্রিভিরক্ষরদ্বয়াধিকৈঃ। তত্রাহিংসা সত্যাস্তেয়াপরিগ্রহ ব্রহ্মচর্য্য মৌনানি যমাঃ। তদন্যানি স্বধর্ম্মাচরণাদীনি নিয়মাঃ। গ্রাম্যস্ত্রৈবর্গিকো ধর্ম্মঃ। মিতমেধ্যাদনমিতি। তত্র মিতং নাম। দ্বৌ ভাগৌ পূরয়েদন্নৈস্তোয়েনৈকং প্রপূরয়েৎ। মারুতস্য প্রচারার্থং চতুর্থমবশেষয়েদিতি স্মৃতিপ্রসিদ্ধং। বিবিক্তং নির্জ্জনং ক্ষেমং নির্ভয়ঞ্চ যৎস্থানং তত্র স্থিতিঃ ॥ ৩ ॥
যাবতা অর্থঃ প্রয়োজনং তাবন্মাত্রস্য নত্বধিকস্য বস্তুনঃ পরিগ্রহঃ ॥ ৪ ॥

অষ্টাবিংশতি অধ্যায়ে ধ্যানশোধিত অষ্টাঙ্গ যোগ দ্বারা সর্ব্বোপাধি বিনির্ম্মুক্ত স্বরূপ জ্ঞান কথন ॥ ০ ॥

ভগবান্ কপিল কহিলেন, হে নৃপাত্মজে! এক্ষণে সাবলম্বন যোগের লক্ষণ বলি শ্রবণ করুন। এই যোগ অনুষ্ঠান করিলে তদ্দ্বারা মনঃ প্রসন্ন হইয়া সৎপথে গমন করিবে ॥ ১ ॥

আপনার শক্তি অনুসারে স্বধর্ম্মের আচরণ, বিরুদ্ধ ধর্ম্ম হইতে নিবৃত্ত থাকন, যদৃচ্ছা লাভে সন্তোষ, আত্মতত্ত্বজ্ঞ লোকদিগের চরণার্চ্চন ॥ ২ ॥

গ্রাম্য ধর্ম্ম হইতে অর্থাৎ ধর্ম্ম অর্থ কাম বিষয়ক কর্ম্ম হইতে নিবৃত্তি, মোক্ষ বিষয়ক ধর্ম্মে রতি, পরিমিত অথচ পবিত্র খাদ্য দ্রব্য ভক্ষণ, নিরন্তর বাধা শূন্য নির্জ্জন স্থানে অবস্থান ॥ ৩ ॥

অহিংসা, সত্যবাক্য কথন, অস্তেয় অর্থাৎ অন্যায় পূর্ব্বক পরধন না লওয়া, যৎপরিমিত বস্তুর প্রয়োজন তাবন্মাত্র পরিগ্রহণ, ব্রহ্মচর্য্য, তপস্যা, বাহ্য ও অভ্যন্তর শৌচ, বেদাধ্যয়ন, পরম পুরুষ ভগবানের অর্চ্চন ॥ ৪ ॥

মৌনং সদাসনজয়স্থৈর্য্যং প্রাণজয়ঃ শনৈঃ। প্রত্যাহারশ্চেন্দ্রিয়াণাং বিষয়ান্মনসা হৃদি ॥ ৫ ॥
স্বধিষ্ণ্যানামেকদেশে মনসা প্রাণধারণা। বৈকুণ্ঠলীলাভিধ্যানং সমাধানং তথাত্মনঃ ॥ ৬ ॥
এতৈরন্যৈশ্চ পথিভির্মনো দুষ্টমসৎপথং। বুদ্ধ্যা যুঞ্জীত শনকৈর্জ্জিতপ্রাণোহ্যতন্দ্রিতঃ ॥ ৭ ॥
শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য বিজিতাসন আসনং। তস্মিন্ স্বস্তিকমাসীন ঋজুকায়ঃ সমভ্যসেৎ ॥৮॥

শ্রীধরস্বামী।

আসনাদীনি অঙ্গান্যাহ ত্রিভিঃ। সতঃ আসনস্য জয়েন স্থৈর্য্যং ॥ ৫ ॥

স্বধিষ্ণ্যানাং প্রাণস্থানানাং মূলাধারাদীনাং মধ্যে একস্মিন্ দেশে মনসা সহ প্রাণস্য ধারণং। আত্মনো মনসঃ সমাধানমাত্মাকারতা ॥ ৬ ॥

অন্যৈশ্চ ব্রত দানাদিভিঃ পথিভিরুপায়ৈঃ ॥ ৭ ॥

আসনাদীনি প্রপঞ্চয়তি শুচাবিতি যাবৎ সমাপ্তি। আসনং কুশাজিন চেলোত্তরং প্রতিষ্ঠাপ্য স্বস্তিকাসনেন যথাসুখমিতি বা। সমভ্যসেৎ প্রাণমিতি শেষঃ। উরু জঙ্ঘান্তরাধায় পাদাগ্রে জানুমধ্যগে। যোগিনো যদবস্থানং স্বস্তিকং তদ্বিদুর্ব্বুধাঃ ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ

স্বস্তিকমাসীনমিত্যত্র তু যথাসুখমিতি ন সংগচ্ছতে। স্বস্তিসমাসীন ইতি সম্বন্ধোক্তিসম্মতঃ। অত্র তু স্বস্তিকাসনেনেত্যপি সংগচ্ছতে। সমানার্থত্বাৎ। স্বস্তিকশব্দস্য তথৈব নিরুক্তিরিতি। সু শোভনং অস্তি স্থিতি র্যত্রেতি ব্যাখ্যানেতু যথা সুখমিতি ব্যাখ্যানেঽপি স্বস্তিকমিতি ঘটতে ॥ ৮ ॥ ৯ ॥ ১০ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

আসনাদীন্যঙ্গান্যাহ ত্রিভিঃ সত আসনস্য জয়েন স্থৈর্য্যং ॥ ৫ ॥

স্বধিষ্ণ্যানাং প্রাণস্থানানাং মূলাধারাদীনাং মধ্যে একস্মিন্ দেশে মনসা সহ প্রাণস্য ধারণং ধারণা। লীলাভিধ্যানং লীলা সহিত পাদাদ্যবয়বধ্যানং। আত্মনো মনসঃ সমাধানং সমাধিরাত্মাকারতা ॥ ৬ ॥

অন্যৈশ্চ দানব্রতাদিভিঃ পথিভিরুপায়ৈঃ যুঞ্জীত ধ্যানে যোজয়েৎ ॥ ৭ ॥

আসনাদীনি বিবৃণোতি। আসনং কুশাজিন চেলোত্তরং। তস্মিন্ স্বস্তিকং স্বস্ত্যেব যথাস্যাদেবমাসীনঃ। যদ্বা। স্বস্তিকাসনেনোপবিষ্ট ইত্যর্থঃ। যথাচ। উরু জঙ্ঘান্তরাধায় পাদাগ্রে জানুমধ্যগে। যোগিনো যদবস্থানং স্বস্তিকং তদ্বিদুর্বুধাঃ। সমভ্যসেৎ প্রাণমিতিশেষঃ ॥ ৮ ॥

মৌনাবলম্বন, আসন জয় পূর্ব্বক স্থির হইয়া থাকা, ক্রমশঃ প্রাণ বায়ুর জয় করণ, ইন্দ্রিয়গণকে মনের দ্বারা প্রতিনিবৃত্ত করিয়া হৃদয়ে আনয়ন ॥ ৫ ॥

প্রাণের স্থান যে মূলাধারাদি তাহাদের মধ্যে এক দেশে মনের সহিত প্রাণের ধারণ, বৈকুণ্ঠ অর্থাৎ ভগবানের লীলা সকল চিন্তাকরণ এবং মনের সমাধান অর্থাৎ মনকে আত্মাকার করণ ॥ ৬ ॥

এই সকল উপায় এবং এতদ্ভিন্ন অন্য ব্রতাদি দ্বারা অসৎ পথে প্রবৃত্ত দুষ্ট মনকে ক্রমশঃ বুদ্ধি দ্বারা যোগ বিষয়ে নিয়োগ করিবে এবং অনলস হইয়া প্রাণ বায়ুকেও জয় করিবে ॥ ৭ ॥

পরে জিতাসন হইয়া পবিত্র স্থানে যথাক্রমে উপর্য্যুপরি কুশ, অজিন, চেল ইত্যাদি আস্তরণ পূর্ব্বক আসন স্থাপন করিবে এবং তদুপরি স্বস্তিকাসনে অথবা যাহাতে সুখ বোধ হয় তদ্রূপ আসনে আসীন হওত আপনার শরীর ঋজু করিয়া প্রাণ সংযমন করিতে অভ্যাস করিবে ॥ ৮ ॥

প্রাণস্য শোধয়েন্মার্গং পূরকুম্ভকরেচকৈঃ। প্রতিকূলেন বা চিত্তং যথা স্থিরমচঞ্চলং॥ ৯॥
মনোঽচিরাৎ স্যাদ্বিরজং জিতশ্বাসস্য যোগিনঃ। বায়্বগ্নিভ্যাং যথা লোহং ধ্মাতং ত্যজতি বৈ মলং॥১০
প্রাণায়ামৈর্দহেদ্দোষান্ ধারণাভিশ্চ কিল্বিষান্। প্রত্যাহারেণ সংসর্গান্ ধ্যানেনানীশ্বরান্ গুণান্॥১১
যদা মনঃ স্ববিরজং যোগেন সুসমাহিতং। কাষ্ঠাং ভগবতো ধ্যায়েৎ স্বনাসাগ্রাবলোকনঃ॥১২॥

শ্রীধরস্বামী।

বাহ্য বায়োরন্তঃ প্রবেশনং পূরকঃ। প্রবেশিতস্য ধারণং কুম্ভকঃ ধৃতস্য বহির্নিঃসারণং রেচকঃ। প্রতিকূলেন রেচক পূরক কুম্ভকৈঃ। যদ্বা ইড়য়া আপূর্য্য পিঙ্গলয়া রেচনং পিঙ্গলয়াপূর্য্য ইড়য়া রেচনমিতি এবং প্রতিকূলেন। বাশব্দশ্চার্থে স্থিরং সৎ পুনরপি চঞ্চলং যথা ন ভবতি তথা শোধয়েৎ॥ ৯॥

ধ্মাতং সুতপ্তমিত্যর্থঃ। লোহং সুবর্ণং যথা মলং ত্যজতি তথা মনো বিরজং স্যাৎ। ততশ্চাচঞ্চলং স্যাদিতি ভাবঃ॥ ১০॥

প্রাণায়ামাদীনাং সমাধৌ চত্বারি কার্য্যাণ্যাহ প্রাণায়ামৈরিতি দোষান্ বাতশ্লেষ্মাদীন্ সংসর্গান্ বিষয়সঙ্গান্ অনীশ্বরান্ রাগাদীন্ বায়ুনা সহ মনসঃ স্থিরীকরণং ধারণা স্থিরস্য বৃত্তি সন্ততি র্ধ্যানং বৃত্তিনিরোধঃ সমাধিরিতি ভেদঃ॥ ১১॥

সুসমাহিতং স্থিরং জাতং কাষ্ঠাং কলাং মূর্ত্তিমিত্যর্থঃ। স্বনাসাগ্রেঽবলোকনং যস্য এতচ্চ লয়বিক্ষেপয়োঃ পরিহারায়॥ ১২॥

ক্রমসন্দর্ভঃ।

কাষ্ঠা দিক্ অবধিঃ পরম স্বরূপমিতি যাবৎ॥ ১২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বাহ্যবায়োরন্ত র্বাময়া নাসয়া প্রবেশনং পূরকঃ। প্রবেশিতস্য ধারণং কুম্ভকঃ। দক্ষিণয়া নাসয়া রেচনং রেচকঃ। প্রতিকূলেন রেচক কুম্ভক পূরকৈঃ অস্থিরমপি চিত্তং যথা অচঞ্চলং স্যাৎ॥ ৯॥

লোহং স্বর্ণং। ধ্মাতং সন্তপ্তং॥ ১০॥

এতেষাং কার্য্যাণ্যাহ প্রাণায়ামৈরিতি। দোষান্ বাতশ্লেষ্মাদীন্ কিল্বিষাণি পাপানি সংসর্গান্ বিষয় সঙ্গান্ অনীশ্বরান্ রাগ দ্বেষাদীন্॥ ১১।

যোগেন যমাদিনা সমাহিতং স্থিরং। কাষ্ঠাং উৎকৃষ্ট স্বরূপং। লয়বিক্ষেপ পরিহারায় স্বনাসাগ্রদর্শী॥ ১২॥

প্রথমতঃ পূরক অর্থাৎ বাহ্য বায়ুর অন্তঃ প্রবেশন, কুম্ভক অর্থাৎ অন্তঃ প্রবেশিত বায়ুর ধারণ, রেচক অর্থাৎ অন্তর্দ্ধৃত বায়ুর নিঃসারণ, এই তিন কার্য্য প্রতিলোম ক্রমে অর্থাৎ বিপরীত ক্রম দ্বারা চিত্তকে এ রূপ শোধন করিবে, যেন তাহা স্থির হইয়া পুনর্ব্বার আর চঞ্চল না হইতে পারে॥ ৯॥

মা! এই প্রকারে শ্বাস জয় হইলে যোগি ব্যক্তির মনঃ যেমন বায়ু ও অগ্নি দ্বারা প্রতপ্ত সুবর্ণ আশু মলিনতা ত্যাগ করে তাহার ন্যায় শীঘ্র নির্ম্মল হইবে, তাহার পরেই তাহার আর চঞ্চলতা থাকিবে না॥ ১০॥

তদনন্তর সমাধি বিষয়ে প্রাণায়ামাদি চারিটী কার্য্য আছে বলি শ্রবণ করুন, প্রাণায়াম করিলে যোগির বাতশ্লেষ্মাদি দোষ সকল দগ্ধ হয়, প্রত্যাহার দ্বারা বিষয় সঙ্গ সকল নিবৃত্তি পায় এবং ধ্যান দ্বারা অনীশ্বর গুণ অর্থাৎ রাগ দ্বেষাদির উপশম হয়॥ ১১॥

এই রূপে যখন মনঃ সম্যক্ প্রকারে নির্ম্মল ও যম নিয়মাদি দ্বারা সুস্থির হইবে, তখন লয় বিক্ষেপ পরিহারার্থ নাসাগ্রে দৃষ্টি সংযোজন পূর্ব্বক ভগবানের মূর্ত্তি ধ্যান করিবে॥ ১২॥

প্রসন্নবদনাম্ভোজং পদ্মগর্ভারুণেক্ষণং। নীলোৎপল দলশ্যামং শঙ্খচক্রগদাধরং॥ ১৩॥

লসৎপঙ্কজকিঞ্জল্কপীতকৌশেয় বাসসং। শ্রীবৎসবক্ষসং ভ্রাজৎ কৌস্তুভামুক্তকন্ধরং॥ ১৪॥

মত্তদ্বিরেফকলয়া পরীতং বনমালয়া। পরার্দ্ধ্য হার বলয় কিরীটাঙ্গদ নূপুরং॥ ১৫॥

কাঞ্চীগুণোল্লসৎশ্রোণিং হৃদয়াম্ভোজবিষ্টরং। দর্শনীয়তমং শান্তং মনোনয়নবর্দ্ধনং॥ ১৬॥

অপীব্য দর্শনং শশ্বৎ সর্ব্বলোকনমস্কৃতং। সন্তং বয়সি কৈশোরে ভৃত্যানুগ্রহকাতরং॥ ১৭॥

শ্রীধরস্বামী।

ধ্যেয়ং হরিমাহ সপ্তভিঃ। প্রসন্নং বদনাম্ভোজং যস্য তং ধ্যায়েদিতি ষষ্ঠেনান্বয়ঃ। পদ্মগর্ভবৎ অরুণে ঈক্ষণে নেত্রে যস্য নীলোৎপল দলবৎ শ্যামং॥ ১৩॥

লসৎ পঙ্কজস্য কিঞ্জল্কবৎ পীতকৌশেয়ে বাসসী যস্য শ্রীবৎসোলাঞ্ছনং বক্ষসি যস্য। ভ্রাজৎকৌস্তুভেন আমুক্তা সংশ্লিষ্টা কন্ধরা যস্য॥ ১৪॥

মত্তদ্বিরেফাণাং কলো মধুর ধ্বনির্যস্যাং তয়া পরীতং ব্যাপ্তং। পরার্দ্ধ্যানি অমূল্যানি হারাদীনি যস্য॥ ১৫॥

কাঞ্চীগুণেনোল্লসন্তী শ্রোণির্যস্য ভক্তানাং হৃদয়াম্ভোজমেব বিষ্টরমাসনং যস্য ভক্তানাং মনো নয়নানি বর্দ্ধয়তীতি তথা॥ ১৬॥

অপীব্যং অতিসুন্দরং ভক্তবিষয় দর্শনং যস্য কৈশোরে তারুণ্যে বয়সি স্থিতং। ভৃত্যানামনুগ্রহে কাতরং ব্যগ্রং॥ ১৭॥

ক্রমসন্দর্ভঃ।

প্রসন্নেতি ষট্কং। ভৃত্যানুগ্রহকাতরং সদৈবাধিকাধিক স্বভক্তি সুখদানেপ্যপরিতোষাৎ॥ ১৩॥ ১৪॥ ১৫॥ ১৬॥ ১৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নবাঙ্গ ভক্তাবপি যং তৃতীয়মাহ মর্হান্তঃ পুরুষার্থসারং ধ্যানং হরেঃ সপ্তমতামগাত্তদষ্টাঙ্গযোগেঽত্রচ মোক্ষসিদ্ধ্যৈ। প্রসঙ্গতো ভক্তানাং যোগিনাঞ্চ ধ্যেয়ং স্বরূপমাহ প্রসন্নেতি শঙ্খেত্যত্র চতুর্থং পঞ্চমপি দ্রষ্টব্যং॥ ১৩॥

ভ্রাজৎ কৌস্তুভেন তদীয় স্বর্ণসূত্রেণ আমুক্তা প্রতিবদ্ধা রুদ্ধা গ্রীবা যস্য তং॥ ১৪॥

মত্তানাং দ্বিরেফাণাং কলো মধুরোধ্বনি র্যস্যাং তয়া। পরার্দ্ধ্যং পরার্দ্ধ মূল্যক্রীতং॥ ১৫॥

কাঞ্চীসূত্রেণোল্লসন্তী শ্রোণিঃ কটির্যস্য তং ভক্তানাং হৃদয়াম্ভোজমেব বিষ্টরমাসনং যস্য তং শান্তমনুগ্রং॥ ১৬॥

অপীব্যমতিসুন্দরং কৈশোরে পঞ্চদশবর্ষে বয়সি নিত্যস্থিতং॥ ১৭॥

মা! ঐ মূর্ত্তি কি প্রকার তাহা বলি শ্রবণ করুন, তাঁহার বদনকমল সুপ্রসন্ন, নয়ন যুগল পদ্ম গর্ভের ন্যায় অরুণ বর্ণ, শরীর নীলোৎপল দল তুল্য শ্যামবর্ণ এবং তাঁহার চারিটী হস্ত, ঐ হস্ত চতুষ্টয়ে শঙ্খ চক্র গদা পদ্ম বিরাজমান॥ ১৩॥

অপর তাঁহার কৌশেয় পীতবসন পদ্মকিঞ্জল্ক তুল্য মনোহর, বক্ষঃস্থলে শ্রীবৎস চিহ্ন এবং কণ্ঠে দীপ্তিশালি কৌস্তুভমণি সংশ্লিষ্ট রহিয়াছে॥ ১৪॥

আর তাঁহার গলদেশ বনমালায় ব্যাপ্ত, তাহাতে মত্ত মধুকরগণ গুণ গুণ রবে মধুর ধ্বনি করিতেছে। অপর মহামূল্য হার, বলয়, কিরীট, অঙ্গদ এবং নূপুর, ইত্যাদি অলঙ্কারে অলঙ্কৃত॥ ১৫॥

আর তাঁহার কটিদেশে কাঞ্চীগুণ দীপ্তি পাইতেছে, অপর তিনি ভক্তগণের হৃদয় পদ্মকে আসন করিয়া তদুপরি উপবিষ্ট আছেন এবং ঐ প্রকারে সর্ব্বাভরণে ভূষিত হইয়া যেন অধিক দর্শনীয় অথচ শান্ত হইয়া মনঃও নয়নের দর্শনেচ্ছা বৃদ্ধি করিতেছেন॥ ১৬॥

অপিচ তাঁহার ভক্ত বিষয়ক দর্শন অতি সুন্দর এবং তিনি সর্ব্বলোকের নমস্কৃত ও নিত্য তরুণ বয়সে বর্ত্তমান হইয়া আপনার ভৃত্যগণের প্রতি অনুগ্রহ বিতরণার্থ কাতর॥ ১৭॥

কীর্ত্তন্যতীর্থযশসং পুণ্যশ্লোকযশস্করং। ধ্যায়েদেবং সমগ্রাঙ্গং যাবন্ন চ্যবতে মনঃ ॥ ১৮ ॥
স্থিতং ব্রজন্তমাসীনং শয়ানম্বা গুহাশয়ং। প্রেক্ষণীয়েহিতং ধ্যায়েৎ শুদ্ধভাবেন চেতসা ॥ ১৯ ॥
তস্মিন্ লব্ধপদং চিত্তং সর্ব্বাবয়বসংস্থিতং। বিলক্ষ্যৈকত্র সংযুঞ্জ্যাদঙ্গে ভগবতো মুনিঃ ॥ ২০ ॥
সংচিন্তয়েদ্ভগবতশ্চরণারবিন্দং বজ্রাঙ্কুশ ধ্বজ সরোরুহলাঞ্ছনাঢ্যং।

শ্রীধরস্বামী।

কীর্ত্তন্যং কীর্ত্তনার্হং তীর্থং যশোযস্য। পুণ্যশ্লোকা বলিপ্রমুখা স্তেষাং যশস্করং। সমগ্রাণ্যঙ্গানি যস্মিন্। ন চ্যবতে নাপযাতি ॥ ১৮ ॥

প্রেক্ষণীয়ং ঈহিতং লীলা যস্য ॥ ১৯ ॥

তদেবং সমগ্র ধ্যানমুক্তা একৈকাবয়ব ধ্যানমাহ তস্মিন্· লব্ধং পদং স্থিতি র্যেন তচ্চিত্তং বিলক্ষ্য বিশেষেণ লক্ষ্যীকৃত্য একত্র একৈকস্মিন্ অঙ্গে ইত্যর্থঃ ॥ ২০ ॥

তদেব পাদাদি ক্রমেণাহ ত্রয়োদশভিঃ। সম্যক্ চিন্তয়েৎ। পাদতলে রেখাত্মকানি বজ্রাদীনি লাঞ্ছনানি তৈরাঢ্যং যুক্তং। উত্তুঙ্গাশ্চ রক্তাশ্চ বিলসন্তো যে নখা স্তেষাং চক্রবালং মণ্ডলং তস্য ·জ্যোৎস্নাভিরাহতো মহতাং ধ্যাতৄণাং হৃদয়েঽন্ধকারো যেন।

ক্রমসন্দর্ভঃ।

এবং সমগ্রাঙ্গং চ তাবদ্ধ্যায়েৎ। যাবন্মনো নচ্যবতে। মনসি চ্যুতে সতি প্রকারান্তরেণ ধ্যায়েদিত্যাহ। স্থিতমিত্যাদি ॥১৮॥১৯॥

বিলক্ষ্য নিশ্চিত্য ॥ ২০ ॥

মহতাং ধ্যাতৄণাং হৃদয়স্যান্ধকারমসামর্থ্যং ॥ ২১ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কীর্ত্তনার্হং তীর্থরূপঞ্চ যশো যস্য তং ॥ ১৮ ॥

প্রসঙ্গতস্তন্ত্রেণ রাগানুগীয় ভক্তানামপি ধ্যেয়াং লীলামাহ স্থিতং বৈকুণ্ঠে বৃন্দাবনীয়কল্পতরু মূলেচ। ব্রজন্তং বৈকুণ্ঠাৎ গোষ্ঠাচ্চ-বনায়। আসীনং রত্নসিংহাসনে গোবর্দ্ধন শৃঙ্গেচ। শয়ানং শেষপর্য্যঙ্কে গোবর্দ্ধন গুহায়াঞ্চ। শুদ্ধভাবং চেতস্তদা তেন প্রেক্ষণীয়ং জাল রন্ধ্রাদ্বহিঃ স্থিত্বৈব দ্রষ্টুমর্হং ঈহিতং ক্রীড়াচেষ্টিতং যস্য তং ॥ ১৯ ॥

সমগ্র ধ্যানমুক্ত্বা একৈকাবয়ব ধ্যানমাহ তস্মিন্ ভগবদ্বিগ্রহে ॥ ২০ ॥

পাদাদি ক্রমেণৈকৈকাবয়ব ধ্যানমাহ বজ্রেতি দক্ষিণচরণতলধ্যানং তস্যৈব কল্পতরু মূলে তিষ্ঠত স্ত্রিভঙ্গললিতস্য কৃষ্ণস্য ভক্তৈর্দৃশ্যত্বাৎ তস্য দক্ষিণ চরণস্য কনিষ্ঠাতলেঽঙ্কুশং ধ্যায়েৎ অঙ্কুশ তলে বজ্রং অনামিকা তলে সরোরুহং সরোরুহতলে ধ্বজং

অপর তাঁহার যশ কীর্ত্তনার্হ ও তীর্থ-স্বরূপ পবিত্র, তাঁহা হইতেই পুণ্যশ্লোক বলি প্রভৃতির যশ বিস্তীর্ণ হয়। মা। এই রূপ সমগ্র অঙ্গ বিশিষ্ট ভগবানের মূর্ত্তি সকল চিন্তা করিবে, যে পর্য্যন্ত মন আপনা হইতে ক্ষান্ত না হয়, সেই পর্য্যন্ত তাহা হইতে বিরত হইবে না ॥ ১৮ ॥

মা। ঐ প্রকার ভগবন্মূর্ত্তি সকলেরই অন্তর্যামী, ভাব শুদ্ধ চিত্তদ্বারা তাঁহাকে উপবিষ্ট অথবা গমন শীল কিম্বা শয়ান চিন্তা করিবে, অপর তাঁহার লীলা সকলেরই দর্শনীয় ॥ ১৯ ॥

মা। এই প্রকার ভগবানের সকল অবয়বে সম্যক্ প্রকারে চিত্ত স্থান প্রাপ্ত হইয়াছে, যখন বিলক্ষণ রূপে নিরীক্ষণ করিবে, তখন এক এক অঙ্গে তাহা যোগ করিবে ॥ ২০ ॥

কিন্তু সে সময় প্রথমতঃ ভগবানের চরণারবিন্দে চিন্তা করিবে। ঐ পদতলে রেখা স্বরূপ ধ্বজ, বজ্র, অঙ্কুশ এবং সরোরুহের চিহ্ন সকল বিরাজমান, আর অঙ্গুলি সকলের অগ্রভাগে উত্তুঙ্গ অরুণবর্ণ ও বিলাস শালি যে সকল নখরূপ চন্দ্রমণ্ডল বিরাজমান, সে সকলের জ্যোৎস্নায় ধ্যানকারি পুরুষের হৃদ-

উত্তুঙ্গরক্তবিলসন্নখচক্রবালজ্যোৎস্নাভিরাহতমহদ্ধৃদয়ান্ধকারং ॥ ২১ ॥
যচ্ছৌচনিঃসৃতসরিৎপ্রবরোদকেন তীর্থেন মূর্দ্ধ্ন্যধিকৃতেন শিবঃ শিবোঽভূৎ।
ধ্যাতুর্মনঃ শমলশৈলনিসৃষ্টবজ্রং ধ্যায়েচ্চিরং ভগবতশ্চরণারবিন্দং ॥ ২২ ॥
জানুদ্বয়ং জলজলোচনয়া জনন্যা লক্ষ্ম্যাখিলস্য সুরবন্দিতয়া বিধাতুঃ।
ঊর্ব্বোর্নিধায় করপল্লবরোচিষা যৎ সংলালিতং হৃদি বিভোরভবস্য কুর্য্যাৎ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

এতচ্চ সর্ব্বমুপাদেয়ং বিশেষণং ধ্যেয়ত্বেনৈবোচ্যতে ॥ ২১ ॥

কিঞ্চ যস্য শৌচেন ক্ষালনেন নিঃসৃতায়াঃ সরিৎ প্রবরায়া গঙ্গায়া উদকেন তীর্থেন সংসারতারকেণ মূর্দ্ধ্নি অধিকৃতেন ধৃতেন শিবোপি শিবোঽভূৎ অত্যধিকং সুখং প্রাপেত্যর্থঃ। ধ্যাতুর্মনসি যঃ শমলশৈলঃ পাপপর্ব্বতঃ তস্মিন্ নিসৃষ্টং ক্ষিপ্তং বজ্রমিব যৎ। যদ্বা শমলশৈলে নিসৃষ্টং ধ্বলাঞ্ছন রূপং বজ্রং যেন তৎ ॥ ২২ ॥

বিভোর্জানুদ্বয়ং তৎপর্য্যন্তং জঙ্ঘাদ্বয়ং অখিলস্য বিধাতুর্ব্রহ্মণো জনন্যা লক্ষ্ম্যা সংলালিতং স্পর্শচাতুর্য্যেণ সংসেবিতং সংসারিত্বমিব প্রতীতং বারয়তি অভবস্যেতি। হৃদি কুর্য্যাৎ ধ্যায়েৎ ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

জানুদ্বয়মিতি ত্রিকং ॥ ২৩ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবমঙ্গুষ্ঠ তলে যব চক্রাদিকং জ্ঞেয়ং এতৈর্লাঞ্ছনৈশ্চিহ্নৈরাঢ্যং অন্ধকারং পাপং ॥ ২১ ॥

চরণারবিন্দস্য মাধুর্য্যমুক্ত্বা ঐশ্বর্য্যমাহ যস্য শৌচেন ক্ষালনেন নিঃসৃতা যা সরিৎ প্রবরা গঙ্গা তস্যা উদকেন মূর্দ্ধ্নি আধিক্যেন কৃতেন। যদ্বা মূর্দ্ধ্নি ধর্ত্তুং অধিকৃতেন অধিকারেণ প্রাপ্তেন শিবোঽপি শিবোঽভূদদ্যৈবাহং শিবোঽভুবমিত্যভিমন্যতে স্মেত্যর্থঃ। ধ্যাতুর্জনস্য মনঃ শমলানি রাগদ্বেষাদীনি তেষ্বেব শৈলেষু নিসৃষ্টং ধ্বলাঞ্ছন রূপং বজ্রং যেন তৎ। এবমেব যচ্চরণারবিন্দং ধ্যাতুর্ভক্তস্য মনো হস্তিনং স্ববশ্যন্যানেতুং অঙ্কুশং ধত্তে মনঃ সরসীমলং কর্ত্তুং কমলং মনসে সর্ব্বোৎকর্ষ সাম্রাজ্যং দাতুং ধ্বজং সর্ব্বোৎকৃষ্ট যশোদাতুং যবং। ত্রিবিধ তাপোপশমনায় ছত্রং সর্ব্বতো রক্ষণার্থং চক্রাদিকমপি ধত্তে ইত্যপি জ্ঞেয়ং ॥ ২২ ॥

শয়ানং ধ্যায়েদিত্যুক্তমতঃ শেষপর্য্যঙ্কে শয়ানস্য বিভো র্জানুদ্বয়ং তৎ পর্য্যন্তং জঙ্ঘাদ্বয়ং হৃদি কুর্য্যাৎ। যৎখলু অখিলস্য বিধাতুর্ব্রহ্মণঃ জনন্যা লক্ষ্ম্যা সম্বাহনচাতুর্য্যবতোঃ করপল্লবয়োরোচিষা অরুণিম্না পীতিম্নাচ সংলালিতং শোভিতীকৃতং জলজ লোচনয়েতি তল্লোচনাভ্যাং নির্বাধমেবাস্বাদিত লাবণ্যমিত্যর্থঃ ইদমেব জঙ্ঘয়োর্জানুনোশ্চ মাধুর্য্যমৈশ্বর্য্যঞ্চৈব মগ্রেপি জ্ঞেয়ং। অভবস্য নবিদ্যতে ভবো যস্মাত্তস্য ॥ ২৩ ॥

য়ান্ধকার বিনষ্ট হয়, অতএব চরণ দ্বয়ের চিন্তার সময়ে ঐ সকলেরও চিন্তা করিবে ॥ ২১ ॥

অপিচ ঐ চরণ ক্ষালনে যে সরিৎপ্রবরা গঙ্গা নিঃসৃতা হইয়াছেন তাঁহার সলিল সংসার নিস্তারক জ্ঞান করিয়া মস্তকোপরি ধারণ করাতে শিবও শিব হইয়াছেন অর্থাৎ অধিকতর সুখ প্রাপ্ত হইয়াছেন যে ব্যক্তি ঐ চরণ ধ্যান করে তাহার মনের পাপরূপ পর্ব্বতে বজ্র নিক্ষিপ্ত হয়, অতএব যোগিগণ ঐ চরণারবিন্দকে চিরকাল ধ্যান করিবেন ॥ ২২ ॥

অপর ব্রহ্মার জননী দেববন্দিতা পদ্মাক্ষী লক্ষ্মী ভগবানের জানুদ্বয় আপনার উরুদ্বয়ের উপরি স্থাপন পূর্ব্বক স্বীয় অরুণবর্ণ কর পল্লব দ্বারা স্পর্শ চাতুর্য্য সহকারে সেবা করিয়া থাকেন, সংসার দুঃখ অতি তরণেচ্ছুক যোগী ভগবানের ঐ জানুদ্বয় আপনার হৃদয় মধ্যে সংস্থাপন করিয়া ধ্যান করিবে ॥ ২৩ ॥

ঊরূ সুপর্ণভুজয়োরধিশোভমানাবোজোনিধী অতসিকাকুসুমাবভাসৌ।
ব্যালম্বি পীত বরবাসসি বর্ত্তমান কাঞ্চীকলাপ পরিরম্ভি নিতম্ববিম্বং॥ ২৪॥
নাভিহ্রদং ভুবনকোশগুহোদরস্থং যত্রাত্মযোনিধিষণাখিললোকপদ্মং।
ব্যূঢ়ং হরিন্মণিবৃষস্তনয়োরমুষ্য ধ্যায়েদ্দ্বয়ং বিশদহারময়ূখগৌরং॥ ২৫॥
বক্ষোঽধিবাসমৃষভস্য মহাবিভূতেঃ পুংসাং মনো নয়ননির্বৃতিমাদধানং।

শ্রীধরস্বামী।

সুপর্ণস্য ভুজয়োঃ স্কন্ধয়োরধি উপরি। ওজসো বলস্য নিধী আধারৌ। অতসিকায়াঃ কুসুমবৎ কান্ত্যা অবভাসমানৌ। ব্যালম্বি আগুল্ফং লম্বমানং যৎপীতং বরং বাসস্তস্মিন্ বর্ত্তমানো যঃ কাঞ্চীকলাপ স্তেন পরিরম্ভঃ সংশ্লেষো বিদ্যতে যস্য তদ্বিভো-র্নিতম্ববিম্বঞ্চ হৃদি কুর্য্যাৎ ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ॥ ২৪॥

অমুষ্য হরের্নাভিহ্রদং ধ্যায়েৎ। কথম্ভূতং ভুবনানাং কোশস্য সমূহস্য গুহাধিষ্ঠানং যদুদরং তত্র স্থিতং। যত্র নাভিহ্রদে আত্মযোনে র্ব্রহ্মণোধিষণং ধিষ্ণ্যং অখিললোকাত্মকং পদ্মং ব্যূঢ়মুত্থিতং। তথা হরিন্মণিবৃষৌ মরকতমণিশ্রেষ্ঠাবিব যৌ স্তনৌ তয়োর্দ্বয়ং ধ্যায়েৎ। বিশদহারাণাং ময়ূখৈর্গৌরং শ্বেতং॥ ২৫॥

ঋষভস্য শ্রেষ্ঠস্য মহাবিভূতে র্মহালক্ষ্ম্যা অধিবাসং স্থানং বক্ষঃ কণ্ঠঞ্চ মনসি কুর্য্যাৎ। কথম্ভূতং কণ্ঠং কৌস্তুভমণের্যো ভূষণার্থং ধৃতঃ তস্যাধিকং ভূষণমর্থঃ প্রয়োজনং যস্য কৌস্তুভমণিমেব স্বয়মলঙ্কুর্ব্বন্তমিত্যর্থঃ। পুংসাং স্মর্তৄণাং দ্রষ্টৄণাঞ্চ মনোনয়নানাং

ক্রমসন্দর্ভঃ।

গুহা প্রবেশস্থানং স্তনয়োর্দ্বয়ং তদুপলক্ষিত বক্ষোধঃ॥ ২৫॥

অধিবাসমিতি তস্যা অপি পরমলোভনীয়ত্বং দর্শিতং॥ ২৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্রজন্তং ধ্যায়েদিত্যুক্তমতঃ পৃথু ক্রবাদিভ্যোবরং দাতুং গচ্ছতো গরুড়ারূঢ়স্য হরেরূরুদ্বয়ং হৃদি কুর্য্যাৎ। ভুজয়োরধি উপরি স্কন্ধয়োরিত্যর্থঃ। নিতম্ববিম্বং নিতম্বমণ্ডলং॥ ২৪॥

গর্ভোদশায়িনো নাভীহ্রদং ধ্যায়েৎ। ভুবনানাং কোশস্য সমূহস্য গুহা অধিষ্ঠানং যদুদরং তত্র স্থিতং। তত্রাত্মযোনে র্ধিষণং ধিষ্ণ্যং অখিল লোকাত্মকং পদ্মং ব্যূঢ়মুত্থিতং হরিন্মণি বৃষৌ মরকতমণিশ্রেষ্ঠাবিব যৌ চক্রিকাকৃতিস্তনৌ তয়োর্দ্বয়ং। হরিন্মণি বর্ণো বৃষো ধর্ম্মো যত্র তথা ভূতয়োঃ স্তনয়োরিতি বা তদ্দক্ষিণ স্তনস্য ধর্ম্মত্বাৎ। বিশদানাং হারাণাং ময়ূখৈর্গৌরং শ্বেতমিতি দক্ষিণ স্তনোপরি দক্ষিণাবর্ত্ত শ্বেত শ্রীবৎস রেখামপি হারকান্তিমিব ধ্যায়েদিত্যপি সূচিতং জ্ঞেয়ং॥ ২৫॥

মহাবিভূতে র্মহালক্ষ্ম্যা অধি অধিকো বামভাগে বাসো যত্র এতাদৃশং। বক্ষো মনসি কুর্য্যাৎ কৌস্তুভমণেরপি অধিকং ভূষণ-

এইরূপে ভগবানের ঊরুদ্বয় যাহা গরুড়ের স্কন্ধোপরি শোভমান এবং বলের আধার ও অতসীকুসুম তুল্য কান্তি দ্বারা দীপ্তিমান্, তাহাও হৃদয়মধ্যে চিন্তা করিবে এবং তাঁহার নিতম্ব বিম্ব যাহাতে গুল্ফ পর্য্যন্ত লম্বমান পীত বসন ও কাঞ্চি কলাপের সংশ্লেষ আছে তাহাও হৃদয় মধ্যে স্থাপন পূর্ব্বক চিন্তা করিবে॥ ২৪॥

অনন্তর ভগবানের নাভিহ্রদ এই রূপে ধ্যান করিবে যে, যে উদর ভুবন সমূহের অধিষ্ঠান স্থান, এই নাভি তাহাতে অবস্থিত রহিয়াছে এবং এই নাভিহ্রদেই আত্মযোনি ব্রহ্মার আসন যে অখিল লোকময় পদ্ম, তাহা উত্থিত হইয়াছিল, তাহার পরে ভগবানের যে স্তনদ্বয় শ্রেষ্ঠ মরকতমণি তুল্য এবং যাহা নির্ম্মল হার সকলের কিরণে গৌরবর্ণ, তাহা ধ্যান করিবে॥ ২৫॥

অনন্তর ভগবানের বক্ষঃস্থল যাহা শ্রেষ্ঠ মহাবিভূতির অর্থাৎ মহালক্ষ্মীর অধিবাস স্থান এবং কণ্ঠ দেশ যাহাতে ভূষণার্থ কৌস্তুভ মণি ধৃত হইয়া স্বয়ং অলঙ্কৃত হয়, ঐ দুই অঙ্গও ধ্যান করিবে। মা!

কণ্ঠঞ্চ কৌস্তুভমণেরধিভূষণার্থং কুর্য্যান্মনস্যখিললোকনমস্কৃতস্য ॥ ২৬ ॥
বাহূংশ্চ মন্দরগিরেঃ পরিবর্ত্তনেন নির্ণিক্ত বাহু বলয়ানধিলোকপালান্‌।
সংচিন্তয়েদ্দশশতারমসহ্যতেজঃ শঙ্খঞ্চ তৎকরসরোরুহরাজহংসং ॥ ২৭ ॥
কৌমোদকীং ভগবতো দয়িতাং স্মরেত দিগ্ধামরাতিভটশোণিতকর্দ্দমেন।
মালাং মধুব্রতবরূথগিরোপঘুষ্টাং চৈত্ত্যস্য তত্ত্বমমলং মণিমস্য কণ্ঠে ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

নির্বৃতিমাদধানমিত্যুভয়ো র্বিশেষণং ॥ ২৬ ॥

নির্ণিক্তানি উজ্জ্বলীকৃতানি বাহুবলয়ানি অঙ্গদানি যেষু অধিশ্রিতা লোকপালা যেষু। দশশতারং চক্রং। ন সহ্যং তেজো যস্য তস্য করসরোরুহে রাজহংসমিব ॥ ২৭ ॥

অরাতয়ো যে ভটা যোদ্ধারঃ তেষাং শোণিতমেব কর্দ্দমস্তেন দিগ্ধাং লিপ্তাং অস্য কণ্ঠে মালাং মণিঞ্চ স্মরেৎ মধুব্রতানাং বরূথস্য গিরা উপঘুষ্টাং নাদিতাং। চৈত্ত্যস্য জীবস্য তত্ত্বং। তদুক্তং বৈষ্ণবে। আত্মানমস্য জগতো নির্লেপমগুণামলং। বিভর্ত্তি কৌস্তুভমণিস্বরূপং ভগবান্‌ হরিরিতি ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

মন্দরগিরেরিতি সৌটীর্য্য মাত্রে তাৎপর্য্যং। নতু নির্ণেজনে নির্ণিক্তত্বস্য নিত্যসিদ্ধত্বাৎ। তস্মাদত্যন্ততিরস্কৃত বাচ্য এবায়ং ধ্বনিকৃৎপ্রেক্ষয়া গম্যতে। পরিবর্ত্তনং চাত্র সুষ্ঠু স্থাপনার্থং জ্ঞেয়ং ॥ ২৭ ॥

দিগ্ধামিতি পূর্ব্ববৎ লিপ্তত্বস্যৈব পৌনঃ পুন্যাৎ জীবস্য তত্ত্বং মহাসমষ্টি রূপস্য তস্যাবির্ভাবাস্পদং মহাপুরুষস্যৈবাবির্ভাব বিশেষ ইত্যর্থঃ। অমলং গুণাতীতং। তদুক্তং বৈষ্ণবে। আত্মানমস্য জগতো নির্লেপমগুণাত্মকং। বিভর্ত্তি কৌস্তুভমণি স্বরূপং ভগবান্‌ হরিরিতি। এবং তস্য ভূষণানামপি পরব্রহ্মত্বে তদাশ্রয়স্য তস্য কৈমুত্যমানীতং ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মর্থঃ প্রয়োজনং যস্য কৌস্তুভমণিরপি যেন ভূষিতঃ স্যাত্তং কণ্ঠং চেত্যর্থঃ ॥ ২৬ ॥

সমুদ্রং মথ্নতো হরেবাহূন্‌ চিন্তয়েৎ। নির্ণিক্তানি উজ্জ্বলীকৃতানি বাহু বলয়ান্যঙ্গদাদীনিচ যেষু তান্‌। অধি অধিকৃতা ভক্তা লোকপালা ভবন্তি যেভ্যস্তান্‌ বৈকুণ্ঠনাথস্য ভগবতশ্চতুর্ষু হস্তেষু চক্রাদ্যস্ত্র চতুষ্কং মালাং কৌস্তুভঞ্চ স্মরেদিত্যাহ সংচিন্তয়েদিতি সার্দ্ধেন। দশশতারং চক্রং ॥ ২৭ ॥

দিগ্ধাং লিপ্তাং উপঘুষ্টাং নাদিতাং। চিত্তে ভবত্যাবির্ভবতীতি চৈত্ত্যশব্দেন সর্ব্বত্র যদ্যপি পরমাত্মৈবোচ্যতে তদপ্যত্র তচ্ছক্তিত্বাজ্জীবাত্মৈবোচ্যতে। চৈত্ত্যস্য জীবস্য জীবশক্তেস্তত্ত্বং। তদুক্তং বৈষ্ণবে। আত্মানমস্য জগতো নির্লেপমগুণামলং। বিভর্ত্তি কৌস্তুভমণিস্বরূপং ভগবান্‌ হরিরিতি। কৌস্তুভস্যৈবানন্তাঃ কিরণা জীবা ইতি ভাবঃ ॥ ২৮ ॥

অখিল লোক নমস্কৃত ভগবানের বক্ষঃস্থল এবং কণ্ঠদেশ স্মরণ বা দর্শন করিলে মন ও নয়নের অতিশয় প্রীতি জন্মে ॥ ২৬ ॥

তাহার পর ভগবানের বাহু চতুষ্টয় চিন্তা করিবে, ঐ বাহু দ্বারাই মন্দর পর্ব্বত সঞ্চালিত হইয়াছিল, তাহাতে তত্রস্থ অঙ্গদ সকল সাতিশয় উজ্জ্বলীকৃত হইয়াছে এবং লোকপাল সকল তন্মধ্যে আশ্রিত হইয়া আছেন। তদনন্তর তাঁহার হস্তে যে সহস্র আর সুদর্শন নামে চক্র আছে, যাহার তেজ অতীব অসহ্য, তাহার ও তদীয় কর কমলে যে রাজহংস তুল্য শ্বেতবর্ণ শঙ্খ আছে, তাহারও চিন্তা করিবে ॥ ২৭ ॥

অনন্তর ভগবানের দয়িতা কৌমোদকী গদা যাহা অরাতিসেনার শোণিত রূপ কর্দ্দমে লিপ্ত আছে তাহা চিন্তা করিবে। পরে তাঁহার কণ্ঠদেশে যে মালা আছে, যাহা মধুকর নিকরের গুঞ্জন রবে নাদিত হইতেছে এবং তত্রস্থ কৌস্তুভ মণি যাহা জীবের তত্ত্ব স্বরূপ এতদুভয়ের ধ্যান করিবে ॥ ২৮ ॥

ভৃত্যানুকম্পিতধিয়েহ গৃহীতমূর্ত্তেঃ সঞ্চিন্তয়েদ্ভগবতোবদনারবিন্দং।
যদ্বিস্ফুরন্মকর কুণ্ডলবল্গিতেন বিদ্যোতিতামলকপোলমুদারনাসং ॥ ২৯ ॥
যৎ শ্রীনিকেতমলিভিঃ পরিসেব্যমাণং ভূত্যা স্বয়া কুটিলকুন্তলবৃন্দজুষ্টং।
মীনদ্বয়াশ্রয়মধিক্ষিপদব্জনেত্রং ধ্যায়েন্মনোময়মতন্দ্রিত উল্লসদ্ভ্রু ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

ভৃত্যেষু অনুকম্পিতা কৃতানুকম্পা যা ধী স্তয়া গৃহীতা মূর্ত্তির্যেন তস্য বিস্ফুরন্তী যে মকরকুণ্ডলে তয়োর্ব্বল্গিতেন প্রচলনেন বিদ্যোতিতাবমলৌ কপোলৌ যস্মিন্ তৎ। উদারা উন্নতা নাসিকা যস্মিন্ তৎ ॥ ২৯ ॥

যচ্চ মুখং স্বয়া ভূত্যা শোভয়া অলিভিশ্চ পরিষেব্যমাণং মীনদ্বয়াশ্রয়ঞ্চ শ্রীনিকেতং পদ্মং অধিক্ষিপৎ বর্ত্ততে তদ্ধ্যায়েৎ। অত্র কুন্তলৈরলীনামধিক্ষেপঃ নেত্রদ্বয়েন মীনদ্বয়স্যেতি দ্রষ্টব্যং। অব্জে ইব নেত্রে যস্মিন্ ইত্যুপমানান্তরং। উল্লসন্তৌ ভ্রুবৌ যস্মিন্ মনোময়ং মনসি আবির্ভবৎ ॥ ৩০ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভৃত্যাঃ স্বস্বাভীষ্টমূর্ত্তে র্ভাবকাঃ তেষু অনুকম্পা যুক্তা যা ধীঃ। তয়া ইহ জগতি গৃহীতা আকৃষ্টা বৈকুণ্ঠাদানীতা মূর্ত্তয়ো যেন তস্য ॥ ২৯ ॥

যৎ খলু শ্রীনিকেতং। সর্ব্বোৎকৃষ্টাব্জান্তরং অধিক্ষিপদ্বর্ত্ততে। তদব্জাকারং নেত্রং ধ্যায়েৎ। যদ্বা অব্জেতাব্জং। সুপাং সুলুগিত্যাদিনা ছান্দসঃ সুলুক্। তস্য বিশেষণং শ্রীনিকেতং ইতি। মীনদ্বয়ং চাত্র ভ্রূদ্বয়েনাধিক্ষিপ্তং জ্ঞেয়ং যেন মুখেনাব্জমধিক্ষিপ্তং অত্র নেত্রস্যাব্জত্বে শোভা বিশেষাপোষাদেবং ব্যাখ্যায়তে। মনোময়ং শ্রীভগবদন্তর্দ্দানা কৃপাবিলাস সূচকং। শ্রীভক্তান্তর্দ্দানাভক্তিবিলাসাবিষ্টং বা ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অনুকম্পা সঞ্জাতাহস্যা ইত্যনুকম্পিতা। তারকাদিত্বাদিতচ্। যদ্বা অনুকম্পিত মনুকম্পা কৃপা তদাত্মিকা তন্ময়ী বা যা ধীস্তয়া স্ববাসার্থং গৃহীতা মূর্ত্তির্যস্য। হে মৎস্বরূপশক্তিসারভূতে অনুকম্পে ইহ মর্ত্যলোকে মন্মূর্ত্তিষু মধ্যে যামিচ্ছসি তাং স্বনির্ভর নিবাসার্থং গৃহাণেত্যুক্তে তয়া বিবিচ্য রামকৃষ্ণ মূর্ত্তিএব বিশেষতো গৃহীত ইত্যর্থঃ। যদিতি মকরকুণ্ডলয়োর্ব্বল্গনং খলু পার্শ্বদ্বয়স্থ পার্ষদ সঞ্চালিত চামর হেতুকেন মারুতেন বা বয়স্যগণ নর্ম্মোক্তি প্রত্যুক্তি হেতুকেন শিরঃকম্পেন বা সহচরীগণ নৃত্য গীত বাদ্য তাল তানাদ্যাস্বাদন সাধুত্ব খ্যাপন হেতুকয়া গ্রীবা ভঙ্গ্যা বা জ্ঞেয়ং অমলেতি কপোলয়োর্গারমণিদর্পণায়মানত্বং তয়োশ্চলন্মকর কুণ্ডলদ্বয় প্রতিবিম্বেন নটন্তৌ নয়ন খঞ্জনৌ নৃত্যোপাধ্যায়ৌ ভূত্বা স্বতসম্বলগায়াতঃ মকর চতুষ্টয়ং নর্ত্তয়ত ইব ইত্যুৎপ্রেক্ষা গম্যা। উদারং সমুন্নত নাসিকং উদারো দাতৃ মহতোরিত্যভিধানান্নাসিকায়া স্তদাস্বাদন সভ্যাঞ্জন স্বসর্ব্বস্বদাতৃত্বং ॥ ২৯ ॥

যচ্চ শ্রীনিকেতনং বদনারবিন্দং অলিভিঃ পরিষেব্যমাণমপি মীনদ্বয়াশ্রয়মপি অধিক্ষিপৎ। অর্থাৎ অরবিন্দান্তরং স্বয়া বিভূত্যা তিরস্কুর্ব্বদ্বর্ত্ততি। তৎ ধ্যায়েদিত্যন্বয়ঃ। তত্র কুটিল কুন্তল বৃন্দেনালীনামাক্ষেপঃ। অব্জদলতুল্য নেত্রাভ্যাং মীনদ্বয়স্যাক্ষেপঃ। মনোময়ং স্বমনসা তাদাত্ম্যমিব স্বাদাধিক্যাৎ প্রাপ্তমিত্যর্থঃ। স্বভক্ত বিষয় কৃপাদ্যোতনাদুল্লসন্তৌ ভ্রুবৌ যস্য তৎ ॥৩০

মা! ভগবান্ হরি স্বীয় ভক্তগণের প্রতি অনুকম্পা বিতরণ বুদ্ধিতেই মূর্ত্তি গ্রহণ করেন, অতএব তাঁহার সমস্ত অবয়ব চিন্তা করাই কর্ত্তব্য, পূর্ব্বোক্ত অঙ্গ সকল সুন্দর রূপে চিন্তিত হইলে তৎপরে তাঁহার বদনারবিন্দ চিন্তা করিবে। আহা! ভগবানের বদনের কি মনোহর শোভা! দীপ্তিশালী মকরাকৃতি কুণ্ডলদ্বয়ের সঞ্চালন দ্বারা অমল কপোলদ্বয় সর্ব্বদাই বিদ্যোতিত হইতেছে এবং তাহাতে উন্নত নাসিকা মনোহর শোভা বিস্তার করিতেছে ॥ ২৯ ॥

অপর ঐ বদন স্বীয় শোভা ও মধুকর নিকরে সতত সেব্যমান এবং কুঞ্চিত কেশ কলাপে অতিশয় রমণীয় ও মীনদ্বয়ের অধিক্ষেপকারি নয়নদ্বয়ে সুশোভিত, অতএব তাহা লক্ষ্মীর নিকেতন পদ্মকেও তিরস্কার করিতে পারে, আর তাঁহার ভ্রূমণ্ডল নিয়তই উল্লসিত হইতেছে তাহাতে ঐ বদন সর্ব্বদাই মনোমধ্যে আবির্ভূত হইয়া থাকে ॥ ৩০ ॥

তস্যাবলোকমধিকং কৃপয়াতিঘোর তাপত্রয়োপশমনায় নিসৃষ্টমক্ষ্ণোঃ।
স্নিগ্ধস্মিতানুগুণিতং বিপুলপ্রসাদং ধ্যায়েচ্চিরং বিততভাবনয়া গুহায়াং ॥ ৩১ ॥
হাসং হরেরবনতাখিললোক তীব্র শোকাশ্রুসাগর বিশোষণমত্যুদারং।
সম্মোহনায় রচিতং নিজমায়য়াস্য ভ্রূমণ্ডলং মুনিকৃতে মকরধ্বজস্য ॥ ৩২ ॥
ধ্যানায়নং প্রহসিতং বহুলাধরৌষ্ঠভাসারুণায়িততনুদ্বিজকুন্দপঙ্‌ক্তি।

শ্রীধরস্বামী।

কৃপয়া অধিকমত্যর্থং অক্ষিভ্যাং নিসৃষ্টং প্রযুক্তং। স্নিগ্ধস্মিতেনানুগুণিতং সংযুক্তং। বিপুলঃ প্রসাদো যস্মিন্ গুহায়াং হৃদি ॥৩১॥

অবনতা যে অখিললোকা স্তেষাং তীব্রশোকেন যানি অশ্রূণি তেষাং সাগরং বিশোষয়তীতি তথা তং হরের্হাসঃ। অস্য অত্যুদারং ভ্রূমণ্ডলঞ্চ ধ্যায়েৎ। কথং ভূতং নিজমায়য়া মকরধ্বজস্য সম্মোহনায় রচিতং মুনিকৃতে মুনীনামুপকারায় মুনীনাং সম্মোহনে প্রবৃত্তং কামমেব সম্মোহয়িতুমিত্যর্থঃ ॥ ৩২ ॥

মন্দহাস ধ্যান মুক্ত্বা স্ফুটহাসধ্যানমাহ। বিষ্ণোঃ প্রহসিতং ধ্যায়েৎ কীদৃশং ধ্যানায়নং অতিসুন্দরতয়া প্রযত্নং বিনৈব

ক্রমসন্দর্ভঃ।

স্নিগ্ধং স্নেহাতিশয়াভিব্যঞ্জকং। যৎ স্মিতং তেনানু নিরন্তরং গুণিতং পুনঃ পুনঃ স্ফীতীকৃতং। অতএব যত এব বা বিপুলঃ প্রসাদো যস্য যত্র বা তথাভূতং। গুহায়াং পরম রহস্য গৃহরূপে চিত্তে ॥ ৩১ ॥

তীব্র শোকাশ্রু সাগর বিশেষণত্বেন হাসস্য পরমানন্দাশ্রুসাগরবর্দ্ধনত্বং ধ্বন্যতে। তেন চন্দ্রত্বেপ্যপূর্ব্বত্বং। প্রসিদ্ধ চন্দ্রেস্কার ক্ষীরোদধি বর্দ্ধনত্বাবিশেষাৎ। ভ্রূমণ্ডলং বর্ণয়তি। সম্মোহনায়েতি। এষা চোৎপ্রেক্ষা জ্ঞেয়া। কাকা হি সা ব্যজ্যতে ॥ ৩২ ॥

ভক্ত্যা আদরেণ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্য হরেরবলোকং ধ্যায়েৎ অক্ষোরক্ষিভ্যাং নিসৃষ্টং নির্ম্মিতং ধ্যাতুরতিঘোরং যত্তাপত্রয়ং তস্যোপশমায় স্নিগ্ধং যৎ স্মিতং তদেব স্মিতোপলক্ষিতং মাধুর্য্যং অনু গুণিতং প্রথমং দ্বিগুণিতং ততস্ত্রিগুণিতাদিক্রমেণ কোটি কোটি গুণিতং যত্র তং ॥ ৩১ ॥

হরের্হাসং ধ্যায়েৎ অবনতা ভক্তা যে অখিলা লোকা স্তেষাং দাস্য সখ্যাদি ভাববতাং তদ্বিরহোত্থযাত্তীব্রো যঃ শোকাশ্রু সাগরস্তং বিশেষেণ শোষয়তীতি তং অত্যুদারমিতি শোকসাগরাদুদ্ধৃত্যানন্দসাগরে নিমজ্জনং দদানমিত্যর্থঃ। যদ্বা সাংসারিক তীব্র দুঃখশোকাশ্রু সাগর শোষণত্বেন হাসস্য সংসারাতীত প্রেমানন্দাশ্রু সাগর বর্দ্ধনত্বং ধ্বন্যতে তেন চন্দ্রত্বেপ্যদ্ভুতত্বং। প্রসিদ্ধশ্চন্দ্রোহি ক্ষীরোদঞ্চ বর্দ্ধয়তীতি। অস্য ভ্রূমণ্ডলঞ্চ ধ্যায়েৎ নিজ মায়য়া সকপট নিক্ষেপেণৈব সর্ব্বমোহনস্যাপি মকরধ্বজস্য সংমোহনায় রচিতং প্রস্তুতীকৃতং নমু মকরধ্বজং কিমিতি মোহয়েত্তত্রাহ মুনিকৃতে। পত্রাম্বুভোজিন স্তপস্যাতোঽপি মুনীন্ অয়মুদ্বেজয়েদিতি কোপেনৈবেত্যুৎপ্রেক্ষা ॥ ৩২ ॥

প্রেক্ষণীয়েহিতং ধ্যায়েদিত্যুক্ত মতঃ কাপি রহসি কুসুমতল্প মধ্যাসীনস্য স্বপ্রেয়সীমতি সৌরভ লোভেন শ্রবণ নয়ন নাসা-

পরে ভগবানের পদ্মতুল্য অবলোকন ধ্যান করিবে, তাঁহার নয়নদ্বয়ের যে দৃষ্টি সুস্নিগ্ধ হাস্যযোগে মনোহর, যাহা ধ্যাতৃজনের ঘোরতর আধ্যাত্মিকাদি তাপত্রয়ের উপশমার্থ প্রযুক্ত হইয়া থাকে, যাহাতে তাঁহার বিপুল প্রসন্নতা অনুভব করা যায়, সেই দৃষ্টি আপনার হৃদয়মধ্যে সতত ধ্যান করিবে ॥ ৩১ ॥

তদনন্তর ভগবানের যে হাস্য, অখিল লোক অবনত হওয়াতে তাহাদের তীব্র শোক জনিত অশ্রু সাগর শোষণ করিয়াছিল, তাহা ধ্যান করিবে। পরে তাঁহার উদার ভ্রূমণ্ডল যাহা মুনিগণের উপকারার্থ কন্দর্পকে মুগ্ধ করিতে নিজমায়া দ্বারা রচিত হয়, তাহারও চিন্তা করিবে ॥ ৩২ ॥

তদনন্তর ভগবানের উচ্চহাস্য ধ্যান করিবে, ঐ হাস্যে অধর ও ওষ্ঠের বহুল কান্তি দ্বারা কুন্দমুকুল

ধ্যায়েৎ স্বদহ্র কুহরেঽবসিতস্ত বিষ্ণোর্ভক্ত্যার্দ্রয়ার্পিতমনা ন পৃথগ্দিদৃক্ষেৎ ॥ ৩৩ ॥
এবং হরৌ ভগবতি প্রতিলব্ধভাবো ভক্ত্যাদ্রবদ্ধৃদয় উৎপুলকঃ প্রমোদাৎ।

শ্রীধরস্বামী।

ধ্যানস্থ বিষয়ভূতং সৌন্দর্য্যমেবাহ বহুলয়া অধিকয়া অধরোষ্ঠস্থ ভাসা কান্ত্যা অরুণীকৃতা স্তনবঃ সূক্ষ্মা দ্বিজা এব কুন্দমুকুলানি তেষাং পঙ্‌ক্তিঃ স্ফুরতি যস্মিন্ তৎ দহ্রকুহরে হৃদয়াবকাশেঽবসিতস্য জ্ঞাতস্থ প্রেমরসেনার্দ্রয়া ভক্ত্যা তস্মিন্ এবার্পিত মনাঃ সন্ পৃথক্ তদ্ব্যতিরিক্তং দ্রষ্টুং নৈবেচ্ছেৎ চিত্তং ন বিচালয়েদিত্যর্থঃ ॥ ৩৩ ॥

সমাধিমাহ এবমিতি দ্বাভ্যাং। নির্বীজঃ সবীজশ্চেতি দ্বিবিধো যোগঃ। তত্র নির্বীজযোগে যতো যতো নিশ্চরতি মনশ্চঞ্চলমস্থিরং। ততস্ততো নিযম্যৈতদাত্মন্যেব বশং নয়েদিতি গীতাদ্যুক্তমার্গেণ ক্রিয়মাণোঽপি দুষ্করঃ সমাধিঃ। সবীজেতু সুকর স্তত্রহি পরমানন্দ

ক্রমসন্দর্ভঃ।

এবং হরাবিতি। এবং পূর্ব্বোক্তযোগে মিশ্রভক্ত্যনুষ্ঠানেন হরৌ প্রতিলব্ধভাবোভবতি। তত্র লিঙ্গঃ ভক্ত্যেত্যাদি। ভক্ত্যা স্মরণাদিনা। অপি এবমপি তচ্চ ধ্যেয় মধুরত্বস্য ভাবেন তাদৃশতাপন্নঞ্চ তস্য চিত্তং। শনকৈর্বিযুঙ্‌ক্তে ইত্যুক্তমপি ভবতি। যেন যোগাঙ্গতয়া ভক্তিরনুষ্ঠিতা তস্মাৎ কৈবল্যেচ্ছা কৈতব দোষাদেবেতি ভাবঃ। যথোক্তং। ধর্ম্মঃ প্রোজ্‌ঝিতকৈতব ইত্যত্র প্রশব্দেন মোক্ষাভিসন্ধিরপি কৈতবত্বং। অতএব বড়িশশব্দেন কাঠিন্তং অরসবিত্বং কৌটিল্যং দাম্ভিকত্বং স্বার্থমাত্র সাধনত্বঞ্চ ব্যঞ্জিতং শুদ্ধভক্তাস্ত নকদাচিত্তথা তং ধ্যেয়ং ত্যজন্তি। যথোক্তং রাজ্ঞা। ধৌতাত্মা পুরুষঃ কৃষ্ণপাদমূলং ন মুঞ্চতি। মুক্তসর্ব্বপরিক্লেশঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মুখাদি সমীপমজহতঃ কস্যচিদ্ভ্রমরস্য ঝঙ্কারেণ ত্রস্তাং শশ্বদ্ভুজোৎক্ষেপবসনোন্নমন গ্রীবা নয়নাদি চাপল্যবতীং রসিকশেখর পদয়োস্তে পতামি দুষ্টমিমং বিদ্রাবয়েতি সকাকুব্যাহরন্তীং পশ্যতঃ শৃণু ভো ভৃঙ্গাধিপ ইমামদ্যমাজহীহি ভুঙ্‌ক্ষ্বেতি নিগদতো ভগবতঃ প্রহসিতমুচ্চৈর্হসিতং ধ্যায়েৎ। ধ্যানায়নং প্রযত্নং বিনৈব স্বয়মেব ধ্যানস্য বিষয়ী ভবিষ্ণু তত্রাপি মাধুর্য্যমাহ বহুলয়া অধরোষ্ঠস্য ভাসা অরুণী ভূতাস্তনবঃ সূক্ষ্মা দ্বিজা এব কুন্দমুকুলানি তেষাং পঙ্‌ক্তি স্ফুরতি যস্মিন্ তৎ। স্বদহ্র কুহরে হৃদয়াকাশেঽবসিতস্য প্রতীতস্য নাস্মাৎ পৃথগ্দিদৃক্ষেৎ দ্রষ্টুং নেচ্ছেৎ জ্ঞাতুঞ্চ নেচ্ছেদিত্যতঃ পুরুষার্থ সারাদন্যস্যাধিক বস্তুনোঽসংভবাদ্ভক্তানামেতদাস্বাদানন্দ মোহএব পরমঃ সমাধিরিতি ভাবঃ। এবং নবাঙ্গ ভক্তে স্তৃতীয়মঙ্গ মেতদ্ভগবদবতার রূপ গুণলীলা মাধুরী ধুরীণ মপি ধ্যান মষ্টাঙ্গ যোগ প্রসঙ্গে যদুক্তং তৎ খলু যোগ মহাগহ্বরা যোগিনোপ্যাকৃষ্য ভক্তিরস সুধার্ণবে নিমজ্জয়িতুমেব দৃশ্যন্তেচ পরিনিষ্ঠিতোপি নৈর্গুণ্য উত্তমশ্লোক লীলয়া। গৃহীতচেতা রাজর্ষে আখ্যানং যদধীতবানিতি। অদ্বৈত বীথী পথিকৈরুপাস্যাঃ স্বানন্দ সিংহাসন লব্ধদীক্ষাঃ। হঠেন কেনাপি বয়ং শঠেন দাসীকৃতা গোপবধূবিটেনেতি তত্তদুক্তিভি র্মহাযোগিনোপি বৈয়াসকি বিল্বমঙ্গলাদয়ো মহদনুগ্রহবশাদ্ভক্তিরস এব নিমজ্জন্ত এবেতি ॥ ৩৩ ॥

যস্তুতি মন্দোমহদননুগৃহীত এতামপি ধ্যান.মাধুরীমুপভুজ্যাপ্যলব্ধাস্বাদনিষ্ঠোজিহাসতি সতু যোগী যোগএব প্রাপ্তনিষ্ঠোঽপি যোগিষ্বতি নিকৃষ্টএব ভক্তিরস বঞ্চিত এব ভক্ত্যৈব দীয়মানমেকবিংশতি প্রকার দুঃখনাশ পূর্ব্বক প্রত্যগাত্মানুভবাত্মকং মোক্ষং প্রাপ্নোতি নতু ব্রহ্মানুভবাত্মকং মোক্ষমিত্যাহ এবমিত্যাদি যাবদধ্যায় সমাপ্তি। হরৌ ভগবতীতি মনোহরত্বাৎ ভগবট্‌কত্বাচ্চ মাধুর্য্যৈশ্বর্য্যামৃতপরিপূর্ণোঽপি প্রতিলব্ধভাবঃ প্রেষেণ প্রতিরূপ তস্যৈব নত্বনুরূপতয়া লব্ধোভাবো যেন সঃ। অত্র খল্বপি শব্দঃ সর্ব্বত্রান্বেতি প্রতিলব্ধভাবোঽপি দ্রবদ্ধৃদয়োপি উৎপুলকোপি ঔৎকণ্ঠ্য হেতুকয়া বাষ্পকলয়াশ্রু ত্যাগেন মুহুরর্দ্দ্যমানোপি তচ্চাপি

তুল্য তদীয় সূক্ষ্ম সূক্ষ্ম দন্ত পঙ্‌ক্তি অরুণবর্ণ হইয়া শোভমান হওয়াতে তাহা প্রযত্ন ব্যতিরেকেই ধ্যানের বিষয় হইতে পারে, এইরূপ চিন্তা দ্বারা আপনার হৃদয়াকাশে ভগবান্ যখন জ্ঞাত রূপে প্রকাশ পাইবেন তখন প্রেমরসার্দ্র ভক্তি দ্বারা তাঁহার প্রতিই মন অর্পণ করিয়া তদ্ব্যতিরিক্ত কিছুই দেখিতে ইচ্ছা করিবে না অর্থাৎ তাঁহাতে ঐ প্রকারে চিত্ত স্থিরীভূত হইলে আর তাহা বিচলিত করিবে না ॥৩৩॥

মা! এই প্রকার ধ্যানমার্গে প্রবৃত্ত হইলেই ভগবান্ হরির প্রতি যোগিব্যক্তির প্রেম জন্মে এবং ভক্তি বশতঃ হৃদয় দ্রবীভূত হইতে থাকে ও প্রেম হেতু তাঁহার অঙ্গ পুলকিত হইয়া উঠে, তখন তিনি

ঔৎকণ্ঠ্য বাস্পকলয়া মুহুরর্দ্দ্যমানস্তচ্চাপি চিত্তবড়িশং শনকৈর্বিযুঙ্‌ক্তে ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

মুক্তৌ হরৌ ধ্যায়মানেঽযত্নতএব চিত্তোপরমোভবতি। তদুক্তং হুতাত্মনোহৃতপ্রাণাংশ্চ ভক্তিরনিচ্ছতো গতিমণ্বীং প্রযুঙ্‌ক্তে ইতি। অতঃ সএবোপক্ষিপ্তঃ যোগস্য লক্ষণং বক্ষ্যে সবীজস্যেতি। তদেবাযুক্ত সিদ্ধত্বং দর্শয়তি। এবং ধ্যানমার্গেণ হরৌ প্রতিলব্ধো ভাবঃ প্রেমা যেন ভক্ত্যা দ্রব[●]হৃদয়ং যস্য। প্রমোদাদুদ্‌গতানি পুলকানি যস্য। ঔৎকণ্ঠ্য প্রবৃত্তাশ্রুকলয়ার্চ মুহুরর্দ্দ্যমানঃ আনন্দসংপ্লবে নিমজ্জ্যমানঃ দুগ্রহস্য ভগবতো গ্রহণে বড়িশং মৎস্যবেধনমিব উপায়ভূতং চিত্তং ধ্যেয়াৎ বিযুঙ্‌ক্তে তদ্ধারণে শিথিল প্রযত্নো ভবতীত্যর্থঃ ॥ ৩৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

পাস্থঃ স্বশরণং যথা ইতি। শ্রীনারদেন চ। ন বৈ জন ইত্যাদৌ। স্মরন্মুকুন্দাঙ্‌ঘ্র্যুপগূহনং পুন র্বিহাতুমিচ্ছেন্নরসগ্রহোজন ইতি যো রসগ্রহঃ স তন্ন ত্যজতীত্যনেনান্যেষাং লৌহ পাষাণাদি তুল্যত্বং সূচিতং। নতু ভগবানপি ততোঽন্যথা কুর্য্যাৎ। যদুক্তং শ্রীব্রহ্মণা। ভক্ত্যা গৃহীতচরণঃ পরয়াচ তেষাং নাপৈষি নাথ হৃদয়াম্বুরুহাৎ স্বপুংসামিতি। আবির্হৌত্রেণচ। বিসৃজতি হৃদয়ং ন যস্য সাক্ষাদিতি। অতএব পূর্ব্বত্র স্বপুংসামিত্যত্র স্বেতি বিশেষণং। যদ্বা। ভগবতি প্রতিলব্ধভাবাদিরূপোঽপি। তচ্চিত্তবড়িশং। অপি শব্দাৎ ভগবন্তমপি কৈবল্য বাসনয়া ভাবাদেরাভাসিতত্বাদ্বিযুঙ্‌ক্তে ত্যজতীত্যর্থঃ। বড়িশ শব্দেন চেদং ধ্বন্যতে। গঙ্গাদি মহাতীর্থ স্থানীয়ে ভগবতি বড়িশস্থানীয়েন চিত্তেন গ্রাহ্যত্বান্মৎস্যস্থানীয়স্য স্বপ্রকাশানন্দ রূপে হাসে তদংশে সজাতীয়তয়া ব্যক্তস্য নির্ব্বিশেষ ব্রহ্মণ উপলম্ভাৎ। সিদ্ধার্থতয়া কৃত তত্ত্যাগস্য তস্য ধীরত্বমেব লব্ধং। নতু তদবগাহমাত্র সুখজ সাধুলোকত্বং। ততশ্চ। বড়িশজীবিক সাদৃশ্যেন তস্য নিকর্ষ এব জ্ঞাপিতঃ নতু স্বসুখনিভৃতেত্যাদৌ রুচির পদেন [●]ব্যাসস্যনোর্লো ভনীয়াং লীলাং প্রশংসতি বাক্যে তদ্বিধস্যেব তস্যোৎকর্ষঃ প্রতিপাদিতঃ আরাধনং ভগবত ঈহমানা নিরাশিষঃ। যে তু নেচ্ছন্ত্যপি পরং তে স্বার্থকুশলা নরাঃ। দ্বয়োরনয়োরধিকারিণোরুত্তরত্র বিলক্ষণায়াং নিষ্ঠায়াং পরমনিদর্শনস্ত মহৎসঙ্গবৈলক্ষণ্যমেব জ্ঞেয়ং। যদেব সর্ব্বত্র মূলমিতি। তৈর্দ্দর্শনীয়াবয়বৈরিত্যাদৌ হৃতাত্মন ইত্যাদিকন্তু নাত্রোদাহ্রিয়তে। তস্য নৈকাত্মতামিত্যাদি শুদ্ধভক্ত

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

তস্মাদপি স্বরূপাৎ চিত্তবড়িশং বিযুঙ্‌ক্তে বিযোজয়তি জ্ঞানঞ্চ ময়ি সংন্যসেদিতি বিধিবত্তক্তি সন্ন্যাসে বিধ্যভাবাৎ। প্রত্যুত ভক্ত্যার্দ্রয়ার্পিত মনা ন পৃথগ্দিদৃক্ষেদিতি নিষেধবিধেঃ সম্ভাবাদয়ং মন্দধীঃ স্বেচ্ছয়ৈব বিযোজয়তীত্যর্থঃ। বিযুঞ্জ্যাদিতি বিধ্যপ্রয়োগাৎ। যতোঽস্য চিত্তং বড়িশং অতস্তাদৃশোঽপি সন্ তস্মাদপি মাধুর্য্যময় স্বরূপাদ্বিযোজয়তীতি বিষয়রসোৎকণ্ঠ্য দূরীকরণার্থং ভগবন্মাধুর্য্যে নিক্ষিপ্তং যচ্চিত্তং তস্য তন্মাধুর্য্যোৎকণ্ঠস্যাপি নিবৃত্তয়ে তচ্চিত্তং ততোঽপি নিবর্ত্তয়তীত্যর্থঃ। শনকৈরিতি চিত্তস্য সম্যগাসক্তত্বে বিযোজনং খলু দুর্ঘটমেবাতোঽসম্যগ্‌যোগএব সত্যভাসেন শনৈঃ শনৈর্দ্বি ত্রিবারেণ চতুঃ পঞ্চবারেণ বা সপ্তাষ্টবারেণ বা অবশ্যমেব বিযোজয়তীতি বড়িশং হৃশ্যসারময়ং ভবতি অতঃ স্বর্ণ রূপ্যাদিবন্নবনীতাদিবন্নদ্রবী ভবতি কিন্তু বহ্নিতাপাধিক্যবশাৎ কিঞ্চিদ্দ্রবদেব তৎক্ষণএব পুনঃ কঠোরঞ্চ ভবত্যতোদ্রবদ্ধৃদয় ইতি নতু দ্রুত হৃদয় ইত্যুক্তং। যথা বড়িশং খলু গঙ্গাদি তীর্থ জল নিত্য স্নান পরমপি কুটিলমরসজ্ঞং যথাচ মীনলোভন মিষ্ট পিষ্টান্ন খণ্ডেনাবৃত মুখত্বাদ্দাম্ভিকঞ্চ তথৈব বিগীত যোগিন শ্চেতোপি তীর্থপূতমপি কঠোরং কুটিলং ভগবদাকর্ষক ধ্যান ভক্ত্যাবৃতমুখত্বাদ্দাম্ভিকঞ্চ। ধর্ম্মপ্রোজ্‌ঝিত কৈতব ইত্যত্র শ্রীস্বামিচরণৈঃ প্রশব্দেন মোক্ষাভিসন্ধিরপি কৈতবত্বব্যাখ্যানাৎ কৈবল্যেচ্ছাকৈতব দোষাদেব যেন সর্ব্বশ্রেষ্ঠাপি ধ্যানরূপা শ্রীভক্তি দেবীযোগাঙ্গত্বেনোপাসিতাপি পশ্চাৎত্যক্তা। তস্য যোগিচিত্ত বড়িশস্য স্পর্শো ভগবতোঽপি কষ্টকর এবাত তদ্বিয়োগে ভগবানেব তস্মৈ হারিত তাদৃশ চিত্ত বড়িশায় যোগিধীবরায় মোক্ষমেক বিংশতি প্রকার দুঃখ নিবৃত্তি পূর্ব্বক প্রত্যগাত্মানুভব রূপং দদাতি নতু পরমাত্মানুভবরূপং মোক্ষং। যত্ত ভগবদ্গীতোক্তোঽষ্টাঙ্গযোগী ভগবদ্ধ্যান মজহদেব দৃষ্টস্তস্মৈ তু পরমাত্মানুভব রূপমপি মোক্ষং

ঔৎসুক্য জনিত অশ্রু কলা দ্বারা আনন্দ সংপ্লবে নিমগ্ন হন, তাহাতে দুর্ব্বিগাহ্য ভগবানের গ্রহণ বিষয়ে মৎস্য বেধন বড়িশের তুল্য উপায় স্বরূপ যে তাঁহার চিত্ত, তাহা ক্রমে ক্রমে ধ্যেয় পদার্থ হইতে বিমুক্ত হয় অর্থাৎ তাঁহার চিত্ত ভগবদ্ধারণার্থ শিথিল প্রযত্ন হইয়া পড়ে ॥ ৩৪ ॥

মুক্তাশ্রয়ং যর্হি নির্ব্বিষয়ং বিরক্তং নির্ব্বাণমৃচ্ছতি মনঃ সহসা যথার্চ্চিঃ।
আত্মানমত্র পুরুষো ব্যবধানমেকমন্বীক্ষতে প্রতিনিবৃত্তগুণপ্রবাহঃ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

যর্হি যদা এবং নির্ব্বিষয়ং ভবতি অতএব মুক্তাশ্রয়ঞ্চ ধ্যেয় সম্বন্ধং বিনা ধ্যাতর্য্যবস্থানাসম্ভবাৎ। ন চ পূর্ব্ববৎ শব্দাদি বিষয়ঃ স্যাৎ। যতস্তত্র বিরক্তং পরমানন্দানুভবেন অতোনির্ব্বাণং লয়মৃচ্ছতি। বৃত্তিরূপতাং পরিত্যজ্য ব্রহ্মাকারেণ পরিণমত ইত্যর্থঃ। যথা অর্চ্চির্জ্বালা আশ্রয় বিষয়াপগমে মহাভূত জ্যোতীরূপেণ পরিণমতে অত্র অস্যাং দশায়াং অব্যবধানং ধ্যাতৃধ্যেয় বিভাগ শূন্যং। একমখণ্ডং আত্মানমনুগতমীক্ষতে অত্র হেতুঃ প্রতিনিবৃত্তোঽপগতো গুণপ্রবাহো দেহাদ্যুপাধির্যস্য ॥ ৩৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রকরণ পাঠাদ্যথা দর্শিতমেব ব্যাখ্যানং যুক্তং ইতি। তদেতৎ সোদাহরণং শ্রীকপিলদেববাক্যং। ভক্ত্যা পুমান্ জাতবিরাগ ইত্যাদিকমপি জ্ঞেয়ং। তথাহি। অস্য পূর্ব্বত্র শ্রদ্ধারতির্ভক্তিরনুক্রমিষ্যতীতি ভক্তিমাত্রং দর্শিতং। উত্তরত্র তস্য লক্ষণে দৃষ্টে। তল্লক্ষণং বদতা তেন ভক্তিঃ সিদ্ধের্গরীয়সীতি নৈকাত্মতাং মে স্পৃহয়ন্তি কেচিদিতিচ মোক্ষনিরপেক্ষতয়ৈব তস্য মুখ্যাভিধেয়ত্বমুক্তং। জরয়ত্যাশু কোশমিত্যনেন কোশধ্বংসনস্যাতু তদানুসঙ্গিকগুণত্বমুক্তং। অত্র ভক্ত্যা পুমানিত্যাদৌতু তাদৃশ্যা অপি তস্যা ভক্তের্জ্ঞানাদি সাহায্যেনৈব মোক্ষমাত্র সাধকত্বমুক্ত্বা গৌণাভিধেয়ত্বমুক্তং। তস্মাদত্রাপি তস্যা ভক্তেরাভাস এব প্রথমতোদর্শিতঃ। এবং দৃষ্ট্বা তমবনৌ সর্ব্বে ঈক্ষণাহ্লাদ বিক্লবাঃ। দণ্ডবৎ পতিতা রাজন্ শনৈরুত্থায় তুষ্টুবুরিত্যত্র বৃত্রাখ্য নাশ স্বরাজ্য প্রাপ্তিতাৎপর্য্যবতাং দেবানাং ভক্ত্যাভাসত্বমুদাহার্য্যং ॥ ৩৪ ॥

ত্যাগপ্রকারং যোজয়িতুমাহ মুক্তাশ্রয়মিত্যাদিকন্তু ষষ্ঠসন্দর্ভস্য চতুর্থবাক্যস্যাবতারিকায়াং দৃশ্যং তথাহি। জীবত এবাবিদ্যাকল্পিত মায়াকার্য্যসম্বন্ধ মিথ্যাত্বজ্ঞাপক জীবস্বরূপসাক্ষাৎকরণতাদাত্ম্যাপন্ন ব্রহ্মসাক্ষাৎকারো জীবন্মুক্তিবিশেষ ইত্যর্থঃ ঈদৃশমেব তন্মুক্তি লক্ষণং শ্রীকাপিলেয়ে মুক্তাশ্রয়মিত্যাদি চতুষ্টয়ে দর্শিতং। তত্রহি। প্রতিনিবৃত্তগুণপ্রবাহঃ সন্ আত্মানং পরমাত্মানং ঈক্ষতে ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

দদাতীত্যাহুর্ভাগবতরসিকাঃ যতঃ স কদাচিদপি নধ্যেয়াত্তগবন্মধুর রূপাদ্বিয়োক্তুমীষ্টে। যথোক্তং রাজ্ঞা ধৌতাত্মা পুরুষঃ কৃষ্ণপাদমূলং নমুঞ্চতি। মুক্তসর্ব্বপরিক্লেশঃ পান্থঃ স্বশরণং যথেতি। উদ্ধবেনচ। তস্যাখিলাত্মদয়িতেশ্বরমাশ্রিতানাং সর্ব্বার্থদং স্বকৃত বিদ্বিসৃজেত কোন্বিতি। শ্রীনারদেনচ স্মরন্মুকুন্দাঙ্ঘ্র্যুপগূহনং পুনর্বিহাতুমিচ্ছেন্নরসগ্রহোজন ইতি। রসগ্রহ ইত্যনেন যোগিষ্বপি মধ্যে শ্রীশুক প্রভৃতয় এবাভিনন্দিতাঃ। অতএব পূর্ব্বশ্লোকে ভক্ত্যার্পিতমনা ন পৃথগ্দিদৃক্ষেদিতি। অর্পিতমনা ইতি ভগবতে মনঃ সমর্প্য তস্মিন্মনসি স্বত্বাভাবাৎ কথং তস্মাত্তদ্বিযোজয়েৎ। কথং বা দত্তাপহারী ভবেদিতি তথাত্বে নিন্দা দুর্নির্বারৈব। ভগবানপি ভক্তানামেব হৃদি তিষ্ঠেন্নযোগিনঃ। যদুক্তং ব্রহ্মণা। ভক্ত্যা গৃহীতচরণঃ পরযাচ তেষাং নাপৈষি নাথ হৃদয়াম্বুরুহাৎ স্বপুংসামিতি। আবির্হোত্রেণচ বিসৃজতি হৃদয়ং ন যস্যেত্যাদি ॥ ৩৪ ॥

অতিনিকৃষ্ট যোগিপদ্ধত্যুক্তে ভগবৎ স্বরূপত্যাগে সতি মনসঃ কা দশা স্যাদিত্যপেক্ষায়ামাহ মুক্তেতি এবং যর্হি মনোনির্বিষয়ং ভগবতি তদা মুক্তাশ্রয়ঞ্চ স্যাৎ ধ্যেয়সম্বন্ধং বিনা তস্য ধ্যাতর্য্যবস্থানাসম্ভবাৎ। নচ পূর্ব্ববদ্ব্যাবহারিকঃ শব্দাদি বিষয়ঃ স্যাৎ যতস্তত্র বিরক্তং পরমানন্দানুভবেন। ন চ পরমানন্দ রূপমেব পুনরপি বিষয়ী কুর্য্যাৎ। শনৈর্নির্যুঙ্ক্ত ইত্যত্র শনৈঃ পদেন পুনরপি ততো বিযোজনীয়ত্বাদতো নির্ব্বাণং লয়মৃচ্ছতি প্রাপ্নোতি। যথার্চি দীপকলিকা তৈল বর্ত্তিভ্যাং বিযুক্তা নির্বাতীত্যর্থঃ। অত্র অস্যাং দশায়াং পুরুষঃ জীবঃ মনোলয়ে সতি লিঙ্গরূপাবরণ ভঙ্গাদব্যবধানং শুদ্ধমাত্মানং প্রত্যগাত্মানং একমন্বীক্ষতে ততশ্চ ন সংসরতীত্যাহ প্রতিনিবৃত্তোগুণপ্রবাহো দেহাদ্যুপাধি র্যস্য সঃ ॥ ৩৫ ॥

ঐ প্রকারে চিত্ত যখন নির্ব্বিষয় হয়, তখন আর তাঁহার কোন আশ্রয় থাকে না, কেন না ধ্যেয় সম্বন্ধ ভিন্ন চিত্ত কেবল ধ্যাতা হইয়া থাকিতে পারে না এবং পরমানন্দানুভব হওয়াতে চিত্ত অন্য বিষয় হইতে বিরক্ত হয়, সুতরাং যেমন দীপশিখা, তৈল ও বর্ত্তিকা বিরহিত হইয়া নির্ব্বাণ হইয়া যায়, তাহার ন্যায় তাঁহার চিত্ত সহসা লয় প্রাপ্ত হয়, তাহাতে যোগরত পুরুষ ঐ অবস্থায় দেহাদি উপাধি বিবর্জ্জিত হইয়া ধ্যাতৃধ্যেয় বিভাগ শূন্য অখণ্ড আত্মাকেই অনুগত দেখিতে পান ॥ ৩৫ ॥

সোপ্যেতয়া চরময়া মনসো নিবৃত্ত্যা তস্মিন্মহিম্ন্যবসিতঃ সুখ দুঃখ বাহ্যে।
হেতুত্বমপ্যসতি কর্ত্তরি দুঃখয়োর্যৎ স্বাত্মন্ বিধত্ত উপলব্ধ পরাত্মকাষ্ঠঃ॥ ৩৬॥
দেহঞ্চ তন্নচরমঃ স্থিতমুত্থিতম্বা সিদ্ধো বিপশ্যতি যতোঽধ্যগমৎ স্বরূপং।

শ্রীধরস্বামী।

নচ সুপ্তোত্থিত ইব পুনঃ সংসরতীত্যাহ সোঽপি সচ পুরুষ স্তস্মিন্মহিম্নি ব্রহ্মরূপেঽবসিতঃ অবসানং নিষ্ঠাং প্রাপ্তঃ কয়া মনসো নিবৃত্ত্যা চরময়া অবিদ্যারহিতয়েতি সুষুপ্তাৎ বিশেষঃ। তত্রহি অবিদ্যাস্তি নত্বিদানীং তত্র হেতুঃ এতয়া যোগাভ্যাস কৃতয়েত্যর্থঃ নম্বেব মপি সুখ দুঃখয়োরাত্মধর্ম্মত্বে কুতো ব্রহ্মৈক্যং তত্রাহ দুঃখয়োঃ সুখ-দুঃখয়ো র্হেতুত্বং ভোক্তৃত্বং যৎ পূর্ব্বমাত্মনি আসীৎ তদপি অসতি অবিদ্যয়া কৃতে কর্ত্তরি অহঙ্কারে বিধত্তে তন্নিষ্ঠমেব পশ্যতীত্যর্থঃ যত উপলব্ধ পরাত্মকাষ্ঠঃ অপরোক্ষীকৃতাত্মতত্ত্বঃ॥ ৩৬॥

তস্য জীবন্মুক্ততামাহ দেহঞ্চেতি দ্বাভ্যাং। চরমঃ উক্তলক্ষণঃ সিদ্ধো দেহমপি ন বিপশ্যতীতি কুতঃ সুখ দুঃখে। আসনা দুত্থিতং উত্থায় তত্রৈব স্থিতং তৎস্থানা দপেতং ততো দৈববশাৎ পুনরপি উপেতং বা নবিপশ্যতি যতঃ স্বরূপং প্রাপ্তঃ। যতোদেহাৎ স্বরূপমধ্যগমৎ তং দেহমিতি বা। সতোপ্যননুসন্ধানে দৃষ্টান্তঃ বাসঃ পরিহৃতং কটিতটে পরিবেষ্টিতং স্থিতং গতম্বা মদিরামদেনান্ধো যথা নপশ্যতীত্যর্থঃ॥ ৩৭॥

ক্রমসন্দর্ভঃ।

স্বস্বরূপ ভূতে মহিম্নি অবসিতো নিষ্ঠাং প্রাপ্তঃ সমুপলব্ধ পরাত্মকাষ্ঠ ইতি সোপ্যেতয়েত্যাদৌ॥ ৩৬॥

স্বরূপং জীবব্রহ্মণোর্যাথার্থ্যমধ্যগমৎ॥ ৩৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নচাসাবুপাধিলয়ঃ সুষুপ্তি দশায়ামিবেত্যাহ সোপি সচ পুরুষো জীবঃ মনসো নিবৃত্ত্যা হেতুনা তস্মিন্ মহিম্নি যঃ স্বীয়ো মহিমা পূর্ব্বং মনসা বলাদপহৃত আসীত্তস্মিন্মহিম্নি মনোনাশাৎ প্রাপ্তে জ্ঞানানন্দ স্বরূপে অবসিতঃ অবসানং নিষ্ঠাং প্রাপ্তঃ মনসো নবৃত্ত্যা কীদৃশ্যা চরময়া অবিদ্যয়া রহিতয়েতি সুষুপ্তাদ্বিশেষঃ। তত্র হ্যবিদ্যাস্তি নত্বিদানীং তত্র হেতুঃ এতয়া যোগাভ্যাস কৃতয়েত্যর্থঃ। তস্মিন্মহিম্নি কীদৃশে সুখ দুঃখ বহির্ভূতে তস্য স্বরূপত এব সুখ দুঃখ বাহ্যত্বাৎ জীবাত্মা সুখ দুঃখ বাহ্যোভবেদিত্যর্থঃ। ননু সুখ দুঃখয়োরাত্ম ধর্ম্মত্বমেব দৃষ্টমত স্ততো বহির্ভূতত্বং কথমাত্মন ইত্যত আহ। অসতি অবিদ্যা কৃতে কর্ত্তরি অহঙ্কারে দুঃখয়োঃ সুখ দুঃখয়ো র্হেতুত্বং সুখ দুঃখ হেতুকর্ম্ম কর্ত্তৃত্বং। তদভিমানাৎ পূর্ব্ব দশায়াং স্বাত্মনি কর্ত্তৃত্বং ভোক্তৃত্বঞ্চ যদাসীৎ তৎ সর্ব্বং উপলব্ধ পরাত্মকাষ্ঠোয়ং অপরোক্ষী কৃতাত্ম তত্ত্বঃ। শুদ্ধঃ পুরুষঃ তস্মিন্নেবাসতি বিধত্তে তন্নিষ্ঠমেব পশ্যতি স্বস্মিন্নহংকারা ভাবাদিত্যর্থঃ॥ ৩৬॥

তস্য জীবন্মুক্তিমাহ দেহঞ্চেতি দ্বাভ্যাং চরমঃ চরমদশাপন্নঃ সিদ্ধো দেহং ন পশ্যতি কুতঃ সুখ দুঃখে ইত্যর্থঃ। অধ্যগমৎ

মা! আর তিনি সুপ্তোত্থিত ব্যক্তির ন্যায় সংসার প্রাপ্ত হয়েন না, তাঁহার যোগাভ্যাস জনিত অবিদ্যা রহিত চরম নিবৃত্তি দ্বারা সুখ দুঃখ বাহ্য ব্রহ্মরূপ মহিমায় অবসান প্রাপ্তি হয়, যদিও সুখ দুঃখ আত্মার ধর্ম্ম, তথাপি তৎকালে ব্রহ্মের সহিত তাঁহার আত্মার ঐক্য হওয়ার সম্ভাবনা নাই, যে হেতু সুখ দুঃখের কারণ স্বরূপ ভোক্তৃত্ব পূর্ব্বে যাহা আত্মাতে ছিল, অবিদ্যাকৃত কর্ত্তা অর্থাৎ অহঙ্কার বিনষ্ট হওয়াতে তৎকালে আত্মতত্ত্ব প্রত্যক্ষ করিয়া যোগী তাহা তন্নিষ্ঠই (ব্রহ্মস্থিতই) অবলোকন করিয়া থাকেন॥৩৬

ফলতঃ যোগী তৎকালে জীবন্মুক্তই হয়েন, তখন উক্ত প্রকারে চরম দশা প্রাপ্ত অর্থাৎ সিদ্ধ হওয়াতে আপনার দেহই তিনি দেখিতে পান না, সুখ দুঃখের অনুভব কোথা হইতে হইবে? তাঁহার দেহ আসন হইতে উত্থিত হউক অথবা উত্থিত হইয়া তাহাতেই থাকুক, কিম্বা সেই স্থান হইতে অন্যত্রই বা যাউক অথবা দৈববশতঃ পুনর্ব্বার স্থান প্রাপ্তই হউক, তিনি স্বরূপ প্রাপ্ত হওয়াতে মদিরামদান্ধ ব্যক্তি যেমন আপনার কটিতটে পরিবেষ্টিত বস্ত্র আছে কি পড়িয়া গিয়াছে অনুসন্ধান করে

দৈবাদপেতমুতদৈববশাদুপেতং বাসোযথা পরিহৃতং মদিরামদান্ধঃ ॥ ৩৭ ॥
দেহোঽপি দৈববশগঃ খলু কর্ম্ম যাবৎ স্বারম্ভকং প্রতিসমীক্ষত এব সাসুঃ।
তং সপ্রপঞ্চমধিরূঢ়সমাধিযোগঃ স্বাপ্নং পুন র্নভজতে প্রতিবুদ্ধ বস্তুঃ ॥ ৩৮ ॥
যথা পুত্রাচ্চ বিত্তাচ্চ পৃথঙ্ মর্ত্ত্যঃ প্রতীয়তে। অপ্যাত্মত্বেনাভিমতাদ্দেহাদেঃ পুরুষস্তথা ॥ ৩৯ ॥
যথোল্মুকাদ্বিস্ফুলিঙ্গাদ্ধূমাদ্বাপি স্বসম্ভবাৎ। অপ্যাত্মত্বেনাভিমতাদ্যথাগ্নিঃ পৃথগুল্মুকাৎ ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

ননু তর্হি কদা নির্ব্বাস্যতে ইতি মামুক্ত্বা ময়ি সংপ্রত্যপি ত্বমিতো বহির্নিক্রমক্ষতি নির্দ্দয়ত্বমেব কিং প্রসঞ্জয়সীতি তত্র সলজ্জং সশঙ্কং সরসনাদংশং সধিক্কারমাহ যেন ঈদৃশীং দেবৈরপি দুর্ল্লভাং গতিং স্বভক্তব লক্ষণামবস্থাং দশমাস্যো গর্ভস্থোপ্যহং গ্রাহিতঃ পুরুদয়েন ভবাদৃশেনেতি ভবতেত্যাক্ষেপলব্ধস্য বিশেষণাৎ ভবৎ সদৃশোদয়ালু র্ভবানেব নান্য ইত্যনন্বয়ালঙ্কারো বোধিতঃ। এতৎ প্রতি কৃতিস্তু ময়া ব্রহ্মায়ুষাপ্যশক্যেত্যাহ স্বকৃতেনৈব স্বয়ং তুষ্যতু। অঞ্জলিমঞ্জলি মাত্রং বিনা তৎপ্রতি বিধিং কো নাম কুর্য্যাৎ কর্ত্তুং শক্নুয়াৎ অস্য তব ॥ ১৮ ॥

স্বস্মিন্ ভগবৎ কৃপাতিশয়মন্যতো বৈলক্ষণ্যোনাহ পশ্যতীতি অয়ং মনুষ্যজাতিমাপন্নঃ সপ্তবধ্রি র্গর্ভগতো জীবঃ শারীরকে শরীর ভবে সুখ দুঃখে এব ধিষণয়া বুদ্ধ্যা পশ্যতি ততোঽপ্যপরঃ কশ্চিদ্ভাগ্যবান্ স্বদেহে স্থিতো দমশরীরী জ্ঞানী ভবতি। অহন্তু স প্রসিদ্ধঃ পাপাত্মাপি যৎসৃষ্টয়া যদ্দত্তয়া ধিষণয়া তং পুরাণং পুরুষং পুরুষোত্তমং চৈত্ত্যং চিত্তাধিষ্ঠাতারং চিত্তেনাপি সেব্যং প্রভুং বহিশ্চ হৃদিচ প্রতীতমপরোক্ষতয়া প্রাপ্তমিব পশ্যে পশ্যামি। অত্র নিরুক্তে চ বা শব্দেন দর্শিতং জীবানাং ত্রৈবিধ্যং মৃতশ্চাহং

হে ঈশ! ভবাদৃশ অনুপম মহা দয়াশীল যে পুরুষ দশমাসমাত্র বয়স্ক এই দেহিকে ঈদৃশ জ্ঞান প্রদান করিয়াছেন সেই দীননাথ আপনার কৃত কর্ম্ম দ্বারাই তুষ্ট হউন, অঞ্জলি বন্ধন বিনা তাঁহার কৃত উপকারের প্রত্যুপকার করিতে কাহার সাধ্য আছে? ॥ ১৮ ॥

প্রভো! পশ্বাদি অপর জীব স্ব স্ব দেহে শরীরোৎপন্ন সুখ দুঃখাদিই কেবল দেখিতে পায়, কিন্তু আমি যাঁহার প্রদত্ত বিবেক জ্ঞান দ্বারা শম দমাদি সম্পন্ন শরীর বিশিষ্ট হইয়াছি, সেই অনাদি পরিপূর্ণ স্বরূপ পুরুষকে বাহিরে এবং হৃদয়ে দর্শন করি, তিনিই অপরোক্ষ রূপে প্রতীত চিত্তাধিষ্ঠাতা তুল্য

যৎস্পৃষ্টয়া স তমহং পুরুষং পুরাণং পশ্যে বহির্হৃদিচ চৈত্ত্যমিব প্রতীতং ॥ ১৯ ॥
সোহহং বসন্নপি বিভো বহু দুঃখবাসং গর্ত্তান্ন নির্জিগমিষে বহিরন্ধকূপে।
যত্রোপযাতমুপসর্পতি দেবমায়া মিথ্যামতি র্যদনুসংস্থতিচক্রমেতৎ ॥ ২০ ॥
তস্মাদহং বিগতবিক্লব উদ্ধরিষ্যে আত্মানমাশু তমসঃ সুহৃদাত্মনৈব।
ভূয়ো যথা ব্যসনমেতদনেকরন্ধ্রং মা মে ভবিষ্যদুপসাদিত বিষ্ণুপাদঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

পশ্যামীত্যন্বয়ঃ। কথমপরোক্ষতয়া প্রতীতং চৈত্ত্যমিব অহঙ্কারাস্পদং ভোক্তারমিত্যর্থঃ ॥ ১৯ ॥

বিবেক জ্ঞান কৃতং সংসারোদ্বেগমনুবদন্ মোক্ষমার্গমেবাধ্যবস্যতি সোহহমিতি দ্বাভ্যাং। হে বিভো বহু দুঃখ বাসং যথা ভবতি তথা গর্ত্তে বসন্নপি সোহহং গর্ত্তাদ্বহি র্নির্গন্তুং নেচ্ছামি অত্র হেতুরন্ধকূপপ্রায়ে যত্র বহি রূপযাতং গতং প্রাণিনং দেবস্য তব মায়া উপসর্পতি ব্যাপ্নোতি যদনু যাং মায়ামনু মিথ্যামতিঃ দেহে হহংবুদ্ধিঃ সংস্থতিচক্রং চ কলত্র পুত্রাদি সম্বন্ধাহুপসর্পতি ॥ ২০ ॥

তস্মাদত্রৈব স্থিতোহপি বিগতবিক্লবঃ অব্যাকুলঃ সন্ সুহৃদা আত্মনা সারথিরূপয়া বুদ্ধ্যা এবাত্মানং তমসঃ সংসারাদুদ্ধরিষ্যামি। অনেকরন্ধ্রং নানা গর্ত্তবাস রূপং। এতদ্ব্যসনং দুঃখং যথা মে মাভবিষ্যন্নভবিষ্যতি তথা কা তত্র তব সাধনসামগ্রী তত্রাহ উপসাদিতৌ হৃদয়ং প্রাপিতৌ বিষ্ণোঃ পাদৌ যেন ময়া সঃ ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

জাতিস্মরেষ্বেব বিলক্ষণতয়া সম্মতঃ ॥ ১৯ ॥ ২০ ॥

যস্মাদীদৃক্ কৃপাভাজনং কৃতোহস্মি তস্মাদাত্মনা পরমাত্মনৈব সুহৃদা উপসাদিতৌ তত্রাংশেনাবতীর্ণস্য বিষ্ণোবীর্য্যাণি শংস ন ইতি প্রসিদ্ধেঃ শ্রীকৃষ্ণাখ্যস্য বিষ্ণুরূপস্য স্বস্থ পাদৌ যত্র সোহহং তথাত্মানমুদ্ধরিষ্যে যথাভূয় ইত্যাদি ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পুনর্জাতোজাতশ্চাহং পুনর্মৃত ইতি তদ্ভাবনা বাক্যানন্তরং সাংখ্যং যোগং সমভ্যস্তেৎ পুরুষং বা পঞ্চবিংশকমিতি ॥ ১৯ ॥

নন্বং ভক্ত্যৈব মামেবং ক্রষে কিঞ্চাত্র দুঃখেনোদ্বিজসেচ যতঃ কদা নির্বাস্তত ইতি নিবেদয়িস্ততস্বামধুনৈবাতো গর্ত্তান্নিক্রময়ামীতি তত্র ননেত্যাহ সোহমিতি যত্র বহিরূপযাতং প্রাণিনং দেবস্য তব মায়া উপসর্পতি ব্যাপ্নোতি যদনু যামনু মিথ্যামতি র্দেহে অহংবুদ্ধিস্ততশ্চ সংস্থতিচক্রং ॥ ২০ ॥

তর্হি কিং নিশ্চিনোষীতি তত্রাহ তস্মাদিতি। অত্রৈব স্থিতো দুঃখেনাপি বিগত বিক্লবোহব্যাকুলঃ সন্ সুহৃদা আত্মনা সারথি রূপয়া বুদ্ধ্যৈব অনয়া স্বচ্ছতয়া আত্মানং তমসঃ সংসারাদুদ্ধরিষ্যামি যথা এতৎ অনেকরন্ধ্রং নবদ্বার স্থূলদেহ লক্ষণং ব্যসনং বিপত্তি র্মে মম মাভবিষ্যন্নভবিষ্যতি কাত্র তব সাধন সামগ্রী তত্রাহ উপসাদিতৌ স্মরণ কীর্ত্তনাদিভিরাশ্রিতৌ বিষ্ণোস্তব পাদৌ যেন তস্য ॥ ২১ ॥

অর্থাৎ অহঙ্কারাস্পদ ভোক্তা ॥ ১৯ ॥

কিন্তু হে বিভো! বহুল দুঃখের আবাস স্বরূপ এই গর্ত্তে বাস করিয়াও নির্গত হইয়া বহির্ভাগে যাইতে আমার ইচ্ছা হইতেছে না, যে হেতু তাহা এ স্থান অপেক্ষাও অন্ধকূপ তুল্য,, যে প্রাণী সেখানে যায় আপনার মায়া তাহাকে আচ্ছন্ন করে, পরে সেই মায়ার পশ্চাৎ পশ্চাৎ মিথ্যামতি অর্থাৎ দেহে অহংবুদ্ধি এবং পুত্র কলত্রাদি সম্বন্ধ নিমিত্ত এই সংসারচক্র তাহাকে আচ্ছন্ন করে ॥ ২০ ॥

অতএব আমি অব্যাকুল চিত্তে এই স্থানেই অবস্থিতি করিয়া সুহৃৎ স্বরূপ আত্ম দ্বারা অর্থাৎ সারথি রূপ বুদ্ধি যোগে সংসার হইতে আত্মাকে উদ্ধার করিব, নানা গর্ত্তবাস রূপ এই দুঃখ পুনর্ব্বার যেন আমার না হয়, আমি ভগবান্ বিষ্ণুর পদদ্বয় হৃদয়ের মধ্যে আনয়ন করিয়াছি, ইহাতে আমার ঐ বিষয়ের সাধন সামগ্রীর অভাবমাত্র নাই ॥ ২১ ॥

শ্রীভগবানুবাচ ॥

এবং কৃতমতির্গর্ভে দশমাস্য স্তবন্নৃষিঃ। সদ্যঃ ক্ষিপত্যবাচীনং প্রসূত্যৈ সূতিমারুতঃ ॥ ২২ ॥

তেনাবসৃষ্টঃ সহসা কৃত্বাবাক্ শির আতুরঃ। বিনিষ্ক্রামতি কৃচ্ছ্রেণ নিরুচ্ছ্বাসো হতস্মৃতিঃ ॥ ২৩ ॥

পতিতো ভুব্যসৃঙ্মিশ্রো বিষ্ঠাভূরিব চেষ্টতে। রোরূয়তি গতে জ্ঞানে বিপরীতাং গতিং গতঃ ॥২৪

শ্রীধরস্বামী।

দশ মাসাঃ পরিচ্ছেদকা যস্যেতি প্রসূতিপূর্ব্বক্ষণোপলক্ষণং। ঋষি জীবঃ সদ্যস্তৎক্ষণমেব অবাচীনমবাঙ্মুখং সূতিহেতুর্মারুতঃ ক্ষিপতি মুদতি ॥ ২২ ॥

অবসৃষ্টঃ অধঃক্ষিপ্তঃ সন্ ॥ ২৩ ॥

রোরূয়তি রোরূয়তে ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

অত্র শ্রীভগবানুবাচেতি ক্বচিৎ। য ঋষি র্ভগবদ্দৃষ্টা পূর্ব্বোক্তরীত্যা ব্রহ্মবৈবর্ত্ত বর্ণিত শ্রীশুকদেব ইব কশ্চিৎ স দশমাস্য এব স্তবন্ কৃতমতিঃ পূর্ণভগবজ্জ্ঞানো ভবতি। অতঃ প্রসঙ্গেনৈবোক্ত মহিম্ন স্তস্য জন্মাদি সংসারিকাবস্থাভাসো ন বর্ণনীয় ইতি ভাবঃ। যস্তু প্রস্তুতো দুর্জ্জীব স্তস্য তু পুনর্দুরবস্থা শ্রূয়তামিত্যাহ সদ্য ইতি। অবাচীন মধোগচ্ছন্তং সংসারপদবীমনুবর্ত্তমানমিত্যর্থঃ। তং দশমাস্যত্বে সতি সূতিহেতুর্মারুতঃ সদ্যঃ ক্ষিপতি। যস্তু শুকদেববদ্ভগবজ্জ্ঞানপূর্ণঃ সতু তদ্বৎ স্বাতন্ত্র্যেণৈবাবির্ভবতীত্যর্থঃ। মধ্যস্থিতানান্ত জীবানাং তারতম্যং জ্ঞেয়মিতি ভাবঃ অত্রৈক বাক্যত্বে সতি পূর্ব্ব পূর্ব্বার্দ্ধেঽপি দ্বিতীয়াস্তান্যেব পদানি প্রযুজ্যেরন্নিতি জ্ঞেয়ং ॥ ২২ ॥

হতা স্মৃতিঃ পূর্ব্ব পূর্ব্ব জন্মানুসন্ধান লক্ষণা যস্য সঃ ॥ ২৩ ॥

পতিত ইতি ত্রিকং। বিন্মূত্রে বিষ্ঠাভূঃ কৃমিরিব। জ্ঞানে অনেক জন্মগত সুখ দুঃখাদি বিষয়ে পূর্ব্ব পূর্ব্ব মহাদুঃখে বিস্মৃতে

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবং কৃত্বা গর্ভ এবোষিত্বা কৃষ্ণং ভজামীতি নিশ্চিতা মতির্যেন সঃ। স্তবন্ সন্ ঋষিরেব ভবেদিত্যন্বয়ঃ। ন তস্য গর্ভান্নিঃসৃতস্য পুনঃ সংসার ইতি ভাবঃ। যস্তু প্রস্তুতঃ পূর্ব্বাধ্যায়ত এব প্রক্রান্তো জীবস্তস্য দুরবস্থা শ্রূয়তামিত্যাহ সদ্য ইতি। অবাচীন-মধোগচ্ছন্তং সাংসারিকং সূতিহেতুর্মারুতঃ প্রসূত্যৈ সদ্যো দশমাসীয় ক্ষণএব ক্ষিপতি। তেন যঃ স্তবন্ ঋষির্ভবেৎ সতু সূতিমারুত ক্ষেপং বিনৈব গর্ভান্নির্গচ্ছতীত্যর্থো লভ্যতে অত্রৈক এব জীবো যদি বিবক্ষিতঃ স্যাত্তদা পূর্ব্বার্দ্ধেঽপি কৃতমতিমিত্যেবং দ্বিতীয়ান্তান্যেব পদানি প্রযুজ্যেরন্নিতি সন্দর্ভঃ ॥ ২২ ॥

হত্যা স্মৃতিঃ মৃতশ্চাহং পুনর্জাত ইত্যাদি পূর্ব্ব পূর্ব্ব জন্মানুসন্ধান লক্ষণা যস্য সঃ ॥ ২৩ ॥

বিষ্ঠাভূঃ কৃমিরিব রোরূয়তি রোরূয়তে। জ্ঞানে প্রাচীনে গতে সতি বিপরীতা মজ্ঞত্বলক্ষণাং ভক্তজীবস্যাপি বস্তু স্বাভাব্যাদাবাল্যং প্রায়োজ্ঞানমাবৃতং তিষ্ঠতি ততঃ কিঞ্চিন্মাত্রং সৎসঙ্গেনোদ্বুদ্ধ পূর্ব্ব সংস্কারস্য তক্ত্যা ভগবৎপ্রাপ্তিরিতি জ্ঞেয়ং। পরস্য ছন্দমতি

ভগবান্ কপিল কহিলেন মা! দশমাস বয়স্ক জীব এই প্রকারে কৃতমতি হইয়া যখন মাতৃগর্ভ মধ্যে পরমেশ্বরের স্তব করিতে থাকে, সেই সময়েই প্রসবের হেতুভূত মারুত তাহাকে অবাঙ্মুখ করিয়া প্রসবার্থ প্রেরণ করে ॥ ২২ ॥

জীব ঐ বায়ু কর্ত্তৃক এই প্রকারে অধঃক্ষিপ্ত হওয়াতে অতিশয় পীড়িত হয়, অতএব অধঃশিরা হইয়া অতিকষ্টে নির্গত হইতে থাকে, তৎকালে তাহার নিশ্বাস প্রশ্বাস বন্ধ এবং স্মরণ শক্তি বিনষ্ট হইয়া যায় ॥ ২৩ ॥

তদনন্তর ঐ জীব শোণিতাক্ত কলেবর হইয়া কৃমির ন্যায় ভূমিতে পড়িয়া অঙ্গ সঞ্চালন করে,

পরচ্ছন্দমবিদুষা পুষ্যমাণো জনেন সঃ। অনভিপ্রেতমাপন্নঃ প্রত্যাখ্যাতুমনীশ্বরঃ॥ ২৫॥
শায়িতো২শুচি পর্য্যঙ্কে জন্তুঃ স্বেদজ দূষিতে। নেশঃ কণ্ডূয়নেঽঙ্গানামাসনোত্থানচেষ্টনে॥ ২৬
তুদন্ত্যামত্বচং দংশা মশকা মৎকুণাদয়ঃ। রুদন্তং বিগতজ্ঞানং কৃময়ঃ কৃমিকং যথা॥ ২৭॥
ইত্যেবং শৈশবং ভুক্ত্বা দুঃখং পৌগণ্ডমেবচ। অলব্ধাভীপ্সিতোঽজ্ঞানাদিদ্ধমন্যুঃ শুচার্পিতঃ॥ ২৮

শ্রীধরস্বামী।

পরস্য ছন্দমভিপ্রায়মবিদুষা অনভিপ্রেতং স্তন্যার্থং রোদনে উদরব্যথাং প্রকল্প্য নিম্বরস পানং উদরব্যথয়া রোদনে স্তনপানমিত্যাদি॥ ২৫॥
আসনোত্থান চেষ্টনে চানীশঃ সন্ রোরূয়তীত্যনুষঙ্গঃ॥ ২৬॥
আমা কোমলা ত্বক্ যস্যেতি তং। বিগতং গর্ভে জাতং জ্ঞানং যস্য॥ ২৭॥
শৈশবং পঞ্চবর্ষাণি ততঃ পৌগণ্ডং যৌবনাদর্ব্বাক্ অত্রাধ্যয়নাদি দুঃখং যৌবন দুঃখমাহ সার্দ্ধৈস্ত্রিভিঃ। অলব্ধাভীপ্সিতত্বেন শুচার্পিতো ব্যাপ্তঃ অজ্ঞানাদিদ্ধোদীপ্তো মন্যু র্যস্য সঃ॥২৮॥

ক্রমসন্দর্ভঃ।

সাংপ্রতিক ক্ষুদ্র দুঃখেনৈব দুঃখী ভবতীত্যর্থঃ॥ ২৪॥ ২৫॥ ২৬॥ ২৭॥
ইতীতি যুগ্মকং॥ ২৮॥ ২৯॥ ৩০॥ ৩১॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রায়মবিদুষা স্তন্যার্থং রোদনে উদরব্যথাং প্রকল্প্য নিম্বরসং পায়য়তা উদরব্যথায়াং রোদনে ক্ষুধাং প্রকল্প্য স্তন্যং পায়য়তা জনেন মাত্রাদিনা নেশঃ ন সমর্থঃ রোরূয়ত ইত্যনুষঙ্গঃ॥ ২৪॥ ২৫॥ ২৬॥
আমা কোমলা ত্বগ্ যস্য তং কৃমিকং ক্ষুদ্রকৃমিং॥ ২৭॥
ইদ্ধমন্যুরুদ্দীপ্তক্রোধঃ শুচার্পিতঃ শোকব্যাপ্তঃ॥ ২৮॥ ২৯॥

তদনন্তর জ্ঞান বিগত হইলে পর বিপরীত গতি প্রাপ্ত হইয়া পুনঃ পুনঃ রোদন করিতে থাকে॥ ২৪॥

অপর, তৎকালে তাহাকে এমত লোকে পোষণ করে যে তাহার অভিপ্রায় জানিতে পারে না, সুতরাং অনভিপ্রেত বস্তু সম্মুখে রাখিলে সে তাহা প্রত্যাখ্যান করিতে পারে না অর্থাৎ স্তন পানার্থ রোদন করিলে তাহার পালক উদর ব্যথা কল্পনা করিয়া নিম্বরস পান করিতে দেয়, অথবা উদর ব্যথায় রোদন করিলে স্তন্যার্থ রোদন করিতেছে অনুমান করিয়া যদি স্তন পানাদি করাইতে প্রবৃত্ত হয়, সে তাহাতে নিষেধ করিতে পারে না॥ ২৫॥

আর, স্বেদজ কীট দ্বারা দূষিত অশুচি পর্য্যঙ্কে শায়িত হইয়াও আপনার অঙ্গ কণ্ডূয়নে অথবা উপবেশন ও উত্থানাদি চেষ্টায় সমর্থ হয় না কেবল নিরন্তর রোদন করিতে থাকে॥ ২৬॥

অপিচ, কৃমি সকল যেমন কৃমিকে দংশন করে, তাহার ন্যায়, দংশ মশক মৎকুণাদি তাহার কোমল ত্বকে দংশন্ করিয়া ক্লেশ দেয়, গর্ভ মধ্যেই জ্ঞান জন্মিবাতে তাহার ঐ দংশাদির দংশন নিমিত্ত ক্লেশ বিলক্ষণ অনুভব হয়, কিন্তু প্রতিক্রিয়া করিতে সক্ষম হয় না, সুতরাং কেবল রোদন করিতে থাকে॥২৭

মা। জীব ঐ প্রকারে পঞ্চবর্ষ পর্য্যন্ত শৈশব দুঃখ ভোগ করিয়া পরে যখন পৌগণ্ড অবস্থা প্রাপ্ত হয়, তাহাতেও আবার অধ্যয়নাদি দুঃখ অনুভব করিতে হয়, পরে যৌবন দশা প্রাপ্ত হইলেও অভীপ্সিত অর্থ লাভ না হওয়াতে শোকে ব্যাপ্ত হয় এবং অজ্ঞান বশতঃ তাহার ক্রোধ উদ্দীপ্ত হইতে থাকে॥ ২৮॥

সহ দেহেন মানেন বর্দ্ধমানেন মন্যুনা। করোতি বিগ্রহং কামী কামিষ্বন্তায় চাত্মনঃ ॥ ২৯ ॥
ভূতৈঃ পঞ্চভিরারব্ধে দেহে দেহ্যবুধোঽসকৃৎ। অহং মমেত্যসদ্গ্রাহঃ করোতি কুমতির্ম্মতিং ॥৩০
তদর্থং কুরুতে কর্ম্ম যদ্বদ্ধো যাতি সংসৃতিং। যোঽনুযাতি দদৎ ক্লেশমবিদ্যাকর্ম্মবন্ধনঃ ॥ ৩১ ॥
যদ্যসদ্ভিঃ পথি পুনঃ শিশ্নোদর কৃতোদ্যমৈঃ। আস্থিতো রমতে জন্তুস্তমো বিশতি পূর্ব্ববৎ ॥ ৩২
সত্যং শৌচং দয়া মৌনং বুদ্ধির্হ্রীঃ শ্রীর্যশঃ ক্ষমা। শমো দমো ভগশ্চেতি যৎসঙ্গাদ্যাতি সংক্ষয়ং ॥৩৩

শ্রীধরস্বামী।

দেহেন সহৈব বর্দ্ধমানেনাভিমানেন মন্যুনাচ বিগ্রহং বিরোধং করোতি আত্মনোঽন্তায় নাশায় ॥ ২৯ ॥
অজ্ঞানং প্রপঞ্চয়তি ভূতৈরারব্ধদেহে অসদাগ্রহোঽহং মমেতি মতিং করোতি ॥ ৩০ ॥
তদর্থং দেহার্থং যদ্যেন কর্ম্মণা বদ্ধঃ যোদেহোঽনুযাতি পুনঃ পুনরুপযাতি অনুবর্ত্তত ইতি বা কুতঃ অবিদ্যা কর্ম্মভ্যাং বধ্যতে ইতি তথা ॥ ৩১ ॥
যদ্যসদ্ভিরাস্থিতঃ অধিষ্ঠিতঃ সন্ তেষাং পথি রমতে। পথি সন্মার্গে আস্থিতোঽপি যদ্যসদ্ভিঃ সহ রমতে ইতি বা। তর্হি যাতনা দেহ আবৃত্য ইত্যাদি পূর্ব্বোক্তপ্রকারেণ নরকং বিশতি ॥ ৩২ ॥
অসৎ সঙ্গং নিন্দতি সত্যমিতি ত্রিভিঃ ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

সাধারণ কামাসক্তি দোষমুক্ত্বা পাপজ তদাসক্তি দোষমাহ যদীতি। অসদ্ভিঃ পাপিষ্ঠৈঃ ॥ ৩২ ॥
দয়েত্যত্র তপ ইতি ক্বচিৎ এষ পুণ্যারণ্যমতঃ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

অজ্ঞানং দর্শয়তি। ভূতৈঃ পঞ্চভিরারব্ধ ইতি দেহস্য স্বতোঽন্যত্বং স্পষ্টমেব তদপি তত্রৈব অহং মমেতি মতিং করোতি অসদ্গ্রাহঃ অসদ্বস্ত্বেব গৃহ্নাতি নতু সৎ ॥ ৩০ ॥
তদর্থং দেহার্থং যদ্যেন কর্ম্মণা বদ্ধঃ। যো দেহঃ জীবায় ক্লেশং নরকাদি দুঃখং দদৎ দাতুং অনুযাতি অবিদ্যয়া কর্ম্মবন্ধনং যতঃ সঃ। যো দেহঃ ক্লেশং দদাতি তমেব পাপকর্ম্মণাপি পুষ্যতীতি মৌঢ্যং ॥
পূর্ব্ববদিতি যাতনা দেহ আবৃত্যেতি পূর্ব্বোক্ত প্রকারেণ নরকং বিশতি যদ্যসদ্ভিরিত্যনেন যদি সদ্ভিঃ পথি পুনঃ কৃষ্ণসেবা কৃতোদ্যমৈঃ। আস্থিতো রমতে জন্তুঃ কৃষ্ণং প্রাপ্নোতি পূর্ব্ববদিতি চ লভ্যতে। অত্র পূর্ব্ববদিতি পূর্ব্বোক্ত ভক্তজীববদিত্যর্থঃ ॥৩১॥৩২
অসন্ত এব কে ইতি তান্ লক্ষয়ন্ তৎসঙ্গং নিষিদ্ধ্যতি সত্যমিতি ত্রিভিঃ ॥ ৩৩ ॥

অনন্তর ঐ কামী আপনার দেহের সহিত বৃদ্ধিশীল অভিমান ও মন্যুবশতঃ আপনার বিনাশার্থ অন্য কামিদিগের সহিত বিরোধ করে ॥ ২৯ ॥

এবং প্রকৃত জ্ঞান শূন্য হওয়াতে পঞ্চভূত দ্বারা আরব্ধ এই দেহে পুনঃ পুনঃ "আমি আমার" ইত্যাদি অসৎ আগ্রহ হয়, সুতরাং কুবুদ্ধি বশতঃ তাহাতে আত্মবুদ্ধি করে ॥ ৩০ ॥

অতএব, যে সকল কর্ম্মে বদ্ধ হইয়া সংসার প্রাপ্ত হইবে ঐ দেহের নিমিত্ত সেই সকল কর্ম্ম করিতে তাহার অনুরাগ জন্মে, কিন্তু ঐ দেহ শ্রেয়স্কর নহে, যে হেতু অবিদ্যা ও কর্ম্ম দ্বারা তাহার বন্ধন হয়, তাহা ক্লেশ প্রদান করত পুনঃ পুনঃ অনুবর্ত্তমান হয় ॥ ৩১ ॥

অপর ঐ জন্তু যদি সৎপথে অবস্থিত হইয়াও শিশ্নোদর পরায়ণ অসৎ পুরুষের সহিত সংসর্গ করে, তাহা হইলেও তাহাকে যাতনাদেহ প্রাপ্ত হইয়া পূর্ব্বোক্ত প্রকারের নরকে প্রবেশ করিতে হয় ॥ ৩২ ॥

মা! অসৎসঙ্গ অতিশয় অনিষ্টকর, তাহাতে সত্য, শৌচ, দয়া, বুদ্ধি, লজ্জা, শ্রী, যশ, ক্ষমা, শম, দম, ঐশ্বর্য্য ইত্যাদি সমুদায় ক্ষয় প্রাপ্ত হয় ॥ ৩৩ ॥

তেম্বশান্তেষু মূঢ়েষু খণ্ডিতাত্মস্বসাধুষু। সঙ্গং নকুর্য্যাচ্ছোচ্যেষু যোষিৎক্রীড়ামৃগেষু চ ॥৩৪ ॥
ন তথাস্য ভবেন্মোহো বন্ধশ্চান্য প্রসঙ্গতঃ। যোষিৎসঙ্গাদযথা পুংসো যথা তৎসঙ্গিসঙ্গতঃ ॥ ৩৫
প্রজাপতিঃ স্বাং দুহিতরং দৃষ্ট্বা তদ্রূপধর্ষিতঃ। রোহিদ্ভূতাং সোঽম্বধাবদৃষ্যরূপী হতত্রপঃ ॥৩৬
তৎসৃষ্ট সৃষ্ট সৃষ্টেষু কোন্বখণ্ডিতধীঃ পুমান্। ঋষিং নারায়ণমৃতে যোষিন্ময্যেহ মায়য়া ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

খণ্ডিতাত্মসু দেহাত্মবুদ্ধিষু যোষিতাং ক্রীড়ামৃগ ইবাধীনেষু ॥ ৩৪ ॥

যথাচ যোষিৎসঙ্গিনাং সঙ্গতো বন্ধঃ তথাঽন্যস্য প্রসঙ্গতো ন ভবেৎ ॥ ৩৫ ॥

যোষিৎসঙ্গস্যানর্থহেতুত্বং প্রপঞ্চয়তি প্রজাপতিরিতি সপ্তভিঃ। রোহিদ্ভূতাং মৃগীরূপাং সতীং ঋষ্যরূপী মৃগাকারঃ সন্ হতত্রপো নির্লজ্জঃ ॥ ৩৬ ॥

তেন ব্রহ্মণা সৃষ্টাঃ মরীচ্যাদয় স্তৈঃ সৃষ্টাঃ কশ্যপাদয় স্তৈরপি দেবমনুষ্যাদয়স্তেষু কো নু পুমান্ অখণ্ডিতধীরনাকৃষ্টমনাঃ ॥ ৩৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

চকারাদন্বথৈবাসাধুষু তেষু ন কুর্য্যাৎ। তথা যোষিৎক্রীড়ামৃগেষু ন কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৩৪ ॥

তদ্দোষমেব দর্শয়তি ন তথেতি সঙ্গোঽত্র তত্তদ্বাসনয়া তত্তদ্বাসনাময়ঃ ॥ ৩৫ ॥

তৎ সৃষ্ট্যন্তরবতারিষ্বেঽপি শ্রীনারায়ণস্য স্বখণ্ডিতধীত্বমেবেত্যাহ ঋষিমিতি। অথবা নারায়ণবিনাভূততন্মনাসক্তো যঃ স্যাদেষ কোঽনু তাদৃশ ইত্যর্থঃ ॥ ৩৬ ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

খণ্ডিতাত্মসু আত্মনোঽধঃ পাতনাদাত্মঘাতিষিত্যর্থঃ ॥ ৩৪ ॥

যথাচ তৎসঙ্গি সঙ্গত ইতি চকারোঽত্র অধ্যাহার্য্যঃ ॥ ৩৫ ॥

নচ বিবেক জ্ঞানাদিমতাং মহাপুরুষাণাং ধিয়ং ভ্রংশয়িতুং যোষিন্নশক্লোতীতি বাচ্যমিত্যাহ প্রজাপতি র্ব্রহ্মা রোহিদ্ভূতাং মৃগীরূপাং সতীং ঋষ্যরূপী মৃগাকারঃ সন্ ॥ ৩৬ ॥

তেন ব্রহ্মণা সৃষ্টা মরীচ্যাদয়স্তৈঃ সৃষ্টাঃ কশ্যপাদয় স্তৈরপি দেব মনুষ্যাদয়স্তেষু মধ্যেষু কথম্ভূতেষু নারায়ণমৃতে নারায়ণং বিনা বর্ত্তমানেষু নারায়ণমনুপাসীনেষিত্যর্থঃ। তেষু মধ্যে নারায়ণং বিনেতি ন বাখ্যেয়ং নারায়ণস্য বিধিসৃজ্যত্বাপত্তেঃ ॥ ৩৭ ॥

এই কারণে ঐ সকল মূঢ় অশান্ত দেহে আত্মবুদ্ধিকারী এবং ক্রীড়ামৃগের ন্যায় যোষিৎদিগের বশীভূত হয়, অতএব ঐ সকল শোকাই অসৎ লোকের সহিত সঙ্গ করা কদাচ বিধেয় নহে ॥ ৩৪ ॥

মা! আবার অসাধু লোকের সঙ্গ অপেক্ষা যোষিৎসঙ্গ ও যোষিৎসঙ্গির সঙ্গ অতীব অনিষ্ট কর, পুরুষের এই দুইয়ের সঙ্গে যেমন মোহ ও বন্ধন হয়, অন্য ব্যক্তির সঙ্গে তদ্রূপ হয় না ॥ ৩৫ ॥

মা! যোষিৎসঙ্গ কিরূপ অনর্থকর বিস্তার করিয়া বলি শ্রবণ করুন, প্রজাপতি ব্রহ্মা আপনার দুহিতাকে দেখিয়া তাঁহার রূপে মুগ্ধ হইয়াছিলেন, পিতার ঐ রূপ গর্হিত কর্ম্মে প্রবৃত্তি দেখিয়া তদীয়-তনয়া ভয়ে মৃগী রূপ ধারণ পূর্ব্বক ধাবমানা হইয়াছিলেন, তথাচ ব্রহ্মা ক্ষান্ত হন্ নাই, তিনিও লজ্জা বিসর্জ্জন পূর্ব্বক মৃগরূপ ধারণ করিয়া তাঁহার পশ্চাৎ পশ্চাৎ গমন করিয়াছিলেন ॥ ৩৬ ॥

অতএব যোষিৎ দর্শনে ব্রহ্মার যখন ঐরূপ মোহ হইল তখন তিনি যে মরীচ্যাদি সৃষ্টি করিয়াছেন, ঐ মরীচি প্রভৃতি যে কশ্যপাদির সৃষ্টি করিয়াছেন, সেই কশ্যপাদির সৃষ্ট যে সকল দেব মনুষ্যাদি তাহাদের মধ্যে নারায়ণ ঋষি ব্যতিরেকে কোন্ পুরুষের মনঃ যোষিন্ময়ী মায়ায় আকৃষ্ট না হইবে? ॥ ৩৭ ॥

বলং মে পশ্য মায়ায়াঃ স্ত্রীময্যা জয়িনো দিশাং। যা করোতি পদাক্রান্তান্ ভ্রূবিজৃম্ভেণ কেবলং॥৩৮॥
সঙ্গং ন কুর্য্যাৎ প্রমদাসু জাতু যোগস্য পারং পরমারুরুক্ষুঃ।
সৎসেবয়া প্রতিলব্ধাত্মলাভো বদন্তি যা নিরয়দ্বারমস্য ॥ ৩৯ ॥
যোপযাতি শনৈর্মায়া যোষিদ্দেববিনির্ম্মিতা। তামীক্ষেতাত্মনো মৃত্যুং তৃণৈঃ কূপমিবাবৃতং ॥ ৪০
যাং মন্যতে পতিং মোহান্মন্মায়ামৃষভায়তীং। স্ত্রীত্বং স্ত্রীসঙ্গতঃ প্রাপ্তো বিত্তাপত্য গৃহপ্রদং ॥৪১

শ্রীধরস্বামী।

দিশাং জয়িনঃ শূরানপি ॥ ৩৮ ॥
প্রতিলব্ধ আত্মরূপো লাভো যেন অস্য মুমুক্ষোঃ যাঃ প্রমদাঃ নিরয়দ্বারং বদন্তি যোগিনঃ ॥ ৩৯ ॥
শনৈঃ শুশ্রূষাদিমিষেণ উপযাতি যা যোষিদ্রূপা মায়া তাং মৃত্যুং প্রতিকূলামীক্ষেত ॥ ৪০ ॥
মুমুক্ষুং স্ত্রিয়ং প্রতিএতদেবাহ যামিতি দ্বাভ্যাং। ঋষভায়তীং পুরুষবদাচরন্তীং যাং মম মায়াং বিত্তাদিপ্রদং পতিং মন্যতে স্ত্রীসঙ্গতোঽন্তকালে স্ত্রীধ্যানেন স্ত্রীত্বং প্রাপ্তো জীবঃ ॥ ৪১ ॥

ক্রমসন্দর্ভঃ।

নির্ণীতে কেবলমিতি অমরকোষাৎ। কেবলমিত্যব্যয়ং। ততশ্চ ভ্রূবিজৃম্ভস্য বিশেষণং ততো ভ্রূবিজৃম্ভেণৈবেত্যর্থঃ ॥ ৩৮ ॥
প্রমদাসু স্বীয়াস্বপি নিরয়ঃ সংসারঃ॥ ৩৯ ॥
তামিতি। যথা স্বপাল্যং পশ্বন্তরং পতন্তং প্রতি তৃণৈরাবৃতং কূপং মৃত্যুরূপমীক্ষতে তথা যোষিত্বেনাবৃতাং তামাত্মনো মৃত্যুরূপাং ঈক্ষেতেত্যর্থঃ॥ ৪০ ॥ যামিতি যুগ্মকং ॥ ৪১ ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দিশাং জয়িনঃ সর্ব্বা দিশো বিজিত্য স্বান্তঃপুরমাগতাংশ্চক্রবর্ত্তিনোঽপি যা মাং ত্যক্ত্বা অন্যদেশীয়াঃ স্ত্রীঃ সম্ভোক্তুং দিগ্বিজয় করোষি ধিক্ ত্বামিতি ব্যঞ্জকেন কোপকুটিলীকৃতেন ভ্রূবিজৃম্ভেণ মানিনী স্ত্রীজাতি স্তান্ প্রণমতঃ পদাক্রান্তান্ পদপ্রহার পরিভূতান্ করোতীতি কেবলং নির্ণীতং নাত্র যুক্তিরন্বেষ্টব্যেতি ভাবঃ। নির্ণীতে কেবলমিত্যমরঃ ॥ ৩৮ ॥
প্রমদাসু স্বীয়াস্বপি সঙ্গমাসক্তিং পরং পারমারুরুক্ষু র্জ্ঞানীচ প্রতিলব্ধাত্মভাবোভক্তশ্চ তেন ন কুর্য্যাৎ। নো শয়ানঃ পতত্যধ ইতি ন্যায়েন কর্ম্মী স্ত্রীসঙ্গকৃদপি ন দুষ্যতীতি লভ্যতে। অস্য পুংমাত্রস্য ॥ ৩৯ ॥
যাচ পুরুষং বিরক্তং জ্ঞাত্বা স্বীয় নিষ্কামতাং ব্যঞ্জয়ন্তী শুশ্রূষাদিমিষেণোপযাতি সাপ্যনর্থকারিণীত্যাহ যোপযাতীতি। ঈক্ষেৎ ঈক্ষেত। অত্র তৃণাচ্ছাদিত কূপস্য মযি জনঃ পতত্বিতি ভাবনাভাবাৎ কস্যচিৎ পার্শ্বেঽপ্যনাগমনাৎ সর্ব্বত্রোদাসীনা বা ভক্তি জ্ঞান বৈরাগ্যাদিমতী বা উন্মাদাদচেতনা নিদ্রাণা বা মৃতাপি বা স্ত্রী সর্ব্বথৈব দূরে পরিত্যাজ্যেতি ব্যঞ্জিতং ॥ ৪০ ॥
যথা ভক্তিজ্ঞানবতাং পুংসাং যোষিদনর্থ হেতু স্তথৈব ভক্তিজ্ঞানবতীনাং যোষিতাং পুমাংশ্চেত্যাহ যামিতি দ্বাভ্যাং ঋষভায়তীং পুরুষবদাচরন্তীং যাং মম মায়াং পতিং বিত্তাদিপ্রদং মন্যতে। স্ত্রীসঙ্গতঃ অন্তকালে স্ত্রীধ্যানেন স্ত্রীত্বং প্রাপ্তো জীবঃ ॥ ৪১ ॥

মা! আমার ঐ স্ত্রীময়ী মায়ার বল দেখুন, এই মায়া দিগ্বিজয়ি শূরদিগকেও ভ্রূভঙ্গি মাত্রে আপনার পদানত করে ॥ ৩৮ ॥

অতএব যে ব্যক্তি যোগের পরপারে আরোহণ করিতে ইচ্ছুক তাঁহার প্রমদার সহিত সঙ্গ করা কর্ত্তব্য হয় না। ফলতঃ যোগিরা বলেন, সৎসঙ্গ দ্বারা যাহার আত্ম রূপ লাভ প্রতিলব্ধ হয় তাহার পক্ষে স্ত্রীগণ নরকের দ্বার স্বরূপ, সুতরাং তাহার যোষিৎ সহ সহবাস কদাচ বিধেয় নহে ॥ ৩৯ ॥

মা! যোষিৎ রূপা দেবনির্ম্মিতা মায়া শুশ্রূষাদি ছলে ধীরে ধীরে নিকটে গমন করে, কিন্তু বুদ্ধিমান্ পুরুষ তাহাকে তৃণাবৃত রূপের ন্যায় আপনার মৃত্যুস্বরূপ অবলোকন করিবেন, অর্থাৎ প্রতিকূল বর্ত্তিনী করিয়া জানিবেন ॥ ৪০ ॥

মা! জীব স্ত্রীসঙ্গ বশতঃ অর্থাৎ অন্তকালে স্ত্রীধ্যান নিমিত্ত স্ত্রীত্ব প্রাপ্ত হইয়া মোহ প্রযুক্ত পুরুষ তুল্য আচরণকারিণী আমার যে মায়াকে বিত্ত, অপত্য ও গৃহপ্রদ পতি করিয়া মানে ॥৪১ ॥

তামাত্মনো বিজানীয়াৎ পত্যপত্য গৃহাত্মকং। দৈবোপসাদিতং মৃত্যুং মৃগয়োর্গায়নং যথা ॥ ৪২॥

দেহেন জীবভূতেন লোকাল্লোকমনুব্রজন্। ভুঞ্জান এব কর্ম্মাণি করোত্যবিরতং পুমান্ ॥ ৪৩ ॥

জীবোহ্যস্যানুগো হ্যদেহো ভূতেন্দ্রিয় মনোময়ঃ। তন্নিরোধোঽস্য মরণমাবির্ভাবস্তু সম্ভবঃ ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

তাং পত্যাদি রূপাং মৃত্যুং বিজানীয়াৎ। মৃগয়োর্লুব্ধকস্য গায়নং অনুকূলত্বেন প্রতীয়মানমপি যথা মৃগস্য মৃত্যুঃ ॥ ৪২ ॥

তদেবং জীবস্য সংসৃতিঃ প্রপঞ্চিতা। তত্রচ তস্য কর্ম্মবশেন লোকাল্লোকান্তর গমনং জন্ম মরণঞ্চোক্তং তত্রৈবং শঙ্কতে। নমু ব্যাপকস্য কথং লোকাল্লোকান্তর গমনং নিত্যস্য চ কথং জন্মমরণে ভোগেন কর্ম্মক্ষয়ে সতি জন্ম মরণঞ্চেষ্যতে তৎকৃতঃ পুনরপি তস্য কর্ম্মসম্ভব ইতি তত্র লোকান্তর গমনং কর্ম্ম চ সম্ভবতীত্যাহ দেহেনেতি। জীবস্যোপাধিতয়া ভূতেন জাতেন লিঙ্গদেহেন লোকান্তরমনুব্রজন্ অবিরতং কর্ম্মাণি করোতীতি কর্ম্মণামসমাপ্তি রুক্তা ॥ ৪৩ ॥

জন্মমরণসম্ভবমাহ-জীবো জীবোপাধি র্লিঙ্গদেহঃ অস্যাত্মনোঽনুগঃ অনুবর্ত্তী ভূতেন্দ্রিয়মনোময়ঃ স্থূলভূতাদি বিকারো দেহঃ

ক্রমসন্দর্ভঃ।

অথ জীবস্য স্বতো নিরীহত্বাদিকেঽপি লোকান্তর গমনাদিকং যোজয়তি দেহেনেতি চতুর্ভিঃ ॥ ৪৩॥

অনুগঃ কর্ম্মাধীনঃ ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

তাং মায়াং পত্যাদিরূপং মৃত্যুং জানীয়াৎ। যথা মৃগয়োর্লুব্ধকস্য গানং সুখদমপি মৃগো মৃত্যুং জানীয়াৎ ॥ ৪২ ॥

তদেবং জীবস্য সংসারঃ প্রপঞ্চিতঃ। তত্রৈবং শঙ্কতে। নমু জীবঃ শুভাশুভং কর্ম্ম যেন দেহেন কুরুতে তং দেহং ত্যক্ত্বা দেহান্তরে তৎফলং স্বর্গাদিকং ভুঙ্‌ক্তে ইতি কো ন্যায়ঃ তত্র যেনৈব দেহেন কর্ম্ম কুরুতে তেনৈব দেহেন ভুঙ্‌ক্তে ইত্যাহ দেহেন জীবভূতেন লিঙ্গশরীরেণ লোকান্মর্ত্যলোকাৎ লোকং স্বর্গং নরকাদিকং অনু ব্রজন্নিতি উপাধি গমনেনৈব কর্ম্ম কুরুতে উপস্থিতস্য জীবস্যাপি গমনং সম্ভাবিতং তত্র ভুঞ্জান এব ভোগমসমাপ্যৈবমেব পুনর্মর্ত্যলোকমাগত্য কর্ম্মাণি কুরুতে অতো লিঙ্গ দেহেনৈব কর্ম্ম কুরুতে ভুঙ্‌ক্তে চেত্যুক্তং ॥ ৪৩ ॥

নমু তর্হি ইতো মর্ত্যলোকাৎ মৃত্বা স্বর্গং ভুঙ্‌ক্তে স্বর্গাদাগত্য জায়তে ইতি মৃত্যু জন্ম প্রতীতিঃ কুতস্তত্রাত আহ জীবো জীবোপাধি র্লিঙ্গদেহস্তথাস্যাত্মনোঽনুগোঽনুবর্ত্তী স্থূলদেহো ভোগায়তনং মিলিত্বা এক এব দেহোভূতেন্দ্রিয় মনোময়ো ভবতি তস্য নিরোধঃ কার্য্যাযোগ্যত্বমস্য জীবস্য মরণং তচ্চ স্থূলদেহবিগমে স্থূলান্তর প্রাপ্তিপ্রাক্‌কালে ভবেৎ সুষুপ্ত্যাদৌ তু স্বকার্য্যাকারিত্বেঽপি

যদি ঐ স্ত্রীদেহে মুক্তি ইচ্ছা হয় তাহা হইলে ঐ পতি পুত্র গৃহ স্বরূপ মায়াকে দৈব কর্ত্তৃক রচিত আপনার মৃত্যু স্বরূপ জ্ঞান করিবে অর্থাৎ যেমন ব্যাধের সঙ্গীত যদিও শ্রবণ সুখদ হওয়াতে অনুকূল বলিয়া প্রতীয়মান হয়, তথাপি তাহা মৃগের পক্ষে মৃত্যু স্বরূপ, তেমনি পতি পুত্র গৃহাদি অনুকূল বোধ হইলেও ঐ সকলকে আপনার প্রতিকূল করিয়া জ্ঞান করিবে ॥ ৪২ ॥

হে মানবি! জীবের কর্ম্ম বশতঃ একলোক হইতে লোকান্তর গমন এবং জন্ম মরণ পূর্ব্বে যাহা বলিয়াছি তাহাতে এমত আশঙ্কা করিবেন না যে, জীব ব্যাপক, তাহার একলোক হইতে অন্য লোকে গমন কি রূপে সম্ভব হয় এবং তাহার নিত্যতা প্রযুক্ত জন্ম মরণই বা কি রূপে হইতে পারে? মা! তবে শ্রবণ করুন, জীবের একটী উপাধি স্বরূপ লিঙ্গ দেহ আছে, সেই দেহের সহিত কর্ম্মবশত জীব একলোক হইতে লোকান্তরে গমন করত এবং ফল ভোগ করত অবিরত কর্ম্ম করিতে থাকে ॥ ৪৩ ॥

মা! জীবের জন্ম মরণ কি রূপে হয় তাহাও বলি শ্রবণ করুন, জীবের উপাধি লিঙ্গদেহ এবং আত্মার অনুবর্ত্তি স্থূল ভূতাদির বিকার রূপ ভোগায়তন এই স্থূল দেহ এই দুইয়ের যে নিরোধ অর্থাৎ

দ্রব্যোপলব্ধি স্থানস্য দ্রব্যেক্ষা যোগ্যতা যদা। তৎপঞ্চত্বমহম্মানাদুৎপত্তি র্দ্রব্যদর্শনং ।
যথাক্ষ্ণো র্দ্রব্যাবয়ব দর্শনাযোগ্যতা যদা। তদৈব চক্ষুষোর্দ্রষ্টু র্দ্রষ্টৃত্বাযোগ্যতানয়োঃ ॥ ৪৫ ॥
তস্মান্ন কার্য্যঃ সংত্রাসো ন কার্পণ্যং নসংভ্রমঃ। বুদ্ধা জীবগতিং ধীরো মুক্তসঙ্গশ্চরেদিহ ॥ ৪৬ ॥

শ্রীধরস্বামী ।

ভোগায়তনং তয়ো নিরোধঃ কার্য্যাযোগ্যতা তদস্য জীবস্য মরণমুচ্যতে। আবির্ভাবস্তু সম্ভবো জন্মচ্যোতে ॥ ৪৪ ॥

এতদেব দৃষ্টান্তেন স্পষ্টয়তি। দ্রব্যোপলব্ধি স্থানস্য নেত্রগোলকাদেঃ। দ্রব্যেক্ষায়াং রূপাদি দর্শনে কাচ কামলাদিদোষেণ যদা অযোগ্যতা ভবতি তদৈব চক্ষুষ ইন্দ্রিয়স্যাপ্যযোগ্যতা। অনয়োঃ স্থানচক্ষুষোর্যদাঽযোগ্যতা তদৈব দ্রষ্টুর্জীবস্য দ্রষ্টৃত্বাযোগ্যতা। এবং স্থূল দেহ বৈকল্যে লিঙ্গস্য বৈকল্যং তদেব জীবস্য মরণং ন স্বত ইত্যর্থঃ। কচিদেকশ্লোকোঽধিকঃ পঠ্যতে তত্রায়মর্থঃ। দ্রব্যোপলব্ধিস্থানস্য স্থূল শরীরস্য দ্রব্যেক্ষায়াং যদাঽযোগ্যতা তদা তৎ পঞ্চত্বং মরণং ইদমেবাহমিত্যভিমানেন দ্রব্যস্য স্থূলশরীরস্য দর্শনমুৎপত্তিঃ। অক্ষ্ণো র্গোলকয়ো র্দ্রব্যাবয়বস্য রূপাবয়বাদের্দর্শনেঽযোগ্যতা। শেষং সমানং ॥ ৪৫ ॥

যস্মান্ন বস্তুতো জীবস্য জন্ম মরণাদি তস্মান্মরণাৎ সংত্রাসো ন কার্য্যঃ জীবনেচ নকার্পণ্যং দৈন্যং কার্য্যং সংভ্রমশ্চ জীবনপ্রযত্নে ॥৪॥

ক্রমসন্দর্ভঃ ।

দ্রব্যোপলব্ধীতি যুগ্মকং। অনয়োঃ স্থূল সূক্ষ্ম শরীরয়োঃ ॥ ৪৫ ॥ ৪৬ ॥ ৪৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

কার্য্যং প্রতি যোগ্যতা অন্ত্যেব সুষুপ্তিভঙ্গে সতি সদ্যএব তত্ত্বদ্যোগ্যতাদর্শনাৎ আবির্ভাবঃ প্রকটীভাবস্তু সম্ভবো জন্ম সচ ভোগায়তনদেহবিগমে স্থূলান্তর প্রাপ্তৌ গর্ভান্নিক্রমণ সময়ে ভবেৎ ॥ ৪৪ ॥

মৃত্যু জন্মনো র্লক্ষণং পুনঃ স্পষ্টমাহ দ্রব্যেতি। দ্রব্যাণ্যত্র দৃষ্টান্ত দৃষ্ট্যা মর্ত্ত্যলোকস্থান্যেব বস্তুমাত্রাণ্যুচ্যন্তে তানিচ যদ্যপি লিঙ্গদেহেনৈবোপলভ্যন্তে তদপি দ্রব্যোপলব্ধি স্থানস্য স্থূলশরীরস্য ভঙ্গুরত্বে সতি দ্রব্যেক্ষায়াং যদা যৎ অযোগ্যতা তদেব পঞ্চত্বং স্থূল দেহস্য ভঙ্গুরত্বে সূক্ষ্মদেহস্যাপি দ্রব্যোপলব্ধাবযোগ্যতা তদেব জীবস্য মরণং ন স্বত ইত্যর্থঃ। অহং মানাৎ ইদমেবাহমিতি স্থূলান্তরেঽভিমানপ্রবেশাদুৎপত্তি র্জন্ম। দ্রব্যস্য মর্ত্ত্যলোকস্থ বস্তু মাত্রস্য দর্শনং দর্শনহেতুরিত্যর্থঃ। অত্র দৃষ্টান্তো যথা। অক্ষ্ণোর্নেত্রগোলকয়ো র্দ্রব্যাবয়বানাং দর্শনে অযোগ্যতা কাচ কামলাদি দোষ রূপেণ ভঙ্গুরত্বেন ভবেৎ তদৈব চক্ষুষ ইন্দ্রিয়স্য যোগ্যতা অনয়োঃ স্থান চক্ষুষো র্যদা অযোগ্যতা তদৈব দ্রষ্টুঃ পুরুষস্যাপি দ্রষ্টৃত্বস্যাযোগ্যতেতি। সাচাযোগ্যতা মর্ত্ত্যলোক এব সম্ভবেৎ নতু স্বর্গ নরকয়োরিতি দার্ষ্টান্তিকেঽপি তথা ব্যাখ্যান লাভাৎ স্বর্গ নরক গত স্থূল দেহানামুৎপত্তি বিনাশয়ো র্জন্মমরণ-ব্যবহারঃ স্থূলস্য নাশ এব সূক্ষ্মস্য জীবস্য চ নাশ উপচর্য্যতে এবমুৎপত্তিশ্চ ॥ ৪৫ ॥

যস্মাদাত্মনোবস্তুতো নাস্তি জন্ম মরণাদি তস্মাদিতি ॥ ৪৬ ॥

কার্য্যে অযোগ্যতা হওয়া জীবের মরণ এবং ঐ দুইয়ের যে আবির্ভাব তাহাই জীবের জন্ম ॥ ৪৪ ॥

অথবা দ্রব্যের উপলব্ধি স্থান স্বরূপ যে এই স্থূল শরীর, ইহার যখন দ্রব্য দর্শনে অযোগ্যতা হয় তখন জীবের মরণ হইল এমত বলা যায়, আর "এই আমি" এই রূপ অভিমানে যখন স্থূল শরীরের দর্শন হয় তখনই জীবের উৎপত্তি হইল বলা যাইতে পারে। ফলতঃ যেমন দ্রব্যোপলব্ধি স্থান যে নেত্রগোলকাদি তাহার যখন কাচ কামলাদি দোষ বশতঃ রূপ দর্শনে অসামর্থ্য হয় তখনই চক্ষু-রিন্দ্রিয়ের অযোগ্যতা এবং দ্রষ্টা জীবেরও দ্রষ্টৃত্ব বিষয়ে অক্ষমতা হয়। এই রূপ স্থূল শরীরের বৈকল্য হইলেই লিঙ্গশরীরেরও বিকলতা হয়, তাহাই জীবের মরণ জানিবেন ॥ ৪৫ ॥

অতএব যদি বস্তুতঃ জীবের জন্ম মরণ না হইল তবে মৃত্যু হইতে সংত্রাস এবং জীবনে দৈন্য তথা জীবনার্থ যত্ন করা অনুচিত। মা! ধীর ব্যক্তি জীবের এই প্রকার গতি অবগত হইয়া অসৎ সঙ্গ পরিত্যাগ পূর্ব্বক ক্ষিতিতলে পর্য্যটন করিবেন ॥ ৪৬ ॥

সম্যগ্দর্শনয়া বুদ্ধ্যা যোগবৈরাগ্যযুক্তয়া। মায়াবিরচিতে লোকে চরেন্ন্যস্য কলেবরং ॥ ৪৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে কাপিলেয়ে জীবগতিরেকত্রিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ৩১ ॥ * ॥

শ্রীভগবানুবাচ ॥

অথ যো গৃহমেধীয়ান্ ধর্ম্মানেবাবসন্ গৃহে। কামমর্থঞ্চ ধর্ম্মান্ স্বান্ দোগ্ধি ভূয়ঃ পিপর্ত্তি তান্ ॥ ১

সচাপি ভগবদ্ধর্ম্মাৎ কামমূঢ়ঃ পরাঙ্মুখঃ। যজতে ক্রতুভি র্দেবান্ পিতৃংশ্চ শ্রদ্ধয়ান্বিতঃ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

নন্থ সর্ব্বথা মুক্তসঙ্গত্বে কথং জীবিতমত আহ সম্যক্ পশ্যতি বিচারয়তীতি সম্যক্ দর্শনা তয়া বুদ্ধ্যা মায়াবিরচিতে লোকে কলেবরং ন্যস্য নিক্ষিপ্য তস্মিন্নাসক্তিং ত্যক্ত্বা চরেদিত্যর্থঃ ॥ ৪৭ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে একত্রিংশঃ ॥ * ॥

দ্বাত্রিংশে সাত্বিকী ধর্ম্মৈরূর্দ্ধা গতিরুদীর্য্যতে। তত্ত্বজ্ঞানবিহীনস্য ততশ্চ পুনরাগতিঃ ॥ • ॥

তদেবং পাপকর্ম্মণো গতিরুক্তা ইদানীং কাম্যকর্ম্মণো গতিমাহ অথেতি চতুর্ভিঃ। যো গৃহ এবাবসন্ স্বান্ ধর্ম্মান্ দোগ্ধি দোহমাহ কামমর্থঞ্চ তান্ দুগ্ধান্ ধর্ম্মান্ পুনঃ পিপর্ত্তি পূরয়তি অনুতিষ্ঠতি ॥ ১ ॥

সোঽপি ভগবদারাধন রূপাদ্ধর্ম্মাৎ পরাঙ্মুখঃ সন্ প্রাকৃতানপি দেবান্ পিতৃংশ্চ যজতে ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃতক্রমসন্দর্ভস্য একত্রিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

ধর্ম্মান্ গোস্থানীয়ান্ দুগ্ধস্থানীয়ং ফলং দোগ্ধি ধর্ম্মান্। স্বানিতি কচিৎ পাঠঃ ॥ ১ ॥

স চাপীতি চশব্দ উক্ত সমুচ্চয়ার্থঃ। যথা পূর্ব্বোক্তঃ পাপকর্ম্মা ভগবদ্ধর্ম্মাৎ পরাঙ্মুখঃ তথা স চেত্যর্থঃ। অপীতি। যদ্যপি বৈদিককর্ম্মা তথাপীত্যর্থঃ। সর্ব্বকামদাদপি তস্মাৎ ভগবদ্ধর্ম্মাৎ পরাঙ্মুখত্বে তথা তদন্য সম্মুখত্বে চ হেতুঃ। কামেন মূঢ়ঃ বিবেকরহিতঃ ॥ ২ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কলেবরং ন্যস্য তত্রাসক্তিং ত্যক্ত্বা ॥ ৪৭ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। তৃতীয় একত্রিংশোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

দ্বাত্রিংশেতু সকামানাং নিষ্কামাণাঞ্চ কর্ম্মিণাং। পুনরাবৃত্ত্যনাবৃত্তী প্রোচ্যাভক্তাম্নিনিন্দ্যচ ॥ • ॥

তদেবমবিহিতস্য পাপস্য কর্ম্মণো গতিমুক্ত্বা বিহিতস্য কাম্যকর্ম্মণো গতিমাহ অথেতি। গৃহএব গৃহমেব আবসন্ ধর্ম্মান্ দোগ্ধি। দোহমাহ কামমর্থঞ্চ ধর্ম্মাংশ্চেতি। ভূয়ঃ পুনরপি তান্ ধর্ম্মান্ পিপর্ত্তি পূরয়ত্যনুতিষ্ঠতি। যথা গাশ্চারয়িত্বা দুগ্ধানি দোগ্ধি পুনরপি দুগ্ধ প্রাপ্ত্যাশয়া তাশ্চারয়তীতি ॥ ১ ॥ বিহিতকৃদপ্যসৌ নিন্দ্য এবাধিকারীত্যাহ সচাপীতি ॥ ২ ॥

এবং সম্যক্ বিচারকারিণী ও যোগবৈরাগ্যযুক্তা বুদ্ধি দ্বারা আপনার কলেবর মায়ারচিত এই লোকে নিক্ষেপ করত অর্থাৎ দেহাসক্তিশূন্য হইয়া বিচরণ করিবেন ॥ ৪৭ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে একত্রিংশ ॥ * ॥

দ্বাত্রিংশদধ্যায়ে সাত্বিক ধর্ম্ম দ্বারা ঊর্দ্ধলোকে গতি ও তত্ত্বজ্ঞান বিহীন ব্যক্তির পুনরাবৃত্তি বর্ণন ॥০

ভগবান্ কপিল কহিলেন মা। যে ব্যক্তি গৃহাশ্রমে বাস করিয়া কাম এবং অর্থ হইতে স্বীয় ধর্ম্ম দোহন পূর্ব্বক পুনর্ব্বার সে সকলকে পরিপূর্ণ করে ॥ ১ ॥

সে ব্যক্তি কামবিমূঢ় ও ভগবানের আরাধনারূপ ধর্ম্মে পরাঙ্মুখ, সে শ্রদ্ধান্বিত হইয়া বিবিধ যজ্ঞ দ্বারা প্রাকৃত দেবতা ও পিতৃগণের অর্চ্চনায় রত হয় ॥ ২ ॥

তেনৈব সাকমমৃতং পুরুষং পুরাণং ব্রহ্ম প্রধানমুপযান্ত্যগতাভিমানাঃ॥ ৯॥
অথ তং সর্ব্বভূতানাং হৃৎপদ্মেষু কৃতালয়ং। শ্রুতানুভাবং শরণং ব্রজ ভাবেন ভাবিনি॥ ১০॥
আদ্যং স্থিরচরাণাং যো বেদগর্ভঃ সহর্ষিভিঃ। যোগেশ্বরৈঃ কুমারাদ্যৈঃ সিদ্ধৈর্যোগপ্রবর্ত্তকৈঃ।
ভেদদৃষ্ট্যাভিমানেন নিঃসঙ্গেনাপি কর্ম্মণা। কর্তৃত্বাৎ সগুণং ব্রহ্ম পুরুষং পুরুষর্ষভং।

শ্রীধরস্বামী।

প্রবিশন্তি পরং পদমিতি॥ ৯॥

ভগবদুপাসকাস্তু সাক্ষাদেব তং প্রাপ্নুবন্তি নতু ক্রমেণ অতস্তং সাক্ষাত্তমেব ভজেত্যাহ। অথ তস্মাদ্ভাবেন প্রেম্না॥ ১০॥

এবং তাবদ্ভগবদ্ভক্তানাং নিরন্তরমেব তৎপ্রাপ্তি র্ভগবদভেদেন হিরণ্যগর্ভোপাসকানাং তু ক্রমেণেত্যুক্তং। ভেদেনোপাসনেতু ব্রহ্মাদয়োঽপ্যাবর্ত্তন্তে কিমুতান্য ইত্যাহ আদ্য ইতি চতুর্ভিঃ যো বেদগর্ভঃ সোঽপি গুণব্যতিকরে জাতে যথা পূর্ব্বং ব্রহ্মপদাধিকৃতঃ সন্ প্রজায়তে ন কেবলং সএব একঃ কিন্তু ঋষিভির্মরীচ্যাদিভি র্যোগেশ্বরাদিভিশ্চ সহ জন্মনি হেতুদ্বয়ং ভেদদৃষ্ট্যা অভিমানেন কর্তৃত্বাদিতিচ। যথা পূর্ব্বত্বে হেতুঃ নিঃসঙ্গেন নিষ্কামেণ কর্ম্মণেতি কিং কৃত্বা প্রজায়তে প্রথমং পারমেষ্ঠ্যমৈশ্বর্য্যং নিষেব্য পশ্চাৎ

ক্রমসন্দর্ভঃ।

অথেতি। ভাবেন যেষামহং প্রিয় আত্মা সুতশ্চেত্যুক্তরীত্যা প্রিয়ত্বাদ্যভিমানৈকতমেন। তত্রাপি প্রাপ্ততয়া সুতভাবে নৈবেত্যাহ। ভাবিনীতি॥ ১০॥

আদ্য ইতি চতুষ্কং। ভেদদৃষ্ট্যা পরমেশ্বরাস্তিত্বেন হিরণ্যগর্ভদৃষ্ট্যা। তথা হিরণ্যগর্ভ এবাহমস্মীত্যভিমানেন চ যৎ কর্তৃত্বং উপাসকত্বং তস্মাদিত্যর্থঃ। উপাসনাহি ক্ষয়রহিতা। নমু বলবৎ কর্ম্মান্তরমন্যথা জন্মান্তরং প্রাপয়তু তত্রাহ নিঃস-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সর্গে তেষামপি সর্গো ভাবীতি ভাবঃ॥ ৯॥

অথেতি যস্মাদ্ভক্তিং বিনা ন কেঽপি নিস্তরন্ত্যতস্ত্বং তমেব ভগবন্তং শরণং ব্রজ হে ভাবিনি ময়ি পরমেশ্বরে পুত্রভাববতীতিত্বয়ি ভক্ত্যুপদেশঃ পিষ্টপেষরূপ এবেতি ভাবঃ॥ ১০॥

নমু ব্রহ্মা মুক্তো ভবেদথচ স্বভক্তান্মোচয়িতুং নেষ্ট ইতি কথং প্রতীম তত্র মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ইতি ভগবৎ প্রতিজ্ঞা শ্রুতে র্ভক্তিং বিনা ব্রহ্মাপি সংসরতি কে পুনরন্যে বরাকা ইত্যাহ। আদ্যঃ স্থিরচরাণাং স্রষ্টৃত্বাৎ কারণরূপোঽপি বেদগর্ভ সর্ব্ববেদবিদপি ঋষিভি র্মরীচ্যাদিভিরপি সহ যোগিভিঃ সাধকৈঃ সহেতি কিং বক্তব্যং যোগেশ্বরৈঃ সিদ্ধৈরপি সহ। ভেদ দৃষ্ট্যা যথা রুদ্রঃ সংহরতি বিষ্ণুঃ পালয়তি তথাহমপি ব্রহ্মা সৃজামীতি ভগবতঃ সকাশাদ্ভেদ দৃষ্ট্যা যোঽভিমান স্তেন যৎ কর্তৃত্বং তস্মাৎ সগুণং কল্যাণগুণময়ং ব্রহ্ম মহৎস্রষ্টারং কালে মহাপ্রলয়কালে প্রবিশ্য পুনঃ কালেন গুণব্যতিকরে মহত্তত্ত্বাদৌ জাতে সতি যথা পূর্ব্বং প্রজায়তে ব্রহ্মা ভবতীত্যর্থঃ। তেঽপি তৎসঙ্গিনো মহর্ষ্যাদয়োপি কর্ম্ম জ্ঞান যোগাদি বিনির্ম্মিতমণিমাদ্যৈশ্বর্য্যাদিকং পূর্ব্ব মহাকল্পএব নিষেব্য পুনর্মহাকল্পারম্ভে আয়ান্তি আবর্ত্তন্তে নমু যোগেশ্বরাণাং সনৎকুমারাদীনাং চ সিদ্ধানামন্যেষাঞ্চ যোগ

সর্ব্বোৎকৃষ্ট পুরাণ পুরুষ ব্রহ্মকে প্রাপ্ত হয়েন, যে হেতু তখনও তাঁহাদের অভিমান বর্ত্তমান থাকে॥৯

কিন্তু যাঁহারা ভগবানের ভক্ত তাঁহাদের ঐরূপ ক্রমে ব্রহ্মপ্রাপ্তি হয় না, তাঁহারা সাক্ষাৎ ব্রহ্ম প্রাপ্ত হয়েন। অতএব হে ভাবিনি! সেই ভগবান্ যিনি সর্ব্বপ্রাণির হৃদয়ে বাস করিতেছেন এবং যাঁহার প্রভাব সর্ব্বত্র শ্রুত হইতেছে, ভক্তিভাবে তাঁহারই শরণ গ্রহণ করুন॥ ১০॥

হে সতি! ভেদদর্শনপূর্ব্বক উপাসনা করিলে ব্রহ্মাদি দেবগণকেও পুনরাবৃত্ত হইতে হয়, ইহাতে অন্যের কথা কি! সত্ত্বাদি গুণত্রয়ের ব্যতিকর অর্থাৎ পরস্পর সংশ্লেষ হইলে স্থাবর জঙ্গমের আদ্য স্রষ্টা যে বেদগর্ভ ব্রহ্মা তিনি ও মরীচ্যাদি ঋষিগণ এবং সনৎকুমারাদি যোগেশ্বর তথা সিদ্ধ ও যোগপ্রবর্ত্তকদিগের সহিত নিষ্কাম কর্ম্মদ্বারা গুণাধিষ্ঠাতা ও প্রথমাবতার রূপ ব্রহ্ম প্রাপ্ত হইয়া পুনর্ব্বার

স সংস্তৃত্য পুনঃ কালে কালেনেশ্বরমূর্ত্তিনা। জাতে গুণব্যতিকরে যথাপূর্ব্বং প্রজায়তে।
ঐশ্বর্য্যং পারমেষ্ঠ্যঞ্চ তেঽপি কর্ম্ম বিনির্ম্মিতং। নিষেব্য পুনরায়ান্তি গুণব্যতিকরে সতি ॥ ১১ ॥
যেত্বিহাসক্তমনসঃ কর্ম্মসু শ্রদ্ধয়ান্বিতাঃ। কুর্ব্বন্ত্যপ্রতিসিদ্ধানি নিত্যান্যপিচ কৃৎস্নশঃ।
রজসা কুণ্ঠমনসঃ কামাত্মানোঽজিতেন্দ্রিয়াঃ। পিতৃন্ যজন্ত্যনুদিনং গৃহেষ্বভিরতাশয়াঃ ॥ ১২ ॥
ত্রৈবর্গিকাস্তে পুরুষা বিমুখা হরিমেধসঃ। কথায়াং কথনীয়োরুবিক্রমস্য মধুদ্বিষঃ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

প্রলয়ে সগুণং গুণাধিষ্ঠাতারং পুরুষং প্রথমাবতাররূপং সংস্তৃত্য প্রাপ্য তেঽপি ঋষিপ্রমুখাঃ স্বকর্ম্ম নির্ম্মিতমৈশ্বর্য্যং নিষেব্য পুরুষং চ সংস্তৃত্য যথাপূর্ব্বং স্বস্বাধিকারেণ পুনরায়ান্তীত্যন্বয়ঃ ॥ ১১ ॥

যদা ব্রহ্মোপাসকানামপি ভেদদর্শনাভিমানাভ্যাং এবমাবৃত্তিস্তদা কাম্যকর্ম্মিণাং কিং বক্তব্যমিতি তান্নিন্দন্নাহ ষড়্ভিঃ। যেত্বিহ কর্ম্মস্বাসক্তমনসঃ সন্তঃ অপ্রতিষিদ্ধানি কাম্যানি নিত্যানিচ কর্ম্মাণি কৃৎস্নানি কুর্ব্বন্তি তেঽর্য্যম্নো দক্ষিণেন পথা ধূমমার্গেণ পিতৃলোকং ব্রজন্তীতি পঞ্চমেনান্বয়ঃ। মধ্যে তন্নিন্দা ॥ ১২ ॥

হরতি সংসারং মেধা যস্য কথনীয়া উরবো বিক্রমা যস্য তস্য মধুদ্বিষঃ কথায়াঃ বিমুখাঃ সন্তো যে ত্রৈবর্গিকাঃ ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

জেনেতি। তত্রাপি কর্ত্তৃত্বাদিতি যোজ্যং। কিন্তু ক্রিয়ানিষ্পাদকত্বং তস্মাদিত্যর্থঃ। তত্র মহর্ষ্যাদীনাং স্থিতিং বিশেষ্য দর্শয়তি। ঐশ্বর্য্যং ইতি। পূর্ব্ববৎ কর্ম্মণা ধর্ম্মেণ যোগেন চ বিনির্ম্মিতং ॥ ১১ ॥

যেত্বিতি পঞ্চকং ॥ ১২ ॥–১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

প্রবর্ত্তকত্বেন সর্ব্বজ্ঞানিগুরূণাঞ্চ কথং ভেদ দৃষ্টিরভিমানো বা সম্ভবেৎ। তাভ্যাং স্থিতাভ্যাঞ্চ কথং যোগেশ্বরাদিত্বং। উচ্যতে। তেষাং নিরভিমানানাং নির্ভেদ ব্রহ্মানুসন্ধানমস্ত্যেব কিন্তু ভেদব্যুদাসে ভগবত্যপি মায়াশবলিত ব্রহ্মত্ব বুদ্ধ্যা মায়িক বস্তন্তরবদ্ভেদ দৃষ্টি স্তথা বয়ং ব্রহ্মানুভবিনঃ সাকারং রূপং নিষিধ্যাম ইত্যভিমানশ্চ তাভ্যামেব দোষাভ্যাং যৎকর্ত্তৃত্বং কর্ম্মাধিকার স্তস্মাদাবৃত্তি রিত্যেতচ্চ কাচিৎক ব্রহ্মাণ্ডবর্ত্তি ব্রহ্ম ব্রাহ্মণ যোগি জ্ঞানি কুমারাদীনামভক্তত্বাদুক্তং। তদন্ত সর্ব্ব ব্রহ্মাণ্ডবর্ত্তিনাং ব্রহ্মাদীনাং তেষান্তু ভক্তিমত্বাম্মুক্তি প্রেমভক্তি ভগবদ্দাস্যাদিভাব প্রাপ্তয়ো যথাযথং ভক্তিতারতম্যাজ্ জ্ঞেয়াঃ ॥ ১১ ॥

যত্র ভক্ত্যভাবে সতি ব্রহ্মাদীনামপ্যেবমাবৃত্তি স্তত্র কাম্য কর্ম্মিণাং কস্তাং লেখায়াং স্থিতিরিতি তান্নিন্দন্নাহ ষড়্ভিঃ যেত্বিহেতি। অপ্রতিষিদ্ধানি কাম্যানি নিত্যান্যপি সর্ব্বাণ্যেব কর্ম্মাণি কুর্ব্বন্তি তেপি নিন্দ্যন্তে কিমুত বিকর্ম্মাণঃ কর্ম্মিণ ইতি ভাবঃ ॥ ১২ ॥

হরতি সংসারং মেধা যস্য তস্ত ॥ ১৩ ॥

ঈশ্বর রূপি কালবশতঃ যেমন পূর্ব্বে ছিলেন তদ্রূপ হইয়া পুনর্ব্বার জন্ম গ্রহণ করেন এবং তাঁহার সমভিব্যাহারী ঐ সকল ঋষিগণও আপন আপন কর্ম্ম নির্ম্মিত ঐশ্বর্য্য ভোগ করিয়া পূর্ব্বের ন্যায় পুনর্ব্বার স্বস্ব অধিকারে আসিয়া থাকেন ॥ ১১ ॥

মা! যখন ব্রহ্মোপাসকদিগেরও ভেদ দর্শন ও অভিমান বশতঃ ঐরূপ আবৃত্তি হয় তখন কাম্যকর্ম্মকারি ব্যক্তিদিগের পুনরাবৃত্তির কথা কি আর বলিতে হয়? অর্থাৎ যাহারা কর্ম্মে আসক্ত চিত্ত হইয়া শ্রদ্ধাপূর্ব্বক কাম্য ও নিত্য কর্ম্ম সকল সম্যক্ রূপে অনুষ্ঠান করিয়া থাকে, অথচ কামাত্মতা ও অজিতেন্দ্রিয়তা প্রযুক্ত রজোগুণ প্রভাবে কুণ্ঠিতমনাঃ এবং নিরন্তর গৃহাদিতে অনুরক্ত হইয়া পিতৃগণের অর্চ্চনা অর্থাৎ শ্রাদ্ধাদি করিয়া থাকে ॥ ১২ ॥

এবং যে সকল পুরুষ কেবল ধর্ম্ম, অর্থ, কাম এই ত্রিবর্গ সাধনার্থ তৎপর, কিন্তু যে সংসারনাশন ভগবান্ মধুসূদনের সুমহান্ বিক্রম সকলই কথনীয় তাঁহার কথায় বিমুখ হয় ॥ ১৩ ॥

নূনং দৈবেন বিহতা যে চাচ্যুতকথাসুধাং। হিত্বা শৃণ্বন্ত্যসদ্গাথাঃ পুরীষমিববিড়্ভুজঃ॥ ১৪॥
দক্ষিণেন পথার্য্যম্ণঃ পিতৃলোকং ব্রজন্তি তে। প্রজামনু প্রজায়ন্তে শ্মশানান্তক্রিয়াকৃতঃ॥ ১৫॥
ততস্তে ক্ষীণসুকৃতাঃ পুনর্লোকমিমং প্রতি। পতন্তি বিবশা দেবৈঃ সদ্যোবিভ্রংশিতোদয়াঃ॥ ১৬
তস্মাত্ত্বং সর্ব্বভাবেন ভজস্ব পরমেষ্ঠিনং। তদ্গুণাশ্রয়য়া ভক্ত্যা ভজনীয় পদাম্বুজং॥ ১৭॥

শ্রীধরস্বামী।

যে চাচ্যুত কথাসুধাং হিত্বা অসতাং গাথাঃ শৃণ্বন্তি তে নূনং দৈবেন বিহতা ইত্যন্বয়ঃ॥ ১৪॥
পিতৃলোকাৎ পুনঃ প্রজামনু স্বপুত্রাদিষু প্রজায়ন্তে। গর্ভাধানাদারভ্য শ্মশানান্তাঃ ক্রিয়াঃ কৃতবন্তঃ যথোক্তকারিণ ইত্যর্থঃ॥ ১৫॥
কথং প্রজায়ন্তে তদাহ ততস্তে পুনরিমং লোকং প্রতিপতন্তি। বিভ্রংশিত উদয়ো ভোগসাধনং যেষাং॥ ১৬॥
পরমেষ্ঠিনং পরমেশ্বরং প্রীত্যা তস্য গুণানাশ্রয়তে যা ভক্তিস্তয়া॥ ১৭॥

ক্রমসন্দর্ভঃ।

দৈবেনেতি। তেষাং নরকাদুদ্ধার এব নাস্তি ইতি তে ন বর্ণ্যা ইত্যর্থঃ। অচ্যুতকথেতি তদন্যাঃ সর্ব্বা এবাসৎকথা ইতি জ্ঞাপিতং। খণ্ডাদিকং হিত্বা বিড়্ভুজো যথা পুরীষমেবাভিগচ্ছন্তীত্যর্থঃ॥ ১৪॥
শ্মশানান্তাঃ ক্রিয়াঃ কৃতবন্তঃ। তা লব্ধবন্ত ইত্যর্থঃ॥ ১৫॥ ১৬॥
সর্ব্বভাবেন সর্ব্বাত্মনা। ভক্ত্যা প্রেম্না। নম্বু সা কথং স্যাত্তত্রাহ। তদ্গুণা এবাশ্রয়ঃ প্রবৃত্তিহেতুর্যস্যাঃ। অহো বকী যমিত্যাদি রীত্যা তদনুসন্ধানে কৃতে সা প্রবর্ত্তত এবেতি ভাবঃ। ভজনীয় পদাম্বুজমিতি তদা তস্য সৌন্দর্য্যাদিকমপ্যাল্লসিতং তত্তু তদ্ভজনং নিরন্তরমেব রোচয়িষ্যতীত্যর্থঃ। তদেবং তত্র পুরুষার্থান্তরমপি নিরস্তং॥ ১৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

অচ্যুত কথৈব সুধা তাং ত্যক্ত্বেতি তদন্যাঃ সর্ব্বা এবাসদ্গাথাঃ। নম্বু সুধাং প্রাপ্য কে নোপভুঞ্জতে তত্রাহ পুরীষমিবেতি ক্ষীরখণ্ডাদিকং ত্যক্ত্বা বিড়্ভুজো হি পুরীষমেবান্বেষ্যন্তীত্যর্থঃ॥ ১৪॥
পিতৃলোকাৎ পুনঃ প্রজামনু স্বপুত্রাদিষু প্রজায়ন্তে গর্ভাধানাদারভ্য শ্মশানান্তাঃ ক্রিয়াঃ কৃতবন্তঃ শাস্ত্রোক্ত কর্ম্মকারিণ ইত্যর্থঃ॥ ১৫॥
কথং প্রজায়ন্তে তত্রাহ ততস্তে পুনঃ ইমং লোকং প্রতিপতন্তি। উদয়ো ভোগসাধনং॥ ১৬॥
নিবৃত্ত কর্ম্ম পরাণামন্তে যথা অথ তমিত্যত্র শ্রুতানুভাবং শরণং ব্রজতাবেন ভাবিনীত্যাহ স্ম তথৈব প্রবৃত্তকর্ম্মপরাণামন্তে ২প্যাহ তস্মাত্ত্বমিতি। তেন ত্বং নিবৃত্তং প্রবৃত্তং প্রবৃত্তঞ্চ কর্ম্ম মাকুর্ব্বিতি ভাবঃ। সর্ব্বভাবেন সর্ব্বাত্মনা হরিং ভক্ত্যা ভজস্ব। নম্বু সৈব

অপর, যাহারা ভগবান্ অচ্যুতের কথামৃত পরিত্যাগ করিয়া বিষ্ঠাভোজী শূকর যেমন ক্ষীরখণ্ড পরিত্যাগ করিয়া পুরীষাহার নিমিত্ত অনুরাগী হয় তাহার ন্যায় যাহারা অসৎ সকলের গাথা শ্রবণ করে, তাহাদিগকে নিশ্চয় দৈব কর্ত্তৃক বিহত জানিবেন॥ ১৪॥

তাহারা সূর্য্যের দক্ষিণ পথ দিয়া অর্থাৎ ধূমবর্ত্ম দ্বারা পিতৃলোকে গমন করে, পরে তথা হইতে প্রত্যাবৃত্ত হইয়া স্বস্ব পুত্রাদিতে উৎপন্ন হয় এবং পুনর্ব্বার গর্ভাধানাদি শ্মশানান্ত ক্রিয়া যথাশাস্ত্রোক্ত প্রকারে করিয়া থাকে॥ ১৫॥

মা! ঐ সকল ব্যক্তি পিতৃলোক হইতে পতিত হইয়া কেন জন্ম গ্রহণ করে শুনিবেন? তাহাদের সুকৃতি সকল কালক্রমে ক্ষীণ হইয়া যায়, ভোগের সাধন বিনষ্ট হওয়াতে দৈব বশতঃ বিবশ হইয়া পুনর্ব্বার এই লোকে পতিত হয়॥ ১৬॥

অতএব, আপনি সর্ব্বান্তঃকরণে এবং যে ভক্তি ভগবানের গুণকে আশ্রয় করিয়াছে সেই ভক্তি-

বাসুদেবে ভগবতি ভক্তিযোগঃ প্রযোজিতঃ। জনয়ত্যাশু বৈরাগ্যং জ্ঞানং যদ্ব্রহ্ম দর্শনং ॥ ১৮ ॥

যদাস্য চিত্তমর্থেষু সমেষ্বিন্দ্রিয়বৃত্তিভিঃ। নবিগৃহ্লাতি বৈষম্যং প্রিয়মপ্রিয়মিত্যুত ॥ ১৯ ॥

স তদৈবাত্মনাত্মানং নিঃসঙ্গং সমদর্শনং। হেয়োপাদেয়রহিতমারূঢ়ং পদমীক্ষতে ॥ ২০ ॥

জ্ঞানমাত্রং পরং ব্রহ্ম পরমাত্মেশ্বরঃ পুমান্। দৃশ্যাদিভিঃ পৃথগ্ভাবৈ র্ভগবানেক ঈয়তে ॥২১ ॥

শ্রীধরস্বামী।

ভজনেচ জ্ঞানবৈরাগ্যে স্বতএব ভবত ইত্যাহ বাসুদেব ইতি ॥ ১৮ ॥

তদেবোপপাদয়তি যদাস্য ভক্তস্য চিত্তং ভগবদ্গুণানুরাগেণ তস্মিন্নেব নিশ্চলং সৎ ইন্দ্রিয়বৃত্তিভিবৈষম্যমর্থেষু নগৃহ্লাতি ॥ ১৯ ॥

তদৈবাত্মনাত্মানং স্বপ্রকাশমীক্ষতে। কথম্ভূতং সমঞ্চ তদ্দর্শনঞ্চ তৎকুতঃ নিঃসঙ্গং সঙ্গাদ্ধি বৈষম্যং ভবতি। নিঃসঙ্গত্বে হেতুঃ হেয়োপাদেয়রহিতং। তৎকুতঃ পদং ব্যবসিতং আরূঢ়ং পরমানন্দোঽহমিতি নিশ্চয়ং প্রাপ্তমিত্যর্থঃ ॥ ২০ ॥

সমেষ্বর্থেষ্বিত্যুক্তং তদেব সাম্যং দর্শয়তি। জ্ঞানমাত্রমেব পরং ব্রহ্মাদি শব্দৈঃ প্রসিদ্ধং দৃশ্যাদিভিঃ দৃশ্য দ্রষ্টৃ করণরূপেণ পৃথক্

ক্রমসন্দর্ভঃ।

জ্ঞানাদীচ্ছুরপি তামেব কুর্য্যাদিত্যাহ বাসুদেব ইতি ॥ ১৮ ॥

তচ্চাপি চিত্তনড়িশং শনকৈর্ব্বিযুঙ্ক্ত ইতি ন্যায়েন টীকা সঙ্গমনীয়া ॥ ১৯ ॥ ২০ ॥

তথৈব যোজয়তি। জ্ঞানমাত্রমিতি। দৃশিজ্ঞানং ভাবোভাবনা পৃথক্ পৃথগ্ ভাবৈর্জ্ঞানযোগাদিভিরেক এব ভগবান্ পর

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কথং স্রাত্তত্রাহ তদস্য এবাশ্রবঃ প্রবৃত্তি হেতুর্যস্যাস্তয়া ভজনীয়ং ভজনার্হমিতি অম্বুজং খলু কস্মৈ মধুব্রতায় ন রোচতে ইতি ভাবঃ ॥ ১৭ ॥

জ্ঞানাদীচ্ছুরপি ভক্তিমেব কুর্য্যাদিত্যাহ বাস্বিতি। ব্রহ্মদর্শনং ব্রহ্মানুভবঃ ॥ ১৮ ॥

নন্থু ভক্তিজন্যে জ্ঞান বৈরাগ্যে কেন লক্ষণেন জ্ঞাতব্যে ইত্যপেক্ষায়ামাহ। যদাস্য ভক্তিমতশ্চিত্তং ভগবদ্গুণানুরাগেণ তস্মিন্নেব নিশ্চলং সৎ ইন্দ্রিয় বৃত্তিভিঃ সমেষু অর্থেষু প্রাকৃতেষু দৃশ্য শ্রব্য স্পৃশ্যাদি বস্তুষু ইন্দ্রিয় গ্রাহ্যত্বাংশেন বস্তুতস্তন্যেষ্বপি ইদং মে প্রিয়ং শ্রব্যাদি ইদমপ্রিয়ং শ্রব্যাদীতি বৈষম্যং ন গৃহ্লাতি নিন্দাস্তুত্যাদিষু লোষ্ট্রকাঞ্চনাদিষুচ সমভাবনং স্যাদিত্যর্থঃ ॥ ১৯ ॥

তথৈব আত্মানাত্মবুদ্ধ্যা আত্মানং স্বীয় জীবং নিঃসঙ্গত্বাদিভি র্হেতুভিঃ পদং ব্রহ্মস্বরূপং আরূঢ়মারূঢ়প্রায়ং ঈক্ষতে অনুভবতি ॥ ২০ ॥

এবঞ্চ ভক্তিযোগাধ্যায়োক্তং পশ্যন্তি তে মে রুচিরাণ্যম্বেত্যাদিভি র্ভক্তিফলং ভগবদ্ধাম্নি প্রেমবৎ পার্ষদত্বং। তথা জ্ঞান যোগাধ্যায়োক্তং নিঃশ্রেয়সং স্বসংস্থানং কৈবল্যাখ্যং মদাশ্রয়মিত্যাদিনা জ্ঞানফলং ব্রহ্মৈক্যং তথাষ্টাঙ্গযোগাধ্যায়োক্তং মুক্তাশ্রয়ং যর্হি নির্বিষয়ং বিরক্তং নির্ব্বাণমৃচ্ছতীত্যাদিভি র্যোগফলমপি জ্ঞানবৈরাগ্যাভ্যাং মোক্ষমেব সাম্প্রতন্তু তস্মাত্ত্বমিত্যাদিনা বাসু

যোগ সহকারে পরমেশ্বর হরির আরাধনায় প্রবৃত্ত হউন, তাঁহার পদাম্বুজই ভজনীয় ॥ ১৭ ॥

মা ! তাঁহার উপাসনা করিলে আপনার জ্ঞান ও বৈরাগ্যের নিমিত্ত বিশেষ প্রয়াস পাইতে হইবে-না, ভগবান্ বাসুদেবে ঐ ভক্তিযোগ সমর্পিত হইলে তাহা আশু বৈরাগ্য ও ব্রহ্ম সাক্ষাৎকারক জ্ঞান জন্মাইয়া দেয় ॥ ১৮ ॥

মা ! ভক্তের চিত্ত ভগবানের গুণানুরাগ দ্বারা যখন তাঁহাতেই নিশ্চল হইয়া সমান ইন্দ্রিয় গ্রাহ্য বিষয়েতেও প্রিয় ও অপ্রিয় এই রূপ ভেদজ্ঞান পূর্ব্বক বৈষম্য গ্রহণ না করে ॥ ১৯ ॥

তখনই সেই ভক্ত আত্মদ্বারা স্বপ্রকাশ আত্মাকে এই রূপ অবলোকন করেন যে ইনি নিঃসঙ্গ এবং হেয় ও উপাদেয় শূন্যতা প্রযুক্ত সর্ব্বত্র সমান ও জ্ঞান স্বরূপ হইয়া "আমিই পরমানন্দ" ইত্যাকার নিশ্চয় প্রাপ্ত হয়েন ॥ ২০ ॥

মা ! জ্ঞানমাত্র স্বরূপ ভগবানই পরব্রহ্ম পরমাত্মা, পরমেশ্বর এবং পরমপুরুষ ইত্যাদি শব্দে

এতাবানেব যোগেন সমগ্রেণেহ যোগিনঃ। যুজ্যতেঽভিমতো হ্যর্থো যদসঙ্গস্তু কৃৎস্নশঃ॥ ২২॥

শ্রীধরস্বামী।

প্রতীয়তে জ্ঞানমাত্রত্বেন সমেম্বিত্যর্থঃ॥ ২১॥

নন্থ জ্ঞানমাত্রমাত্মনঃ স্বরূপত্বাৎ নিত্যপ্রাপ্তমেবেতি কিমনেন সাধন সাধ্যেন যোগেন প্রাপ্যতে তদাহ এতাবানিতি। যুজ্যতে প্রাপ্যতে প্রপঞ্চসঙ্গব্যুদাস এব যোগফলমিত্যর্থঃ॥ ২২॥

ক্রমসন্দর্ভঃ।

ব্রহ্মাদিরূপ ঈয়তে ইতি ভগবত এবাংশিত্বমায়াতং। ব্যাখ্যান্তরেতু মাত্রপদেনৈব বিবক্ষিতসিদ্ধেরেকপদস্যোপাদানং পুংস্বঞ্চ না যুক্তং স্যাৎ। তত্র জ্ঞানযোগেন পরব্রহ্মেয়তে। অষ্টাঙ্গযোগবিশেষেণ পরমাত্মা। শুদ্ধয়া ভক্ত্যা তু স্বয়ং ভগবানেবেতি বিবেচনীয়ং তত্র চ ব্রহ্মণো লক্ষণং জ্ঞানমাত্রমিতি। পরমাত্মা ঈশ্বরঃ পুমান্ ইতি প্রকৃতেঃ পরস্তদাদ্যন্তর্যামী পুরুষ ইত্যর্থঃ। ভগবতস্তু ভগবানেবেতি। পূর্ণ ষড়ৈশ্বর্য্যযুক্ত মহাবৈকুণ্ঠনাথঃ। তদেতদনন্তু তদাবির্ভাবস্যাপ্যুপলক্ষণং জ্ঞেয়ং॥ ২১॥

তত্র সর্ব্বত্র মূলং ভক্তিরেব জ্ঞানাদি যোগেন তু প্রপঞ্চ ব্যুদাসমাত্রমিত্যাহ। এতাবানিতি॥ ২২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইত্যাদিনা চ তত্তৎ সর্ব্বং ভক্তি জ্ঞান যোগফলং কেবলয়ৈব ভক্ত্যা সিদ্ধ্যতীত্যুচ্যতে। অকামঃ সর্ব্বকামো বা মোক্ষকাম উদারধীঃ। তীব্রেণ ভক্তিযোগেন যজেত পুরুষং পরমিত্যুক্তঞ্চ। যৎকর্ম্মভি র্যত্তপসেত্যাদৌ সর্ব্বং মদ্ভক্তিযোগেন মদ্ভক্তো লভতেঽঞ্জসা। স্বর্গাপবর্গং মদ্ধাম কথঞ্চিদ্যদি বাঞ্ছতীতি বক্ষ্যতেচ তত্র কা যুক্তিরিত্যপেক্ষায়ামাহ জ্ঞানমাত্রমিতি। একোভগবান্ ষড়ৈশ্বর্য্য পূর্ণঃ বৈকুণ্ঠনাথ এব দৃশ্যাদিভি র্দৃশি র্জ্ঞানং তদাদিভিঃ সাধনৈঃ পৃথগ্ভাবৈঃ পৃথগ্ভাবনাপদ্ধিরুপাসকৈঃ পরং ব্রহ্মাদিরূপ ঈয়তে ঈর্য্যত ইতি চ পাঠঃ যথা দৃশ্যৈঃ স্বরূপৈঃ অদৃশ্যৈঃ স্বরূপৈঃ দৃশ্যাদৃশ্যৈশ্চ স্বরূপৈঃ। তত্র পরব্রহ্মণো লক্ষণং জ্ঞানমাত্রমিতি পরমাত্মনো লক্ষণমীশ্বরঃ পুমানিতি তেন ভগবতএব ব্রহ্মত্বাৎ পরমাত্মত্বাচ্চ ভগবৎ সাধন ভূতয়া ভক্ত্যৈব স্বসাধ্যং প্রেমবৎ পার্ষদত্বং জ্ঞানযোগ সাধ্যং সাযুজ্যঞ্চ সিদ্ধ্যতি ন চ তথা ব্রহ্ম সাধনেন জ্ঞানেন পরমাত্মসাধনেন যোগেন বা প্রেমবৎ পার্ষদত্বং সিদ্ধ্যতি প্রমাণাভাবাদেবেতি অত্র ব্রহ্মণোনিরাকারত্বাদদৃশ্যং স্বরূপং পরমাত্মনোঽপি নিরাকারত্বাদদৃশ্যং। কেচিৎ। স্বদেহান্ত র্হৃদয়াবকাশে প্রাদেশ মাত্রং পুরুষং বসন্তং। চতুর্ভুজমিত্যাদিনা সহস্রশীর্ষা পুরুষ ইত্যাদি শ্রুত্যা কেষাঞ্চিন্মতে সাকারত্বাদ্দৃশ্যং ভগবতস্তু ব্রহ্মত্বাৎ পরমাত্মত্বাচ্চাদৃশ্যং ভগবদবতার কালে দৃশ্যমন্যদা দৃশ্যাদৃশ্যঞ্চ। যদুক্তং বিষ্ণুপুরাণে প্রথমেঽংশে। প্রাকৃত ব্রহ্ম স্বরূপস্য বিষ্ণোঃ স্থান মনুত্তমং। তত্রাব্যক্ত স্বরূপোঽসৌ ব্যক্তরূপো জগৎপতিঃ। বিষ্ণু ব্রহ্ম স্বরূপেণ স্বয়মেব ব্যবস্থিত ইতি। অস্যার্থঃ অনুত্তমং নিকৃষ্টং তত্র প্রাকৃতে অব্যক্ত স্বরূপস্তেনাপ্রাকৃতে উত্তমে স্থানে ব্যক্তরূপ ইতি॥ ২১॥

ত্রয়াণামেবোপাসকানাং কমপি সাধারণং ধর্ম্ম ফল সাধকমাহ এতাবানেবেতি। যোগেন ভক্ত্যাখ্যেন জ্ঞানাখ্যেন যোগাখ্যেন চ। যোগিনো ভক্তস্য জ্ঞানিনো ঽষ্টাঙ্গ যোগিনশ্চ যৎ কৃৎস্নশোঽসঙ্গঃ ইন্দ্রিয়ার্থেষ্বনাসক্তিরেতাবানেব অভিমতার্থ সাধকত্বাৎ অভিমতোঽর্থঃ প্রযুজ্যতে যুক্ত উচিতো ভবতীত্যর্থঃ। কৃৎস্নশোঽনাসক্ত্যৈব স্বাভিমতং বস্তু প্রেমা মোক্ষো বা লভ্যত ইত্যর্থঃ॥ ২২॥

প্রসিদ্ধ। তিনি এক হইয়াও জ্ঞান মাত্রস্বরূপে সমান পদার্থেও দৃশ্যাদি পৃথক্ভাবে অর্থাৎ দৃশ্য দ্রষ্টা ও করণরূপে পৃথক্ প্রতীয়মান হন॥ ২১॥

হে মানবি। জ্ঞানমাত্র আত্মার প্রতি এমত আশঙ্কা করিবেন না যে, তাহা ত নিত্য প্রাপ্ত আছে, তবে এই সাধ্য সাধন যোগ দ্বারা আর কি প্রাপ্য হইবে, মা। সমগ্র যোগ দ্বারা যে সম্পূর্ণরূপে অসঙ্গ আত্মার প্রাপ্তি, ইহাই যোগির অভিমত অর্থ, অর্থাৎ প্রপঞ্চ সঙ্গ নিবৃত্তিই যোগের ফল॥ ২২॥

জ্ঞানমেকং পরাচীনৈরিন্দ্রিয়ৈর্ব্রহ্ম নির্গুণং। অবভাত্যর্থরূপেণ ভ্রান্ত্যা শব্দাদিধর্ম্মিণা ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

নমু কথং প্রত্যক্ষাদি প্রতীতঃ প্রপঞ্চো ব্যুদসিতুং শক্যতে প্রতীতে র্ভ্রান্তিত্বাদিত্যাহ জ্ঞানমিতি পরাচীনৈঃ পরাঙ্মুখৈঃ। শব্দাদি-ধর্ম্মো যস্য তেনার্থ রূপেণ জ্ঞানরূপং নির্গুণং ব্রহ্মৈবাবভাতি নত্বর্থঃ পৃথগস্তীত্যর্থঃ ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

নমু ব্রহ্মণো জ্ঞানমাত্রত্বেঽপি নিত্য তদাশ্রয়কস্য প্রপঞ্চস্য জ্ঞানমাত্রেণ কথং ব্যুদাসঃ স্যাৎ। সতি চ তস্মিন্ ভগবত্তায়াঃ কথং ন স্যাৎ। উচ্যতে। উভয়স্য তদাশ্রয়কত্বেঽপি ভগবত্তায়া নিত্যমেব স্বরূপশক্তি সিদ্ধত্বাৎ স্বরূপবদেবাত্মারামাণাং পুরুষার্থত্বাচ্চ ন ব্যুদাসঃ কর্ত্তুং শক্যতে কর্ত্তুমিষ্যতে বা। ব্রহ্ম চ জীবানাং শব্দগোচরএব নত্বনুভবগোচরঃ তন্ত্বৌপনিষদং পুরুষং পৃচ্ছামীতি শ্রুতেঃ। শাস্ত্রযোনিত্বাদিতি ন্যায়াচ্চ। তত্র তৎ কার্য্যস্য প্রপঞ্চস্য সম্বন্ধশ্চ শব্দেনৈব ব্যুদস্যতে একমেবাদ্বিতীয়ং ব্রহ্মেত্যা-দিনা ধাম্না স্বেন সদেত্যাদিনাচ। অতস্তত্র জীবানাং তর্কপ্রয়াসো ন কিঞ্চিৎকরঃ। জীবস্বরূপং চিদ্রূপত্বেব তু জীবৈ র্জাগ্রদা-দিষ্বনুভূয়তে। জাগ্রৎস্বপ্নয়ো র্জড়স্য প্রকাশ্যস্য প্রকাশকত্বেন সুষুপ্তৌ তু স্বয়মেব স্ফুরদ্রূপত্বেন যতঃ সুখমহমস্বাপ্সমিত্যাদি প্রতিসন্ধীয়তে। তদেবং সতি শরীর দ্বয়মিদং চিজ্জড়াত্মকত্বেন যজ্জীবানাং ভাসতে তত্র চিদংশো জীব স্বরূপং জড়াংশঃ প্রধানস্য কার্য্যং চিদংশস্ত নানা জড়সম্বন্ধেনৈব নানা ভাসতে যদেব সংসারহেতু র্ভবতি। তস্মাচ্চিদংশোঽয়ং জড়াৎ পৃথগ্বিভাতীত্যভিপ্রেত্য তথৈব বিভাবয়তি জ্ঞানমিতি দ্বাভ্যাং। একং শুদ্ধং যত এব নির্গুণং জ্ঞানং চিদ্রূপং জীবস্বরূপং সূর্য্যস্থানীয়স্য ব্রহ্মণো রশ্মি পরমাণু স্থানীয়ত্বেন ব্রহ্মাভিন্নং সৎ। পরাচীনৈস্তৎ পরাঙ্মুখৈরিন্দ্রিয়ৈ র্যা ভ্রান্তি স্তয়ৈব শব্দাদি ধর্ম্মিণা শরীরগত ব্যোমাদ্যর্থ রূপেণাবভাতি তত্তাদাত্ম্যাপন্নত্বেন প্রতীয়তে তস্মাত্তদ্ব্যুদাসার্থমেবং বিবেকঃ কর্ত্তব্য ইত্যর্থঃ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

নমু ভক্তিরস্মচ্চিকীর্ষিতা শ্রুতাবগতাচ জ্ঞানযোগাবপ্যস্মজ্জিজ্ঞাস্যৌ শ্রুতাবগতৌচ। তত্র যদদ্বৈতং জ্ঞানং তন্ন সম্যগবগতমতঃ সংক্ষেপেণ ব্রূহীত্যতো বিবর্ত্তবাদিনাং সংমতং জ্ঞানমাহ। জ্ঞানমেকমদ্বৈতং ব্রহ্ম যত্তদেব পরাচীনৈঃ পরাঙ্মুখৈ র্মায়াশক্ত্যুত্থৈ রিন্দ্রিয়ৈঃ শ্রোত্রাদিভিহের্তুভিঃ শব্দাদি ধর্ম্মিণা অর্থ রূপেণ শব্দবানয়ং মৃদঙ্গো রূপবতীয়ং স্ত্রী রসবদিদং ক্ষীরং স্বাদিতমিত্যাদি রূপেণ জীবস্য ভ্রান্ত্যা অবভাতি ইন্দ্রিয়াণাং সর্ব্বেষামভাবে জ্ঞানভেদাভাবাদ্যদেকং জ্ঞানং তদদ্বৈতং ব্রহ্মৈবেত্যর্থঃ। নমু তর্হি ভ্রমপ্রতীতবস্তুনো মিথ্যাত্বমিব বিশ্বস্যাস্য মিথ্যাত্বং প্রসজ্যেত। নৈবং রজতমিদমিতি প্রতীতৌ শুক্তিত্বেন প্রতীত্যভাবাৎ শুক্তৌ রজতত্বস্য মিথ্যাত্বমেব। চক্ষুষা রূপমেব পশ্যতীত্যত্র তু চক্ষুঃকরণকমেতৎ কর্ত্তৃকং রূপবিষয়কং জ্ঞানমিতি জ্ঞানমাত্রস্য ব্রহ্মণো বিশেষ্যত্বেনানুভবো ভবত্যেব কেবলং কর্ত্তৃ করণ কর্ম্মাণি বিশেষণানি জ্ঞানপদার্থভেদকানি মায়য়া বহিরঙ্গ শক্ত্যা সৃষ্টাস্ত ইতি ন তেষাং মিথ্যাত্বং জ্ঞেয়ং। সৃষ্ট্যা চাবিদ্যয়া স্ববৃত্ত্যা জীবঃ সাহজিকং জ্ঞানং ভ্রময়িত্বা স্বসৃষ্ট কর্ত্ত্রাদি বিশেষণ বৈশিষ্ট্যাদনন্তবিধে জ্ঞানে পাত্যতে। এষৈব জীবস্যার্থরূপে নানাবিধে জ্ঞানে ভ্রান্ত্যা প্রবৃত্তির্যথা গোগর্দ্দভাদীনাং শুদ্ধে গঙ্গোদকে বর্ত্তমানে ঽপি প্রণালিকাদি বিবিধ খাতজলেষ্বেব পিপাসয়া প্রবৃত্তি র্ভ্রান্ত্যৈব নত্বভ্রান্তধিয়াং মনুষ্যাণামিতি। অত্র পরাঙ্মুখৈরিতীন্দ্রিয়াণাং বিশেষণাদপরাঙ্মুখৈরবহির্মুখৈর্ভগবদুন্মুখৈ রিন্দ্রিয়ৈস্ত মধুর শব্দবতীয়ং ভগবন্মুরলী শ্যামসুন্দরোঽয়ং ভগবদ্দেহ ইত্যাদি চিদ্বস্ত নিষ্ঠো জ্ঞান ভেদো নব্যবচ্ছিদ্যতে তস্য ব্রহ্মত্বাদেবেত্যাহ র্ভাগবতাঃ ॥ ২৩ ॥

হে মনুপুত্রি। এই প্রপঞ্চ প্রত্যক্ষাদিতে স্পষ্ট প্রতীত হইতেছে কি রূপে ইহার নিবৃত্তি হইবে, এমত আশঙ্কা করিবেন না, প্রপঞ্চের যে প্রতীতি হইতেছে তাহা ভ্রান্তিমাত্র, এক জ্ঞানময় নির্গুণ ব্রহ্মই বহির্মুখ ইন্দ্রিয়গণ দ্বারা ভ্রান্তি বশতঃ শব্দাদি যাহার ধর্ম্ম তাদৃশ অর্থরূপে অবভাসমান হয়েন, বস্তুতঃ পৃথক্ অর্থমাত্র নাই ॥ ২৩ ॥

যথা মহানহংরূপস্ত্রিবিৎ পঞ্চবিধঃ স্বরাট্। একাদশবিধ স্তস্য বপুরণ্ডং জগদ্যতঃ॥ ২৪॥

এতদ্বৈ শ্রদ্ধয়া ভক্ত্যা যোগাভ্যাসেন নিত্যশঃ। সমাহিতাত্মা নিঃসঙ্গো বিরক্তঃ পরিপশ্যতি॥ ২৫

ইত্যেতৎ কথিতং গুর্ব্বি জ্ঞানং তদ্ব্রহ্মদর্শনং। যেনাববুধ্যতে তত্ত্বং প্রকৃতেঃ পুরুষস্যচ॥ ২৬॥

জ্ঞানযোগশ্চ মন্নিষ্ঠো নৈর্গুণ্যো ভক্তিলক্ষণঃ। দ্বয়োরপ্যেক এবার্থো ভগবচ্ছব্দলক্ষণঃ॥ ২৭॥

শ্রীধরস্বামী।

অর্থ রূপত্বমেব উদাহৃত্য দর্শয়তি যথেতি। অহং রূপঃ অহঙ্কারঃ সচ ত্রিবিৎ ত্রিগুণাত্মকঃ পুনশ্চ ভূতরূপেণ পঞ্চবিধঃ ইন্দ্রিয়রূপেণ একাদশবিধশ্চ স্বরাট্ জীবরূপঃ তস্য জীবস্য বপুঃ অণ্ডং জগচ্চ যতো যেভ্যঃ তথা অবভাতি॥ ২৪॥

নন্থ তর্হি জনঃ কিমেবং ন প্রত্যেতি তত্রাহ এতৎ ব্রহ্ম॥ ২৫॥

উক্তমেবার্থং সুখপ্রতিপত্ত্যর্থং সংক্ষেপেণানুবদতি ইতীতি। হে গুর্ব্বি পূজ্যে॥ ২৬॥

অনেনচ জ্ঞানযোগেন ভগবানেব প্রাপ্যো যথা তথা ভক্তিযোগেনেত্যাহ নৈর্গুণ্যো জ্ঞানযোগশ্চ মন্নিষ্ঠো ভক্তিলক্ষণশ্চ

ক্রমসন্দর্ভঃ।

তদেবং বিবেকে সতি ব্যষ্টিরূপোহয়ং জীবস্তথাবভাতি যথা সমষ্টি রূপো জ্ঞানপ্রধানতয়া স্বরাট্ স্বপ্রকাশঃ সন্নবভাতীত্যর্থঃ। সমষ্টিরূপো হয়ং জীবঃ কীদৃশোহপি স্বরাট্ তন্নাবভাতি তত্রাহ মহানিত্যাদিনা। সমষ্টি মহদাদি তাদাত্ম্যাপন্নোহপীত্যর্থঃ। তস্য স্বরাট্ জীবস্য সমষ্টি রূপমেব দর্শয়তি তস্যেতি। যতো জগৎ স্থাবর জঙ্গমবৃন্দং ভবতীতি॥ ২৪॥

এতচ্চিদ্বস্তু চ শ্রদ্ধাপূর্ব্বিকা যা ভক্তি র্ভগবদুপাসনা তৎ পূর্ব্বকো যো যোগাভ্যাসঃ পূর্ব্বোক্তঃ স জীবো নিত্যশঃ ক্রিয়মাণ স্তেনৈব সমাহিতাত্মেত্যাদি রূপঃ সন্ পরি পশ্যতি। নিরীশ্বর সাঙ্খ্যস্তু ভক্ত্যাদিকং বিনা বিবেকমাত্রেণ ন পশ্যতীত্যেবেত্যর্থঃ॥২৫

ইত্যেতৎ পূর্ব্ব প্রকারকং জ্ঞানং কথিতং। কীদৃশং। তস্ত শাস্ত্র মাত্র জ্ঞেয়স্য ব্রহ্মণো দর্শনং জ্ঞানদ্বারং। পূর্ব্বপ্রকারত্বমেবানুবদতি যেনেতি। প্রকৃতেঃ প্রধানস্য পুরুষস্য জীবস্য॥ ২৬॥

